মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর ও পরিদপ্তরে
গ্রেড ১১তম থেকে গ্রেড ২০তম [৩য় ও ৪র্থ শ্রেণি] পদে
নিয়োগ প্রার্থীদের লিখিত গণিত সহায়িকা

সেল্ফ প্রিপারেশন

গণিত

সেল্ফ পাবলিকেশন্স

সূচিপত্র

০১। ঐকিক নিয়ম, সময় ও কাজ ০৫–১৭

০২। নল ও চৌবাচ্চা ১৮–২২

০৩। নৌকা ও স্রোত ২৩–২৭

০৪। ট্রেন ২৮–৩১

০৫। অনুপাত, মিশ্রণ ও বয়স ৩২–৪৫

০৬। সংখ্যার সমীকরণ ৪৬–৫৩

০৭। শতকরা হিসাব, লাভ–ক্ষতি ৫৪–৭৭

০৮। মুনাফা আসল ৭৮–৯৬

০৯। পরিমাপ ৯৭–১১৭

১০। সরল ও দ্বিপদী সমীকরণ ১১৮–১২৫

১১। দূরত্ব ১২৬–১২৮

১২। ভগ্নাংশ ১২৯–১৩৩

১৩। গড় ১৩৪–১৩৭

১৪। ধারা ১৩৮–১৩৯

১৫। সরল ও মান নির্ণয় ১৪০–১৫৮

১৬। উৎপাদক ১৫৯–১৭৩

১৭। বীজগণিত রাশির গ.সা.গু ও ল.সা.গু ১৭৪–১৭৫

১৮। সমীকরণ সমাধান ১৭৬–১৭৯

১৯। বিবিধ ১৮০–১৮৯

২০। ত্রিকোণমিতি ১৯০–১৯৭

২১। জ্যামিতিক সংজ্ঞা ১৯৮–১৯৯

সংক্ষেপে উত্তর

- ১.১, ০.০১ ও ০.০০১১ এর সমষ্টি কত? উত্তর: ১.১১১১
- ১.১ × ০.১ × ০.০১ = কত? উত্তর: ০.০০১১
- ০.১ × ০.০১ × ০.০০১ = কত? উত্তর: ০.০০০০০১
- ০.০১ × ০.০০৩ × ০.২ = কত? উত্তর: ০.০০০০০৬
- ০.০২ × ০.০০২ = কত? উত্তর: ০.০০০০৪
- ০.৩ × ০.০৩ × ০.০০৩ = কত? উত্তর: ০.০০০০২৭
- ০.০৩ ÷ ০.৩ = কত? উত্তর: ০.১
- ৭১ ÷ ০ = কত? উত্তর: অসজ্ঞায়িত
- ১৫০ এর ৮% কত? উত্তর: ১২
- কোন সংখ্যার ৫% হয় ২৫? উত্তর: ৫০০
- ৭৫ সংখ্যাটি কোন সংখ্যার ২৫%? উত্তর: ৩০০
- $১২\frac{১}{২}$ % এর সমান ভগ্নাংশ কত হবে? উত্তর: $\frac{১}{৮}$
- $\frac{৩}{২০}$ এর দশমিক ভগ্নাংশ কত? উত্তর: ০.১৫
- $\frac{৭}{১২}$ এবং $\frac{৩}{৪}$ এর মধ্যে কোন ভগ্নাংশটি বড়? উত্তর: $\frac{৩}{৪}$
- $\frac{১}{৩}$ এবং $\frac{২}{৩}$ এর মধ্যে কোন ভগ্নাংশটি ছোট? উত্তর: $\frac{১}{৩}$
- ১ কোটি = কত মিলিয়ন? উত্তর: ১০ মিলিয়ন
- ১ বিলিয়ন = কত কোটি? উত্তর: ১০০ কোটি
- ত্রিভুজের ৩ কোণের সমষ্টি কত? উত্তর: ১৮০°
- চতুর্ভুজের ৪ কোণের সমষ্টি কত? উত্তর: ৩৬০°
- একটি পঞ্চভুজের সমষ্টি কত বা কত সমকোণ? উত্তর: ৫৪০° বা ৬ সমকোণ
- একটি ষড়ভুজের আন্তঃকোণগুলির সমষ্টি কত/কত সমকোণ? উত্তর: ৭২০° বা ৮ সমকোণ
- ১ থেকে ১০ পর্যন্ত মৌলিক সংখ্যা কয়টি? উত্তর: ৪টি (২, ৩, ৫,৭)
- কেন্দ্রীয় প্রবণতার পরিমাপ তিনটি কী কী? উত্তর: গড়, মধ্যক, প্রচুরক
- ১০, ১২, ১৪, ১৮, ১৯, ২৫ সংখ্যাগুলোর মধ্যক কত? উত্তর: ১৬
- ৬, ১২, ৭, ১২, ১১, ১২, ১১, ৭, ১১ এর প্রচুরক কোনটি? উত্তর: ১১ ও ১২
- a^0 = কত? উত্তর: 1

০১ ঐকিক নিয়ম, সময় ও কাজ

সমস্যা (১) একটি পানিভর্তি বালতির ওজন $১৬\frac{১}{২}$ কেজি। বালতির $\frac{১}{৪}$ অংশ পানি ভর্তি থাকলে তার ওজন $৫\frac{১}{৪}$ কেজি হয়। খালি বালতির ওজন নির্ণয় করুন।

সমস্যা (২) ১৫টি ভেড়ার মূল্য ৫টি গরুর মূল্যের সমান। ২টি গরুর মূল্য ৩০০০ টাকা হলে ৩ টি ভেড়ার মূল্য কত?

সমস্যা (৩) এক ব্যাক্তি মাসিক বেতনে চাকরি করেন এবং বছর শেষে ইনক্রিমেন্ট পান। তাঁর মাসিক বেতন ৪ বছর পর ৩৫০০ টাকা এবং ১০ বছর পর ৪২৫০ টাকা হলে, তিনি মাসিক কত টাকা বেতনে চাকরি শুরু করেছিলেন এবং বার্ষিক কত টাকা বেতন বৃদ্ধি পায়?

সমস্যা (৪) ১২ জন লোক একটি কাজ ৫ দিনে করতে পারে। ঐ কাজটি ১৫ জন লোক কত দিনে করতে পারবে?

সমস্যা (৫) ১২০ কেজি চালে ১০ জন লোকের ২৭ দিন চলে। ১০ জন লোকের ৪৫ দিন চলতে হলে, কত কেজি চাল প্রয়োজন হবে?

সমস্যা (৬) দৈনিক ৬ ঘণ্টা পরিশ্রম করে ১০ জন লোক একটি কাজ ৭ দিনে করতে পারলে দৈনিক কত ঘণ্টা পরিশ্রম করে ১৪ জনে ৬ দিনে ঐ কাজটি করতে পারবে?

সমস্যা (৭) রবিন দৈনিক ১০ ঘণ্টা করে হেটে ১২ দিনে ৪৮০ কি.মি. অতিক্রম করে। দৈনিক ৯ ঘন্টা হেটে সে কত দিনে ৩৬০ কি.মি অতিক্রম করতে পারবে?

সমস্যা (৮) ৫ জন তাঁত শ্রমিক ৫ দিনে ৫টি কাপড় বুনতে পারে। একই ধরনের ৭টি কাপড় বুনতে ৭ জন শ্রমিকের কতদিন লাগবে?

সমস্যা (৯) যদি ২ জন টাইপিস্ট ২ মিনিটে ২ পৃষ্ঠা টাইপ করতে পারে তবে কতজন টাইপিস্ট ৬ মিনিটে ১৮ পৃষ্ঠা টাইপ করতে পারবে?

সমস্যা (১০) একটি পুকুর খনন করতে ২০০ জন লোকের ২৫ দিন লাগে। পুকুরটি ২০ দিনে খনন করতে চাইলে অতিরিক্ত কতজন লোক নিয়োগ করতে হবে?

সমস্যা (১১) কোনো ছাত্রাবাসে ৪০ জন ছাত্রের ৩০ দিনের খাবার আছে। ৫ দিন পর আরও ১০ জন ছাত্র আসলে অবশিষ্ট খাদ্যে তাদের কতদিন চলবে?

সমস্যা (১২) কোন ছাত্রাবসে ১৫ জন ছাত্রের ৩২ দিনের খাদ্য আছে। কয়েকজন নতুন ছাত্র আসায় ২০ দিনে ঐ খাদ্য শেষ হলে নতুন ছাত্রের সংখ্যা কত?

সমস্যা (১৩) কোন শিবিরে ৪,০০০ লোকের ১৯০ দিনের খাদ্য মুজদ আছে। যদি ৩০ দিন পর ৮০০ জন লোক চলে যায় তবে অবশিষ্ট খাদ্যে বাকি লোকের কত দিন চলবে।

সমস্যা (১৪) একটি দুর্গে ৫০০ জন লোকের ২০ দিনের খাবার মুজদ আছে। ৫ দিন পর ১০০ জন লোক চলে গেলে বাকি খাদ্যে আর কত দিন চলবে?

সমস্যা (১৫) কোন বাড়িতে ১০জন লোকের ৩০ দিনের খাবার আছে। ঐ বাড়িতে ২ জন মেহমান আসলে ঐ খাবারে তাদের কত দিন চলবে?

সমস্যা (১৬) কোন দূর্গে ৭২০ জন সৈন্যের ২০ দিনের খাবার মজুদ আছে। ১০ দিন পর কিছু নতুন সৈন্য আসায় অবশিষ্ট খাদ্যে তাদের ৮ দিন চললে কত জন সৈন্য এসেছিল?

সমস্যা (১৭) স্বপন একটি কাজ ২৪ দিনে করতে পারে। রতন উক্ত কাজ ১৬ দিনে করতে পারে। স্বপন ও রতন একত্রে কাজটি কত দিনে শেষ করতে পারে।

সমস্যা (১৮) শাহিন একটি কাজ ১০ দিনে করতে পারে। রতন উক্ত কাজ ১৫ দিনে করতে পারে। শাহিন ও রতন একত্রে কাজটির দ্বিগুন করতে কত দিন লাগবে?

সমস্যা (১৯) ৩ জন শ্রমিক ১টি কাজ ১২ দিনে করতে পারে। শ্রমিকদের মধ্যে ২ জন প্রত্যেক তৃতীয় শ্রমিকের চেয়ে দ্বিগুণ দ্রুততায় কাজ করতে পারে। ১ জন শ্রমিক একাকী কাজটি কতদিনে শেষ করতে পারবে?

সমস্যা (২০) ক একদিনে যে কাজ করতে পারে, খ একদিনে তার তিনগুণ কাজ করতে পারে। তারা একত্রে ১০ দিনে কোন কাজের $\frac{৪}{১৫}$ অংশ সমাধা করল। কত দিনে তারা আলাদাভাবে এ কাজ করতে পারবে?

সমস্যা (২১) হাবিবা ও হালিমা একটি কাজ একত্রে ২০ দিনে করতে পারে। হাবিবা ও হালিমা একত্রে ৮ দিন কাজ করার পর হাবিবা চলে গেল। হালিমা বাকি কাজ ২১ দিনে শেষ করল। সম্পূর্ণ কাজটি হালিমা কত দিনে করতে পারত?

সমস্যা (২২) একটি কাজ ক ও খ একথে ১৬ দিনে, খ ও গ একত্রে ১২ দিনে এবং ক ও গ একত্রে ২০ দিনে করতে পারে। ক, খ ও গ একত্রে কাজটি কত দিনে করতে পারে?

সমস্যা (২৩) ক ও খ একত্রে একটি কাজ ৮দিনে শেষ করতে পারে। ক একা ১২দিনে কাজটি শেষ করতে পারলে খ একা কত দিনে কাজটি শেষ করতে পারবে?

সমস্যা (২৪) মনির একটি কাজ ৬ দিনে এবং জহির ১২ দিনে করতে পারে। তারা একত্রে কাজটি শুরু করে এবং কয়েকদিন পর কাজটি অসমাপ্ত রেখে মনির চলে যায়। বাকি কাজ জহির ৩ দিনে শেষ করে। মোট কত দিনে কাজটি সম্পূর্ণ হয়?

সমস্যা (২৫) রফিক একটি কাজ ১০ দিনে করতে পারে এবং শফিক ঐ কাজটি ১৫ দিনে করতে পারে। রফিক ও শফিক একত্রে ৫ দিন কাজ করার পর শফিক চলে গেল। বাকী কাজ রফিক একা কত দিনে করতে পারবে?

সমস্যা (২৬) রফিক একটি কাজ ২০ দিনে করতে পারে, শফিক ঐ কাজ ৪০ দিনে করতে পারে। রফিক ৫ দিন কাজ করার পর চলে গেলে অবশিষ্ট কাজ শফিক কত দিনে শেষ করবে।

সমস্যা (২৭) রিপন যে কাজ ১২ দিনে করে, মিলন সে কাজ ১৮ দিনে করে। রিপন কাজটির $\frac{2}{3}$ অংশ করার পর মিলন বাকি অংশ একা সম্পন্ন করল। কাজটি মোট কত দিনে শেষ হল?

সমস্যা (২৮) ৩০ জন শ্রমিক ২০ দিনে একটি বাড়ি তৈরি করতে পারে। কাজ শুরুর ১০ দিন পরে খারাপ আবহাওয়ার জন্য ৬ দিন কাজ বন্ধ রাখতে হয়েছে। নির্ধারিত সময়ে কাজটি শেষ করতে অতিরিক্ত কতজন শ্রমিক লাগবে?

সমস্যা (২৯) একজন ঠিকাদার ২৫ দিনে একটি রাস্তার কাজ শেষ করতে ৩০ জন লোক নিয়োগ করলেন। কিন্তু ১৫ দিনে মাত্র রাস্তার অর্ধেক কাজ শেষ হয়। নির্ধারিত সময়ের মধ্যে রাস্তার কাজ শেষ করতে হলে তাকে অতিরিক্ত কতজন লোক নিয়োগ করতে হবে?

সমস্যা (৩০) ৩০ জন লোক কোনো কাজ ২৪ দিনে করতে পারে। কাজ আরম্ভের ১২ দিন পর ১৫ জন লোক চলে গেলে বাকি লোক কত দিনে অবশিষ্ট কাজ সমাধান করতে পারবে?

সমস্যা (৩১) কয়েকজন শ্রমিক একটি কাজ ১৮ দিনে করে দিবে বলে ঠিক করে। কিন্তু তাদের মধ্যে ৯ জন অনুপস্থিত থাকায় কাজটি ৩৬ দিনে সম্পন্ন হয়। ৩৬ জন শ্রমিক নিযুক্ত হলে কত দিনে কাজটি সম্পন্ন হতো?

সমস্যা (৩২) একদল শ্রমিক একটি কাজ ২৪ দিনে করতে পারে। তাদের মধ্যে ৭ জন অনুপস্থিত থাকলে কাজটি করতে মোট ৩০ দিন লাগে। প্রকৃতপক্ষে কাজটি শেষ করতে কতজন শ্রমিক কাজ করছিল?

সমস্যা (৩৩) এক ব্যক্তি ৪০ দিনে তার দালানের কাজ শেষ করার জন্য ২৫ জন লোক নিয়োগ দিলেন। ২০ দিন পর তিনি আরো ১৫ জন লোক নিয়োগ দিলেন এবং কাজটি ৫ দিন আগে শেষ হয়ে গেল। অতিরিক্ত লোক না দিলে তিনি নির্ধারিত সময়ের কতদিন পরে কাজটি শেষ করতেন?

সমস্যা (৩৪) করিম একটি কাজের তিন ভাগের এক অংশ ৮ দিনে করে চলে গেল। তারপর রহিম কাজে যোগ দিল এবং ৫ দিন কাজ করে কাজ ত্যাগ করল। বাকি কাজ করিম ১২ দিনে শেষ করল। সম্পূর্ণ কাজটি করতে রহিমের কতদিন সময় লাগত?

সমস্যা (৩৫) ৮ জন লোক একটি কাজ ১২ দিনে করতে পারে। দু'জন লোক কমিয়ে দিলে কাজটি সমাধান করতে শতকরা কত দিন বেশি লাগবে?

সমস্যা (৩৬) ২০ জন যে সময়ে ১টি কাজ করতে পারে, তার ২০% কম সময়ে ঐ কাজটি শেষ করতে হলে জনবল কত বাড়াতে হবে?

সমস্যা (৩৭) ২০ জনে যে সময়ে ১টি কাজ করতে পারে, কর্মী সংখ্যা ৬০ শতাংশ কমে যাওয়ায় কাজটি কতগুণ বেশি সময় লাগবে?

সমস্যা (৩৮) ৩০০০ টাকা মূল্যের একটি কাজ পৃথকভাবে মিতা ১০ দিনে এবং রিতা ১৫ দিনে করতে পারে। তারা একত্রে কাজটি শেষ করলে কত দিন লাগবে এবং কে কত টাকা পাবে?

সমস্যা (৩৯) যদি ৩ জন পুরুষ বা ৫ জন বালক একটি কাজ ২০ দিনে করতে পারে তবে ৪ জন পুরুষ ও ১০ জন বালক ঐ কাজটি কত দিনে করতে পারবে?

সমস্যা (৪০) ২ জন পুরুষ ৩ জন বালকের সমান কাজ করে। ৪ জন পুরুষ ও ১০ জন বালক একটি কাজ ২১ দিনে করতে পারে। ঐ কাজটি ৬ জন পুরুষ ও ১৫ জন বালক কত দিনে করতে পারবে?

সমস্যা (৪১) ৫ জন পুরুষ ৯ জন স্ত্রীলোকের সমান আয় করে এবং ৬ জন স্ত্রীলোক ১০ জন বালকের সমান আয় করে। একজন বালক যদি রোজ ১২.৫০ টাকা আয় করে তবে ১০ জন পুরুষ দৈনিক কত টাকা আয় করবে?

আপনার চেষ্টা করার সাহস থাকাটা অত্যন্ত জরুরি

সমস্যা সমাধান

সমস্যা (১) একটি পানিভর্তি বালতির ওজন $১৬\frac{১}{২}$ কেজি। বালতির $\frac{১}{৪}$ অংশ পানি ভর্তি থাকলে তার ওজন $৫\frac{১}{৪}$ কেজি হয়। খালি বালতির ওজন নির্ণয় করুন।

সমাধান

বালতির ওজন + সম্পূর্ণ বা ১ অংশের পানির ওজন = $১৬\frac{১}{২}$ কেজি

বালতির ওজন + বালতির $\frac{১}{৪}$ অংশের পানির ওজন = $৫\frac{১}{৪}$ কেজি

(- করে) $\left(১-\frac{১}{৪}\right)$ অংশ পানির ওজন= $\left(১৬\frac{১}{২}-৫\frac{১}{৪}\right)$ কেজি

বা, $\left(\frac{৪-১}{৪}\right)$ অংশ পানির ওজন = $\left(\frac{৩৩}{২}-\frac{২১}{৪}\right)$ কেজি

বা, $\frac{৩}{৪}$ অংশ পানির ওজন = $\frac{৬৬-২১}{৪}$ কেজি

বা, $\frac{৩}{৪}$ অংশ পানির ওজন = $\frac{৪৫}{৪}$ কেজি

১ বা সম্পূর্ণ অংশ পানির ওজন = $\left(\frac{৪৫}{৪}\div\frac{৩}{৪}\right)$ কেজি

$= \frac{৪৫}{৪}\times\frac{৪}{৩}$ কেজি

$= ১৫$ কেজি

∴ খালি বালতির ওজন = $\left(১৬\frac{১}{২}-১৫\right)$ কেজি

$= \left(\frac{৩৩}{২}-১৫\right)$ কেজি

$= \frac{৩৩-৩০}{২}$ কেজি

$= \frac{৩}{২}$ কেজি $= ১\frac{১}{২}$ কেজি

উত্তর: $১\frac{১}{২}$ কেজি।

☑ অনুরূপ: পানি ভর্তি ১টি বালতির ওজন ১২ কেজি। বালতির অর্ধেক পানি ভর্তি হলে তার ওজন দাড়ায় ৭ কেজি। খালি বালতির ওজন কত? উত্তর: ২ কেজি

সমস্যা (২) **১৫টি ভেড়ার মূল্য ৫টি গরুর মূল্যের সমান। ২টি গরুর মূল্য ৩০০০ টাকা হলে ৩ টি ভেড়ার মূল্য কত?**

সমাধান ২টি গরুর মূল্য = ৩০০০ টাকা

১টি " " = $\frac{৩০০০}{২}$ "

∴ ৫টি " " = $\frac{৩০০০\times৫}{২} = ৭৫০০$ টাকা

দেওয়া আছে, ৫টি গরুর মূল্য = ১৫ টি ভেড়ার মূল্য

১৫টি ভেড়ার মূল্য = ৭৫০০ টাকা

∴ ৩ টি " " = $\frac{৭৫০০\times৩}{১৫} = ১৫০০$ টাকা

উত্তর: ১৫০০ টাকা

☑ অনুরূপ: ১৫ ভেড়ার মূল্য ৫টি গরুর মূল্যের সমান। দুটি গরুর মূল্য ১৮০০০ টাকা হলে ৩টি ভেড়ার মূল্য কত? উত্তর: ৯০০০ টাকা।

সমস্যা (৩) **এক ব্যাক্তি মাসিক বেতনে চাকরি করেন এবং বছর শেষে ইনক্রিমেন্ট পান। তাঁর মাসিক বেতন ৪ বছর পর ৩৫০০ টাকা এবং ১০ বছর পর ৪২৫০ টাকা হলে, তিনি মাসিক কত টাকা বেতনে চাকরি শুরু করেছিলেন এবং বার্ষিক কত টাকা বেতন বৃদ্ধি পায়?**

সমাধান ১০ বছর পর বেতন হয় ৪২৫০ টাকা

৪ " " " " ৩৫০০ "

(- করে) ৬ বছরে বেতন বৃদ্ধি পায় ৭৫০ টাকা

১ " " " " $\frac{৭৫০}{৬}$ "

∴ ৪ " " " " $\frac{৭৫০\times৪}{৬}$ "

$= ৫০০$ টাকা

∴ ১ বছরে বেতন বৃদ্ধি পায় = ৫০০ ÷ ৪= ১২৫ টাকা

সুতরাং চাকুরির শুরুতে মূলবেতন ছিল = (৩৫০০-৫০০) টাকা

= ৩০০০ টাকা

উত্তর: চাকুরির শুরুতে মূল বেতন ৩০০০ টাকা এবং বার্ষিক বেতন বৃদ্ধি ১২৫ টাকা

☑ অনুরূপ: একজন গার্মেন্টস শ্রমিক মাসিক বেতনে চাকরি করেন। প্রতিবছর শেষে একটি নির্দিষ্ট বেতনবৃদ্ধি পান। তার মাসিক বেতন 4 বছর পর 4500 টাকা 8 বছর পর 5000 টাকা হয়। তার চাকরি শুরুর বেতন ও বাষিক বেতন বৃদ্ধির পরিমাণ নির্ণয় করুন। উত্তর: শুরুতে মূল বেতন 4000 টাকা এবং বার্ষিক বেতন বৃদ্ধি 125 টাকা

সমস্যা (৪) ১২ জন লোক একটি কাজ ৫ দিনে করতে পারে। ঐ কাজটি ১৫ জন লোক কত দিনে করতে পারবে?

সমাধান ১২ জন লোক কাজটি করতে পারে ৫ দিনে

১ ,, ,, ,, ,, ১২ × ৫ ,,

∴ ১৫ ,, ,, ,, ,, $\frac{১২ \times ৫}{১৫}$,,

= ৪ দিনে

উত্তর: ৪ দিন

☑ অনুরূপ: একটি কাজ ১০ জন লোক ২০ দিনে করতে পারে। ২০ জন লোকের কাজটি করতে কত দিন লাগবে?উত্তর: ১০ দিন

☑ অনুরূপ: যদি একটি কাজ ৯ জন লোক ১২ দিনে করতে পারে, তবে ১২ জন লোক ঐ কাজ কত দিনে শেষ করতে পারবে? উত্তর: ৯ দিন

☑ অনুরূপ: একটি কাজ সম্পন্ন করতে ১০ জন লোকের ৭ দিন লাগলে ১৪ জন লোকে কত দিনে করতে পারবে? উত্তর: ৫ দিন

☑ অনুরূপ: ৬০ জন লোক কোন কাজ ১৮ দিনে করতে পারে। উক্ত কাজ ৩৬ জন লোক কত দিনে সম্পন্ন করতে পারবে?
উত্তর: ৩০ দিন

☑ অনুরূপ: যে কাজ ৭০ জন শ্রমিক ৩০ দিনে করতে পারে, সে কাজ ১২ দিনে সম্পন্ন করতে প্রতিদিন কত জন শ্রমিক লাগবে?
উত্তর: ১৭৫ জন

সমস্যা (৫) ১২০ কেজি চালে ১০ জন লোকের ২৭ দিন চলে। ১০ জন লোকের ৪৫ দিন চলতে হলে, কত কেজি চাল প্রয়োজন হবে?

সমাধান ১০ জন লোকের ২৭ দিনে চাল লাগে ১২০ কেজি

∴ ১০ ,, ,, ১ ,, ,, ,, $\frac{১২০}{২৭}$,,

∴ ১০ ,, ,, ৪৫ ,, ,, ,, $\frac{১২০ \times ৪৫}{২৭}$,,

= ২০০ কেজি

উত্তর: ২০০ কেজি

সমস্যা (৬) দৈনিক ৬ ঘণ্টা পরিশ্রম করে ১০ জন লোক একটি কাজ ৭ দিনে করতে পারলে দৈনিক কত ঘণ্টা পরিশ্রম করে ১৪ জনে ৬ দিনে ঐ কাজটি করতে পারবে?

সমাধান ১০ জন লোক ৭ দিনে শেষ করে ৬ ঘণ্টা পরিশ্রমে

১ " " ১ " " " ৬×৭×১০ " "

১৪ " " ৬ " " " $\frac{৬ \times ৭ \times ১০}{১৪ \times ৬}$ " "

= ৫ ঘণ্টা পরিশ্রমে

উত্তর: ৫ ঘণ্টা

☑ অনুরূপ: দৈনিক ৮ ঘণ্টা পরিশ্রম করে ৫০ জন লোক একটি কাজ ১২ দিনে করতে পারে। দৈনিক কত ঘণ্টা পরিশ্রম করে ৬০ জনে ১৬ দিনে ঐ কাজ করতে পারবে? উত্তর: ৫ ঘণ্টা

☑ অনুরূপ: দৈনিক ৮ ঘণ্টা কাজ করে ৪৭ জন কৃষক ৫৪ দিনে ৩২ বিঘা জমির ধান কাটিতে পারে। দৈনিক কত ঘণ্টা কাজ করলে ১৪১ জন কৃষক ৪৮ দিনে ৯৬ বিঘা জমির ধান কাটতে পারবে? উত্তর: ৯ ঘন্টা

সমস্যা (৭) রবিন দৈনিক ১০ ঘণ্টা করে হেটে ১২ দিনে ৪৮০ কি.মি. অতিক্রম করে। দৈনিক ৯ ঘন্টা হেটে সে কত দিনে ৩৬০ কি.মি অতিক্রম করতে পারবে?

সমাধান

দৈনিক ১০ ঘণ্টা করে হেঁটে ৪৮০ কি.মি. অতিক্রম করে ১২ দিনে

∴ ,, ১ ,, ,, ,, ৪৮০ ,, ,,১২ × ১০ ,,

∴ ,, ১ ,, ,, ,, ১ ,, ,, $\frac{১২ \times ১০}{৪৮০}$,,

∴ ,, ১ ,, ,, ,, ৩৬০ ,, ,, $\frac{১২ \times ১০ \times ৩৬০}{৪৮০}$,,

∴ ,, ৯ ,, ,, ,, ৩৬০ ,, ,, $\frac{১২ \times ১০ \times ৩৬০}{৯ \times ৪৮০}$,,

= ১০ দিনে

উত্তর: ১০ দিন

সমস্যা (৮) ৫ জন তাঁত শ্রমিক ৫ দিনে ৫টি কাপড় বুনতে পারে। একই ধরনের ৭টি কাপড় বুনতে ৭ জন শ্রমিকের কতদিন লাগবে?

সমাধান

৫ জন তাঁত শ্রমিক ৫টি কাপড় বুনতে পারে ৫ দিনে

১ ,, ,, ,, ১,, ,, ,, ,, $\frac{৫ \times ৫}{৫}$ "

৭ " " " ৭" " " " $\frac{৫ \times ৫ \times ৭}{৫ \times ৭}$ "

= ৫ দিন

উত্তর: ৫ দিন।

সমস্যা (৯) যদি ২ জন টাইপিস্ট ২ মিনিটে ২ পৃষ্ঠা টাইপ করতে পারে তবে কতজন টাইপিস্ট ৬ মিনিটে ১৮ পৃষ্ঠা টাইপ করতে পারবে?

সমাধান ২ মিনিটে ২ পৃষ্ঠা টাইপ করে ২ জন টাইপিস্ট

১ ,, ১ ,, ,, ,, $\frac{২ \times ২}{২}$ " "

৬ " ১৮ " " " $\frac{২ \times ২ \times ১৮}{২ \times ৬}$ "

= ৬ জন

উত্তর ঃ ৬ জন

সমস্যা (১০) একটি পুকুর খনন করতে ২০০ জন লোকের ২৫ দিন লাগে। পুকুরটি ২০ দিনে খনন করতে চাইলে অতিরিক্ত কতজন লোক নিয়োগ করতে হবে?

সমাধান ২৫ দিনে পুকুরটি খনন করে ২০০ জন লোক

১ ,, ,, ,, ,, (২০০ × ২৫) ,,

২০ ,, ,, ,, ,, $\frac{২০০ \times ২৫}{২০}$,,

= ২৫০ জন লোক

∴ অতিরিক্ত লোক নিয়োগ করতে হবে (২৫০ − ২০০) জন

= ৫০ জন

উত্তর: ৫০ জন।

☑ অনুরূপ: ৫৬ জন শ্রমিক একটি কাজ ২১ দিনে শেষ করতে পারে। ১৪ দিনে কাজটি শেষ করতে হলে নতুন কতজন শ্রমিক লাগবে? উত্তর: ২৮ জন

☑ অনুরূপ: একটি কাজ ৭ জন লোক ২৪ দিনে করতে পারে। কাজটি ২১ দিনে শেষ করতে অতিরিক্ত কতজন লোক প্রয়োজন? উত্তর: ১ জন

☑ অনুরূপ: ১টি কাজ ৭ জন লোক ২৪ দিনে করতে পারে। কাজটি ১৪ দিনে শেষ করতে আর কতজন লোক অতিরিক্ত প্রয়োজন? উত্তর: ৫ জন

☑ অনুরূপ: ৮ জন লোক একটি কাজ ১৮ দিনে করতে পারে। কাজটি ৬ দিনে করতে হলে কতজন নতুন লোক নিয়োগ করতে হবে? উত্তর: ১৬ জন

☑ অনুরূপ: একটি বাঁধ তৈরি করতে ৩৬০ শ্রমিকের ২৫ দিন সময় লাগে। ১৮ দিনে বাঁধটির কাজ শেষ করতে হলে, কতজন অতিরিক্ত শ্রমিক লাগবে? উত্তর: ১৪০ জন

☑ অনুরূপ: যদি ২০ জন শ্রমিক একটি কাজের অর্ধেক ৩০ দিনে সম্পন্ন করতে পারেন, তাহলে ৪৮ দিনে উক্ত কাজ পুরোপুরি শেষ করতে অতিরিক্ত কতজন শ্রমিক নিয়োগ করতে হবে।
উত্তর: ৫ জন

☑ অনুরূপ: ২০ জন লোক একটি কাজের অর্ধেক ৩০ দিনে করতে পারে। ঐ কাজটি ৫০ দিনে সম্পূর্ণ করতে অতিরিক্ত কতজন লোক প্রয়োজন হবে?
উত্তর: ৪ জন

সমস্যা (১১) **কোনো ছাত্রাবাসে ৪০ জন ছাত্রের ৩০ দিনের খাবার আছে। ৫ দিন পর আরও ১০ জন ছাত্র আসলে অবশিষ্ট খাদ্যে তাদের কতদিন চলবে?**

সমাধান দিন বাকি (৩০ − ৫) = ২৫ দিন

এবং ছাত্র সংখ্যা বৃদ্ধি = (৪০ + ১০) = ৫০ জন

৪০ জন ছাত্রের খাবার আছে ২৫ দিনের।

∴ ১ ,, ,, ,, ,, (৪০ × ২৫) ,,

∴ ৫০ ,, ,, ,, ,, $= \frac{৪০ \times ২৫}{৫০}$,,

= ২০ দিন।

উত্তর: ২০ দিন

☑ অনুরূপ: একটি বাড়িতে ২০ জনের ৩৫ দিনের খাবার আছে। ৫ দিন পরে ঐ বাড়িতে আরো ১০ জন লোক এলো ঐ খাবার কতদিন চলবে? উত্তর: ২০ দিন

☑ অনুরূপ: কোন ছাত্রাবাসে ৩২০ জন ছাত্রের ১৮ দিনের খাবার আছে। ৬ দিন পর, ছাত্রাবাসে আরো ১৬০ জন ছাত্র আসলে, বাকী খাদ্য আর কতদিন চলবে। উত্তর: ৮ দিন

☑ অনুরূপ: একটি দূর্গে ৭৫০ জন সেনার ২০ দিনের খাদ্য আছে। যদি ৪ দিন পরে আরও ২৫০ জন সেনা যোগ দেয় তবে অবশিষ্ট খাদ্যে তাদের কতদিন চলবে? উত্তর: ১২ দিন

সমস্যা (১২) **কোন ছাত্রাাবসে ১৫ জন ছাত্রের ৩২ দিনের খাদ্য আছে। কয়েকজন নতুন ছাত্র আসায় ২০ দিনে ঐ খাদ্য শেষ হলে নতুন ছাত্রের সংখ্যা কত?**

সমাধান ৩২ দিনের খাবার আছে ১৫ জন ছাত্রের

∴ ১ ,, ,, ,, ১৫ × ৩২ জন ছাত্রের

∴ ২০ ,, ,, ,, $\frac{১৫ \times ৩২}{২০}$ জন ছাত্রের

= ২৪ জন ছাত্রের

∴ নতুন ছাত্র সংখ্যা = (২৪ − ১৫) জন = ৯ জন

উত্তর: ৯ জন

☑ অনুরূপ: একটি ছাত্রবাসে ৩০ জন ছাত্রের ১৫ দিনের খাদ্য মজুদ আছে। কয়েকজন নতুন ছাত্র ছাত্রাবাসে ভর্তি হওয়ায় ঐ খাদ্য ১০ দিনে শেষ হয়ে গেল। কতজন নতুন ছাত্র ভর্তি হয়েছে? উত্তর: ১৫ জন

সমস্যা (১৩) **কোন শিবিরে ৪,০০০ লোকের ১৯০ দিনের খাদ্য মুজদ আছে। যদি ৩০ দিন পর ৮০০ জন লোক চলে যায় তবে অবশিষ্ট খাদ্যে বাকি লোকের কত দিন চলবে।**

সমাধান অবশিষ্ট লোক (৪০০০ − ৮০০) = ৩২০০ জন

অবশিষ্ট দিন (১৯০ − ৩০) = ১৬০ দিন

৪০০০ জনের খাবার মজুদ আছে ১৬০ দিনের

∴ ১ " " " " (১৬০ × ৪০০০) "

∴ ৩২০০ " " " " $\frac{১৬০ \times ৪০০০}{৩২০০}$

= ২০০ দিন

উত্তর: ২০০ দিন

সমস্যা (১৪) **একটি দুর্গে ৫০০ জন লোকের ২০ দিনের খাবার মুজদ আছে। ৫ দিন পর ১০০ জন লোক চলে গেলে বাকি খাদ্যে আর কত দিন চলবে?**

সমাধান ১০০ জন চলে গেলে বাকি থাকে= (৫০০ − ১০০) জন
= ৪০০ জন

৫ দিন পরে, ৫০০ লোকের খাদ্য মজুদ থাকে = (২০ − ৫)
= ১৫ দিনের

১ ,, ,, ,, ,, (১৫ × ৫০০) ,,

∴ ৪০০ ,, ,, ,, ,, = $\frac{১৫ \times ৫০০}{৪০০}$ "

= $\frac{৭৫}{৪}$,, = ১৮$\frac{৩}{৪}$ দিনের

উত্তর: ১৮$\frac{৩}{৪}$ দিন

সমস্যা (১৫) **কোন বাড়িতে ১০জন লোকের ৩০ দিনের খাবার আছে। ঐ বাড়িতে ২ জন মেহমান আসলে ঐ খাবারে তাদের কত দিন চলবে?**

সমাধান ২ জন মেহমান আসায় মোট লোক হয় = (১০ + ২) জন
= ১২ জন

১০ জন লোকের খাবার আছে ৩০ দিনের

∴ ১ ,, ,, ,, ,, ৩০ × ১০ ,,

∴ ১২ ,, ,, ,, ,, $\frac{৩০ \times ১০}{১২}$ দিন

= ২৫ দিন।

উত্তর: ২৫ দিন

☑ অনুরূপ: একটি বাড়িতে ১০ জন লোকের ২৮ দিনের খাবার আছে। ঐ বাড়িতে ৪ জন অথিতি বেড়াতে এলে ঐ খাবারে তাদের কত দিন চলবে? উত্তর: ২০ দিন।

সমস্যা (১৬) **কোন দুর্গে ৭২০ জন সৈন্যের ২০ দিনের খাবার মজুদ আছে। ১০ দিন পর কিছু নতুন সৈন্য আসায় অবশিষ্ট খাদ্যে তাদের ৮ দিন চললে কত জন সৈন্য এসেছিল?**

সমাধান অবশিষ্ট সময় থাকে (২০ − ১০) দিন বা ১০ দিন।

১০ দিন পর,

অবশিষ্ট খাদ্য ১০ দিনে খেতে পারে ৭২০ জন সৈনিক

,, ,, ১ ,, ,, ,, ৭২০ × ১০ " "

" " ৮ " " " $\frac{৭২০ \times ১০}{৮}$ " "

= ৯০০ জন সৈনিক

∴ নতুন সৈন্য এসেছিল (৯০০ − ৭২০) = ১৮০ জন

উত্তর: ১৮০ জন।

সমস্যা (১৭) স্বপন একটি কাজ ২৪ দিনে করতে পারে। রতন উক্ত কাজ ১৬ দিনে করতে পারে। স্বপন ও রতন একত্রে কাজটি কত দিনে শেষ করতে পারে।

সমাধান স্বপন ২৪ দিনে করতে পারে ১ বা সম্পূর্ণ অংশ

∴ ,, ১ ,, ,, ,, $\frac{১}{২৪}$,,

আবার, রতন ১৬ দিনে করতে পারে ১ বা সম্পূর্ণ অংশ

∴ ,, ১ ,, ,, ,, $\frac{১}{১৬}$,,

স্বপন ও রতন একত্রে ১ দিনে করে = $\left(\frac{১}{২৪} + \frac{১}{১৬}\right)$ অংশ

= $\frac{২ + ৩}{৪৮}$ অংশ

= $\frac{৫}{৪৮}$ অংশ

অর্থাৎ, তারা একত্রে $\frac{৫}{৪৮}$ অংশ করে ১ দিনে

∴ ,, ,, ১(সম্পূর্ণ) ,, ,, $\frac{১ \times ৪৮}{৫}$ দিনে

= $\frac{৪৮}{৫}$ দিনে

= ৯ $\frac{৩}{৫}$ দিনে

উত্তর: ৯ $\frac{৩}{৫}$ দিন

☑ অনুরূপ: রফিক একটি কাজ ১০ দিনে করতে পারে। শফিক উক্ত কাজ ১৫ দিনে করতে পারে। তারা একত্রে কাজটি কত দিনে শেষ করতে পারবে? উত্তর: ৬ দিন

সমস্যা (১৮) **শাহিন একটি কাজ ১০ দিনে করতে পারে। রতন উক্ত কাজ ১৫ দিনে করতে পারে। শাহিন ও রতন একত্রে কাজটির দ্বিগুন করতে কত দিন লাগবে?**

সমাধান শাহিন ১০ দিনে করতে পারে ১ বা সম্পূর্ণ অংশ

∴ ,, ১ ,, ,, ,, $\frac{১}{১০}$,,

আবার, রতন ১৫ দিনে করতে পারে ১ বা সম্পূর্ণ অংশ

∴ ,, ১ ,, ,, ,, $\frac{১}{১৫}$,,

শাহিন ও রতন একত্রে ১ দিনে করে = $\left(\frac{১}{১০} + \frac{১}{১৫}\right)$ অংশ কাজ

= $\frac{৩ + ২}{৩০}$ অংশ = $\frac{৫}{৩০}$ অংশ = $\frac{১}{৬}$ অংশ কাজ

অর্থাৎ, তারা একত্রে $\frac{১}{৬}$ অংশ করে ১ দিনে

∴ ,, ,, ১(সম্পূর্ণ) ,, ,, (১ × ৬) দিনে = ৬ দিনে

∴ তাদের কাজটির দ্বিগুণ করতে সময় লাগবে = (৬ × ২) দিন

= ১২ দিন

উত্তর: ১২ দিন

সমস্যা (১৯) **৩ জন শ্রমিক ১টি কাজ ১২ দিনে করতে পারে। শ্রমিকদের মধ্যে ২ জন প্রত্যেক তৃতীয় শ্রমিকের চেয়ে দ্বিগুণ দ্রুততায় কাজ করতে পারে। ১ জন শ্রমিক একাকী কাজটি কতদিনে শেষ করতে পারবে?**

সমাধান মনে করি,

৩য় জন কাজটি করে ২x দিনে

∴ ১ম জন কাজটি করে x দিনে

∴ ২য় জন কাজটি করে x দিনে

১ম জন, x দিনে করে ১ অংশ

১ দিনে করে $\frac{১}{x}$ অংশ

২য় জন, x দিনে করে ১ অংশ

১ দিনে করে $\frac{১}{x}$ অংশ

৩য় জন, ২x দিনে করে ১ অংশ

১ দিনে করে $\frac{১}{২x}$ অংশ

৩ জন ১২ দিনে করে ১ অংশ কাজ

১ দিনে করে $\frac{১}{১২}$ অংশ কাজ

শর্তমতে,

$$\frac{১}{x}+\frac{১}{x}+\frac{১}{২x}=\frac{১}{১২}$$

$$\text{বা, } \frac{২+২+১}{২x}=\frac{১}{১২}$$

বা, ৬০ = 2x

∴ x = ৩০

উত্তর: ৩০ দিন

সমস্যা (২০) **ক একদিনে যে কাজ করতে পারে, খ একদিনে তার তিনগুণ কাজ করতে পারে। তারা একত্রে ১০ দিনে কোন কাজের $\frac{৪}{১৫}$ অংশ সমাধা করল। কত দিনে তারা আলাদাভাবে এ কাজ করতে পারবে?**

সমাধান মনে করি, খ কাজটি করতে পারে x দিনে।

∴ ক কাজটি করতে পারে ৩x দিনে।

খ এর ১ দিনের কাজ = $\frac{১}{x}$ অংশ

ক এর ১ দিনের কাজ = $\frac{১}{৩x}$ অংশ

ক ও খ একত্রে ১০ দিনে করতে পারে কাজটির $\frac{৪}{১৫}$ অংশ

∴ ক ও খ ,, ১ ,, ,, ,, ,, $\frac{৪}{১৫\times১০}$,,

$=\frac{২}{৭৫}$ অংশ

প্রশ্নমতে,

$$\frac{১}{x}+\frac{১}{৩x}=\frac{২}{৭৫}$$

$$\text{বা, } \frac{৩+১}{৩x}=\frac{২}{৭৫}$$

বা, ৬x = ৩০০

∴ x = ৫০

সুতরাং খ কাজটি করতে পারে ৫০ দিনে এবং

ক কাজটি করতে পারে ৩×৫০ = ১৫০ দিনে

উত্তর: ক এর ১৫০ দিন ও খ এর ৫০ দিন

সমস্যা (২১) **হাবিবা ও হালিমা একটি কাজ একত্রে ২০ দিনে করতে পারে। হাবিবা ও হালিমা একত্রে ৮ দিন কাজ করার পর হাবিবা চলে গেল। হালিমা বাকি কাজ ২১ দিনে শেষ করল। সম্পূর্ণ কাজটি হালিমা কত দিনে করতে পারত?**

সমাধান

হাবিবা ও হালিমা একত্রে ২০ দিনে করতে পারে ১ অংশ কাজ

" ও ,, ,, ১ ,, ,, ,, $\frac{১}{২০}$,,

∴ " ও ,, ,, ৮ ,, ,, ,, $\frac{১\times৮}{২০}$,,

$=\frac{২}{৫}$ অংশ কাজ

∴ বাকি কাজ $=\left(১-\frac{২}{৫}\right)$ অংশ

$=\frac{৫-২}{৫}$ অংশ $=\frac{৩}{৫}$ অংশ

হালিমা একা $\frac{৩}{৫}$ অংশ কাজ করে ২১ দিনে

$\therefore$,, ,, ১(সম্পূর্ণ) ,, ,, $\frac{২১ \times ৫}{৩}$,,

$= ৩৫$ দিনে

উত্তর: ৩৫ দিন

সমস্যা (২২) একটি কাজ ক ও খ একথে ১৬ দিনে, খ ও গ একত্রে ১২ দিনে এবং ক ও গ একত্রে ২০ দিনে করতে পারে। ক, খ ও গ একত্রে কাজটি কত দিনে করতে পারে?

সমাধান ক ও খ একত্রে ১৬ দিনে করে ১ অংশ কাজ

$\therefore$ ক ও খ ,, ১ ,, ,, $\frac{১}{১৬}$,,

আবার, খ ও গ একত্রে ১২ দিনে করে ১ অংশ কাজ

$\therefore$ খ ও গ ,, ১ ,, ,, $\frac{১}{১২}$ অংশ কাজ

আবার, ক ও গ একত্রে ২০ দিনে করে ১ অংশ কাজ

$\therefore$ ক ও গ একত্রে ১ দিনে করে $\frac{১}{২০}$ অংশ কাজ

২(ক, খ ও গ) একত্রে ১ দিনে করে $= \left(\frac{১}{১৬} + \frac{১}{১২} + \frac{১}{২০}\right)$ অংশ কাজ

$= \frac{১৫ + ২০ + ১২}{২৪০}$ অংশ কাজ

$= \frac{৪৭}{২৪০}$ অংশ কাজ

অর্থাৎ,(ক ও খ)+(খ ও গ)+(ক ও গ) একত্রে $\frac{৪৭}{২৪০}$ অংশ করে ১ দিনে

বা, ২(ক, খ ও গ) একত্রে $\frac{৪৭}{২৪০}$ অংশ করে ১ দিনে

বা, ২(ক, খ ও গ) ,, ১(সম্পূর্ণ) ,, ,, $\frac{১ \times ২৪০}{৪৭}$ দিনে

$\therefore$ ক, খ ও গ ,, ,, ,, ,, $\frac{১ \times ২৪০ \times ২}{৪৭}$,,

$= \frac{৪৮০}{৪৭}$ দিনে

$= ১০\frac{১০}{৪৭}$ দিনে

উত্তর: $১০\frac{১০}{৪৭}$ দিন

☑ অনুরূপ: ক ও খ একটি কাজ একত্রে ১০ ঘন্টায় করতে পারে। খ ও গ সেই কাজ একত্রে ১২ ঘন্টায় এবং ক ও গ সেই কাজ ১৫ ঘন্টায় করতে পারে। যদি তারা তিনজনে একত্রে কাজ করে তবে কত ঘন্টায় কাজটি শেষ হবে? উত্তর: ৮ ঘন্টা।

সমস্যা (২৩) ক ও খ একত্রে একটি কাজ ৮দিনে শেষ করতে পারে। ক একা ১২দিনে কাজটি শেষ করতে পারলে খ একা কত দিনে কাজটি শেষ করতে পারবে?

সমাধান ক ও খ একত্রে ১ দিনে করে $\frac{১}{৮}$ অংশ কাজ

ক ১ দিনে করে $\frac{১}{১২}$ অংশ কাজ

$\therefore$ খ একা ১ দিনে করে $= \left(\frac{১}{৮} - \frac{১}{১২}\right)$ অংশ কাজ

$= \frac{৩ - ২}{২৪}$

$= \frac{১}{২৪}$ অংশ কাজ

$\frac{১}{২৪}$ অংশ কাজ করে ১ দিনে

$\therefore$ ১(সম্পূর্ণ) অংশ কাজ করে $\frac{২৪ \times ১}{১} = ২৪$ দিনে।

উত্তর: ২৪ দিন

☑ অনুরূপ: ক ও খ একত্রে একটি কাজ ১২ দিনে করতে পারে। ক একা ২০ দিনে করতে পারে। খ একা কাজটি কত দিনে করতে পারবে? উত্তর: ৩০ দিন।

☑ অনুরূপ: ক এবং খ একত্রে একটি কাজ ১৬ দিনে করতে পারে। ক একা কাজটি ২৪ দিনে করলে, খ একা কাজটি কতদিনে করবে? উত্তর: ৪৮দিন

সমস্যা (২৪) মনির একটি কাজ ৬ দিনে এবং জহির ১২ দিনে করতে পারে। তারা একত্রে কাজটি শুরু করে এবং কয়েকদিন পর কাজটি অসমাপ্ত রেখে মনির চলে যায়। বাকি কাজ জহির ৩ দিনে শেষ করে। মোট কত দিনে কাজটি সম্পূর্ণ হয়?

সমাধান মনির ১ দিনে করে $\frac{১}{৬}$ অংশ

জহির ১ দিনে করে $\frac{১}{১২}$ অংশ

,, ৩ ,, ,, $\frac{৩}{১২}$ অংশ

মনিরও জহির একত্রে ১ দিনে করে $(\frac{১}{৬} + \frac{১}{১২})$ অংশ

$= \frac{২ + ১}{১২}$ অংশ

$= \frac{৩}{১২}$ " $= \frac{১}{৪}$ অংশ কাজ

যেহেতু, জহির ৩ দিনে $\frac{৩}{১২}$ অংশ কাজ করে,

অতএব,

মনির ও জহির একত্রে কাজ করে $(১ - \frac{৩}{১২})$ অংশ

$= \frac{১২ - ৩}{১২}$ "

$= \frac{৯}{১২}$ " $= \frac{৩}{৪}$ অংশ

মনির ও জহির $\frac{১}{৪}$ অংশ কাজ করে ১ দিনে

" " ১ " " " ৪ "

" " $\frac{৩}{৪}$ " " " $\frac{৪ \times ৩}{৪}$ "

= ৩ দিনে

মোট সময় লাগে = (৩ + ৩) দিন

= ৬ দিন

উত্তর ঃ ৬ দিন।

☑ অনুরূপ: ক একটি কাজ ১২ দিনে এবং খ ২৪ দিনে করতে পারে। তারা একত্রে কাজটি শুরু করে এবং কয়েকদিন পর কাজটি অসমাপ্ত রেখে ক চলে যায়। বাকি কাজ খ ৩ দিনে শেষ করে। মোট কত দিনে কাজটি সম্পূর্ণ হয়? উত্তর: ১০দিন।

☑ অনুরূপ: ক একটি কাজ ৯ দিনে এবং খ উহা ১৮ দিনে করতে পারে। তারা একত্রে কাজ আরম্ভ করে এবং কয়েক দিন পর ক কাজটি অসমাপ্ত রেখে চলে গেল। বাকী কাজটুকু খ ৬ দিনে শেষ করে। কাজটি কত দিনে শেষ হয়েছিল। উত্তর: ১০ দিন

সমস্যা (২৫) রফিক একটি কাজ ১০ দিনে করতে পারে এবং শফিক ঐ কাজটি ১৫ দিনে করতে পারে। রফিক ও শফিক একত্রে ৫ দিন কাজ করার পর শফিক চলে গেল। বাকী কাজ রফিক একা কত দিনে করতে পারবে?

সমাধান রফিক ১ দিনে করে $\frac{১}{১০}$ অংশ কাজ

শফিক ১ দিনে করে $\frac{১}{১৫}$ অংশ কাজ

রফিক ও শফিক একত্রে ১ দিনে করে $(\frac{১}{১০} + \frac{১}{১৫})$ অংশ

$= \frac{৩ + ২}{৩০}$ অংশ

$= \frac{১}{৬}$ অংশ কাজ

রফিক ও শফিক একত্রে ৫ দিনে করে $\frac{৫}{৬}$ অংশ কাজ

$\therefore$ বাকী কাজ $= (১ - \frac{৫}{৬})$ অংশ কাজ $= \frac{১}{৬}$ অংশ কাজ

রফিক ১ অংশ কাজ করে ১০ দিনে

" $\frac{১}{৬}$ " " " $\frac{১০}{৬}$ "

$= \frac{৫}{৩}$ " $= ১\frac{২}{৩}$ দিন

উত্তর ঃ $১\frac{২}{৩}$ দিন।

☑ অনুরূপ: ক একটি কাজ ২০ দিনে করতে পারে এবং খ কাজটি ৩০ দিনে করতে পারে। ক ও খ একত্রে ৮ দিন কাজ করার পর ক চলে গেল। বাকি কাজ খ একা কত দিনে সম্পন্ন করতে পারবে? উত্তর: ১০ দিন।

☑ অনুরূপ: ক একটি কাজ ১০ দিনে করতে পারে এবং খ ঐ কাজটি ১৫ দিনে করতে পারে। তারা একত্রে ৪ দিনে কাজটি করার পর ক চলে গেল। বাকি কাজ খ কত দিনে করবে? উত্তর: ৫দিন

সমস্যা (২৬) রফিক একটি কাজ ২০ দিনে করতে পারে, শফিক ঐ কাজ ৪০ দিনে করতে পারে। রফিক ৫ দিন কাজ করার পর চলে গেলে অবশিষ্ট কাজ শফিক কত দিনে শেষ করবে।

সমাধান রফিক ২০ দিনে করে ১ অংশ কাজ

" ১ " " $\frac{১}{২০}$ "

" ৫ " " $\frac{৫}{২০}$ "

$= \frac{১}{৪}$ অংশ কাজ

অবশিষ্ট কাজ থাকে $(১ - \frac{১}{৪})$ অংশ $= \frac{৩}{৪}$ অংশ

শফিক ১ অংশ কাজ করে ৪০ দিনে

" $\frac{৩}{৪}$ " " " $\frac{৩ \times ৪০}{৪}$ "

= ৩০ দিনে

উত্তর: ৩০ দিন

☑ অনুরূপ: রফিক একটি কাজ ১০ দিনে করতে পারে। শফিক ঐ কাজ ১৪ দিনে করতে পারে। ৫ দিন পর রফিক চলে গেল। শফিক ঐ কাজটি কত দিনে শেষ করবে? উত্তরঃ ৭ দিন।

সমস্যা (২৭) রিপন যে কাজ ১২ দিনে করে, মিলন সে কাজ ১৮ দিনে করে। রিপন কাজটির $\frac{২}{৩}$ অংশ করার পর মিলন বাকি অংশ একা সম্পন্ন করল। কাজটি মোট কত দিনে শেষ হল?

সমাধান রিপন ১ অংশ কাজ করে ১২ দিনে

$\frac{২}{৩}$ " " " $\frac{২ \times ১২}{৩}$ "

= ৮ দিনে

∴ বাকী কাজ $(১ - \frac{২}{৩})$ অংশ বা, $\frac{১}{৩}$ অংশ

মিলন ১ অংশ কাজ করে ১৮ দিনে

$\frac{১}{৩}$ " " " $\frac{১৮}{৩}$ "

= ৬ দিনে

∴ মোট সময় লাগে (৮ + ৬) দিন বা ১৪ দিন

উত্তরঃ ১৪ দিন।

সমস্যা (২৮) **৩০ জন শ্রমিক ২০ দিনে একটি বাড়ি তৈরি করতে পারে। কাজ শুরুর ১০ দিন পরে খারাপ আবহাওয়ার জন্য ৬ দিন কাজ বন্ধ রাখতে হয়েছে। নির্ধারিত সময়ে কাজটি শেষ করতে অতিরিক্ত কতজন শ্রমিক লাগবে?**

সমাধান

৩০ জন শ্রমিক ২০ দিনে করতে পারে কাজটির ১ অংশ

৩০ " " ১ " " " " $\frac{১}{২০}$ "

∴ ৩০ " " ১০ " " " " $\frac{১ \times ১০}{২০}$ "

$= \frac{১}{২}$ "

∴ বাকি কাজ $= \left(১ - \frac{১}{২}\right)$ অংশ $= \frac{২ - ১}{২}$ অংশ $= \frac{১}{২}$ অংশ

খারাপ আবহাওয়ার জন্য ৬ দিন কাজ বন্ধ থাকায় মোট সময় ব্যয় হয় (১০ + ৬) দিন বা ১৬ দিন

∴ বাকি সময় = (২০ − ১৬) দিন = ৪ দিন

অর্থাৎ ৪ দিনে বাকি কাজ শেষ করতে হবে।

২০ দিনে ১(সম্পূর্ণ) অংশ করে ৩০ জন শ্রমিক

১ " " " " " ৩০ × ২০ " "

∴ ৪ " $\frac{১}{২}$ " " " $\frac{৩০ \times ২০ \times ১}{৪ \times ২}$ " "

= ৭৫ জন শ্রমিক

∴ অতিরিক্ত শ্রমিক লাগবে = (৭৫ − ৩০) জন = ৪৫ জন।

উত্তর: ৪৫ জন

সমস্যা (২৯) **একজন ঠিকাদার ২৫ দিনে একটি রাস্তার কাজ শেষ করতে ৩০ জন লোক নিয়োগ করলেন। কিন্তু ১৫ দিনে মাত্র রাস্তার অর্ধেক কাজ শেষ হয়। নির্ধারিত সময়ের মধ্যে রাস্তার কাজ শেষ করতে হলে তাকে অতিরিক্ত কতজন লোক নিয়োগ করতে হবে?**

সমাধান মনে করি, সম্পূর্ণ কাজ ১ অংশ

অবশিষ্ট কাজ থাকে $(১ - \frac{১}{২})$ অংশ বা $\frac{১}{২}$ অংশ

অবশিষ্ট সময় থাকে (২৫ − ১৫) দিন বা ১০ দিন

$\frac{১}{২}$ অংশ কাজ ১৫ দিনে করে ৩০ জন লোক

১ " " ১ " " (৩০ × ১৫ × ২)" "

$\frac{১}{২}$ " " ১০ " " $\frac{৩০ \times ১৫ \times ২}{১০ \times ২}$ " "

= ৪৫ জন

∴ অতিরিক্ত লোক নিয়োগ করতে হবে (৪৫ − ৩০) জন বা ১৫ জন লোক।

উত্তর ঃ ১৫ জন।

☑ অনুরূপ: একজন ঠিকাদার ২০ কিলোমিটার রাস্তা ৪৫ দিনে সম্পন্ন করে দেওয়ার চুক্তি করলেন। ১৫০ জন শ্রমিক নিয়োগ করে তিনি ৩০ দিনে রাস্তার অর্ধেক কাজ শেষ করলেন। নির্দিষ্ট সময়ে রাস্তার কাজ শেষ করতে হলে, তাকে অতিরিক্ত কত জন শ্রমিক নিয়োগ করতে হবে? উত্তর: ১৫০ জন।

☑ অনুরূপ: জামাল একটি কাজ ৩০ দিনে সম্পন্ন করার জন্য ৫০ জন শ্রমিক নিয়োগ করলেন। ২০ দিন পর দেখলেন মাত্র ৫০% কাজ সম্পন্ন হয়েছে। নির্দিষ্ট সময়ে কাজটি সম্পন্ন করতে জামালের অতিরিক্ত কতজন শ্রমিক নিয়োগ দিতে হবে। উত্তর: ৫০ জন

☑ অনুরূপ: একজন ঠিকাদার ৫০ দিনে একটি কাজ সমাধান করবে বলে চুক্তি করলো এবং ২০ জন শ্রমিক নিয়োগ করলো। ২০ দিন পর দেখা গেল কাজটি মাত্র $\frac{১}{৪}$ অংশ সম্পন্ন হয়েছে। নির্ধারিত সময়ে কাজটি শেষ করতে হলে অতিরিক্ত আর কতজন শ্রমিক নিযুক্ত করতে হবে? উত্তর: ২০জন

☑ অনুরূপ: একজন ঠিকাদার একটি কাজ ৮০ দিনে সম্পন্ন করার চুক্তিতে ৬০ জন লোক নিযুক্ত করল। ২০ দিন পর দেখা গেল যে, কাজের মাত্র $\frac{১}{৫}$ অংশ সম্পন্ন হয়েছে। নির্দিষ্ট সময়ে কাজটি সম্পন্ন করতে হলে অতিরিক্ত কতজন লোক নিয়োগ করতে হবে? উত্তর: ২০ জন

☑ অনুরূপ: ৬ মাইল দীর্ঘ একটি রাস্তা ৫ মাসে শেষ করে দেয়ার চুক্তিতে ৬০ জন লোক নিযুক্ত করা হয়। ১ মাস পর দেখা গেল মাত্র ১ মাইল কাজ শেষ হয়েছে। অতিরিক্ত কতজন লোক নিযুক্ত করলে নির্দিষ্ট সময়ে কাজটি শেষ হবে? উত্তর: ১৫ জন

সমস্যা (৩০) **৩০ জন লোক কোনো কাজ ২৪ দিনে করতে পারে। কাজ আরম্ভের ১২ দিন পর ১৫ জন লোক চলে গেলে বাকি লোক কত দিনে অবশিষ্ট কাজ সমাধান করতে পারবে?**

সমাধান ১২ দিন পর ১৫ জন লোক চলে গেলে দিন অবশিষ্ট থাকে (২৪ – ১২) বা ১২ দিন এবং লোক অবশিষ্ট থাকে (৩০ –১৫) বা ১৫ জন

৩০ জন লোক অবশিষ্ট কাজ করতে পারে ১২ দিনে

∴ ১ ,, ,, ,, ,, ,, ,, ১২ × ৩০ ,,

∴ ১৫ ,, ,, ,, ,, ,, ,, $\frac{১২ \times ৩০}{১৫}$,,

= ২৪ দিনে

উত্তর: ২৪ দিন

☑ অনুরূপ: ২০ জন শ্রমিক কোন কাজ ১২ দিনে সম্পূর্ণ করতে পারে। কাজ শুরু করার ৮ দিন পর ১০ জন শ্রমিক চলে গেলে বাকি শ্রমিক কতদিনে কাজটি শেষ করতে পারবে? উত্তর: ৮দিন

সমস্যা (৩১) কয়েকজন শ্রমিক একটি কাজ ১৮ দিনে করে দিবে বলে ঠিক করে। কিন্তু তাদের মধ্যে ৯ জন অনুপস্থিত থাকায় কাজটি ৩৬ দিনে সম্পন্ন হয়। ৩৬ জন শ্রমিক নিযুক্ত হলে কত দিনে কাজটি সম্পন্ন হতো?

সমাধান ৯ জন অনুপস্থিত থাকায় সময় লাগে ৩৬ দিন অর্থাৎ দ্বিগুণ।

সুতরাং ১৮ দিনে শেষ করতে শ্রমিক লাগে (৯ × ২) জন

∴ ১৮ জনে করে ১৮ দিনে

∴ ১ ,, ,, ১৮ × ১৮ দিনে

∴ ৩৬ ,, ,, $\frac{১৮ \times ১৮}{৩৬}$ দিনে = ৯ দিনে

উত্তর: ৯ দিন

বিকল্প সমাধান: ধরি, মোট শ্রমিকের সংখ্যা ক জন।

∴ উপস্থিত শ্রমিকের সংখ্যা (ক – ৯) জন

প্রশ্নমতে, ১৮ × ক = ৩৬ (ক – ৯)

বা, ১৮ ক= ৩৬ক – ৩২৪

বা, ১৮ ক= ৩২৪

∴ ক = ১৮

সুতরাং শ্রমিক সংখ্যা ১৮ জন।

১৮ জন করে ১৮ দিনে

১ " " ১৮ × ১৮ "

∴৩৬ " " $\frac{১৮ \times ১৮}{৩৬}$ " = ৯ দিনে

উত্তর: ৯ দিন

সমস্যা (৩২) একদল শ্রমিক একটি কাজ ২৪ দিনে করতে পারে। তাদের মধ্যে ৭ জন অনুপস্থিত থাকলে কাজটি করতে মোট ৩০ দিন লাগে। প্রকৃতপক্ষে কাজটি শেষ করতে কতজন শ্রমিক কাজ করছিল?

সমাধান মনে করি, লোক ছিল x জন

x জনের সময় লাগে ২৪ দিন

১ ,, ,, ,, (২৪ × x) "

x–৭ ,, ,, ,, $\frac{২৪x}{x-৭}$,,

শর্তমাতে, $\frac{২৪x}{x-৭}$ =৩০ বা, ৩০x–২১০= ২৪x বা, ৬x = ২১০

∴ x = ৩৫ জন

সুতরাং কাজটি করতে ছিল ৩৫ জন

প্রকৃতপক্ষে কাজ করে (৩৫ – ৭) = ২৮ জন

উত্তর: ২৮ জন।

সমস্যা (৩৩) এক ব্যক্তি ৪০ দিনে তার দালানের কাজ শেষ করার জন্য ২৫ জন লোক নিয়োগ দিলেন। ২০ দিন পর তিনি আরো ১৫ জন লোক নিয়োগ দিলেন এবং কাজটি ৫ দিন আগে শেষ হয়ে গেল। অতিরিক্ত লোক না দিলে তিনি নির্ধারিত সময়ের কতদিন পরে কাজটি শেষ করতেন?

সমাধান অবশিষ্ট দিন = ৪০ - ২০ = ২০ দিন

৫ দিন আগে শেষ হলে দিন থাকে = ২০ - ৫ = ১৫ দিন

অতিরিক্ত লোক নিয়োগ করাতে শ্রমিক = ২৫ + ১৫ = ৪০ জন

৪০ জন লোক কাজটি করে ১৫ দিনে

১ " " " " ১৫ × ৪০ "

২৫ " " " " $\frac{১৫ \times ৪০}{২৫}$ "

= ২৪ দিন

সময় বেশি লাগতো (২৮ - ২০) = ৪ দিন

উত্তর: ৪দিন

সমস্যা (৩৪) করিম একটি কাজের তিন ভাগের এক অংশ ৮ দিনে করে চলে গেল। তারপর রহিম কাজে যোগ দিল এবং ৫ দিন কাজ করে কাজ ত্যাগ করল। বাকি কাজ করিম ১২ দিনে শেষ করল। সম্পূর্ণ কাজটি করতে রহিমের কতদিন সময় লাগত?

সমাধান করিম ৮ দিনে করে $\frac{১}{৩}$ অংশ

" ১ " " $\frac{১}{৩ \times ৮}$ "

" ১২ " " $\frac{১২}{৩ \times ৮}$ " = $\frac{১}{২}$ অংশ

করিম মোট করে = $(\frac{১}{৩} + \frac{১}{২})$ অংশ = $\frac{৫}{৬}$ অংশ

বাকী কাজ = ১ - $\frac{৫}{৬}$ অংশ = $\frac{১}{৬}$ অংশ

রহিম $\frac{১}{৬}$ অংশ কাজ করে ৫ দিনে

" ১ " " " ৫×৬ "

= ৩০ দিনে

উত্তর: ৩০ দিন

☑ অনুরূপ: ক একটি কাজের $\frac{১}{৩}$ অংশ ৮ দিনে করে চলে যায়। এরপর খ নিয়োগপ্রাপ্ত হয়ে ৫ দিন কাজ করে চলে যায়। ক পুনরায় কাজে যোগ দেয় এবং অসমাপ্ত কাজ ১২ দিনে শেষ করে। খ যদি একা কাজটি করতো তাহলে তার কাজ সমাপ্ত করতে কত দিন লাগত? উত্তর: ৩০ দিন

সমস্যা (৩৫) ৮ জন লোক একটি কাজ ১২ দিনে করতে পারে। দু'জন লোক কমিয়ে দিলে কাজটি সমাধান করতে শতকরা কত দিন বেশি লাগবে?

সমাধান ২ জন কমে মোট লোক হয় = (৮ − ২) = ৬ জন

৮ জনে কাজটি করে ১২ দিনে

১ ,, ,, ,, ১২ × ৮ ,,

৬ ,, ,, ,, $\frac{১২ \times ৮}{৬}$ = ১৬ দিনে

পূর্বের চেয়ে সময় বেশি লাগে = (১৬ − ১২) = ৪ দিন

∴ শতকরা সময় বেশি লাগে = $\left(৪ \times \frac{১০০}{১২}\right)\% = ৩৩\frac{১}{৩}\%$

উত্তর: $৩৩\frac{১}{৩}\%$

সমস্যা (৩৬) ২০ জন যে সময়ে ১টি কাজ করতে পারে, তার ২০% কম সময়ে ঐ কাজটি শেষ করতে হলে জনবল কত বাড়াতে হবে?

সমাধান মনে করি, ২০ জনে ১ টি কাজ ক দিনে করে

২০% কম সময়ে, ক এর $\frac{২০}{১০০}$ দিন

$= \frac{ক}{৫}$ দিন

দিন বাকী থাকে = ক - $\frac{ক}{৫}$ দিন = $\frac{৪ক}{৫}$ দিন

ক দিনে কাজ করে ২০ জন

১ ,, ,, ,, ক × ২০ জন

$\frac{৪ক}{৫}$,, ,, ,, $\frac{ক \times ২০ \times ৫}{৪ক}$ জন

= ২৫ জন শ্রমিক

সুতরাং লোক বাড়াতে হবে (২৫-২০) জন

= ৫ জন

উত্তর: ৫ জন

সমস্যা (৩৭) ২০ জনে যে সময়ে ১টি কাজ করতে পারে, কর্মী সংখ্যা ৬০ শতাংশ কমে যাওয়ায় কাজটি কতগুণ বেশি সময় লাগবে?

সমাধান

৬০ শতাংশে কমে কর্মী সংখ্যা = ১০০ - ৬০ = ৪০ জন

পূর্বে কমী সংখ্যা ১০০ জন হলে বর্তমান সংখ্যা ৪০ জন

" " " ১ " " " " $\frac{৪০}{১০০}$ "

" " " ২০ " " " " $\frac{৪০ \times ২০}{১০০}$ "

= ৮ জন

মনে করি, ২০ জনে ১টি কাজ করে ১ দিনে

২০ জনে ১টি কাজ করে ১ দিনে

১ " ১টি " " ২০ × ১ "

৮ " ১টি " " $\frac{২০ \times ১}{৮}$ "

= ২.৫ দিনে

অর্থাৎ সময় বেশি লাগবে ২.৫ গুণ।

উত্তর: ২.৫ গুণ

সমস্যা (৩৮) ৩০০০ টাকা মূল্যের একটি কাজ পৃথকভাবে মিতা ১০ দিনে এবং রিতা ১৫ দিনে করতে পারে। তারা একত্রে কাজটি শেষ করলে কত দিন লাগবে এবং কে কত টাকা পাবে?

সমাধান

মিতা ১০ দিনে করে ১ অংশ কাজ

" ১ " " $\frac{১}{১০}$ " "

রিতা ১৫ দিনে করে ১ অংশ কাজ

" ১ " " $\frac{১}{১৫}$ " "

মিতা ও রিতা ১ দিনে করে = $\frac{১}{১০} + \frac{১}{১৫}$ = $\frac{১}{৬}$ অংশ কাজ

তারা একত্রে $\frac{১}{৬}$ অংশ কাজ করে ১ দিনে

" " ১ " " " ৬ দিনে

মিতা টাকা পাবে = (৩০০০ ÷ ১০) × ৬ টাকা

= ১৮০০ টাকা

রিতা টাকা পাবে = (৩০০০ ÷ ১৫) × ৬ টাকা

= ১২০০ টাকা

উত্তর: সময় লাগবে ৬ দিন। মিতা পাবে ১৮০০ টাকা, রিতা পাবে ১২০০ টাকা

সমস্যা (৩৯) যদি ৩ জন পুরুষ বা ৫ জন বালক একটি কাজ ২০ দিনে করতে পারে তবে ৪ জন পুরুষ ও ১০ জন বালক ঐ কাজটি কত দিনে করতে পারবে?

সমাধান ৫ জন বালক= ৩ জন পুরুষ

১ ,, ,, $= \frac{৩}{৫}$,, ,,

$\therefore$ ১০ ,, ,, $= \frac{৩ \times ১০}{৫}$,, ,,

= ৬ জন পুরুষ

৩ জন পুরুষ ১টি কাজ করে ২০ দিনে

১ ,, ,, ,, ,, ,, ২০×৩ ,,

$\therefore$ (৪+৬) বা ১০ ,, ,, ,, $\frac{২০ \times ৩}{১০}$,,

= ৬ দিনে

উত্তর: ৬ দিন।

☑ অনুরূপ: ১০ জন পুরুষ বা ১৫ জন বালক একটি কাজ ৩০ দিনে করতে পারে। ৭ জন পুরুষ ও ১২ জন বালক ঐ কাজ কত দিনে করতে পারবে? উত্তর: ২০ দিন

☑ অনুরূপ: ৬ জন স্ত্রীলোক অথবা ৮ জন বালক একটি কাজ ১২ দিনে শেষ করতে পারে। ৩ জন স্ত্রীলোক ও ১২ জন বালক ঐ কাজটি কতদিনে করতে পারে? উত্তর: ৬ দিন

☑ অনুরূপ: ৪ জন পুরুষ বা ৬ জন বালক যে কাজ ৩০ দিনে করতে পারে, ৭ জন পুরুষ ও ১২ জন বালক ঐ কাজ কত দিনে করতে পারবে? উত্তর: ৮ দিন।

☑ অনুরূপ: যদি ১২ জন পুরুষ অথবা ১৮ জন মহিলা একটি কাজ ১৪ দিনে করতে পারে, তাহলে ৮ জন পুরুষ এবং ১৬ জন মহিলার একত্রে কাজটি করতে কতদিন সময় লাগবে? উত্তর: ৯ দিন

সমস্যা (৪০) **২ জন পুরুষ ৩ জন বালকের সমান কাজ করে। ৪ জন পুরুষ ও ১০ জন বালক একটি কাজ ২১ দিনে করতে পারে। ঐ কাজটি ৬ জন পুরুষ ও ১৫ জন বালক কত দিনে করতে পারবে?**

সমাধান ২ জন পুরুষ = ৩ জন বালক

১ ,, ,, $= \frac{৩}{২}$,, ,,

$\therefore$ ৪ ,, ,, $= \frac{৩ \times ৪}{২}$,, ,, = ৬ জন বালক

আবার,

২ জন পুরুষ = ৩ জন বালক

১ ,, ,, $= \frac{৩}{২}$,, ,,

$\therefore$ ৬ ,, ,, $= \frac{৩ \times ৬}{২}$,,

= ৯ জন বালক

অতএব, ৪ জন পুরুষ ও ১০ জন বালক= (৬ + ১০) জন বালক

= ১৬ জন বালক

এবং ৬ ,, ,, ,, ১৫ ,, ,, = (৯ + ১৫) জন বালক

= ২৪ জন বালক

এখন,

১৬ জন বালক ১টি কাজ করে ২১ দিনে

১ ,, ,, ১ ,, ,, ২১×১৬ ,,

$\therefore$ ২৪ ,, ,, ১ ,, ,, $\frac{২১ \times ১৬}{২৪}$,,

= ১৪ দিনে

উত্তর: ১৪ দিন

☑ অনুরূপ: ২ জন পুরুষ ৩ জন স্ত্রীলোকের সমান কাজ করে। ৪ জন পুরুষ ও ৯ জন স্ত্রীলোক একটি কাজ ৩০ দিনে করতে পারে। ঐ কাজটি ৫ জন পুরুষ ও ১৫ জন স্ত্রীলোক কত দিনে করতে পারবে? উত্তর:২০ দিন

সমস্যা (৪১) **৫ জন পুরুষ ৯ জন স্ত্রীলোকের সমান আয় করে এবং ৬ জন স্ত্রীলোক ১০ জন বালকের সমান আয় করে। একজন বালক যদি রোজ ১২.৫০ টাকা আয় করে তবে ১০ জন পুরুষ দৈনিক কত টাকা আয় করবে?**

সমাধান

৫ জন পুরুষের আয় = ৯ জন স্ত্রীলোকের আয়

১ ,, ,, ,, $= \frac{৯}{৫}$,, ,, ,,

$\therefore$ ১০ ,, ,, ,, $= \frac{৯ \times ১০}{৫}$,, ,,

= ১৮ জন স্ত্রীলোকের আয়

আবার,

৬ জন স্ত্রীলোকের আয় = ১০ জন বালকের আয়

১ ,, ,, ,, $= \frac{১০}{৬}$,, ,, ,,

$\therefore$ ১৮ ,, ,, ,, $= \frac{১০ \times ১৮}{৬}$,, ,,

= ৩০ জন বালকের আয়

১ জন বালকের আয় = ১২.৫০ টাকা

৩০ ,, ,, ,, = ১২.৫০ × ৩০ টাকা

= ৩৭৫.০০ টাকা

উত্তর: ৩৭৫ টাকা

Forma 2/A

০২ নল ও চৌবাচ্চা

সমস্যা (১) একটি চৌবাচ্চায় দুইটি নল আছে। প্রথম ও দ্বিতীয় নল দ্বারা যথাক্রমে ১২ ঘণ্টা ও ১৮ ঘণ্টায় খালি চৌবাচ্চাটি পূর্ণ হয়। দুইটি নল এক সাথে খুলে দিলে খালি চৌবাচ্চাটি কত ঘণ্টায় পূর্ণ হবে?

সমস্যা (২) একটি পানির ট্যাঙ্কে দুটি নল আছে। প্রথম নলটি খুলে দিলে ট্যাঙ্কটি ১০ ঘণ্টায় পানিতে পূর্ণ হয় এবং দ্বিতীয় নলটি খুলে দিলে পানিপূর্ণ ট্যাঙ্কটি ১৫ ঘণ্টায় খালি হয়। দুটি নল একসঙ্গে খুলে দিলে খালি ট্যাঙ্কটি কত ঘণ্টায় পূর্ণ হবে?

সমস্যা (৩) একটি চৌবাচ্চায় তিনটি নল আছে। প্রথম ও দ্বিতীয় নল দ্বারা যথাক্রমে ৩০ মিনিট ও ২০ মিনিটে চৌবাচ্চাটি পূর্ণ হয়। তৃতীয় নল দ্বারা পূর্ণ চৌবাচ্চাটি ৬০ মিনিটে খালি হয়। তিনটি নল একসঙ্গে খুলে দিলে চৌবাচ্চাটি কত মিনিটে পূর্ণ হবে?

সমস্যা (৪) দুইটি নল দ্বারা একটি খালি চৌবাচ্চা যথাক্রমে ২০ মিনিটে ও ৩০ মিনিটে পানি-পূর্ণ করা যায়। চৌবাচ্চাটি খালি থাকা অবস্থায় দুইটি নল এক সাথে খুলে দেওয়া হলো। প্রথম নলটি কখন বন্ধ করলে চৌবাচ্চাটি ১৮ মিনিটে পানি-পূর্ণ হবে?

সমস্যা (৫) একটি চৌবাচ্চা দুইটি নল দ্বারা যথাক্রমে ১০ ঘন্টায় ও ১৫ ঘন্টায় পূর্ণ হতে পারে। দুইটি নল একসঙ্গে খুলে দেয়ার কিছুক্ষণ পরে প্রথম নলটি বন্ধ করে দেওয়া হয় এবং দ্বিতীয় নল দ্বারা চৌবাচ্চাটির বাকী অংশ ৫ ঘন্টায় পূর্ণ হয়। (ক) প্রথম নল কত সময় পরে বন্ধ করা হয়েছিল? (খ) চৌবাচ্চাটি কত ঘন্টায় পূর্ণ হয়েছিল?

সমস্যা (৬) একটি নল 12 মিনিটে একটি খালি চৌবাচ্চা পূর্ণ করতে পারে। অপর একটি নল প্রতি মিনিটে 14 লিটার পানি বের করে দেয়। চৌবাচ্চাটি খালি থাকা অবস্থায় দুইটি নল একসঙ্গে খুলে দেওয়া হয় এবং চৌবাচ্চাটি 96 মিনিটে পূর্ণ হয়। চৌবাচ্চাটিতে কত লিটার পানি ধরে?

সমস্যা (৭) সম্পূর্ণ খালি একটি চৌবাচ্চা একটি পাইপ দিয়ে ৫ ঘণ্টায় সম্পূর্ণ ভর্তি করা যায় । দ্বিতীয় একটি পাইপ দিয়ে চৌবাচ্চাটি পূর্ণ করতে ৩ ঘণ্টা সময় লাগে। দুইটি পাইপ এক সাথে ব্যবহার করে চৌবাচ্চাটির $\frac{২}{৩}$ অংশ পূর্ণ করতে কত সময় লাগবে?

সমস্যা (৮) দুইটি নল দ্বারা একটি চৌবাচ্চা ৮ মিনিটে পূর্ণ হয়। নল দুইটি খুলে দেওয়ার ৪ মিনিট পর প্রথম নলটি বন্ধ করে দেওয়াতে চৌবাচ্চাটি পূর্ণ হতে আরও ৬ মিনিট লাগল। প্রত্যেক নল দ্বারা পৃথকভাবে চৌবাচ্চাটি পূর্ণ হতে কত সময় লাগবে?

সমস্যা (৯) একটি চৌবাচ্চা ৬ ঘণ্টায় পূর্ণ হয়। তলায় ছিদ্র হওয়ায় তা পূর্ণ হতে ২ ঘণ্টা সময় বেশি লাগে। পূর্ণ চৌবাচ্চাটি ছিদ্র দিয়ে কতক্ষণে খালি হবে?

সমস্যা (১০) ৩০ ঘনফুট পানি ধারণক্ষম একটি চৌবাচ্চার নল দিয়ে ১৫ মিনিটে চৌবাচ্চাটি খালি হতে পারে। সম্পূর্ণ ভরা চৌবাচ্চাটি উক্ত নল প্রথম ৭ মিনিট খোলা রেখে বন্ধ করলে কতঘনফুট পানি অবশিষ্ট থাকবে?

সমস্যা সমাধান

সমস্যা (১) একটি চৌবাচ্চায় দুইটি নল আছে। প্রথম ও দ্বিতীয় নল দ্বারা যথাক্রমে ১২ ঘন্টা ও ১৮ ঘন্টায় খালি চৌবাচ্চাটি পূর্ণ হয়। দুইটি নল এক সাথে খুলে দিলে খালি চৌবাচ্চাটি কত ঘন্টায় পূর্ণ হবে?

সমাধান প্রথম নল দ্বারা ১২ ঘণ্টায় পূর্ণ হয় ১টি চৌবাচ্চা

∴ " " " ১ " " " $\frac{১}{১২}$ অংশ

আবার, দ্বিতীয় নল দ্বারা ১৮ ঘণ্টায় পূর্ণ হয় ১টি চৌবাচ্চা

∴ " " " ১ " " " $\frac{১}{১৮}$ অংশ

∴ দুইটি নল দ্বারা একত্রে ১ ঘণ্টায় পূর্ণ হয় $= \left(\frac{১}{১২} + \frac{১}{১৮}\right)$ অংশ

$= \frac{৩+২}{৩৬}$ অংশ $= \frac{৫}{৩৬}$ অংশ

অর্থাৎ, দুইটি নল দ্বারা একত্রে $\frac{৫}{৩৬}$ অংশ পূর্ণ হয় ১ ঘণ্টায়

∴ " " " " ১(সম্পূর্ণ) " $\frac{১ \times ৩৬}{৫}$ "

$= \frac{৩৬}{৫}$ ঘণ্টায়

$= ৭\frac{১}{৫}$ ঘণ্টায়

উত্তর : $৭\frac{১}{৫}$ ঘণ্টা

☑ **অনুরূপ: দুটি নল দ্বারা একটি চৌবাচ্চা যথাক্রমে ১০ ও ১৫ ঘণ্টায় পানি পূর্ণ হয়। নল দুটি একত্রে খোলা রাখলে চৌবাচ্চাটি কতক্ষণে পূর্ণ হবে? উত্তর: ৬ ঘণ্টা**

Forma 2/B

সমস্যা (২) একটি পানির ট্যাঙ্কে দুটি নল আছে। প্রথম নলটি খুলে দিলে ট্যাঙ্কটি ১০ ঘণ্টায় পানিতে পূর্ণ হয় এবং দ্বিতীয় নলটি খুলে দিলে পানিপূর্ণ ট্যাঙ্কটি ১৫ ঘণ্টায় খালি হয়। দুটি নল একসঙ্গে খুলে দিলে খালি ট্যাঙ্কটি কত ঘণ্টায় পূর্ণ হবে?

সমাধান প্রথম নল দ্বারা ১০ ঘন্টায় পূর্ণ হয় ১ অংশ

$\therefore$ ১ " " " $\frac{১}{১০}$ "

দ্বিতীয় নল দ্বারা ১৫ ঘণ্টায় খালি হয় ১ অংশ

$\therefore$ ১ " " " $\frac{১}{১৫}$ "

ট্যাঙ্কটি ১ ঘণ্টায় পূর্ণ হয় $\left(\frac{১}{১০} - \frac{১}{১৫}\right)$ অংশ

$= \frac{৩ - ২}{৩০}$ অংশ

$= \frac{১}{৩০}$ অংশ

$\frac{১}{৩০}$ অংশ পূর্ণ হয় ১ ঘণ্টায়

১ " " " ৩০ ঘণ্টায়

উত্তর : ৩০ ঘণ্টা

☑ অনুরূপ: একটি পিপায় দুইটি নল সংযুক্ত আছে। প্রথম নলটি খুলে দিলে খালি পিপাটি ২০ মিনিটে পূর্ণ হয়, দ্বিতীয় নলটি খুলে দিলে পরিপূর্ণ পিপাটি ৩০ মিনিটে খালি হয়। দুইটি নলই একসঙ্গে খুলে দিলে খালি পিপাটি কত সময়ে পূর্ণ হবে? উত্তর: ৬০মিনিট

☑ অনুরূপ: একটি চৌবাচ্চা একটি নল দ্বারা ১০ ঘন্টায় পূর্ণ হয়। তাতে একটি ছিদ্র থাকায় পূর্ণ হতে ১৫ ঘন্টা লাগে।ছিদ্র দ্বারা চৌবাচ্চা খালি হতে কত সময় লাগবে? উত্তর: ৩০ ঘন্টা

☑ অনুরূপ: একটি চৌবাচ্চার দুইটি নল আছে। একটি নল ৪০ মিনিটে ভর্তি করতে পারে এবং অপরটি এক ঘন্টায় খালি করতে পারে। উভয় নল একসাথে খুলে দিলে কতক্ষণে চৌবাচ্চাটি ভর্তি হবে? উত্তর: ২ ঘন্টা/১২০ মিনিট

☑ অনুরূপ: একটি চৌবাচ্চা ক নল দিয়ে ১২ মিনিটে খালি হয়ে যায়। একই চৌবাচ্চা খ নল দিয়ে ৮ মিনিটে ভরে যায়। দুটি নল একসালে চালু করা হলে, চৌবাচ্চাটি কত মিনিটে ভরে যাবে। উত্তর: ২৪ মিনিট

সমস্যা (৩) একটি চৌবাচ্চায় তিনটি নল আছে। প্রথম ও দ্বিতীয় নল দ্বারা যথাক্রমে ৩০ মিনিট ও ২০ মিনিটে চৌবাচ্চাটি পূর্ণ হয়। তৃতীয় নল দ্বারা পূর্ণ চৌবাচ্চাটি ৬০ মিনিটে খালি হয়। তিনটি নল একসঙ্গে খুলে দিলে চৌবাচ্চাটি কত মিনিটে পূর্ণ হবে?

সমাধান

১ম নল দ্বারা,

৩০ মিনিটে পূর্ণ হয় ১ অংশ

১ " " " $\frac{১}{৩০}$ অংশ

২য় নল দ্বারা,

২০ মিনিটে পূর্ণ হয় ১ অংশ

১ " " " $\frac{১}{২০}$ অংশ

এবং ৩য় নল দ্বারা,

৬০ মিনিটে খালি হয় ১ অংশ

১ " " " $\frac{১}{৬০}$ অংশ

$\therefore$ তিনটি নল একসঙ্গে খুলে দিলে,

১ মিনিটে পূর্ণ হয় $\left(\frac{১}{৩০} + \frac{১}{২০} - \frac{১}{৬০}\right)$ অংশ

$= \frac{৪}{৬০}$ অংশ $= \frac{১}{১৫}$ অংশ

$\frac{১}{১৫}$ অংশ পূর্ণ হয় ১ মিনিটে

$\therefore$ ১ " " " ১৫ " = ১৫ মিনিটে

উত্তর: ১৫ মি.

☑ অনুরূপ: একটি চৌবাচ্চায় ৩টি নল আছে। প্রথম ও দ্বিতীয় নল দ্বারা যথাক্রমে ২০ ও ৩০ ঘন্টায় পানি ভর্তি হয়। তৃতীয় নল দ্বারা ৪০ ঘন্টায় পুরো চৌবাচ্চাটি খালি হয়। যদি সবগুলো নল একসাথে খোলা থাকে, তবে সম্পূর্ণ চৌবাচ্চাটি পানি ভর্তি হতে কত সময় লাগবে? উত্তর: $১৭\frac{১}{৭}$ ঘন্টা

☑ অনুরূপ: একটি পাইপ দ্বারা একটি ট্যাঙ্ক ৩ ঘন্টায় ভর্তি হয়। দুটি নিকাশি পাইপ দ্বারা ট্যাঙ্কটি যথাক্রমে ৭ ঘন্টায় ও ১০ ঘন্টায় খালি হয়। যদি তিনটি পাইপ একসঙ্গে খোলা হয়, তবে ট্যাঙ্কটি কতক্ষণে ভর্তি হবে? উত্তর: $১১\frac{১}{১৯}$ ঘন্টায়

☑ অনুরূপ: একটি চৌবাচ্চায় তিনটি নল আছে। দুইটি নল দ্বারা চৌবাচ্চাটি যথাক্রমে ১০ মিনিট ও ৩০ মিনিটে পানি পূর্ণ করা যায়। তৃতীয় নলটি দ্বারা পানি বেরিয়ে যায়। যখন তিনটি নলই খোলা থাকে তখন ১৫ মিনিটে চৌবাচ্চা পানি পূর্ণ হয়। তৃতীয় নলটি কতক্ষণে পানি পূর্ণ চৌবাচ্চা খালি করতে পারবে? উত্তর: ১৫ মিনিট

সমস্যা (৪) **দুইটি নল দ্বারা একটি খালি চৌবাচ্চা যথাক্রমে ২০ মিনিটে ও ৩০ মিনিটে পানি-পূর্ণ করা যায়। চৌবাচ্চাটি খালি থাকা অবস্থায় দুইটি নল এক সাথে খুলে দেওয়া হলো। প্রথম নলটি কখন বন্ধ করলে চৌবাচ্চাটি ১৮ মিনিটে পানি-পূর্ণ হবে?**

সমাধান এখানে, ২য় নলটি ১৮ মিনিট খোলা থাকবে।

২য় নল দ্বারা ৩০ মিনিটে পূর্ণ হয় ১ বা সম্পূর্ণ চৌবাচ্চা

$\therefore$ ১ " " " চৌবাচ্চাটির $\frac{১}{৩০}$ অংশ

$\therefore$ ১৮ " " " " $\frac{১ \times ১৮}{৩০}$ "$=\frac{৩}{৫}$ অংশ

$\therefore$ বাকি অংশ $= \left(১ - \frac{৩}{৫}\right)$ অংশ $= \frac{৫-৩}{৫}$ অংশ $= \frac{২}{৫}$ অংশ

১ম নল দ্বারা,

২০ মিনিটে পূর্ণ হয় চৌবাচ্চাটির ১ বা সম্পূর্ণ অংশ

$\therefore$ ১ " " " " $\frac{১}{২০}$ অংশ

চৌবাচ্চাটির $\frac{১}{২০}$ অংশ পূর্ণ হয় ১ মিনিটে

" ১ " " " $\frac{১ \times ২০}{১}$ "

$\therefore$ " $\frac{২}{৫}$ " " " $\frac{১ \times ২০ \times ২}{১ \times ৫}$ "

$= ৮$ মিনিটে

$\therefore$ ১ম নলটি ৮ মিনিট পর বন্ধ করা হয়েছিল।

উত্তর : ৮ মিনিট

সমস্যা (৫) **একটি চৌবাচ্চা দুইটি নল দ্বারা যথাক্রমে ১০ ঘন্টায় ও ১৫ ঘন্টায় পূর্ণ হতে পারে। দুইটি নল একসঙ্গে খুলে দেয়ার কিছুক্ষণ পরে প্রথম নলটি বন্ধ করে দেওয়া হয় এবং দ্বিতীয় নল দ্বারা চৌবাচ্চাটির বাকী অংশ ৫ ঘন্টায় পূর্ণ হয়। (ক) প্রথম নল কত সময় পরে বন্ধ করা হয়েছিল? (খ) চৌবাচ্চাটি কত ঘন্টায় পূর্ণ হয়েছিল?**

সমাধান প্রথম নল দ্বারা ১০ ঘণ্টায় পূর্ণ হয় চৌবাচ্চাটির ১ অংশ

$\therefore$ " " " ১ " " " " $\frac{১}{১০}$ অংশ

আবার, দ্বিতীয় নল দ্বারা ১৫ ঘণ্টায় পূর্ণ হয় চৌবাচ্চাটির ১ অংশ

" " " ১ " " " " $\frac{১}{১৫}$ অংশ

" " " ৫ " " " " $\frac{১ \times ৫}{১৫}$ অংশ

$= \frac{১}{৩}$ অংশ

অবশিষ্ট থাকে $= \left(১ - \frac{১}{৩}\right)$ অংশ $= \frac{২}{৩}$ অংশ

উভয় নল দ্বারা, ১ ঘন্টায় পূর্ণ হয় $\left(\frac{১}{১০} + \frac{১}{১৫}\right)$ অংশ

$= \frac{৫}{৩০}$ অংশ $= \frac{১}{৬}$ অংশ

উভয় নল দ্বারা,

$\frac{১}{৬}$ অংশ পূর্ণ হয় ১ ঘন্টায়

১ " " " $\frac{১ \times ৬}{১}$ "

$\therefore$ $\frac{২}{৩}$ " " " $\frac{১ \times ৬ \times ২}{১ \times ৩}$ " $= ৪$ ঘন্টায়

সুতরাং ১ম নল ৪ ঘন্টা পরে বন্ধ করা হয়।

চৌবাচ্চাটি পূর্ণ হতে মোট সময় লাগবে (৪+৫) ঘন্টা= ৯ ঘন্টা

উত্তর: ৪ ঘন্টা ও ৯ ঘণ্টা

☑ অনুরূপ: একটি চৌবাচ্চায় দুটি নল দ্বারা পানি প্রবেশ করতে পারে। প্রথম নলটি ৯ ঘন্টায় এবং দ্বিতীয় নলটি ১২ ঘন্টায় চৌবাচ্চাটি পূর্ণ করতে পারে। উভয় নল দ্বারা কয়েক ঘন্টা পানি প্রবেশ করার পর প্রথম নলটি বন্ধ করে দেয়া হয়। দ্বিতীয় নলটি পরবর্তী ২ ঘন্টায় চৌবাচ্চাটি পূর্ণ করে। চৌবাচ্চাটি কত ঘন্টায় পূর্ণ হয়েছিল? উত্তর: $৬\frac{২}{৭}$ ঘন্টা

সমস্যা (৬) **একটি নল 12 মিনিটে একটি খালি চৌবাচ্চা পূর্ণ করতে পারে। অপর একটি নল প্রতি মিনিটে 14 লিটার পানি বের করে দেয়। চৌবাচ্চাটি খালি থাকা অবস্থায় দুইটি নল একসঙ্গে খুলে দেওয়া হয় এবং চৌবাচ্চাটি 96 মিনিটে পূর্ণ হয়। চৌবাচ্চাটিতে কত লিটার পানি ধরে?**

সমাধান মনে করি, প্রথম নল দ্বারা প্রতি মিনিটে x লিটার পানি প্রবেশ করে এবং চৌবাচ্চাটিকে মোট y লিটার পানি ধরে।

$\therefore \quad y = 12x \ldots\ldots (1)$

আবার, দুইটি নল দ্বারা 96 মিনিটে খালি চৌবাচ্চা পূর্ণ হয়

$\therefore \quad y = 96x - 96 \times 14 \ldots\ldots (2)$

সমীকরণ (1) থেকে পাই, $x = \frac{y}{12}$

x এর মান সমীকরণ (2) এ বসিয়ে পাই,

$$y = 96 \times \frac{y}{12} - 96 \times 14$$

বা, $y = 8y - 96 \times 14$

বা, $7y = 96 \times 14$

বা, $y = \frac{96\times14}{7} = 192$

উত্তর: চৌবাচ্চাটিতে মোট 192 লিটার পানি ধরে।

বিকল্প সমাধান:

ধরি, চৌবাচ্চাটিতে পানি ধরে x লিটার

12 মিনিটে পূর্ণ করে x লিটার

1 " " " $\frac{x}{12}$ "

আবার,

96 মিনিটে পূর্ণ করে x লিটার

1 " " " $\frac{x}{96}$ "

প্রশ্নমতে,

$\frac{x}{12} - \frac{x}{96} = 14$

বা, $\frac{8x - x}{96} = 14$

বা, $\frac{7x}{96} = 14$

বা, $7x = 1344$

বা, $x = \frac{1344}{7}$ $\therefore x = 192$

$\therefore$ চৌবাচ্চাটিতে 192 লিটার পানি ধরে।

উত্তর: 192 লিটার।

☑ অনুরূপ: একটি নল দ্বারা 12 মিনিটে একটি চৌবাচ্চা পূর্ণ হয়। অপর একটি নল দ্বারা 1 মিনিটে তা থেকে 15 লিটার পানি বের করে দেয়। চৌবাচ্চাটি খালি থাকা অবস্থায় দুইটি নল একসঙ্গে খুলে দেওয়া হয় এবং চৌবাচ্চাটি 48 মিনিটে পূর্ণ হয় । চৌবাচ্চাটিতে কত লিটার পানি ধরে? উত্তর : 240 লিটার।

☑ অনুরূপ: একটি নল ১০ মিনিটে একটি খালি চৌবাচ্চা পূর্ণ করতে পারে। অপর একটি নল প্রতি মিনিটে ১২ লিটার পানি বের করে দিতে পারে। দুটি নল একসাথে খুলে দিলে ৯০ মিনিট চৌবাচ্চাটি পূর্ণ হয়। চৌবাচ্চাটিতে কত লিটার পানি ধরে? উত্তর: ১৩৫ লিটার

সমস্যা (৭) সম্পূর্ণ খালি একটি চৌবাচ্চা একটি পাইপ দিয়ে ৫ ঘন্টায় সম্পূর্ণ ভর্তি করা যায় । দ্বিতীয় একটি পাইপ দিয়ে চৌবাচ্চাটি পূর্ণ করতে ৩ ঘন্টা সময় লাগে। দুইটি পাইপ এক সাথে ব্যবহার করে চৌবাচ্চাটির $\frac{2}{3}$ অংশ পূর্ণ করতে কত সময় লাগবে?

সমাধান ১ম পাইপ দিয়ে, ১ ঘণ্টায় ভর্তি হয় $\frac{১}{৫}$ অংশ

২য় পাইপ দিয়ে, ১ ঘণ্টায় ভর্তি হয় $\frac{১}{৩}$ অংশ

$\therefore$ উভয় পাইপ দ্বারা,

১ ঘণ্টায় ভর্তি হয় $= \frac{১}{৫} + \frac{১}{৩} = \frac{৮}{১৫}$ অংশ

$\frac{৮}{১৫}$ অংশ ভর্তি হয় ১ ঘণ্টায়

$\therefore \frac{২}{৩}$ অংশ ভর্তি হয় $\frac{১৫ \times ২}{৮ \times ৩} = \frac{৫}{৪}$ ঘণ্টায়

উত্তর : $\frac{৫}{৪}$ ঘণ্টায়

☑ অনুরূপ: একটি চৌবাচ্চা তিনটি নল দিয়ে যথাক্রমে ৮, ১২ ও ২৪ ঘণ্টায় পূর্ণ হতে পারে। তিনটি নল একসঙ্গে খুলে দিলে চৌবাচ্চাটির তিন–চতুর্থাংশ পূর্ণ হতে কত সময় লাগবে। উত্তর: ৩ ঘণ্টা

☑ অনুরূপ: একটি চৌবাচ্চা তিনটি নল দিয়ে যথাক্রমে ১০,১২ ও ১৫ ঘণ্টায় পূর্ণ হতে পারে। তিনটি নল একসঙ্গে খুলে দিলে চৌবাচ্চার অর্ধেক পূর্ণ হতে কত সময় লাগবে? উত্তর: ২ ঘণ্টা

☑ অনুরূপ: একটি বাড়ির ছাদের ট্যাঙ্কেটি একটি নল দ্বারা ২৫ মিনিটে পূর্ণ হয়। আবার বাড়ির ব্যবহারের জন্য যে নল আছে তা খুলে দিলে উহা ৫০ মিনিটে খালি হয়। ট্যাঙ্কটি অর্ধপূর্ণ থাকা অবস্থায় দুটি নল একসাথে কাজ করলে ট্যাঙ্কটি কতক্ষণে পূর্ণ হবে? উত্তর: ২৫ মিনিট

☑ অনুরূপ: একটি নল খালি চৌবাচ্চাকে ১৮ মিনিটে পূর্ণ করে ও অপর একটি নল ১২ মিনিটে খালি করে। অর্ধ পানিপূর্ণ অবস্থায় নল দুটি একসাথে খুলে দিলে কত সময়ে চৌবাচ্চাটি খালি হবে? উত্তর: ১৮ মিনিট

সমস্যা (৮) দুইটি নল দ্বারা একটি চৌবাচ্চা ৮ মিনিটে পূর্ণ হয়। নল দুইটি খুলে দেওয়ার ৪ মিনিট পর প্রথম নলটি বন্ধ করে দেওয়াতে চৌবাচ্চাটি পূর্ণ হতে আরও ৬ মিনিট লাগল। প্রত্যেক নল দ্বারা পৃথকভাবে চৌবাচ্চাটি পূর্ণ হতে কত সময় লাগবে?

সমাধান দুটি নল একত্রে,

৮ মিনিটে পূর্ণ করে ১ অংশ চৌবাচ্চা

১ " " " $= \frac{১}{৮}$ " "

৪ " " " $= \frac{৪}{৮}$ অংশ $= \frac{১}{২}$ অংশ

চৌবাচ্চাটি খালি থাকে $\left(১ - \frac{১}{২}\right)$ অংশ বা $\frac{১}{২}$ অংশ

∴ দ্বিতীয় নল দ্বারা,

$\frac{১}{২}$ অংশ পূর্ণ হয় ৬ মিনিটে

১ (সম্পূর্ণ) " " " = (৬ × ২) মিনিটে
= ১২ মিনিটে

আবার, দ্বিতীয় নল দ্বারা,

১ মিনিটে পূর্ণ হয় $\frac{১}{১২}$ অংশ

১ম নল দ্বারা,

১ মিনিটে পূর্ণ হয় = $\frac{১}{৮} - \frac{১}{১২}$ অংশ = $\frac{১}{২৪}$ অংশ

১ম নল দ্বারা,

$\frac{১}{২৪}$ অংশ চৌবাচ্চা পূর্ণ হয় ১ মিনিটে

∴ ১ বা সমস্ত অংশ " " " ২৪ মিনিটে

☑ অনুরূপ: একটি শ্রেণিতে ৭৫% ইংরেজিতে, ৬০% গণিতে পাস করে। উভয় বিষয়ে ২৫% ফেল করলে শতকরা কত জন উভয় বিষয়ে পাস করে? উত্তর: ৬০%

সমস্যা (৬৮) কোন স্কুলে ৭০% পরীক্ষার্থী ইংরেজি এবং ৮০% পরীক্ষার্থী বাংলায় পাস করেছে। কিন্তু উভয় বিষয়ে ১০% ফেল করেছে। যদি উভয় বিষয়ে ৩০০ জন শিক্ষার্থী পাস করে তবে ঐ স্কুলে কত জন শিক্ষার্থী পরীক্ষা দিয়েছিল?

সমাধান শুধু ইংরেজিতে ফেল করে (১০০ − ৭০ − ১০) জন
= ২০ জন

শুধু বাংলায় ফেল করে (১০০ − ৮০ − ১০) জন
= ১০ জন

অন্তত এক বিষয়ে ফেল করে = (২০ + ১০ + ১০) জন
= ৪০ জন

উভয় বিষয়ে পাস করে = (১০০ − ৪০) জন = ৬০ জন

উভয় বিষয়ে ৬০ জন পাস করলে মোট পরীক্ষার্থী ১০০ জন

" " ১ " " " " " $\frac{১০০}{৬০}$ "

" " ৩০০ " " " " " $\frac{১০০ \times ৩০০}{৬০}$ "
= ৫০০ জন

উত্তর : ৫০০ জন।

☑ অনুরূপ: একটি স্কুল পরীক্ষায় ৭০% পরীক্ষার্থী গণিতে এবং ৮০% পরীক্ষার্থী বাংলায় পাস করে। কিন্তু ১০% পরীক্ষার্থী উভয় বিষয়ে ফেল করে।যদি ৩৬০ জন পরীক্ষার্থী উভয় বিষয়ে পাশ করে তাহলে কতজন পরীক্ষার্থী অংশগ্রহণ করেছিল? উত্তর: ৬০০ জন।

সমস্যা (৬৯) একটি স্কুলের ৬০% ছাত্র বাংলায় ও ৭০% ছাত্র গণিতে পাস করে। ২০% ছাত্র উভয় বিষয়ে ফেল করে এবং ২৫০ ছাত্র উভয় বিষয়ে পাস করলে মোট কতজন ছাত্র শুধু বাংলায় ফেল করে।

সমাধান

শুধু বাংলায় ফেল = (১০০−৬০−২০) জন = ২০ জন

শুধু গণিতে ফেল = (১০০−৭০−২০) জন = ১০ জন

অন্তত এক বিষয়ে ফেল করে = (২০+১০+২০) জন = ৫০ জন

উভয় বিষয়ে পাস করে = (১০০ − ৫০) জন = ৫০ জন

উভয় বিষয়ে ৫০ জন পাস করলে শুধু বাংলায় ফেল = ২০ জন

" " ১ " " " " " " " $= \frac{২০}{৫০}$ জন

" " ২৫০ " " " " " " " $= \frac{২০ \times ২৫০}{৫০}$ জন
= ১০০ জন

উত্তর: ১০০ জন

সমস্যা (৭০) কোন পরীক্ষায় বাংলায় ৬০% এবং গণিতে ৫০% পরীক্ষার্থী কৃতকার্য হয়েছে। যদি উভয় বিষয়ে ৪০% পরীক্ষার্থী কৃতকার্য হয়ে থাকে এবং উভয় বিষয়ে মোট ৬০ জন ফেল করে থাকে তবে মোট পরীক্ষার্থীর সংখ্যা কত?

সমাধান শুধু বাংলায় কৃতকার্য (৬০ − ৪০)% = ২০%

শুধু গণিতে কৃতকার্য (৫০ − ৪০)% = ১০%

অন্তত এক বিষয়ে কৃতকার্য (২০ + ১০ + ৪০)% = ৭০%

উভয় বিষয়ে অকৃতকার্য (১০০ − ৭০)% = ৩০%

৩০ জন ফেল করলে মোট পরীক্ষার্থী ১০০ জন

১ " " " " " $\frac{১০০}{৩০}$ "

৬০ " " " " " $\frac{১০০ \times ৬০}{৩০}$ "
= ২০০ জন

উত্তর: ২০০ জন।

সমস্যা (৭১) কোন পরীক্ষায় বাংলায় ৮০% ও গণিতে ৬০% এবং উভয় বিষয়ে মোট ১৬০ জন পরীক্ষার্থী কৃতকার্য হয়। যদি উভয় বিষয়ে কেউ অকৃতকার্য না হয়ে থাকে, তবে মোট পরীক্ষার্থীর সংখ্যা কত?

সমাধান শুধু বাংলায় অকৃতকার্য (১০০ − ৮০)% = ২০%

শুধু গণিতে অকৃতকার্য (১০০ − ৬০)% = ৪০%

উভয় বিষয়ে অকৃতকার্য (২০ + ৪০)% = ৬০%

উভয় বিষয়ে কৃতকার্য (১০০ − ৬০)% = ৪০%

৪০ জন উভয় বিষয়ে কৃতকার্য হলে মোট পরীক্ষার্থী ১০০ জন

১ " " " " " " " $\frac{১০০}{৪০}$ "

১৬০ " " " " " " " $\frac{১০০ \times ১৬০}{৪০}$ "
= ৪০০ জন

উত্তর: ৪০০ জন।

☑ অনুরূপ: একটি পরীক্ষায় ৯০% পরীক্ষার্থী ইংরেজিতে এবং ৮৫% পরীক্ষার্থী গণিতে কৃতকার্য হয়। উভয় বিষয়ে কেউ যদি ফেল না করে এবং উভয় বিষয়ে ২২৫ জন ছাত্র কৃতকার্য হয়ে থাকলে ঐ পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্রের সংখ্যা কত? উত্তর: ৩০০ জন

সমস্যা (৭২) **একটি কোম্পানির পুরুষ কর্মকর্তাদের ৩০% এবং মহিলা কর্মকর্তাদের ৫০% বিবাহিত। যদি ঐ কোম্পনির মোট কর্মকর্তাদের ৪০% মহিলা হয়। তবে ঐ কোম্পানির শতকরা কতজন কর্মকর্তা অবিবাহিত?**

সমাধান মনে করি, মোট কর্মকর্তা ১০০ জন

∴ মহিলা কর্মকর্তা = ১০০ এর ৪০%

$= ১০০ \times \frac{৪০}{১০০} = ৪০$ জন

∴ পুরুষ কর্মকর্তা (১০০ − ৪০) জন = ৬০ জন

অবিবাহিত পুরুষ কর্মকর্তা = ৬০ এর ৭০% জন

$= ৬০ \times \frac{৭০}{১০০}$ জন $= ৪২$ জন

অবিবাহিত মহিলা কর্মকর্তা = ৪০ এর ৫০%

$= ৪০ \times \frac{৫০}{১০০}$ জন $= ২০$ জন

∴ শতকরা অবিবাহিত কর্মকর্তা = (৪২ + ২০) জন = ৬২ জন

উত্তর: ৬২%।

সমস্যা (৭৩) **একটি ক্লাবের ৮০% সদস্য পুরুষ। পুরুষ সদস্যের ৫০% পেশায় ডাক্তার ৩০% পেশায় ইঞ্জিনিয়ার এবং বাকি ৪০ জন ব্যবসায়ী। ঐ ক্লাবের মোট সদস্য সংখ্যা কত?**

সমাধান ধরি, ক্লাবের মোট সদস্য = ১০০ জন

পুরুষ = ৮০ জন

ডাক্তার সদস্য = ৮০ এর ৫০%

$= ৮০ \times \frac{৫০}{১০০}$ জন $= ৪০$ জন

ইঞ্জিনিয়ার সদস্য = ৮০ এর ৩০%

$= ৮০ \times \frac{৩০}{১০০}$ জন $= ২৪$ জন

∴ ব্যবসায়ী = {(৮০ − (৪০ + ২৪)} টাকা = ১৬ জন

১৬ জন ব্যবসায়ী হলে মেট সদস্য ১০০ জন

১ " " " " " $\frac{১০০}{১৬}$ "

৪০ " " " " " $\frac{১০০ \times ৪০}{১৬}$ " = ২৫০ টাকা

উত্তর: ২৫০ জন।

এক্সট্রা

✍✍ **ক্রয়মূল্য ও বিক্রয়মূল্যের অনুপাত ৮ঃ১০ হলে লাভের পরিমাণ কত?**

সমাধান মনে করি, বিক্রয়মূল্য ১০ক টাকা,

ক্রয়মূল্য ৮ক টাকা

লাভ = ১০ ক - ৮ক = ২ক

৮ক টাকায় লাভ হয় ২ক টাকা

১ " " " $\frac{২ক}{৮ক}$ "

১০০ " " " $\frac{২ক \times ১০০}{৮ক}$ "

= ২৫ টাকা

উত্তর: ২৫%

✍✍ **১৫০ টাকায় একটি জিনিস ক্রয় করে কত দামে বিক্রয় করলে ৩০% লাভ হবে?**

সমাধান ৩০% লাভে বিক্রয়মূল্য = ১০০ + ৩০ = ১৩০ টাকা

ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ১৩০ টাকা

" ১ " " " $\frac{১৩০}{১০০}$ "

" ১৫০ " " " $\frac{১৩০ \times ১৫০}{১০০}$ "

= ১৯৫ টাকা

উত্তর: ১৯৫ টাকা

✍✍ **কোন সংখ্যার ৩৭% থেকে ৩৭ বিয়োগ করলে বিয়োগফল ৩৭ হবে?**

সমাধান মনে করি সংখ্যাটি ক

প্রশ্নমতে, (ক এর ৩৭%) - ৩৭ = ৩৭

বা, $\frac{৩৭ক}{১০০} = ৭৪$

বা, ৩৭ক = ৭৪০০

∴ ক = ২০০

উত্তর: ২০০

✍ **ক্রয়মূল্য বিক্রয়মূল্যের দ্বিগুণ হলে শতকরা লাভ বা ক্ষতির পরিমাণ কত? উত্তর: ক্ষতি ৫০%**

০৮ মুনাফা আসল

সরল মুনাফার সূত্রাবলি:

❒ আসল/মূলধন $= \frac{\text{মুনাফা} \times ১০০}{\text{সময়} \times \text{মুনাফার হার}}$ অথবা, আসল/মূলধন, $P = \frac{I}{n \times r}$

❒ মুনাফা/সুদ $= \frac{\text{আসল} \times \text{সময়} \times \text{মুনাফার হার}}{১০০}$ অথবা, মুনাফা/সুদ, $I = prn$

❒ মুনাফার/সুদের হার $= \frac{\text{মুনাফা} \times ১০০}{\text{সময়} \times \text{আসল}}$ অথবা, মুনাফার/সুদের হার, $r = \frac{I}{n \times p}$

❒ সময় $= \frac{\text{মুনাফা} \times ১০০}{\text{আসল} \times \text{মুনাফার হার}}$ অথবা, সময়, $n = \frac{I}{r \times p}$

চক্রবৃদ্ধি মুনাফার সূত্রাবলি:

❒ চক্রবৃদ্ধি মূলধন/সুদাসল: $C = p(1+r)^n$ [এখানে p হল প্রারম্ভিক মূলধন; r হল মুনাফার হার; n হল সময়]

❒ চক্রবৃদ্ধি মুনাফা= C−P [চক্রবৃদ্ধি মূলধন − প্রারম্ভিক মূলধন]

আসল/মূলধন নির্ণয়

সমস্যা (১) শতকরা বার্ষিক $৮\frac{১}{২}$ টাকা মুনাফায় কত টাকার ৬ বছরের মুনাফা ২৫৫০ টাকা হবে?

সমস্যা (২) বার্ষিক শতকরা ১০ টাকা সরল মুনাফায় কত টাকার দৈনিক মুনাফা ১০ টাকা হবে?

সমস্যা (৩) বার্ষিক ৮% সরল সুদে কত টাকা ৬ বছরে সুদে আসলে ১০৩৬ টাকা হবে?

সমস্যা (৪) কোন মূলধন ৪ বছরের জন্য ধার দেওয়া হয়। সুদের হার প্রথম ২ বছরের জন্য ৫% ও শেষ ২ বছরের জন্য ৪% নির্দিষ্ট করা হয়। ৪ বছর পরে ঐ মূলধন সুদে-মূলে ১৪১৬ টাকা হলে, মূলধন কত ছিল?

সমস্যা (৫) ৬৫০০ টাকা যে হার মুনাফায় ৪ বছরে মুনাফা-আসলে ৮৮৪০ টাকা হয়, ঐ একই হার মুনাফায় কত টাকা ৪ বছরে মুনাফা-আসলে ১০২০০ টাকা হবে?

সমস্যা (৬) শতকরা বার্ষিক যে হারে কোনো মূলধন ৬ বছরে মুনাফা-মূলধনে দ্বিগুণ হয়, সেই হারে কত টাকা ৪ বছরে মুনাফা-মূলধনে ২০৫০ টাকা হবে?

সমস্যা (৭) বার্ষিক শতকরা ৬ টাকা মুনাফায় ৫০০ টাকার ৪ বছরের মুনাফা যত হয়, বাষিক শতকরা ৫ টাকা মুনাফায় কত টাকার ২ বছর ৬ মাসের মুনাফা তত হবে?

সমস্যা (৮) বার্ষিক ৮% থেকে বেড়ে ১০% হওয়ায় তিশা মারমার আয় ৪ বছরে ১২৮ টাকা বেড়ে গেল। তার মূলধন কত ছিল?

সমস্যা (৯) কোন আসল ৩ বছরে সুদে আসলে ১৪৫২ টাকা এবং ৫ বছরে সুদে আসলে ১৬২০ টাকা হয়। আসল ও সুদের হার নির্ণয় করে আসল ও সুদের পরিমানের অনুপাত নির্ণয় করুন।

সুদ/মুনাফা নির্ণয়

সমস্যা (১০) বার্ষিক মুনাফা শতকরা ১০ টাকা থেকে কমে ৮ টাকা হলে, ৩০০০ টাকার ৩ বছরের মুনাফা কত কম হবে?

সমস্যা (১১) জামিল সাহেব পেনশনের টাকা পেয়ে ১০ লাখ টাকার তিন মাস অন্তর মুনাফা ভিত্তিক ৫ বছর মেয়াদি পেনশনার সঞ্চয়পত্র কিনলেন। বার্ষিক মুনাফা ১২% হলে, তিনি ১ম কিস্তিতে, অর্থাৎ প্রথম ৩ মাস পর কত মুনাফা পাবেন?

সমস্যা (১২) শতকরা বার্ষিক ৭ টাকা হার সরল মুনাফায় ৬৫০ টাকার ৬ বছরের মুনাফা কত?

সমস্যা (১৩) ১০% হার সুদে ৫০০ টাকার ৩ বছরের সুদে-আসলে কত হবে?

সমস্যা (১৪) রমিজ সাহেব ব্যাংকে ৫০০০ টাকা জমা রাখলেন এবং ঠিক করলেন যে, আগামী ৬ বছর তিনি ব্যাংক থেকে টাকা উঠাবেন না। ব্যাংকের বার্ষিক মুনাফা ১০% হলে, ৬ বছর পর তিনি মুনাফা কত পাবেন? মুনাফা-আসল কত হবে?

মুনাফা/সুদের হার নির্ণয়

সমস্যা (১৫) শতকরা বার্ষিক কত মুনাফায় ৩০০০ টাকার ৫ বছরের মুনাফা ১৫০০ টাকা হবে?

সমস্যা (১৬) বার্ষিক শতকরা মুনাফা কত হলে, ১৩০০০ টাকা ৫ বছরে মুনাফা-আসলে ১৮৮৫০ টাকা হবে?

সমস্যা (১৭) বার্ষিক শতকরা কত মুনাফায় কোনো আসল ৮ বছরে মুনাফা আসলে দ্বিগুণ হবে?

সমস্যা (১৮) ১০% মুনাফায় ৩০০০ টাকা এবং ৮% মুনাফায় ২০০০ টাকা বিনিয়োগ করলে মোট মূলধনের ওপর গড়ে শতকরা কত টাকা হারে মুনাফা পাওয়া যাবে?

সমস্যা (১৯) রফিক ৩ বছরের জন্য ১০০০০ টাকা এবং ৪ বছরের জন্য ১৫০০০ টাকা ব্যাংক থেকে ঋণ নিয়ে ব্যাংককে মোট ৯৯০০ টাকা মুনাফা দেন। উভয়ক্ষেত্রে মুনাফার হার সমান হলে, মুনাফার হার নির্ণয় করুন।

সমস্যা (২০) কোনো আসল ৩ বছরে মুনাফা-আসলে ১৫৭৮ টাকা এবং ৫ বছরে মুনাফা-আসলে ১৮৩০ টাকা হয়। আসল ও মুনাফার হার নির্ণয় করুন।

সমস্যা (২১) শতকরা বার্ষিক কত হার সুদে ৫ বছরের সুদ, সুদ-আসলের $\frac{১}{৫}$ অংশ হবে?

সমস্যা (২২) কোনো আসল ৩ বছরে মুনাফা-আসলে ৫৫০০ টাকা হয়। মুনাফা, আসলের $\frac{৩}{৮}$ অংশ হলে, আসল ও মুনাফার হার নির্ণয় করুন।

সময় নির্ণয়

সমস্যা (২৩) বার্ষিক ১২% মুনাফায় কত বছরে ১০,০০০ টাকার মুনাফা ৪,৮০০ টাকা হবে?

সমস্যা (২৪) শতকরা ৬ টাকা হার সুদে কত বছরে ৫০০ টাকা সুদে আসলে ৮০০ টাকা হয়?

সমস্যা (২৫) শতকরা বার্ষিক ৫ টাকা হার সুদে ৬ বছরে কোন আসলের সুদ-আসল ৪৪২ টাকা হয়? কত বছরে তার সুদ-আসল ৫১০ টাকা হবে?

সমস্যা (২৬) শতকরা বার্ষিক ৫ টাকা হার সুদে কত বছরে যেকোন আসলে তার দ্বিগুণ হবে?

সমস্যা (২৭) একই হার মুনাফায় কোন আসল ৬ বছরে মুনাফা-আসলে দ্বিগুণ হলে, কত বছরে তা মুনাফা-আসলে তিনগুণ হবে?

সমস্যা (২৮) কোনো নির্দিষ্ট সময়ের মুনাফা-আসল ৫৬০০ টাকা এবং মুনাফা, আসলের $\frac{২}{৫}$ অংশ। মুনাফা বার্ষিক শতকরা ৮ টাকা হলে, সময় নির্ণয় করুন।

সমস্যা (২৯) শতকরা বার্ষিক ৮ টাকা হার সুদে ৫ বছরে ১০৫০ টাকার যে সুদ পাওয়া যায়, শতকরা বাষিক ১০ টাকা হার সুদে কত বছরে ৭০০ টাকার সেই পরিমাণ সুদ পাওয়া যাবে?

চক্রবৃদ্ধি মুনাফা

সমস্যা (৩০) বার্ষিক শতকরা ৮ টাকা মুনাফায় ৬২৫০০ টাকার ৩ বছরের চক্রবৃদ্ধি মূলধন নির্ণয় করুন।

সমস্যা (৩১) শতকরা বার্ষিক 5 টাকা হার সরল মুনাফায় কত টাকা 13 বছরে সবৃদ্ধিমূল ৯৯০ টাকা হবে?

সমস্যা (৩২) বার্ষিক শতকরা $6\frac{১}{২}$ টাকা হার সরল মুনাফায় 750 টাকার 4 বছরের সবৃদ্ধিমূল কত টাকা হবে?

সমস্যা (৩৩) বার্ষিক ১০.৫০% মুনাফায় ৫০০০ টাকার ২ বছরের চক্রবৃদ্ধি মুনাফা নির্ণয় করুন ।

সমস্যা (৩৪) বার্ষিক শতকরা ১০ টাকা মুনাফায় ৫০০০ টাকার ৩ বছরের মুনাফা ও চক্রবৃদ্ধি মুনাফার পার্থক্য কত হবে?

সমস্যা (৩৫) 4% হার মুনাফায় কোনো টাকার 2 বছরের সরলমুনাফা ও চক্রবৃদ্ধি মুনাফার পার্থক্য 1 টাকা হলে, মূলধন কত?

সমস্যা (৩৬) একই হার মুনাফায় কোন মূলধনের এক বছরান্তে চক্রবৃদ্ধি মূলধন ৬৫০০ টাকা ও দুই বছরান্তে চক্রবৃদ্ধি মূলধন ৬৭৬০ টাকা হলে, মূলধন কত?

সমস্যা (৩৭) বার্ষিক শতকরা ৮.৫০ টাকা চক্রবৃদ্ধি মুনাফায় ১০০০০ টাকার ২ বছরের সবৃদ্ধিমূল ও চক্রবৃদ্ধি মুনাফা নির্ণয় করুন।

সমস্যা (৩৮) বার্ষিক শতকরা 6 টাকা হার চক্রবৃদ্ধি মুনাফায় 15000 টাকার 3 বছরের সবৃদ্ধিমূল ও চক্রবৃদ্ধি মুনাফা নির্ণয় করুন।

সমস্যা (৩৯) এক ব্যক্তি একটি ঋণদান সংস্থা থেকে বার্ষিক ৮% চক্রবৃদ্ধি মুনাফায় ৫০০০ টাকা ঋণ নিলেন। প্রতিবছর শেষে তিনি ২০০০ টাকা করে পরিশোধ করেন। ২য় কিস্তি পরিশোধের পর তার আর কত টাকা ঋণ থাকবে?

সমস্যা (৪০) একটি ফ্ল্যাট মালিক কল্যাণ সমিতি আদায়কৃত সার্ভিস চার্জ থেকে উদ্বৃত্ত ২০০০০০ টাকা ব্যাংকে ছয় মাস অন্তর চক্রবৃদ্ধি মুনাফাভিত্তিক স্থায়ী আমানত রাখলেন। মুনাফার হার বার্ষিক ১২ টাকা হলে, ছয় মাস পর ঐ সমিতির হিসাবে কত টাকা মুনাফা জমা হবে? এক বছর পর চক্রবৃদ্ধি মূলধন কত হবে?

সমস্যা (৪১) কোন শহরের বর্তমান জনসংখ্যা ৮০ লক্ষ। ঐ শহরের জনসংখ্যা বৃদ্ধির হার প্রতি হাজারে ৩০ হলে, ৩ বছর পর ঐ শহরের জনসংখ্যা কত হবে?

সমস্যা (৪২) মনোয়ারা বেগম তার পারিবারিক প্রয়োজনে ৬% হারে ক টাকা এবং ৪% হারে খ টাকা ঋণ নিল। সে মোট ৫৬০০০ টাকা ঋণ নিল এবং বছর শেষে ২৮৪০ টাকা মুনাফা শোধ করল। ক এবং খ এর মান নির্ণয় করুন।

সমস্যা সমাধান

আসল/মূলধন নির্ণয়

সমস্যা (১) শতকরা বার্ষিক $৮\frac{১}{২}$ টাকা মুনাফায় কত টাকার ৬ বছরের মুনাফা ২৫৫০ টাকা হবে?

সমাধান ১০০ টাকার ১ বছরের মুনাফা $৮\frac{১}{২}$ টাকা

১০০ " ৬ " " $৮\frac{১}{২} \times ৬$ "

$= \frac{১০২}{২}$ টাকা

$\frac{১০২}{২}$ টাকা মুনাফা হয় আসল যখন ১০০ টাকা

১ " " " " " $\frac{১০০ \times ২}{১০২}$ "

২৫৫০ " " " " " $\frac{১০০ \times ২ \times ২৫৫০}{১০২}$ "

$= ৫০০০$

উত্তর: ৫০০০ টাকা

বিকল্প সমাধান:

মুনাফার হার $৮\frac{১}{২}$ % বা $\frac{১৭}{২}$ %

আমরা জানি, $I = Prn$

বা, $P = \frac{I}{rn}$

$\therefore$ আসল $= \frac{২৫৫০}{\frac{১৭}{২ \times ১০০} \times ৬}$ টাকা

$= \frac{২৫৫০ \times ২ \times ১০০}{১৭ \times ৬}$ টাকা

$= ৫০০০$ টাকা

উত্তর: ৫০০০ টাকা

যেখানে,
মুনাফা, $I = ২৫৫০$ টাকা

মুনাফার হার, $r = ৮\frac{১}{২}$ %

$= \frac{১৭}{২ \times ১০০}$

সময়, $n = ৬$ বছর

আসল, $p = ?$

☑ অনুরূপ: রিয়াজ সাহেব কিছু টাকা ব্যাংকে জমা রেখে ৪ বছর পর ৪৭৬০ টাকা মুনাফা পান। ব্যাংকের বার্ষিক মুনাফার হার ৮.৫০ টাকা হলে, তিনি ব্যাংকে কত টাকা জমা রেখেছিলেন?
উত্তর: ১৪০০০ টাকা

☑ অনুরূপ: বার্ষিক ১০% হার সুদে কত টাকা বিনিয়োগ করলে ৪ বছরে তা থেকে ২০০ টাকা সুদ পাওয়া যাবে? উত্তর: ৫০০ টাকা

☑ অনুরূপ: শতকরা বার্ষিক $১২\frac{১}{২}$ % টাকা হার সুদে কত টাকার ৪ বছরের সুদ ১০০ টাকা হবে? উত্তর: ২০০ টাকা

সমস্যা (২) বার্ষিক শতকরা ১০ টাকা সরল মুনাফায় কত টাকার দৈনিক মুনাফা ১০ টাকা হবে?

সমাধান আমরা জানি, ৩৬৫ দিন = ১ বছর

১ দিন $= \frac{১}{৩৬৫}$ বছর

১০ টাকা মুনাফা হয় ১ বছরে আসল যখন ১০০ টাকা

১ " " " ১ " " " $\frac{১০০}{১০}$ "

১০ " " " $\frac{১}{৩৬৫}$ " " " $\frac{১০০ \times ৩৬৫ \times ১০}{১০}$ "

$= ৩৬৫০০$ টাকা

উত্তর: ৩৬৫০০ টাকা

বিকল্প সমাধান:

আমরা জানি, $I = npr$

বা, $১০ = \frac{১}{৩৬৫} \times p \times \frac{১০}{১০০}$

বা, $p = \frac{১০০ \times ৩৬৫ \times ১০}{১০}$

$\therefore p = ৩৬৫০০$ টাকা

এখানে,
মুনাফা, $I = ১০$

সময়, $n = \frac{১}{৩৬৫}$

মুনাফার হার, $r = ১০\% = \frac{১০}{১০০}$

আসল, $p = ?$

উত্তর: ৩৬৫০০ টাকা

সমস্যা (৩) বার্ষিক ৮% সরল সুদে কত টাকা ৬ বছরে সুদে আসলে ১০৩৬ টাকা হবে?

সমাধান ১০০ টাকার ১ বছরে সুদ ৮ টাকা

$\therefore$ ১০০ " ৬ " " ৮×৬ টাকা

$= ৪৮$ টাকা

সুদ–আসল = (১০০ + ৪৮) টাকা = ১৪৮ টাকা

সুদ–আসল ১৪৮ টাকা হলে আসল ১০০ টাকা

$\therefore$ " ১ " " " $\frac{১০০}{১৪৮}$ "

$\therefore$ " ১০৩৬ " " " $\frac{১০০ \times ১০৩৬}{১৪৮}$ "

$= ৭০০$ টাকা

উত্তর: ৭০০ টাকা

☑ অনুরূপ: শতকরা ১০ টাকা হারে সরল সুদে ১০ বছরে সুদে-আসলে ৫০,০০০ টাকা হলে মূলধন কত টাকা উত্তর: ২৫০০০ টাকা

☑ অনুরূপ: শতকরা বার্ষিক ৪ টাকা হার সুদে কত টাকা ৫ বছরে সুদে-আসলে ৯০০ টাকা হবে? উত্তর: ৭৫০ টাকা

☑ অনুরূপ: শতকরা বার্ষিক $৫\frac{১}{৩}$ টাকা হার সুদে কোন আসল ৯ বছরে সুদে-আসলে ৭০৩ টাকা হয়? উত্তর: ৪৭৫ টাকা

সমস্যা (৪) কোন মূলধন ৪ বছরের জন্য ধার দেওয়া হয়। সুদের হার প্রথম ২ বছরের জন্য ৫% ও শেষ ২ বছরের জন্য ৪% নির্দিষ্ট করা হয়। ৪ বছর পরে ঐ মূলধন সুদে-মূলে ১৪১৬ টাকা হলে, মূলধন কত ছিল?

সমাধান ১ম ক্ষেত্রে,

১০০ টাকার ১ বছরের সুদ ৫ টাকা

∴ ১০০ " ২ " " (৫×২)" =১০ টাকা

২য় ক্ষেত্রে,

১০০ টাকার ১ বছরের সুদ ৪ টাকা

∴ ১০০ " ২ " " (৫×২)" =৮ টাকা

মোট সুদ = ১০+৮=১৮ টাকা

সুদে-মূলে= ১০০+১৮=১১৮ টাকা

সুদে-মূলে ১১৮ টাকা হলে মুলধন ১০০ টাকা

" ১ " " " $\frac{১০০}{১১৮}$ "

" ১৪১৬ " " " $\frac{১০০ \times ১৪১৬}{১১৮}$ "

=১২০০ টাকা

উত্তর: ১২০০ টাকা

সমস্যা (৫) ৬৫০০ টাকা যে হার মুনাফায় ৪ বছরে মুনাফা-আসলে ৮৮৪০ টাকা হয়, ঐ একই হার মুনাফায় কত টাকা ৪ বছরে মুনাফা-আসলে ১০২০০ টাকা হবে?

সমাধান আসল = ৬৫০০ টাকা

মুনাফা-আসল = ৮৮৪০ টাকা

∴ মুনাফা = (৮৮৪০ − ৬৫০০) টাকা = ২৩৪০ টাকা

৬৫০০ টাকার ৪ বছরে মুনাফা ২৩৪০ টাকা

∴ ১ " ৪ " " $\frac{২৩৪০}{৬৫০০}$ "

∴ ১০০ " ৪ " " $\frac{২৩৪০ \times ১০০}{৬৫০০}$ "

= ৩৬ টাকা

১০০ টাকা ৪ বছরের মুনাফা আসল (১০০ + ৩৬) টাকা

= ১৩৬ টাকা

মুনাফা-আসল ১৩৬ টাকা হলে আসল ১০০ টাকা

∴ " ১ " " " $\frac{১০০}{১৩৬}$ "

∴ " ১০২০০ " " " $\frac{১০০ \times ১০২০০}{১৩৬}$ "

= ৭৫০০ টাকা

উত্তর: ৭৫০০ টাকা

বিকল্প সমাধান:

প্রথম ক্ষেত্রে, আসল, P = ৬৫০০ টাকা,

মুনাফা-আসল, A = ৮৮৪০ টাকা

∴ মুনাফা, I = A − P = (৮৮৪০ − ৬৫০০) = ২৩৪০ টাকা

সময়, n = ৪ বছর, মুনাফার হার, r = ?

আমরা জানি, I = Prn

বা, $r = \frac{I}{Pn}$

∴ মুনাফার হার, $r = \frac{২৩৪০}{৬৫০০ \times ৪} = ০.০৯$

$= ০.০৯ \times ১০০ \times \frac{১}{১০০} = ৯\%$

দ্বিতীয় ক্ষেত্রে, মুনাফার হার, r = ৯%, সময়, n = ৪ বছর

মুনাফা-আসল, A = ১০২০০ টাকা

মনে করি, আসল = P টাকা

∴ মুনাফা, I = A − P

তাহলে, I = Prn

∴ A − P = P × r × n

বা, ১০২০০ − P = P × ৯% × ৪

বা, $১০২০০ = P \times \frac{৯}{১০০} \times ৪ + P$

বা, $১০২০০ = P \times \frac{৯}{২৫} + P$

বা, $১০২০০ = P \times \left(\frac{৯}{২৫} + ১\right)$

বা, $১০২০০ = P \times \frac{৯ + ২৫}{২৫}$

বা, $১০২০০ = \frac{৩৪ \times P_1}{২৫}$

বা, ৩৪ × P = ১০২০০ × ২৫

∴ $P = \frac{১০২০০ \times ২৫}{৩৪} = ৭৫০০$

∴ নির্ণেয় আসল ৭৫০০ টাকা। উত্তর: ৭৫০০ টাকা

☑ অনুরূপ: যে হার ৪৫০ টাকার ৪ বছরে সুদে-আসলে ৫০৪ টাকা হয়, সেই হার সুদে কত টাকা ৫ বছরে সুদে-আসলে ৫৭৫.০০ টাকা হয়? উত্তর: ৫০০ টাকা

সমস্যা (৬) শতকরা বার্ষিক যে হারে কোনো মূলধন ৬ বছরে মুনাফা-মূলধনে দ্বিগুণ হয়, সেই হারে কত টাকা ৪ বছরে মুনাফা-মুলধনে ২০৫০ টাকা হবে?

সমাধান মূলধন ১০০ টাকা

মুনাফা-মূলধনে দ্বিগুণ = (১০০ × ২) টাকা = ২০০ টাকা

∴ মুনাফা = (২০০ − ১০০) টাকা = ১০০ টাকা

১০০ টাকার ৬ বছরের মুনাফা ১০০ টাকা

∴ ১০০ " ১ " " $\frac{১০০}{৬}$ "

∴ ১০০ " ৪ " " $\frac{১০০ \times ৪}{৬}$ " = $\frac{২০০}{৩}$ টাকা

∴ মুনাফা-মূলধন = $\left(১০০ + \frac{২০০}{৩}\right)$ টাকা

= $\frac{৩০০ + ২০০}{৩}$ টাকা = $\frac{৫০০}{৩}$ টাকা

মুনাফা-মূলধন $\frac{৫০০}{৩}$ টাকা হলে মূলধন ১০০ টাকা

∴ " ১ " " " $\frac{১০০ \times ৩}{৫০০}$ "

∴ " ২০৫০ " " " $\frac{১০০ \times ৩ \times ২০৫০}{৫০০}$ "

= ১২৩০ টাকা

উত্তর: ১২৩০ টাকা

বিকল্প সমাধান:

প্রথম ক্ষেত্রে, সময়, n = ৬ বছর

মনে করি, মূলধন P টাকা এবং মুনাফার হার r%

∴ ৬ বছরের মুনাফা-মূলধন, A = ২P টাকা

∴ ৬ বছরের মুনাফা, I = (২P − P) টাকা

= P টাকা

আমরা জানি, I = Prn

বা, $r = \frac{I}{Pn}$

∴ মুনাফার হার, $r = \frac{P}{P \times ৬}$

$= \frac{১}{৬} = \frac{১}{৬} \times ১০০ \times \frac{১}{১০০} = \frac{৫০}{৩}\%$

আবার,

দ্বিতীয় ক্ষেত্রে, মনে করি, মূলধন = P টাকা

সময়, n = ৪ বছর

মুনাফা-মূলধন, A = ২০৫০ টাকা

∴ মুনাফা, I = A − P = (২০৫০ − P) টাকা

মুনাফার হার, $r = \frac{৫০}{৩}\%$

আমরা জানি, I = Prn

বা, $২০৫০ - P = P \times \frac{৫০}{৩}\% \times ৪$

বা, $২০৫০ - P = P \times \frac{৫০}{৩} \times \frac{১}{১০০} \times ৪$

বা, $২০৫০ - P = \frac{২P}{৩}$

বা, ২P = ৬১৫০ − ৩P

বা, ২P + ৩P = ৬১৫০

বা, ৫P = ৬১৫০

বা, $P = \frac{৬১৫০}{৫}$ ∴ P = ১২৩০

∴ নির্ণেয় আসল ১২৩০ টাকা। **উত্তর: ১২৩০ টাকা**

সমস্যা (৭) বার্ষিক শতকরা ৬ টাকা মুনাফায় ৫০০ টাকার ৪ বছরের মুনাফা যত হয়, বার্ষিক শতকরা ৫ টাকা মুনাফায় কত টাকার ২ বছর ৬ মাসের মুনাফা তত হবে?

সমাধান ১০০ টাকার ১ বছরের মুনাফা ৬ টাকা

১ " ১ " " $\frac{৬}{১০০}$ "

∴ ৫০০ " ৪ " " $\frac{৬ \times ৫০০ \times ৪}{১০০}$ "

= ১২০ টাকা

২ বছর ৬ মাস = $\left(২ + \frac{৬}{১২}\right)$ বছর

= $\frac{২৪ + ৬}{১২}$ বছর = $\frac{৩০}{১২}$ বছর = $\frac{৫}{২}$ বছর

১০০ টাকার ১ বছরের মুনাফা ৫ টাকা

∴ ১০০ " $\frac{৫}{২}$ " " $৫ \times \frac{৫}{২}$ " = $\frac{২৫}{২}$ টাকা

মুনাফা $\frac{২৫}{২}$ টাকা হলে আসল ১০০ টাকা

∴ " ১ " " " $\frac{১০০ \times ২}{২৫}$ "

∴ " ১২০ " " " $\frac{১০০ \times ২ \times ১২০}{২৫}$ "

= ৯৬০ টাকা

Forma 6/B

উত্তর: ৯৬০ টাকা

বিকল্প সমাধান:

১ম ক্ষেত্রে,

আমরা জানি, $I = Prn$

$= ৫০০ \times \frac{৬}{১০০} \times ৪$ টাকা

$= ১২০$ টাকা

দেওয়া আছে,

মুনাফার হার, $r = ৬\% = \frac{৬}{১০০}$

আসল, $P = ৫০০$ টাকা

সময়, $n = ৪$ বছর

মুনাফা, $I = ?$

২য় ক্ষেত্রে,

আমরা জানি, $I = Prn$

$\therefore P = \frac{I}{rn}$

$= \frac{১২০}{\frac{৫}{১০০} \times \frac{৫}{২}}$

$= \frac{১২০ \times ১০০ \times ২}{৫ \times ৫}$

$= ৯৬০$ টাকা

মুনাফার হার, $r = ৫\% = \frac{৫}{১০০}$

সময়, $n = ২$ বছর ৬ মাস

$= \left(২ + \frac{৬}{১২}\right)$ বছর

$= \frac{৫}{২}$ বছর

মুনাফা, $I = ১২০$

আসল, $P = ?$

উত্তর: ৯৬০ টাকা

☑ অনুরূপ: বার্ষিক ৩% হার সুদে ২৫০ টাকার ৬ বছরে যত সুদ হয়, বার্ষিক ৫% হার সুদে কত টাকার ৪ বছরে তত সুদ হয়? উত্তর: ২২৫ টাকা

☑ অনুরূপ: বার্ষিক $১২\frac{১}{২}$ % হার সুদে ৮০০ টাকার ৫ বছরে যে সুদ হয়, বার্ষিক ৪% হার সুদে কত টাকার ১০ বছরে সেই সুদ হবে? উত্তর: ১২৫০ টাকা

সমস্যা (৮) বার্ষিক ৮% থেকে বেড়ে ১০% হওয়ায় তিশা মারমার আয় ৪ বছরে ১২৮ টাকা বেড়ে গেল। তার মূলধন কত ছিল?

সমাধান মুনাফার হার বাড়ে $(১০ - ৮)\% = ২\%$

১০০ টাকায় ১ বছরে আয় বাড়ে ২ টাকা

$\therefore$ ১০০ " ৪ " " " (২×৪) টাকা

$= ৮$ টাকা

আয় ৮ টাকা বাড়লে মূলধন ১০০ টাকা

" ১ " " " $\frac{১০০}{৮}$ "

$\therefore$ " ১২৮ " " " $\frac{১০০ \times ১২৮}{৮}$ "

$= ১৬০০$ টাকা

উত্তর: ১৬০০ টাকা

বিকল্প সমাধান:

বার্ষিক মুনাফা ৮% থেকে বেড়ে ১০% হলো

অর্থাৎ, বার্ষিক মুনাফা বৃদ্ধি পেল $(১০ - ৮)\% = ২\%$

মনে করি, মূলধন P টাকা, মুনাফা, $I = ১২৮$ টাকা

সময়, $n = ৪$ বছর, মুনাফার হার বৃদ্ধি, $r = ২\% = \frac{২}{১০০}$

আমরা জানি, $I = Prn$

$\therefore P = \frac{I}{rn}$

$= \frac{১২৮}{\frac{২}{১০০} \times ৪}$ টাকা $= \frac{১২৮}{\frac{২}{২৫}}$ টাকা

$= ১২৮ \times \frac{২৫}{২}$ টাকা $= ১৬০০$ টাকা

$\therefore$ মূলধন ১৬০০ টাকা।

☑ অনুরূপ: সুদের হার ৮% থেকে কমে ৬% হওয়াতে রাহাতের আয় ৫ বছরে ৭৭.৫০ টাকা কমে গেল। তার আসল কত ছিল? উত্তর: ৭৭৫ টাকা।

☑ অনুরূপ: সুদের হার ৬ টাকা থেকে কমে ৩ টাকা হওয়ায় এক ব্যক্তির বার্ষিক আয় ১৫ টাকা কমে গেল। তার মূলধন কত? উত্তর: ৫০০ টাকা

☑ অনুরূপ: সুদের হার ৯% হতে কমে ৪% হওয়ায় এক ব্যক্তির আয় ২ বছরে ৫০ টাকা কমে গেল। তার মূলধন কত? উত্তর: ৫০০ টাকা

সমস্যা (৯) কোন আসল ৩ বছরে সুদে আসলে ১৪৫২ টাকা এবং ৫ বছরে সুদে আসলে ১৬২০ টাকা হয়। আসল ও সুদের হার নির্ণয় করে আসল ও সুদের পরিমানের অনুপাত নির্ণয় করুন।

সমাধান আসল + ৫ বছরের সুদ = ১৬২০ টাকা

আসল + ৩ বছরের সুদ = ১৪৫২ টাকা

(− করে) ২ বছরের সুদ ১৬৮ টাকা

১ " " $\frac{১৬৮}{২}$ " = ৮৪ টাকা

৩ বছরের সুদ = ৮৪×৩ = ২৫২ টাকা

আসল = (১৪৫২−২৫২) টাকা= ১২০০ টাকা

১২০০ টাকার ৩ বছরের সুদ ২৫২ টাকা

১ " ১ " " $\frac{২৫২}{১২০০ \times ৩}$ "

১০০ " ১ " " $\frac{২৫২ \times ১০০}{১২০০ \times ৩}$ "

= ৭ টাকা

সুদের হার ৭%

আসল ১২০০ টাকা

দুইক্ষেত্রে মোট আসল= ১২০০+১২০০= ২৪০০ টাকা

১ বছরের সুদ ৮৪ টাকা

৮ বছরের সুদ ৮৪ × ৮= ৬৭২ টাকা

সুতরাং আসল ঃ সুদ = ২৪০০ ঃ ৬৭২

= ২৫ ঃ ৭

উত্তর: আসল ১২০০ টাকা, সুদের হার ৭% এবং আসল ও সুদের পরিমানের অনুপাত ২৫ ঃ ৭

সুদ/মুনাফা নির্ণয়

সমস্যা (১০) **বার্ষিক মুনাফা শতকরা ১০ টাকা থেকে কমে ৮ টাকা হলে, ৩০০০ টাকার ৩ বছরের মুনাফা কত কম হবে?**

সমাধান মুনাফার হার কমে (১০ − ৮)% = ২%

১০০ টাকায় ১ বছরে মুনাফা কমে ২ টাকা

১০০ " ৩ " " " (২ × ৩) "

১ " ৩ " " " $\frac{২ \times ৩}{১০০}$ "

∴ ৩০০০ " ৩ " " " $\frac{২ \times ৩ \times ৩০০০}{১০০}$ "

= ১৮০ টাকা

উত্তর: ১৮০ টাকা

বিকল্প সমাধান:

দেওয়া আছে, আসল, P = ৩০০০ টাকা, সময়, n = ৩ বছর

পূর্বের মুনাফার হার, r = ১০%, পরের মুনাফার হার, r_1 = ৮%

মুনাফা, I = ?

আমরা জানি, I = Prn

∴ পূর্বের হারে মুনাফা = আসল × মুনাফার হার × সময়

$= ৩০০০ \times \frac{১০}{১০০} \times ৩$ টাকা = ৯০০ টাকা

এবং

পরের হারে মুনাফা = আসল × মুনাফার হার × সময়

$= ৩০০০ \times \frac{৮}{১০০} \times ৩$ টাকা = ৭২০ টাকা

∴ মুনাফা কম হবে = (৯০০ − ৭২০) টাকা = ১৮০ টাকা

উত্তর: ১৮০ টাকা

☑ অনুরূপ: সুদের হার ৬% থেকে কমে ৪% হলে, ৫০০ টাকার ৩ বছরের সুদ কত কম হবে? উত্তর: ৩০টাকা

সমস্যা (১১) জামিল সাহেব পেনশনের টাকা পেয়ে ১০ লাখ টাকার তিন মাস অন্তর মুনাফা ভিত্তিক ৫ বছর মেয়াদি পেনশনার সঞ্চয়পত্র কিনলেন। বার্ষিক মুনাফা ১২% হলে, তিনি ১ম কিস্তিতে, অর্থাৎ প্রথম ৩ মাস পর কত মুনাফা পাবেন?

সমাধান ১০০ টাকার ১ বছরের মুনাফা ১২ টাকা

১ " ১ " " $\frac{১২}{১০০}$ "

১০০০০০০ " ৩ মাস বা $\frac{১}{৪}$ " " $\frac{১২ \times ১০০০০০০}{১০০ \times ৪}$ "

= ৩০০০০ টাকা

উত্তর: ৩০০০০ টাকা

বিকল্প সমাধান:

আমরা জানি,

I = Prn

$= ১০০০০০০ \times \frac{১২}{১০০} \times \frac{১}{৪}$

= ৩০০০০ টাকা

এখানে,

আসল, P = ১০০০০০০ টাকা

মুনাফার হার, r = ১২%

সময়, n = ৩মাস = $\frac{৩}{১২}$ বছর

$= \frac{১}{৪}$ বছর

মুনাফা, I = ?

উত্তর: ৩০০০০ টাকা

সমস্যা (১২) **শতকরা বার্ষিক ৭ টাকা হার সরল মুনাফায় ৬৫০ টাকার ৬ বছরের মুনাফা কত?**

সমাধান ১০০ টাকার ১ বছরের মুনাফা ৭ টাকা

১ " ১ " " $\frac{৭}{১০০}$ "

৬৫০ " ৬ " " $\frac{৭ \times ৬৫০ \times ৬}{১০০}$ "

= ২৭৩ টাকা

উত্তর: ২৭৩ টাকা

বিকল্প সমাধান:

আমরা জানি,

I = Prn

$= ৬৫০ \times \frac{৭}{১০০} \times ৬$

= ২৭৩

উত্তর: ২৭৩ টাকা

দেওয়া আছে,

মূলধন, P = ৬৫০ টাকা

সময়, n = ৬ বছর

মুনাফার হার, r = ৭%

মুনাফা I = ?

☑ অনুরূপ: বার্ষিক শতকরা মুনাফার হার ১০.৫০ টাকা হলে, ২০০০ টাকার ৫ বছরের মুনাফা কত হবে? উত্তর: ১০৫০

☑ অনুরূপ: শতকরা বার্ষিক ৫ টাকা হার সুদে ৬৪০ টাকার ২ বছর ৬ মাসের সুদ কত? উত্তর: ৮০ টাকা

সমস্যা (১৩) **১০% হার সুদে ৫০০ টাকার ৩ বছরের সুদে-আসলে কত হবে?**

সমাধান ১০০ টাকার ১ বছরের সুদ ১০ টাকা

$\therefore$ ১ " ১ " " $\frac{১০}{১০০}$ "

$\therefore$ ৫০০ " ৩ " " $\frac{১০ \times ৫০০ \times ৩}{১০০}$ "

= ১৫০ টাকা

$\therefore$ সুদ-আসল (৫০০ + ১৫০) টাকা = ৬৫০ টাকা

উত্তর: ৬৫০ টাকা

বিকল্প সমাধান:

আমরা জানি,

$I = Prn$

$= ৫০০ \times \frac{১}{১০} \times ৩$

$\therefore I = ১৫০$

এখানে,

$P = ৫০০$ টাকা

$n = ৩$ বছরে

$r = ১০\% = \frac{১০}{১০০} = \frac{১}{১০}$

$\therefore$ সুদ-আসল = (৫০০ + ১৫০) টাকা

= ৬৫০ টাকা

উত্তর: ৬৫০ টাকা

☑ অনুরূপ: শতকরা ৫ টাকা হার সুদে ১২০ টাকা তিন বছরে সুদে আসলে কত হয়? উত্তর: ১৩৮ টাকা

☑ অনুরূপ: $৬\frac{১}{২}\%$ সুদে ১৮০০ টাকায় ৬ বছরে সুদ-আসলে কত? উত্তর: ২৫০২

☑ অনুরূপ: শতকরা বার্ষিক সুদের হার $৫\frac{১}{৪}\%$ টাকা হলে, ১০৫০ টাকায় ৪ বছরে সুদ-আসল কত হবে? উত্তর: ১২৭০.৫০ টাকা

সমস্যা (১৪) **রমিজ সাহেব ব্যাংকে ৫০০০ টাকা জমা রাখলেন এবং ঠিক করলেন যে, আগামী ৬ বছর তিনি ব্যাংক থেকে টাকা উঠাবেন না। ব্যাংকের বার্ষিক মুনাফা ১০% হলে, ৬ বছর পর তিনি মুনাফা কত পাবেন? মুনাফা-আসল কত হবে?**

সমাধান

১০০ টাকার ১ বছরের মুনাফা ১০ টাকা

$\therefore$ ১ " ১ " " $\frac{১০}{১০০}$ "

$\therefore$ ৫০০০ " ১ " " $\frac{১০ \times ৫০০০}{১০০}$ "

$\therefore$ ৫০০০ " ৬ " " $\frac{১০ \times ৫০০০ \times ৬}{১০০}$ "

= ৩০০০ টাকা

$\therefore$ মুনাফা-আসল = আসল + মুনাফা

= (৫০০০ + ৩০০০) টাকা

= ৮০০০ টাকা

উত্তর: মুনাফা ৩০০০ টাকা এবং মুনাফা-আসল ৮০০০ টাকা।

বিকল্প সমাধান:

আমরা জানি,

$I = Prn$

$= ৫০০০ \times \frac{১০}{১০০} \times ৬$

$\therefore I = ৩০০০$ টাকা

$\therefore$ মুনাফা-আসল=(৫০০০+ ৩০০০) টাকা =৮০০০ টাকা

এখানে,

আসল, $P = ৫০০০$ টাকা

সময়, $n = ৬$ বছরে

মুনাফার হার $r = ১০\%$

মুনাফা $I = ?$

উত্তর: মুনাফা: ৩০০০, মুনাফা-আসল ৮০০০ টাকা

মুনাফা/সুদের হার নির্ণয়

সমস্যা (১৫) **শতকরা বার্ষিক কত মুনাফায় ৩০০০ টাকার ৫ বছরের মুনাফা ১৫০০ টাকা হবে?**

সমাধান ৩০০০ টাকার ৫ বছরের মুনাফা ১৫০০ টাকা

১ " ১ " " $\frac{১৫০০}{৩০০০ \times ৫}$ "

১০০ " ১ " " $\frac{১৫০০ \times ১০০}{৩০০০ \times ৫}$ "

= ১০ টাকা

উত্তর: ১০%

বিকল্প সমাধান:

আমরা জানি, $I = Prn$

$\therefore r = \frac{I}{Pn}$

$= \frac{১৫০০}{৩০০০ \times ৫}$

$= \frac{১}{১০} \times ১০০ \times \frac{১}{১০০}$

$= ১০\%$

যেখানে,

আসল, $P = ৩০০০$ টাকা

মুনাফা, $I = ১৫০০$ টাকা

সময়, $n = ৫$ বছর

মুনাফার হার, $r = ?$

উত্তর: মুনাফার হার ১০%

☑ অনুরূপ: শতকরা বার্ষিক কত হার সুদে ১২০০ টাকার ৩ বছরের সুদ ২১৬ টাকা? উত্তর: ৬%

☑ অনুরূপ: শতকরা বার্ষিক কত হার সুদে ৭০০ টাকার ৫ বছরের সুদ ১০৫ টাকা হবে? উত্তর: ৩%

☑ অনুরূপ: ৪২৫ টাকার ৪ বছরের সুদ ৮৫ টাকা হলে সুদের হার শতকরা বার্ষিক কত টাকা হবে? উত্তর: ৫%

☑ অনুরূপ: সরল হার সুদে ৫৬০ টাকার ৩ বছরের সুদ ৮৪ টাকা হলে সুদের হার কত?

সমস্যা (১৬) **বার্ষিক শতকরা মুনাফা কত হলে, ১৩০০০ টাকা ৫ বছরে মুনাফা-আসলে ১৮৮৫০ টাকা হবে?**

সমাধান দেওয়া আছে,

মুনাফা আসল ১৮৮৫০ টাকা

আসল ১৩০০০ টাকা

∴ মুনাফা = (১৮৮৫০ − ১৩০০০) টাকা = ৫৮৫০ টাকা।

১৩০০০ টাকার ৫ বছরের মুনাফা ৫৮৫০ টাকা

∴ ১ ” ১ ” ” $\frac{৫৮৫০}{১৩০০০ \times ৫}$ ”

∴ ১০০ ” ১ ” ” $\frac{৫৮৫০ \times ১০০}{১৩০০০ \times ৫}$ ”

= ৯ টাকা

উত্তর : ৯%।

বিকল্প সমাধান:

দেওয়া আছে,

আসল, P = ১৩০০০ টাকা, সময়, n = ৫ বছর

মুনাফা-আসল, A = ১৮৮৫০ টাকা

∴ মুনাফা, I = A − P = (১৮৮৫০ − ১৩০০০) টাকা

= ৫৮৫০ টাকা

শতকরা মুনাফার হার, r = ?

আমরা জানি,

$I = Prn$

বা, $r = \frac{I}{Pn}$

$= \frac{৫৮৫০}{১৩০০০ \times ৫} = ০.০৯ = ০.০৯ \times ১০০ \times \frac{১}{১০০}$

= ৯%

উত্তর: মুনাফার হার ৯%।

☑ অনুরূপ: ৫০০ টাকা ০৩ বছরে সুদ-আসলে ৬৫০ টাকা হলে ১০০ টাকার ০১ বছরের সুদ কত? উত্তর: ১০%

সমস্যা (১৭) **বার্ষিক শতকরা কত মুনাফায় কোনো আসল ৮ বছরে মুনাফা আসলে দ্বিগুণ হবে?**

সমাধান মনে করি, আসল = ১০০ টাকা

৮ বছর পর মুনাফা-আসল হয় = (১০০ × ২) টাকা = ২০০ টাকা

৮ বছর পর মুনাফা = (২০০ − ১০০) টাকা = ১০০ টাকা

১০০ টাকার ৮ বছরের মুনাফা ১০০ টাকা

∴ ১০০ ” ১ ” ” $\frac{১০০}{৮}$ ”

$= ১২\frac{১}{২}$ টাকা

উত্তর: মুনাফার হার $১২\frac{১}{২}$ %

বিকল্প সমাধান:

মনে করি, আসল P টাকা

∴ ৮ বছরের মুনাফা-আসল, A = ২P টাকা

∴ ৮ বছরের মুনাফা, I = (২P − P) টাকা

= P টাকা

সময়, n = ৮ বছর, মুনাফার হার, r = ?

আমরা জানি, $I = Prn$

$\therefore r = \frac{I}{Pn}$

$= \frac{P}{P \times ৪} = \frac{১}{৮} = \frac{১}{৮} \times ১০০ \times \frac{১}{১০০}$

$= \frac{২৫}{২} \times \frac{১}{১০০} = ১২\frac{১}{২}$ %

উত্তর: মুনাফার হার $১২\frac{১}{২}$ %

☑ অনুরূপ: শতকরা বার্ষিক কত হার সুদে যেকোন আসল ৫ বছরে সুদ-আসলে তিনগুণ হবে? উত্তর: ৪০%

☑ অনুরূপ: শতকরা কত হার সুদে আসল ১০ বছরে সুদে আসলে চারগুণ হয়? উত্তর: ৩০%

সমস্যা (১৮) **১০% মুনাফায় ৩০০০ টাকা এবং ৮% মুনাফায় ২০০০ টাকা বিনিয়োগ করলে মোট মূলধনের ওপর গড়ে শতকরা কত টাকা হারে মুনাফা পাওয়া যাবে?**

সমাধান ১০০ টাকার ১ বছরের মুনাফা ১০ টাকা

∴ ১ ” ১ ” ” $\frac{১০}{১০০}$ ”

∴ ৩০০০ ” ১ ” ” $\frac{১০ \times ৩০০০}{১০০}$ ”

= ৩০০ টাকা

আবার,

১০০ টাকা ১ বছরের মুনাফা ৮ টাকা

∴ ১ " ১ " " $\frac{৮}{১০০}$ "

∴ ২০০০ " ১ " " $\frac{৮ \times ২০০০}{১০০}$ "

= ১৬০ টাকা

মোট মূলধন = (৩০০০ + ২০০০) টাকা = ৫০০০ টাকা

১ বছরের মোট মুনাফা = (৩০০ + ১৬০) টাকা = ৪৬০ টাকা

৫০০০ টাকার ১ বছরের মুনাফা ৪৬০ টাকা

∴ ১ " ১ " " $\frac{৪৬০}{৫০০০}$ "

∴ ১০০ " ১ " " $\frac{৪৬০ \times ১০০}{৫০০০}$ "

= ৯.২ টাকা

উত্তর: মুনাফার হার ৯.২%।

বিকল্প সমাধান: ১০% মুনাফার ক্ষেত্রে,

আমরা জানি, I = Prn

= ৩০০০ × ১০% × ১ টাকা

= ৩০০০ × $\frac{১০}{১০০}$ × ১ টাকা = ৩০০ টাকা

অনুরূপভাবে,

৮% মুনাফার ক্ষেত্রে,

আমরা জানি, I = Prn

= ২০০০ × $\frac{৮}{১০০}$ × ১ টাকা

= ১৬০ টাকা

∴ মোট আসল, P = (৩০০০ + ২০০০) টাকা

= ৫০০০ টাকা

∴ মোট মুনাফা, I = (৩০০ + ১৬০) টাকা = ৪৬০ টাকা

সময়, n = ১ বছর

ধরি, গড় মুনাফার হার, r%

আমরা জানি, I = Prn

∴ $r = \frac{I}{Pn}$

$= \frac{৪৬০}{৫০০০ \times ১} = ০.০৯২ = ০.০৯২ \times ১০০ \times \frac{১}{১০০}$

$= ৯.২ \times \frac{১}{১০০}$ = ৯.২%

উত্তর: মুনাফার হার ৯.২%।

☑ অনুরূপ: ৮% হার সুদে ৭৫০ টাকা এবং ৬% হার সুদে ১২৫০ টাকা বিনিয়োগ করলে মোট মূলধনের উপর গড়ে শতকরা কত হারে সুদ পাওয়া যাবে? উত্তর: $৬\frac{৩}{৪}\%$

☑ অনুরূপ: বার্ষিক ৪% হার সুদে ৫৫০ টাকা এবং বার্ষিক ৮% হার সুদে ৭০০ টাকা বিনিয়োগ করলে মোট মূলধনের উপর গড়ে শতকরা বার্ষিক কত সুদ পাওয়া যাবে? উত্তর: $৬\frac{৬}{২৫}\%$

সমস্যা (১৯) রফিক ৩ বছরের জন্য ১০০০০ টাকা এবং ৪ বছরের জন্য ১৫০০০ টাকা ব্যাংক থেকে ঋণ নিয়ে ব্যাংককে মোট ৯৯০০ টাকা মুনাফা দেন। উভয়ক্ষেত্রে মুনাফার হার সমান হলে, মুনাফার হার নির্ণয় করুন।

সমাধান মনে করি, সুদের হার x টাকা

১০০ টাকার ১ বছরের মুনাফা x টাকা

∴ ১ " ১ " " $\frac{x}{১০০}$ "

∴ ১০০০০ " ৩ " " $\frac{x \times ১০০০০ \times ৩}{১০০}$ "

= ৩০০x টাকা

আবার,

১০০ টাকার ১ বছরের মুনাফা x টাকা

∴ ১ " ১ " " $\frac{x}{১০০}$ "

∴ ১৫০০০ " ৪ " " $\frac{x \times ১৫০০০ \times ৪}{১০০}$ "

= ৬০০x টাকা

প্রশ্নমতে,

৩০০x + ৬০০x = ৯৯০০

বা, ৯০০x = ৯৯০০

বা, $x = \frac{৯৯০০}{৯০০}$ ∴ x = ১১

∴ নির্ণেয় মুনাফার হার ১১% উত্তর: ১১%

বিকল্প সমাধান:

১০০০০ টাকার ৩ বছরের মুনাফা= ৩০০০০ টাকার ১ বছরের মুনাফা

১৫০০০ টাকার ৪ বছরের মুনাফা= ৬০০০০ টাকার ১ বছরের মুনাফা

(যোগ করে)(৩০০০০+৬০০০০) বা ৯০০০০ টাকার ১ বছরের মুনাফা

৯০০০০ টাকার ১ বছরের মুনাফা ৯৯০০ টাকা

১ " ১ " " $\frac{৯৯০০}{৯০০০০}$ "

১০০ " ১ " " $\frac{৯৯০০ \times ১০০}{৯০০০০}$ "

=১১%

উত্তর: ১১%

বিকল্প সমাধান:

মনে করি, উভয়ক্ষেত্রে মুনাফার হার, r%

১ম ক্ষেত্রে,

আমরা জানি, I = Prn

$= ১০০০০ \times r\% \times ৩$ টাকা

$= ১০০০০ \times \frac{r}{১০০} \times ৩$ টাকা

$= ৩০০r$ টাকা

১ম ক্ষেত্রে,

আমরা জানি, I = Prn

$= ১৫০০০ \times \frac{r}{১০০} \times ৪$ টাকা

$= ৬০০r$ টাকা

শর্তমতে,

$৩০০r + ৬০০r = ৯৯০০$

বা, $৯০০r = ৯৯০০$

বা, $r = \frac{৯৯০০}{৯০০}$

$\therefore r = ১১$

∴ নির্ণেয় মুনাফার হার ১১%।

উত্তর: ১১%

☑ অনুরূপ: ওয়ালিদ ৩ বছরের জন্য ৪০০ টাকা এবং ৫ বছরের জন্য ৬০০ টাকা কর্জ করে মোট ১৬৮ টাকা সুদ দিল। উভয় ক্ষেত্রে সুদের হার সমান হলে, সুদের হার কত ছিল? উত্তর: ৪%

☑ অনুরূপ: মুনাফার একই হারে 300 টাকার 4 বছরের সরল মুনাফা ও 400 টাকার ৫ বছরের সরল মুনাফা একত্রে 128 টাকা হলে, শতকরা মুনাফার হার কত? উত্তর: 4%

☑ অনুরূপ: একই হার সুদে ৩০০ টাকার ৪ বছরের সুদ এবং ৫০০ টাকার ৫ বছরের সুদ একত্রে ১৪৮ টাকা হলে, শতকরা বার্ষিক সুদের হার কত? উত্তর: ৪%

☑ অনুরূপ: একই হার সুদে ৬৫০ টাকার ৩ বছরের সুদ এবং ৪০০ টাকার ৮ বছরের সুদ একত্রে ৩৬০.৫০ টাকা হলে শতকরা বার্ষিক সুদের হার কত? উত্তর: ৭%

সমস্যা (২০) **কোনো আসল ৩ বছরে মুনাফা-আসলে ১৫৭৮ টাকা এবং ৫ বছরে মুনাফা-আসলে ১৮৩০ টাকা হয়। আসল ও মুনাফার হার নির্ণয় করুন।**

সমাধান আসল + ৫ বছরের মুনাফা = ১৮৩০ টাকা

আসল + ৩ বছরের মুনাফা = ১৫৭৮ টাকা

(–) ২ বছরের মুনাফা = ২৫২ টাকা

∴ ১ ” ” $= \frac{২৫২}{২}$ ”

∴ ৩ ” ” $= \frac{২৫২ \times ৩}{২}$ ”

$= ৩৭৮$ টাকা

আসল = মুনাফা আসল – মুনাফা = (১৫৭৮ – ৩৭৮) টাকা

$= ১২০০$ টাকা

১২০০ টাকার ৩ বছরের মুনাফা ৩৭৮ টাকা

∴ ১ ” ১ ” ” $\frac{৩৭৮}{১২০০ \times ৩}$ ”

∴ ১০০ ” ১ ” ” $\frac{৩৭৮ \times ১০০}{১২০০ \times ৩}$ ”

$= ১০.৫$ টাকা

উত্তর: আসল ১২০০ টাকা এবং মুনাফা ১০.৫%

বিকল্প সমাধান:

আসল + ৫ বছরের মুনাফা = ১৮৩০ টাকা

আসল + ৩ বছরের মুনাফা = ১৫৭৮ টাকা

(–) ২ বছরের মুনাফা = ২৫২ টাকা

∴ ১ ” ” $= \frac{২৫২}{২}$ ”

∴ ৩ ” ” $= \frac{২৫২ \times ৩}{২}$ ”

$= ৩৭৮$ টাকা

আসল = মুনাফা আসল – মুনাফা = (১৫৭৮ – ৩৭৮) টাকা

$= ১২০০$ টাকা

আমরা জানি, I = Prn

বা, $r = \frac{I}{Pn}$

$= \frac{৩৭৮}{১২০০ \times ৩}$

$= ০.১০৫$

$= ০.১০৫ \times ১০০ \times \frac{১}{১০০}$

$= ১০.৫\%$

এখানে,
আসল, P = ১২০০ টাকা
মুনাফা, I = ৩৭৮ টাকা
সময়, n = ৩ বছর
মুনাফার হার, r = ?

উত্তর: আসল ১২০০ টাকা এবং মুনাফা ১০.৫%

☑ অনুরূপ: কোন আসল ৬ বছরে মুনাফা-আসলে ১৬২৮০ টাকা হয় এবং ৮ বছরে মুনাফা-আসলে ১৮০৮০ টাকা হয়। আসল ও মুনাফার হার নির্ণয় করুন? উত্তর: আসল ১০৮৮০ ও মুনাফার হার ৮.২৭%

☑ অনুরূপ: কোন আসল ৩ বছরে সুদে-আসলে ৫৬০ টাকা হয় এবং ৫ বছরে সুদে-আসলে ৬০০ টাকা হয়। সুদের হার কত? উত্তর: ৪%

☑ অনুরূপ: কোন আসল ৩ বছরে সুদে-আসলে ১৪৫২ টাকা এবং ৫ বছরে সুদে-আসলে ১৬২০ টাকা হয়, আসল ও সুদের হার বের করুন। উত্তর: আসল ১২০০ টাকা এবং সুদের হার ৭%।

☑ অনুরূপ: কোন আসল ৩ বছরে সরল মুনাফাসহ ৪৬০ টাকা এবং ৫ বছরে সরল মুনাফাসহ ৬০০ টাকা হলে, শতকরা মুনাফার হার কত? উত্তর: ২৮%

সমস্যা (২১) **শতকরা বার্ষিক কত হার সুদে ৫ বছরের সুদ, সুদ-আসলের $\frac{১}{৫}$ অংশ হবে?**

সমাধান মনে করি, সুদ-আসল ৫ টাকা

$\therefore$ সুদ = ৫ এর $\frac{১}{৫}$ = ১ টাকা

$\therefore$ আসল = (৫ − ১) টাকা = ৪ টাকা

৪ টাকার ৫ বছরের সুদ ১ টাকা

১ " ১ " " $\frac{১}{৪\times৫}$ "

$\therefore$ ১০০ " ১ " " $\frac{১০০}{৪\times৫}$ " = ৫ টাকা

উত্তর: ৫%

☑ অনুরূপ: শতকরা বার্ষিক কত হার সুদে ১ বছরে সুদ, সুদ-আসলের $\frac{১}{৫}$ অংশ হবে? উত্তর: ২৫%

☑ অনুরূপ: শতকরা বার্ষিক কত হার সুদে ১ বছরে সুদ, আসলের $\frac{১}{৫}$ অংশ হবে? উত্তর: ২০%

সমস্যা (২২) **কোনো আসল ৩ বছরে মুনাফা-আসলে ৫৫০০ টাকা হয়। মুনাফা, আসলের $\frac{৩}{৮}$ অংশ হলে, আসল ও মুনাফার হার নির্ণয় করুন।**

সমাধান মনে করি, আসল ৮ টাকা

মুনাফা = ৮ এর $\frac{৩}{৮}$ টাকা = ৩ টাকা

মুনাফা-আসল = (৮ + ৩) টাকা = ১১ টাকা

মুনাফা-আসল ১১ টাকা হলে আসল ৮ টাকা

$\therefore$ " ১ " " " $\frac{৮}{১১}$ "

$\therefore$ " ৫৫০০ " " " $\frac{৮\times৫৫০০}{১১}$ "

= ৪০০০ টাকা

$\therefore$ মুনাফা = (৫৫০০ − ৪০০০) টাকা বা ১৫০০ টাকা

৪০০০ টাকার ৩ বছরের মুনাফা ১৫০০ টাকা

$\therefore$ ১ " ১ " " $\frac{১৫০০}{৪০০০\times৩}$ "

$\therefore$ ১০০ " ১ " " $\frac{১৫০০\times১০০}{৪০০০\times৩}$ "

$= \frac{২৫}{২}$ টাকা = $১২\frac{১}{২}$ টাকা

উত্তর: আসল ৪০০০ টাকা, মুনাফার হার $১২\frac{১}{২}$ %

বিকল্প সমাধান:

মনে করি, আসল ক টাকা

$\therefore$ মুনাফা = ক এর $\frac{৩}{৮}$ টাকা = $\frac{৩ক}{৮}$ টাকা

প্রশ্নমতে,

$ক + \frac{৩ক}{৮} = ৫৫০০$

বা, $\frac{৮ক+৩ক}{৮} = ৫৫০০$

বা, ১১ক = ৫৫০০ × ৮

বা, $ক = \frac{৫৫০০\times৮}{১১}$ $\therefore$ ক = ৪০০০ টাকা

সুতরাং আসল = ৪০০০ টাকা

মুনাফা = মুনাফা-আসল − আসল = ৫৫০০ − ৪০০০

= ১৫০০ টাকা

আবার,

আমরা জানি, I = Prn

বা, $r = \frac{I}{Pn}$

$= \frac{১৫০০}{৪০০০\times৩}$

$= \frac{১}{৮} = \frac{১}{৮}\times১০০\times\frac{১}{১০০}$

$= ১২\frac{১}{২}\times\frac{১}{১০০}$

$= ১২\frac{১}{২}$ %

এখানে,
আসল, P = ৪০০০ টাকা
মুনাফা, I = ১৫০০ টাকা
সময়, n = ৩ বছর
মুনাফার হার, r = ?

উত্তর: আসল ৪০০০ টাকা, মুনাফার হার $১২\frac{১}{২}$ %

☑ অনুরূপ: কোন মূলধন ৩ বছরে সুদে-মূলে ১১০০ হয়। সুদ আসলের তিন অষ্টমাংশ অংশ হলে, আসল ও সুদের হার কত?
উত্তর: আসল ৮০০ টাকা, সুদের হার ১২.৫ %

☑ অনুরূপ: কোন আসল ৫ বছরের সুদসহ ৩০৬ টাকা হয় এবং সুদ আসলের $\frac{৯}{২৫}$ অংশ । আসল এবং শতকরা সুদের হার নির্ণয় করুন। উত্তর: আসল ২২৫ টাকা, সুদের হার $৭\frac{১}{৫}$ %

☑ অনুরূপ: কোন আসল ৫ বছরে সুদে-আসলে ৫৫০ টাকা হয় এবং সুদ আসলের $\frac{৩}{৮}$ অংশ । আসল ও শতকরা বার্ষিক সুদের হার কত?
উত্তর: আসল ৪০০ এবং সুদের হার $৭\frac{১}{২}$ %

☑ অনুরূপ: যদি আসল এবং ৫ বছরের সুদ একত্রে ৩৩০০ টাকা হয় এবং যদি সুদ আসলের $\frac{৩}{৮}$ অংশ হয় তবে আসল টাকা এবং শতকরা বার্ষিক সুদের হার নির্ণয় করুন।
উত্তর: আসল ২৪০০ টাকা, সুদের হার ৭.৫%

☑ অনুরূপ: কোনো আসল ৩ বছরে মুনাফা-আসলে ৬৬০০ টাকা হয়। মুনাফা, আসলের $\frac{৩}{৮}$ অংশ হলে, আসল ও মুনাফার হার কত? উত্তর: আসল ৪৮০০ টাকা, মুনাফার হার ১২.৫ %

সময় নির্ণয়

সমস্যা (২৩) বার্ষিক ১২% মুনাফায় কত বছরে ১০,০০০ টাকার মুনাফা ৪,৮০০ টাকা হবে?

সমাধান ১০০ টাকার ১ বছরের মুনাফা ১২ টাকা

১ " ১ " " $\frac{১২}{১০০}$ "

১০,০০০ " ১ " " $\frac{১২\times১০০০০}{১০০}$ "

= ১২০০ টাকা

১২০০ টাকা মুনাফা হয় ১ বছরে

১ " " " $\frac{১}{১২০০}$ "

∴ ৪,৮০০ " " " $\frac{৪৮০০}{১২০০}$ "

=৪ বছরে

উত্তর: ৪ বছর

বিকল্প সমাধান:

আমরা জানি, $I = Prn$

বা, $n = \frac{I}{Pr}$

$= \frac{৪,৮০০}{১০,০০০ \times \frac{১২}{১০০}}$ বছর

$= \frac{৪,৮০০ \times ১০০}{১০,০০০ \times ১২}$ বছর

= ৪ বছর

এখানে,
আসল, P = ১০০০০ টাকা
মুনাফা, I = ৪৮০০ টাকা
মুনাফার হার, r = ১২%
সময়, n = ?

উত্তর: ৪ বছর।

☑ অনুরূপ: বার্ষিক শতকরা মুনাফার হার ৬ টাকা হলে, ৮৫০ টাকার কত বছরে মুনাফা ২৫৫ টাকা হবে? উত্তর: ৫ বছর

☑ অনুরূপ: শতকরা বার্ষিক ১২ টাকা হার মুনাফায় ৫০০ টাকার কত বছরের সরল মুনাফা ৩৬০ টাকা হবে? উত্তর: ৬ বছর

সমস্যা (২৪) শতকরা ৬ টাকা হার সুদে কত বছরে ৫০০ টাকা সুদে আসলে ৮০০ টাকা হয়?

সমাধান সুদ আসল = ৮০০ টাকা, আসল = ৫০০ টাকা

∴ সুদ = (৮০০ − ৫০০) টাকা = ৩০০ টাকা

১০০ টাকায় ৬ টাকা সুদ হয় ১ বছরে

১০০ " ১ " " $\frac{১}{৬}$ "

১ " ১ " " $\frac{১০০}{৬}$ "

৫০০ " ৩০০ " " $\frac{১০০ \times ৩০০}{৬ \times ৫০০}$ "

= ১০ বছরে

উত্তর: ১০ বছর

বিকল্প সমাধান:

সুদ আসল = ৮০০ টাকা

আসল = ৫০০ টাকা

∴ সুদ = (৮০০ − ৫০০) টাকা = ৩০০ টাকা

আমরা জানি, $I = Prn$

বা, $n = \frac{I}{Pr}$

$= \frac{৩০০}{৫০০ \times \frac{৬}{১০০}}$ বছর

$= \frac{৩০০ \times ১০০}{৫০০ \times ৬}$ বছর

= ১০ বছর

এখানে,
আসল, P = ৫০০ টাকা
মুনাফা, I = ৩০০ টাকা
মুনাফার হার, r = ৬%
সময়, n = ?

উত্তর: ১০ বছর

☑ অনুরূপ: সুদের হার শতকরা বার্ষিক ৪ টাকা হলে, কত বছরে ৪০০০ টাকা সুদে-আসলে ৪৪০০ টাকা হবে? উত্তর: ২.৫ বছর বা ২ বছর ৬ মাস

☑ অনুরূপ: ৪৫০ টাকা বার্ষিক ৬% সুদে কত বছরে সুদে-আসলে ৫৫৮ টাকা হবে? উত্তর: ৪ বছর

☑ অনুরূপ: শতকরা ৫ টাকা হার সুদে কত বছরে ২৯০ টাকা সুদে-আসলে ৩৭৭ টাকা হয়? উত্তর: ৬ বছর

সমস্যা (২৫) **শতকরা বার্ষিক ৫ টাকা হার সুদে ৬ বছরে কোন আসলের সুদ-আসল ৪৪২ টাকা হয়? কত বছরে তার সুদ-আসল ৫১০ টাকা হবে?**

সমাধান মনে করি, আসল=১০০ টাকা

১০০ টাকার ১ বছরের সুদ ৫ টাকা

১০০ " ৬ " " (৫×৬) = ৩০ টাকা

সুদ-আসল = ১০০+৩০=১৩০ টাকা

সুদ-আসল ১৩০ টাকা হলে আসল ১০০ টাকা

" ১ " " " $\frac{১০০}{১৩০}$ "

" ৪৪২ " " " $\frac{১০০\times৪৪২}{১৩০}$ "

= ৩৪০ টাকা

সুতরাং ৬ বছরে সুদ = ৪৪২-৩৪০= ১০২ টাকা

দ্বিতীয় ক্ষেত্রে. সুদ= ৫১০-৩৪০ টাকা=১৭০ টাকা

১০২ টাকা সুদ হয় ৬ বছরে

১ " " " $\frac{৬}{১০২}$ "

∴ ১৭০ " " " $\frac{৬\times১৭০}{১০২}$ "

=১০ বছরে

উত্তর: ১০ বছর

☑ অনুরূপ: কোন আসল ৮% হার সুদে ৩ বছরে সুদেমূলে ১৮৬০ টাকা হয়। কত সময়ে তা সুদেমূলে ২০৪০ টাকা হবে? উত্তর: $৪\frac{১}{২}$ বছর।

☑ অনুরূপ: কোন টাকা ৬% হার সুদে ৫ বছরে সুদে-আসলে ১৩০০ টাকা হয়, কত বছরে ঐ টাকা সুদে-আসলে ১৩৯০ টাকা হবে? উত্তর: $৬\frac{১}{২}$ বছর

☑ অনুরূপ: কোন টাকা ৬% সুদে ৬ বছরে সুদে আসলে ১৩০০ টাকা হয়। কত বছরে ঐ টাকা সুদে আসলে ১৪৫০ টাকা হবে? উত্তর: ৮.৬ বছর

সমস্যা (২৬) **শতকরা বার্ষিক ৫ টাকা হার সুদে কত বছরে যেকোন আসলে তার দ্বিগুণ হবে?**

সমাধান ধরি, আসল ১০০ টাকা

মুনাফা-আসল (১০০ × ২) টাকা = ২০০ টাকা

মুনাফা = (২০০ − ১০০) টাকা = ১০০ টাকা

৫ টাকা সুদ হয় ১ বছরে

∴ ১ " " " $\frac{১}{৫}$ "

∴ ১০০ " " " $\frac{১০০}{৫}$ " = ২০ বছরে

উত্তর: ২০ বছর

বিকল্প সমাধান:

ধরি, আসল, P = ১০০ টাকা

মুনাফা-আসল (১০০ × ২) টাকা = ২০০ টাকা

মুনাফা, I = (২০০ − ১০০) টাকা = ১০০ টাকা

মুনাফার হার, r = ৫%

আমরা জানি, I = Prn

বা, $n = \frac{I}{Pr} = \frac{১০০}{১০০ \times \frac{৫}{১০০}}$ বছর $= \frac{১০০}{৫}$ বছর = ২০ বছর

উত্তর: ২০ বছর

☑ অনুরূপ: বার্ষিক শতকরা ১০ টাকা হার সুদে কোন মূলধন কত বছর পরে আসলের তিনগুণ হবে? উত্তর: ২০ বছর।

সমস্যা (২৭) **একই হার মুনাফায় কোন আসল ৬ বছরে মুনাফা-আসলে দ্বিগুণ হলে, কত বছরে তা মুনাফা-আসলে তিনগুণ হবে?**

সমাধান মনে করি, আসল ১০০ টাকা

১ম ক্ষেত্রে,

মুনাফা-আসল (১০০ × ২) টাকা = ২০০ টাকা

মুনাফা = (২০০ − ১০০) টাকা = ১০০ টাকা

২য় ক্ষেত্রে,

মুনাফা আসলে (১০০ × ৩) টাকা = ৩০০ টাকা

মুনাফা = (৩০০ − ১০০) টাকা = ২০০ টাকা

১০০ টাকা সুদ হয় ৬ বছরে

∴ ১ " " " $\frac{৬}{১০০}$ "

∴ ২০০ " " " $\frac{৬ \times ২০০}{১০০}$ "

= ১২ বছরে

উত্তর: ১২ বছর

☑ অনুরূপ: কোন আসল ২০ বছরে সুদে-আসলে দ্বিগুণ হলে, কত বছরে সুদে-আসলে তিনগুণ হবে? উত্তর: ৪০ বছর

সমস্যা (২৮) **কোনো নির্দিষ্ট সময়ের মুনাফা-আসল ৫৬০০ টাকা এবং মুনাফা, আসলের $\frac{২}{৫}$ অংশ। মুনাফা বার্ষিক শতকরা ৮ টাকা হলে, সময় নির্ণয় করুন।**

সমাধান মনে করি, আসল= ৫ টাকা

মুনাফা= ৫ এর $\frac{২}{৫}$ টাকা = ২ টাকা

মুনাফা-আসল (৫ + ২) টাকা = ৭ টাকা

মুনাফা-আসল ৭ টাকা হলে আসল ৫ টাকা

∴ " ১ " " " $\frac{৫}{৭}$ "

∴ " ৫৬০০ " " " $\frac{৫ \times ৫৬০০}{৭}$ "

= ৪০০০ টাকা

∴ মুনাফা (৫৬০০ − ৪০০০) টাকা = ১৬০০ টাকা

১০০ টাকার ১ বছরের মুনাফা ৮ টাকা

∴ ১ " ১ " " $\frac{৮}{১০০}$ "

∴ ৪০০০ " ১ " " $\frac{৮ \times ৪০০০}{১০০}$ " = ৩২০ টাকা

৩২০ টাকা মুনাফা হয় ১ বছরে

১ " " " $\frac{১}{৩২০}$ "

∴ ১৬০০ " " " $\frac{১,৬০০}{৩২০}$ " = ৫ বছরে।

উত্তর : ৫ বছর।

বিকল্প সমাধান:

মনে করি, আসল ক টাকা

∴ মুনাফা = ক এর $\frac{২}{৫}$ টাকা = $\frac{২ক}{৫}$ টাকা

প্রশ্নমতে,

$$ক + \frac{২ক}{৫} = ৫৬০০$$

$$\text{বা, } \frac{৫ক+২ক}{৫} = ৫৬০০$$

$$\text{বা, } ৭ক = ৫৬০০ \times ৫$$

$$\text{বা, } ক = \frac{৫৬০০ \times ৫}{৭} \quad \therefore ক = ৪০০০ \text{ টাকা}$$

সুতরাং আসল =৪০০০ টাকা

∴ মুনাফা = (৫৬০০ − ৪০০০) টাকা = ১৬০০ টাকা

আমরা জানি, $I = Prn$

$$\text{বা, } n = \frac{I}{Pr}$$

$$= \frac{১৬০০}{৪০০০ \times \frac{৮}{১০০}} \text{ বছর}$$

$$= \frac{১৬০০}{৪০ \times ৮} \text{ বছর} = ৫ \text{ বছর}$$

এখানে,
আসল, P = ৪০০০ টাকা
মুনাফা, I = ১৬০০ টাকা
মুনাফার হার, r = ৮%
সময়, n = ?

উত্তর: ৫ বছর

☑ অনুরূপ: কোন নির্দিষ্ট সময়ের সুদ-আসল ৪৫০ টাকা এবং সুদ আসলের $\frac{২}{৭}$ অংশ। সুদের হার শতকরা বার্ষিক $৩\frac{৪}{৭}$ টাকা হলে, সময় নিণয় করুন। উত্তর: ৮ বছর

সমস্যা (২৯) **শতকরা বার্ষিক ৮ টাকা হার সুদে ৫ বছরে ১০৫০ টাকার যে সুদ পাওয়া যায়, শতকরা বাষিক ১০ টাকা হার সুদে কত বছরে ৭০০ টাকার সেই পরিমাণ সুদ পাওয়া যাবে?**

সমাধান

১০০ টাকার ১ বছরের সুদ ৮ টাকা

∴ ১ " ১ " " $\frac{৮}{১০০}$ "

∴ ১০৫০ " ৫ " " $\frac{৮ \times ১০৫০ \times ৫}{১০০}$ "

= ৪২০ টাকা

আবার,

১০০ টাকায় ১০ টাকা সুদ হয় ১ বছরে

∴ ১০০ " ১ " " $\frac{১}{১০}$ "

∴ ১ " ১ " " $\frac{১০০}{১০}$ "

∴ ৭০০ " ৪২০ " " $\frac{১০০ \times ৪২০}{১০ \times ৭০০}$ "

= ৬ বছরে

উত্তর: ৬ বছর

☑ অনুরূপ: বার্ষিক ৩% হার সুদে ২৫০ টাকার ৬ বছরে যত সুদ হয়, বার্ষিক ৫% হার সুদে কত বছরে ২২৫ টাকার তত সুদ হবে? উত্তর: ৪ বছর

চক্রবৃদ্ধি মুনাফা

সমস্যা (৩০) বার্ষিক শতকরা ৮ টাকা মুনাফায় ৬২৫০০ টাকার ৩ বছরের চক্রবৃদ্ধি মূলধন নির্ণয় করুন।

সমাধান আমরা জানি, $C = P(১ + r)^n$

দেওয়া আছে, প্রারম্ভিক মূলধন, P = ৬২৫০০ টাকা

বার্ষিক মুনাফার হার, r = ৮%

এবং সময়, n = ৩ বছর

$$\therefore C = ৬২৫০০ \times \left(১ + \frac{৮}{১০০}\right)^৩ \text{ টাকা}$$

$$= ৬২৫০০ \times \left(\frac{২৭}{২৫}\right)^৩ \text{ টাকা}$$

$$= ৬২৫০০ \times (১.০৮)^৩ \text{ টাকা}$$

$$= ৬২৫০০ \times ১.২৫৯৭১২ \text{ টাকা}$$

$$= ৭৮৭৩২ \text{ টাকা}$$

∴ চক্রবৃদ্ধি মূলধন ৭৮৭৩২ টাকা

উত্তর: চক্রবৃদ্ধি মূলধন ৭৮৭৩২ টাকা

☑ অনুরূপ: বার্ষিক ১০% মুনাফায় ৮০০০ টাকার ৩ বছরের চক্রবৃদ্ধি মূলধন নির্ণয় করুন। উত্তর: ১০৬৪৮

সমস্যা (৩১) **শতকরা বার্ষিক 5 টাকা হার সরল মুনাফায় কত টাকা 13 বছরে সবৃদ্ধিমূল ৯৯০ টাকা হবে?**

সমাধান মনে করি, মূলধন P টাকা

আমরা জানি, সরল মুনাফার ক্ষেত্রে সবৃদ্ধিমূল = P(1 + rn)

এখানে, মুনাফার হার, $r = \frac{5}{100}$

সময়, n = 13 বছর

$$\therefore \text{সবৃদ্ধিমূল} = P\left(1 + \frac{5}{100} \times 13\right) \text{ টাকা} = \left(P + \frac{13P}{20}\right) \text{ টাকা}$$

প্রশ্নানুসারে, $P + \frac{13P}{20} = 990$

বা, $\frac{20P + 13P}{20} = 990$

বা, $\frac{33P}{20} = 990$

বা, $33P = 19800$

বা, $P = \frac{19800}{33}$

বা, $P = 600$ (প্রায়)

∴ নির্ণেয় মূলধন 600 টাকা (প্রায়)

☑ অনুরূপ: শতকরা বার্ষিক ৫ টাকা হার সরল মুনাফায় কত টাকা ১২ বছরে সবৃদ্ধিমূল ১২৮০ টাকা হবে? উত্তর: ৮০০ টাকা

সমস্যা (৩২) বার্ষিক শতকরা $6\frac{1}{2}$ টাকা হার সরল মুনাফায় 750 টাকার 4 বছরের সবৃদ্ধিমূল কত টাকা হবে?

সমাধান আমরা জানি, A = P(1 + nr)

এখানে, A (টাকা) = সরল মুনাফার জন্য সবৃদ্ধিমূল

P (টাকা) = 750

$r \text{ (টাকা)} = 6\frac{1}{2}\% = \frac{13}{2}\% = \frac{13}{2 \times 100}$

n (বছর) = 4

প্রশ্নমতে, $A = 750\left(1 + 4.\frac{13}{2 \times 100}\right)$

$$= 750\left(1 + \frac{13}{50}\right) = 750\left(\frac{50 + 13}{50}\right)$$

$$= 15 \times 63 = 945$$

∴ সবৃদ্ধিমূল 945 টাকা।

উত্তর: সবৃদ্ধিমূল 945 টাকা।

সমস্যা (৩৩) **বার্ষিক ১০.৫০% মুনাফায় ৫০০০ টাকার ২ বছরের চক্রবৃদ্ধি মুনাফা নির্ণয় করুন ।**

সমাধান চক্রবৃদ্ধি মুনাফা নির্ণয়ের জন্য প্রথমে চক্রবৃদ্ধি মূলধন নির্ণয় করি।

আমরা জানি, চক্রবৃদ্ধি মূলধন $C = P(১ + r)^n$, যেখানে মূলধন P = ৫০০০ টাকা

মুনাফার হার, $r = ১০.৫০\% = \frac{২১}{২০০}$

সময়, n = ২ বছর

$$\therefore C = P(১ + r)^২$$

$$= ৫০০০ \times \left(১ + \frac{২১}{২০০}\right)^২ \text{ টাকা}$$

$$= ৫০০০ \times \left(\frac{২২১}{২০০}\right)^২ \text{ টাকা}$$

$$= ৫০০০ \times \frac{২২১}{২০০} \times \frac{২২১}{২০০} \text{ টাকা}$$

$$= \frac{৪৮৮৪১}{৮} \text{ টাকা বা ৬১০৫.১৩ টাকা (প্রায়)}$$

$$\therefore \text{চক্রবৃদ্ধি মুনাফা} = C - P = P(১ + r)^২ - P$$

$$= (৬১০৫.১৩ - ৫০০০) \text{ টাকা}$$

$$= ১১০৫.১৩ \text{ টাকা (প্রায়)}$$

উত্তর: ১১০৫.১৩ টাকা (প্রায়)

সমস্যা (৩৪) **বার্ষিক শতকরা ১০ টাকা মুনাফায় ৫০০০ টাকার ৩ বছরের মুনাফা ও চক্রবৃদ্ধি মুনাফার পার্থক্য কত হবে?**

সমাধান আমরা জানি, সরল মুনাফা $I = Prn$

এখানে, $P = ৫০০০$, $r = ১০\% = \frac{১০}{১০০}$ এবং $n = ৩$

$\therefore I = \left(৫০০০ \times \frac{১০}{১০০} \times ৩\right)$ টাকা $= ১৫০০$ টাকা

$\therefore$ সরল মুনাফা ১৫০০ টাকা

আবার, চক্রবৃদ্ধি মুনাফা $= P(১ + r)^n - p$

এখানে, $P = ৫০০০$, $r = ১০\% = \frac{১০}{১০০}$ এবং $n = ৩$

$\therefore$ চক্রবৃদ্ধি মুনাফা $= ৫০০০ \times \left(১ + \frac{১০}{১০০}\right)^৩ - ৫০০০$ টাকা

$= ৫০০০ \times (১ + ০.১)^৩ - ৫০০০$ টাকা

$= ৫০০০ \times (১.১)^৩ - ৫০০০$ টাকা

$= (৫০০০ \times ১.৩৩১) - ৫০০০$ টাকা

$= ৬৬৫৫ - ৫০০০$ টাকা $= ১৬৫৫$ টাকা

$\therefore$ চক্রবৃদ্ধি মুনাফা ১৬৫৫ টাকা

$\therefore$ চক্রবৃদ্ধি মুনাফা ও সরল মুনাফার পার্থক্য

$= (১৬৫৫ - ১৫০০)$ টাকা $= ১৫৫$ টাকা

☑ অনুরূপ: ৫% হার মুনাফায় ৮০০০ টাকার ৩ বছরের সরল মুনাফা ও চক্রবৃদ্ধি মুনাফার পার্থক্য নির্ণয় করুন। উত্তর: ৬১ টাকা

সমস্যা (৩৫) **4% হার মুনাফায় কোনো টাকার 2 বছরের সরলমুনাফা ও চক্রবৃদ্ধি মুনাফার পার্থক্য 1 টাকা হলে, মূলধন কত?**

সমাধান দেওয়া আছে, মুনাফার হার, $r = 4\% = \frac{4}{100} = \frac{1}{25}$

সময়, $n = 2$ বছর,

মনে করি, মূলধন P টাকা

সরল মুনাফা, $I = Pnr = \left(P \times 2 \times \frac{1}{25}\right)$ টাকা $= \frac{2P}{25}$ টাকা

আবার, চক্রবৃদ্ধি মুনাফার ক্ষেত্রে সবৃদ্ধিমূল,

$C = P(1+r)^n$

$= P\left(1 + \frac{1}{25}\right)^2$ টাকা $= P\left(\frac{25+1}{25}\right)^2$ টাকা

$= P\left(\frac{26}{25}\right)^2$ টাকা $= \frac{676\,P}{625}$ টাকা

$\therefore$ চক্রবৃদ্ধি মুনাফা = সবৃদ্ধি মূলধন − মূলধন

$= \left(\frac{676P}{625} - P\right)$ টাকা

$= \frac{676P - 625P}{625}$ টাকা

$= \frac{51P}{625}$ টাকা

প্রশ্নমতে, $\frac{51P}{625} - \frac{2P}{25} = 1$

বা, $\frac{51P-50P}{625} = 1$

বা, $\frac{P}{625} = 1$

$\therefore P = 625$

$\therefore$ নির্ণেয় মূলধন 625 টাকা।

সমস্যা (৩৬) **একই হার মুনাফায় কোন মূলধনের এক বছরান্তে চক্রবৃদ্ধি মূলধন ৬৫০০ টাকা ও দুই বছরান্তে চক্রবৃদ্ধি মূলধন ৬৭৬০ টাকা হলে, মূলধন কত?**

সমাধান মূলধন P এবং r মুনাফার হার হলে, এক বছর পর চক্রবৃদ্ধি মূলধন $C = ৬৫০০$ হলে,

$৬৫০০ = P(১ + r)$ ... (i)

২ বছরে চক্রবৃদ্ধি মূলধন $৬৭৬০ = P(১ + r)^2$ ... (ii)

এখন, (ii) কে (i) দ্বারা ভাগ করে পাই,

$\frac{P(১ + r)^২}{P(১ + r)} = \frac{৬৭৬০}{৬৫০০}$

বা, $\frac{P(১+ r)^২}{P(১ + r)} = \frac{২৬}{২৫}$

বা, $\frac{P(১ + r)\,(১ + r)}{P(১ + r)} = \frac{২৬}{২৫}$

বা, $১ + r = \frac{২৬}{২৫}$

এখন, $P(1 + r) = ৬৫০০$

বা, $P\left(\frac{২৬}{২৫}\right) = ৬৫০০$

বা, $২৬p = ৬৫০০ \times ২৫$

বা, $P = \frac{৬৫০০ \times ২৫}{২৬}$

$\therefore P = ৬২৫০$

$\therefore$ নির্ণেয় মূলধন ৬২৫০ টাকা।

সমস্যা (৩৭) বার্ষিক শতকরা ৮.৫০ টাকা চক্রবৃদ্ধি মুনাফায় ১০০০০ টাকার ২ বছরের সবৃদ্ধিমূল ও চক্রবৃদ্ধি মুনাফা নির্ণয় করুন।

সমাধান আমরা জানি, চক্রবৃদ্ধি মূলধন $C = P(১ + r)^n$

এখানে, $P = ১০০০০$, $r = ৮.৫০\% = \frac{৮.৫০}{১০০}$ এবং $n = ২$

$\therefore C = ১০০০০ \times \left(১ + \frac{৮.৫০}{১০০}\right)^২$ টাকা

$= ১০০০০ \times (১ + .০৮৫)^২$ টাকা

$= ১০০০০ \times (১ .০৮৫)^২$ টাকা

$= ১০০০০ \times ১.১৭৭২২৫$ টাকা

$= ১১৭৭২.২৫$ টাকা

$\therefore$ নির্ণেয় সবৃদ্ধি মূল ১১৭৭২.২৫ টাকা

$\therefore$ চক্রবৃদ্ধি মুনাফা = (১১৭৭২.২৫ – ১০০০০) টাকা

= ১৭৭২.২৫ টাকা

উত্তর: সবৃদ্ধি মূল ১১৭৭২.২৫ টাকা ও চক্রবৃদ্ধি মুনাফা ১৭৭২.২৫ টাকা

সমস্যা (৩৮) **বার্ষিক শতকরা 6 টাকা হার চক্রবৃদ্ধি মুনাফায় 15000 টাকার 3 বছরের সবৃদ্ধিমূল ও চক্রবৃদ্ধি মুনাফা নির্ণয় করুন।**

সমাধান আমরা জানি, $C = P(১ + r)^n$ [যেখানে C চক্রবৃদ্ধির ক্ষেত্রে সবৃদ্ধিমূল]

দেওয়া আছে, $P = 15000$ টাকা, $r = 6\% = \frac{6}{100}$, $n = 3$ বছর

$\therefore C = 15000\left(1 + \frac{6}{100}\right)^3$

$= 15000\left(1 + \frac{3}{50}\right)^3$

$= 15000\left(\frac{53}{50}\right)^3$

$= 15000 \times \frac{53}{50} \times \frac{53}{50} \times \frac{53}{50} = \frac{446631}{25} = 17865.24$

$\therefore$ সবৃদ্ধিমূল = 17865.24 টাকা

$\therefore$ চক্রবৃদ্ধি মুনাফা = (17865.24 – 15000) টাকা

= 2865.24 টাকা

উত্তর: সবৃদ্ধিমূল 17865.24 টাকা এবং চক্রবৃদ্ধি মুনাফা 2865.24 টাকা

সমস্যা (৩৯) **এক ব্যক্তি একটি ঋণদান সংস্থা থেকে বার্ষিক ৮% চক্রবৃদ্ধি মুনাফায় ৫০০০ টাকা ঋণ নিলেন। প্রতিবছর শেষে তিনি ২০০০ টাকা করে পরিশোধ করেন। ২য় কিস্তি পরিশোধের পর তার আর কত টাকা ঋণ থাকবে?**

সমাধান এখানে, $P = ৫০০০$ এবং $r = ৮\%$

১ম বছরান্তে চক্রবৃদ্ধি মূলধন $= P(১ + r)$

$= ৫০০০ \times \left(১ + \frac{৮}{১০০}\right)$ টাকা

$= ৫০০০ \times (১ + .০৮)$ টাকা

$= ৫০০০ \times ১ .০৮$ টাকা

$= ৫৪০০$ টাকা।

প্রথম বছর ২০০০ টাকা কিস্তি পরিশোধ করায় তার ঋণ থাকে

= (৫৪০০ – ২০০০) টাকা = ৩৪০০ টাকা।

আবার, চক্রবৃদ্ধি মূলধন $= P(১ + r)$

$= ৩৪০০ \times \left(১ + \frac{৮}{১০০}\right)$ টাকা

$= ৩৪০০ \times (১ + .০৮)$ টাকা

$= ৩৪০০ \times ১ .০৮$ টাকা

$= ৩৬৭২$ টাকা

দ্বিতীয় বছর ২০০০ টাকা কিস্তি পরিশোধ করায় তার ঋণ থাকবে

= (৩৬৭২ – ২০০০) টাকা = ১৬৭২ টাকা

সমস্যা (৪০) **একটি ফ্ল্যাট মালিক কল্যাণ সমিতি আদায়কৃত সার্ভিস চার্জ থেকে উদ্বৃত্ত ২০০০০০ টাকা ব্যাংকে ছয় মাস অন্তর চক্রবৃদ্ধি মুনাফাভিত্তিক স্থায়ী আমানত রাখলেন। মুনাফার হার বার্ষিক ১২ টাকা হলে, ছয় মাস পর ঐ সমিতির হিসাবে কত টাকা মুনাফা জমা হবে? এক বছর পর চক্রবৃদ্ধি মূলধন কত হবে?**

সমাধান দেওয়া আছে, মূলধন $P = ২০০০০০$ টাকা

মুনাফার হার, $r = ১২\%$, সময়, $n = ৬$ মাস বা $\frac{১}{২}$ বছর

$\therefore$ মুনাফা $I = Prn$

$= ২০০০০০ \times \frac{১২}{১০০} \times \frac{১}{২}$

$= ১২০০০$ টাকা

$\therefore$ ৬ মাস পর মুনাফা হবে ১২০০০ টাকা

১ম ছয় মাস পর চক্রবৃদ্ধিমূল = (২০০০০০ + ১২০০০) টাকা = ২১২০০০ টাকা

আবার, পরবর্তী ৬ মাসের মুনাফা–আসল

$= ২১২০০০\left(১ + \frac{১২}{১০০}\right)^{১/২}$ টাকা

$= ২১২০০০ \times ১.০৬$ টাকা

$= ২২৪৭২০$ টাকা

$\therefore$ ১ বছর পর চক্রবৃদ্ধি মূলধন হবে ২২৪৭২০ টাকা।

সমস্যা (৪১) কোন শহরের বর্তমান জনসংখ্যা ৮০ লক্ষ। ঐ শহরের জনসংখ্যা বৃদ্ধির হার প্রতি হাজারে ৩০ হলে, ৩ বছর পর ঐ শহরের জনসংখ্যা কত হবে?

সমাধান শহরটির বর্তমান জনসংখ্যা, $P = ৮০,০০,০০০$

জনসংখ্যা বৃদ্ধির হার $= \frac{৩০}{১০০০} \times ১০০\%$

$= ৩\%$

সময়, $n = ৩$ বছর।

এখানে, জনসংখ্যা বৃদ্ধির ক্ষেত্রে চক্রবৃদ্ধি মূলধনের সূত্র প্রযোজ্য।

$\therefore C = P(১ + r)^n$

$= ৮০,০০,০০০ \times \left(১ + \frac{৩}{১০০}\right)^৩$

$= ৮০,০০,০০০ \times \frac{১০৩}{১০০} \times \frac{১০৩}{১০০} \times \frac{১০৩}{১০০}$

$= ৮ \times ১০৩ \times ১০৩ \times ১০৩$

$= ৮৭,৪১,৮১৬$

উত্তর: ৮৭,৪১,৮১৬ জন

☑ অনুরূপ: কোন শহরে বর্তমান জনসংখ্যা ৬৪ লক্ষ। শহরটির জনসংখ্যা বৃদ্ধির হার প্রতি হাজারে ২৫ জন হলে, ২ বছর পরে ঐ শহরের জনসংখ্যা কত হবে? **উত্তর:** ৬৭২৪০০০ জন

☑ অনুরূপ: কোন শহরে জনসংখ্যা প্রতি বছর শতকরা ৪ জন বৃদ্ধি পায় এবং ঐ শহরে জনসংখ্যা ছিল ২০০০০০০ জন। ৩ বছর পর ঐ শহরের জনসংখ্যা কত হবে? **উত্তর:** ২২৪৯৭২৮ জন

☑ অনুরূপ: কোন শহরে জনসংখ্যা প্রতি বছর শতকরা ৮ জন করে বৃদ্ধি পায়। বর্তমানে ঐ শহরের জনসংখ্যা ৫০০০০। ২ বছর পরে ঐ শহরের জনসংখ্যা কত হবে? **উত্তর:** ৫৮৩২০ জন

☑ অনুরূপ: একটি হোস্টেলে প্রতি বছর শতকরা ২৫টি করে সিট বাড়ানো হয়। বর্তমানে ৫১২ টি সিট আছে। ৪ বছর পর মোট কয়টি সিট হবে? **উত্তর:** ১২৫০ টি

সমস্যা (৪২) মনোয়ারা বেগম তার পারিবারিক প্রয়োজনে ৬% হারে ক টাকা এবং ৪% হারে খ টাকা ঋণ নিল। সে মোট ৫৬০০০ টাকা ঋণ নিল এবং বছর শেষে ২৮৪০ টাকা মুনাফা শোধ করল। ক এবং খ এর মান নির্ণয় করুন।

সমাধান ১০০ টাকার ১ বছরের মুনাফা ৬ টাকা

১ " ১ " " $\frac{৬}{১০০}$ "

ক " ১ " " $\frac{৬ \times ক}{১০০}$ "

$= \frac{৬ক}{১০০}$ টাকা

আবার,

১০০ টাকার ১ বছরের মুনাফা ৪ টাকা

১ " ১ " " $\frac{৪}{১০০}$ "

খ " ১ " " $\frac{৪ \times খ}{১০০}$ "

$= \frac{৪খ}{১০০}$ টাকা

১ম শর্তে, $ক + খ = ৫৬০০০$ ..... (i)

২য় শর্তে, $\frac{৬ক}{১০০} + \frac{৪খ}{১০০} = ২৮৪০$

বা, $৬ক + ৪খ = ২৮৪০০০$

বা, $৩ক + ২খ = ১৪২০০০$ ..... (ii)

(i)নং সমীকরণকে ৩ দ্বারা গুণ করে গুণফল থেকে (ii) নং সমীকরণ বিয়োগ করি

$৩ক + ৩খ = ১৬৮০০০$

$\underline{৩ক + ২খ = ১৪২০০০}$

$খ = ২৬০০০$

খ-এর মান (i) নং সমীকরণে বসিয়ে পাই,

$ক + ২৬০০০ = ৫৬০০০$

বা, $ক = ৫৬০০০ - ২৬০০০$

$\therefore ক = ৩০০০০$

উত্তর: ক = ৩০০০০ টাকা; খ = ২৬০০০ টাকা

০৯ পরিমাপ

ত্রিভুজ ও চতুর্ভুজ	
ত্রিভুজের ক্ষেত্রফল	$\frac{১}{২} \times$ ভূমি $\times$ উচ্চতা
সমবাহু ত্রিভূজের ক্ষেত্রফল	$\frac{\sqrt{3}}{4} a^2$
সমদ্বিবাহু ত্রিভূজের ক্ষেত্রফল	$\frac{b}{4}\sqrt{4a^2 - b^2}$
বিষমবাহু ত্রিভূজের ক্ষেত্রফল	$\sqrt{s(s-a)(s-b)(s-c)}$, এখানে $s = \frac{a+b+c}{2}$
বর্গক্ষেত্রের ক্ষেত্রফল	a^2
বর্গক্ষেত্রের পরিসীমা	$4a$
রম্বসের ক্ষেত্রফল	$\frac{১}{২} \times$ কর্ণদ্বয়ের গুণফল
রম্বসের পরিসীমা	$4a$
আয়তক্ষেত্রের ক্ষেত্রফল	দৈর্ঘ্য $\times$ প্রস্থ
আয়তক্ষেত্রের পরিসীমা	২(দৈর্ঘ্য + প্রস্থ)
সামান্তরিকের ক্ষেত্রফল	ভূমি $\times$ উচ্চতা / কর্ণ $\times$ কৌণিক বিন্দু হতে কর্ণের লম্বের দৈর্ঘ্য

পরিমাপ
১২ ইঞ্চি = ১ ফুট
৩ ফুট = ১ গজ
১৭৬০ গজ = ১ মাইল
১ মিটার = ৩৯.৩৭ ইঞ্চি (প্রায়)
১ ইঞ্চি = ২.৫৪ সে.মি (প্রায়)
১ কি.মি = ০.৬২ মাইল (প্রায়)
১ মাইল = ১.৬১ কি.মি (প্রায়)
১ একর = ৪০৪৬.৮৬ বর্গমিটার (প্রায়)
১ একর = ৪৮৪০ বর্গগজ
১ বর্গমাইল = ৬৪০ একর
১ হেক্টর = ২.৪৭ একর (প্রায়)
১ কিলোগ্রাম = ১০০০ গ্রাম
১০০ কিলোগ্রাম = ১ কুইন্টাল
১০০০ কিলোগ্রাম বা ১০ কুইন্টাল = ১ মেট্রিক টন

বৃত্ত

ব্যাসার্ধ = r

ব্যাস = 2r

বৃত্তের পরিধি = $2\pi r$, যেখানে, $\pi = \frac{22}{7}$ or 3.1416

বৃত্তের ক্ষেত্রফল = πr^2

ঘনক

কোন ঘনকের দৈর্ঘ্য = প্রস্থ = উচ্চতা = a একক

ঘনকের আয়তন $= a^3$

ঘনকের সমগ্র তলের ক্ষেত্রফল $= 6a^2$

ঘনকের পৃষ্ঠতলের ক্ষেত্রফল $= 4a^2$

ঘনকের পৃষ্ঠতলের কর্ণের দৈর্ঘ্য $= a\sqrt{2}$

ঘনকের কর্ণের দৈর্ঘ্য $= a\sqrt{3}$

আয়তাকার ঘনবস্তু

আয়তকার ঘনবস্তুর দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা যথাক্রমে a, b ও c হলে-

আয়তকার ঘনবস্তুর আয়তন = abc

আয়তাকার ঘনবস্তুর সমগ্র তলের ক্ষেত্রফল=2(ab+bc+ca)

আয়তাকার ঘনবস্তুর কর্ণ = $\sqrt{a^2 + b^2 + c^2}$

বেলন

বেলনের উচ্চতা h এবং ব্যাসার্ধ r হলে-

ভূমির ক্ষেত্রফল $= \pi r^2$

বক্রপৃষ্ঠের ক্ষেত্রফল $= 2\pi rh$

সমগ্র তলের ক্ষেত্রফল/পৃষ্ঠতলের ক্ষেত্রফল = $2\pi r (r + h)$

আয়তন = $\pi r^2 h$

Forma 7/A

সমস্যা (১) পাড়সহ একটি পুকুরের দৈর্ঘ্য ৮০ মিটার ও প্রস্থ ৫০ মিটার। যদি পুকুরের প্রত্যেক পাড়ের বিস্তার ৪ মিটার হয়, তবে পুকুরপাড়ের ক্ষেত্রফল কত?

সমস্যা (২) একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য ও প্রস্থ যথাক্রমে ৬০ মিটার, ৪০ মিটার। এর ভিতরে চতুর্দিকে ২ মিটার চওড়া রাস্তা আছে। রাস্তাটির ক্ষেত্রফল নির্ণয় করুন।

সমস্যা (৩) একটি পুকুরের দৈর্ঘ্য ৬০ মিটার এবং প্রস্থ ৪০ মিটার। পুকুরের পাড়ের বিস্তার ৩ মিটার হলে, পুকুরের পাড়ের ক্ষেত্রফল নির্ণয় করুন।

সমস্যা (৪) ১৮০ ফুট দৈর্ঘ্য এবং ১২০ ফুট প্রস্থবিশিষ্ট একটি আয়তাকার বাগানের চতুর্দিকে ১০ ফুট প্রস্থ বিশিষ্ট একটি রাস্তা রয়েছে। রাস্তাটির ক্ষেত্রফল কত?

সমস্যা (৫) একটি আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য ৪৮ মিটার এবং প্রস্থ ৩২ মিটার ৮০ সে. মি । ক্ষেত্রটির বাইরে চারদিকে ৩ মিটার বিস্তৃত একটি রাস্তা আছে। রাস্তাটির ক্ষেত্রফল কত?

সমস্যা (৬) ৪০ মিটার দৈর্ঘ্য এবং ৩০ মিটার প্রস্থবিশিষ্ট একটি মাঠের ঠিক মাঝে আড়াআড়িভাবে ১.৫ মিটার প্রশস্ত দুইটি রাস্তা আছে। রাস্তা দুইটির মোট ক্ষেত্রফল কত?

সমস্যা (৭) একটি বর্গাকার ক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য ৩০০ মিটার এবং বাইরে চারদিকে ৪ মিটার চওড়া একটি রাস্তা আছে। রাস্তাটির ক্ষেত্রফল কত?

সমস্যা (৮) ৮০ মিটার দৈর্ঘ্য ও ৬০ মিটার প্রস্থবিশিষ্ট একটি আয়তাকার বাগানের ভিতর চারদিকে ৪ মিটার প্রশস্ত একটি পথ আছে। প্রতি বর্গমিটার ৭.২৫ টাকা দরে ঐ পথ বাঁধানোর খরচ কত?

সমস্যা (৯) ২১ মিটার দীর্ঘ এবং ১৫ মিটার প্রস্থ একটি বাগানের বাইরে চারদিকে ২ মিটার প্রশস্ত একটি পথ আছে । প্রতি বর্গমিটারে ২.৭৫ টাকা দরে পথটিতে ঘাস লাগাতে মোট কত টাকা খরচ হবে?

সমস্যা (১০) আয়তাকার পানিপূর্ণ একটি ট্যাংকের দৈর্ঘ্য ৬ মিটার, প্রস্থ ৫ মিটার ও গভীরতা ২ মিটার। প্রতি বর্গমিটার ৭৭ টাকা হারে ট্যাংকের ভেতরের চার দেয়াল রং করতে কত টাকা প্রয়োজন?

সমস্যা (১১) 50 মিটার দৈর্ঘ্য এবং 40 মিটার প্রস্থবিশিষ্ট একটি আয়তাকার বাগানের ভিতরের চারদিকে সমান চওড়া একটি রাস্তা আছে । রাস্তাবাদে বাগানের ক্ষেত্রফল 1200 বর্গমিটার হলে, রাস্তাটি কত মিটার চওড়া?

সমস্যা (১২) বর্গাকার একটি মাঠের ভিতরে চারদিকে ৪ মিটার চওড়া একটি রাস্তা আছে। যদি রাস্তার ক্ষেত্রফল ১ হেক্টর হয়, তবে রাস্তা বাদে মাঠের ভিতরের ক্ষেত্রফল নির্ণয় করুন।

সমস্যা (১৩) একটি আয়তকার ঘরের পরিসীমা একটি বর্গাকার ঘরের পরিসীমার সমান। আয়তকার ঘরের দৈর্ঘ্য প্রস্থের ৩ গুণ। প্রতি বর্গমিটারে ৭৫ টাকা দরে ঘরের মেঝে কার্পেট দিয়ে মুড়তে মোট ১১০২৫ টাকা ব্যয় হয়। ঘরটির দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় করুন।

সমস্যা (১৪) একটি আয়তকার ঘরের পরিসীমা একটি বর্গাকার ঘরের পরিসীমার সমান। আয়তকার ঘরের দৈর্ঘ্য প্রস্থের ৩ গুণ। প্রতি বর্গমিটারে ৭৫ টাকা দরে ঘরের মেঝে কার্পেট দিয়ে মুড়তে মোট ১১০২৫ টাকা ব্যয় হয়। ৪০ সে.মি. বর্গাকার টাইলস দ্বারা বর্গাকার ঘরের মেঝে ঢাকতে কয়টি টাইলস লাগবে?

সমস্যা (১৫) একটি বর্গক্ষেত্রের পরিসীমা একটি আয়তাকার ক্ষেত্রের পরিসীমার সমান। আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য প্রস্থের তিনগুণ এবং ক্ষেত্রফল 768 বর্গমিটার। প্রতিটি 40 সে.মি বর্গাকার পাথর দিয়ে বর্গক্ষেত্রটি বাঁধতে মোট কতটি পাথর লাগবে।

সমস্যা (১৬) একটি বর্গক্ষেত্রের পরিসীমা একটি আয়তক্ষেত্রের পরিসীমার সমান। আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য প্রস্থের ৩ গুণ এবং ক্ষেত্রফল ৭৬৮ বর্গমিটার। বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য কত?

সমস্যা (১৭) ৪৮ মিটার দীর্ঘ একটি আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের ৩ গুণ। ঐ আয়তক্ষেত্রের পরিসীমার সমান পরিসীমা বিশিষ্ট একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফল কত হবে নির্ণয় কর।

সমস্যা (১৮) একটি ঘরের দৈর্ঘ্য, প্রস্থের ৩ গুণ। প্রতি বর্গমিটারে ৭.৫০ টাকা দরে ঘরের মেঝে কার্পেট দিয়ে মুড়তে মোট ১১০২.৫০ টাকা ব্যয় হয়। ঘরটির দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় করুন।

সমস্যা (১৯) আয়তাকার একটি ক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের ১.৫ গুণ। প্রতি বর্গমিটারে ১.৯০ টাকা দরে ঘাস লাগাতে ১০২৬০.০০ টাকা ব্যয় হয়। প্রতি মিটার ২.৫০ টাকা দরে ঐ মাঠের চারদিকে বেড়া দিতে মোট কত ব্যয় হবে?

সমস্যা (২০) ২০ মিটার দীর্ঘ একটি কামরার মেঝে কার্পেট দিয়ে ঢাকতে ৭৫০০.০০ টাকা খরচ হয়। যদি ঐ কামরাটির প্রস্থ ৪ মিটার কম হতো, তবে ৬০০০.০০ টাকা খরচ হতো। কামরাটির প্রস্থ কত?

সমস্যা (২১) একটি ঘরের মেঝে কার্পেট দিয়ে ঢাকতে মোট ৭২০০ টাকা খরচ হয়। ঘরটির প্রস্থ ৩ মিটার কম হলে ৫৭৬ টাকা কম খরচ হতো । ঘরটির প্রস্থ কত?

সমস্যা (২২) একটি আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের ৩ গুণ। এর চারিদিকে একবার প্রদক্ষিণ করলে ১ কিলোমিটার হাঁটা হয়। আয়তাকার ক্ষেত্রটির দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় করুন।

সমস্যা (২৩) একটি চৌবাচ্চায় ৮০০০ লিটার পানি ধরে। চৌবাচ্চাটির দৈর্ঘ্য ২.৫৬ মিটার এবং প্রস্থ ১.২৫ মিটার হলে, গভীরতা কত?

সমস্যা (২৪) একটি চৌবাচ্চার দৈর্ঘ্য ৫ মিটার, প্রস্থ ৪ মিটার এবং উচ্চতা ৩ মিটার। এ চৌবাচ্চাটি পানি দ্বারা পূর্ণ হলে, চৌবাচ্চাটিতে কত লিটার পানি আছে এবং পানির ওজন কত?

সমস্যা (২৫) বায়ু পানির তুলনায় ০.০০১২৯ গুণ ভারী । যে ঘরের দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা যথাক্রমে ১৬ মিটার, ১২ মিটার ও ৪ মিটার, তাতে কত কিলোগ্রাম বায়ু আছে?

সমস্যা (২৬) একটি ঘরের মেঝের দৈর্ঘ্য ৪ মিটার এবং প্রস্থ ৩.৫ মিটার । ঘরটির উচ্চতা ৩ মিটার এবং এর দেওয়ালগুলো ১৫ সে.মি পুরু হলে, চার দেওয়ালের আয়তন কত?

সমস্যা (২৭) একটি ঘরের ৩ টি দরজা এবং ৬টি জানালা আছে। প্রত্যেকটি দরজা ২ মিটার লম্বা এবং ১.২৫ মিটার চওড়া, প্রত্যেক জানালা ১.২৫ মিটার লম্বা এবং ১ মিটার চওড়া। ঐ ঘরের দরজা জানালা তৈরি করতে ৫ মিটার লম্বা ও ০.৬০ মিটার চওড়া কয়টি তক্তার প্রয়োজন?

সমস্যা (২৮) একটি দেওয়ালের দৈর্ঘ্য ২৫ মিটার, উচ্চতা ৬ মিটার এবং পুরুত্ব ৩০ সে.মি। একটি ইটের দৈর্ঘ্য ১০ সে.মি, প্রস্থ ৫ সে.মি এবং উচ্চতা ৩ সে.মি। দেওয়ালটি ইট দিয়ে তৈরি করতে প্রয়োজনীয় ইটের সংখ্যা নির্ণয় করুন।

সমস্যা (২৯) একটি বইয়ের দৈর্ঘ্য ২৫ সে.মি ও প্রস্থ ১৮ সে.মি। বইটির পৃষ্ঠাসংখ্যা ২০০ এবং প্রতি পাতা কাগজের পুরুত্ব ০.১ মি.মি হলে, বইটির আয়তন নির্ণয় করুন।

সমস্যা (৩০) একটি বাক্সের দৈর্ঘ্য ২ মিটার, প্রস্থ ১.৫ মিটার এবং উচ্চতা ১ মিটার। বাক্সটির আয়তন কত?

সমস্যা (৩১) একটি আয়তাকার লোহার টুকরার দৈর্ঘ্য ৮.৮ সে.মি, প্রস্থ ৬.৪ সে.মি ও উচ্চতা ২.৫ সে.মি। লোহা পানির তুলনায় ৭.৫ গুণ ভারী। লোহার টুকরার ওজন নির্ণয় করুন।

সমস্যা (৩২) লোহা পানির তুলনায় ৭.৫ গুণ ভারি। একখন্ড লোহার পাত ৩ মিটার লম্বা, ২ মিটার চওড়া ও ১ সে.মি পুরু। লোহার পাতের ওজন কত?

সমস্যা (৩৩) আয়তাকার একটি ক্ষেত্রের ক্ষেত্রফল ১০ একর এবং তার দৈর্ঘ্য প্রস্থের ৪ গুণ । ক্ষেত্রটির দৈর্ঘ্য কত মিটার?

সমস্যা (৩৪) একটি আয়তাকার ঘরের মেঝের ক্ষেত্রফল 192 বর্গমিটার। মেঝের দৈর্ঘ্য 4 মিটার কমালে ও প্রস্থ 4 মিটার বাড়ালে ক্ষেত্রফল অপরিবর্তিত থাকে । মেঝের দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় করুন।

সমস্যা (৩৫) একটি আয়তাকার কক্ষের ক্ষেত্রফল 192 বর্গ মিটার। এর দৈর্ঘ্য 4 মিটার কমালে ও প্রস্থ 4 মিটার বাড়ালে ক্ষেত্রফল অপরিবর্তিত থাকে। আয়তকার কক্ষের সমান পরিসীমা বিশিষ্ট বর্গাকার কক্ষের ক্ষেত্রফল কত?

সমস্যা (৩৬) একটি সমকোণী ত্রিভুজের অতিভুজের দৈর্ঘ্য 15 সে.মি ও অপর বাহুদ্বয়ের দৈর্ঘ্যের অন্তর 3 সে.মি। ঐ বাহুদ্বয়ের দৈর্ঘ্য নির্ণয় কর।

সমস্যা (৩৭) একটি সমকোণী ত্রিভুজের ভূমির দৈর্ঘ্য লম্ব অপেক্ষা 1 মিটার কম এবং লম্ব অপেক্ষা অতিভুজ 1 মিটার বেশি হলে ত্রিভুজটির অতিভুজের দৈর্ঘ্য কত মিটার?

সমস্যা (৩৮) একটি ত্রিভুজের তিন দিকের দৈর্ঘ্য যথাক্রমে 18 মিটার, 24 মিটার ও 30 মিটার। প্রতি বর্গ মিটারে 1.25 টাকা হিসেবে ঐ ত্রিভুজ আকৃতির জায়গাতে ঘাস লাগাতে কত খরচ হবে?

সমস্যা (৩৯) একটি আয়তাকার বাগানের প্রস্থের দ্বিগুণ, দৈর্ঘ্য অপেক্ষা 10 মিটার বেশি এবং বাগানটির পরিসীমা 100 মিটার। বাগানটির দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় কর।

সমস্যা (৪০) একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 5 মিটার কম ও প্রস্থ 3 মিটার বেশি হলে ক্ষেত্রফল 9 বর্গমিটার কম হবে। আবার দৈর্ঘ্য 3 মিটার বেশি ও প্রস্থ 2 মিটার বেশি হলে ক্ষেত্রফল 67 বর্গমিটার বেশি হবে। ক্ষেত্রফলটির দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় কর।

সমস্যা (৪১) একটি সমবাহু ত্রিভুজের প্রত্যেক বাহুর দৈর্ঘ্য 1 মিটার বাড়ালে ক্ষেত্রফল $3\sqrt{3}$ বর্গমিটার বেড়ে যায়। ত্রিভুজটির বাহুর দৈর্ঘ্য নির্ণয় করুন।

সমস্যা (৪২) একটি সমদ্বিবাহু ত্রিভুজের ভূমির দৈর্ঘ্য ৬০ সে.মি। এর ক্ষেত্রফল ১২০০ বর্গ সে.মি হলে সমান সমান বাহুর দৈর্ঘ্য নির্ণয় কর।

সমস্যা (৪৩) একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য প্রস্থের $\frac{3}{2}$ গুণ । এর ক্ষেত্রফল 384 বর্গমিটার হলে, পরিসীমা ও কর্ণের দৈর্ঘ্য নির্ণয় করুন।

সমস্যা (৪৪) একটি আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য বিস্তারের দ্বিগুণ। এর ক্ষেত্রফল 512 বর্গমিটার হলে, পরিসীমা নির্ণয় করুন।

সমস্যা (৪৫) একটি আয়তাকার ঘরের প্রস্থ তার দৈর্ঘ্যর $\frac{3}{4}$ অংশ। ঘরটির পরিসীমা ৪০ মিটার হলে তার ক্ষেত্রফল কত?

সমস্যা (৪৬) একটি আয়তক্ষেত্রের পরিসীমা 36 মিটার এবং ক্ষেত্রফল 80 বর্গমিটার হলে, তার দৈর্ঘ্য ও প্রস্থ কত মিটার?

সমস্যা (৪৭) একটি আয়তাকার ক্ষেত্রফর 2000 বর্গমিটার । যদি এর দৈর্ঘ্য 10 মিটার কম হত তাহলে এটি একটি বর্গক্ষেত্র হত। আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় করুন।

সমস্যা (৪৮) যদি কোনো বর্গক্ষেত্রের প্রত্যেক বাহুর পরিমাণ 10% বৃদ্ধি পায়, তবে তার ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি পাবে?

সমস্যা (৪৯) একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 10% বৃদ্ধি এবং প্রস্থ 10% হ্রাস পেলে আয়তক্ষেত্রের ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি বা হ্রাস পাবে?

সমস্যা (৫০) একটি রম্বসের একটি কর্ণ 10 মিটার এবং ক্ষেত্রফল ১২০ বর্গমিটার হলে রম্বসের পরিসীমা কত?

বৃত্ত, আয়তকার ঘনবস্তু, ঘনক ও বেলন

সমস্যা (৫১) একটি বৃত্তের ব্যাস 26 সে.মি হলে, এর পরিধি নির্ণয় করুন।

সমস্যা (৫২) 9.8 মি. ব্যাসের বৃত্তাকার একটি বাগানের ক্ষেত্রফল কত?

সমস্যা (৫৩) একটি বৃত্তের ব্যাস ও পরিধির পার্থক্য 90 সে.মি হলে, বৃত্তের ব্যাসার্ধ নির্ণয় করুন।

সমস্যা (৫৪) একটি বৃত্তাকার মাঠকে ঘিরে একটি রাস্তা আছে। রাস্তাটির ভিতরের পরিধি অপেক্ষা বাইরের পরিধি 44 মিটার বেশি। রাস্তাটির চওড়া নির্ণয় কর।

সমস্যা (৫৫) দুইটি সমকেন্দ্রিক বৃত্তের ব্যাসার্ধ যথাক্রমে 9 সে.মি ও 4 সে.মি। বৃত্তদ্বয়ের পরিধির মধ্যবর্তী এলাকার ক্ষেত্রফল কত?

সমস্যা (৫৬) খুটির সাথে বাঁধা একটি গরুর গলার দড়ির দের্ঘ্য 7 মিটার হতে 14 মিটারে উন্নীত করা হলো। গরুটির পূর্বের চেয়ে কত বর্গমিটার বেশি এলাকার ঘাস খেতে পারবে?

সমস্যা (৫৭) একটি বৃত্তাকার মাঠের ব্যাস 124 মিটার। মাঠের সীমান ঘেঁষে 6 মিটার চওড়া একটি রাস্তা আছে। রাস্তার ক্ষেত্রফল নির্ণয় করুন।

সমস্যা (৫৮) একটি বৃত্তের ব্যাসার্ধ 12 সে.মি. এবং বৃত্তচাপের দৈর্ঘ্য 14 সে.মি. । বৃত্তচাপটি কেন্দ্রে যে কোণ উৎপন্ন করে তা নির্ণয় করুন।

সমস্যা (৫৯) একটি চাকারব্যাস ৪.৫ মিটার। চাকাটি ৩৬০ মিটার পথ অতিক্রম করতে কত বার ঘুরবে?

সমস্যা (৬০) 211 মিটার 20 সে.মি. যেতে দুইটি চাকা যথাক্রমে 32 এবং 48 বার ঘুরলো। চাকা দুইটির ব্যাসার্ধের অন্তর নির্ণয় করুন।

সমস্যা (৬১) একটি বৃত্তের ব্যাসার্ধ 14 সে.মি.। একটি বর্গের ক্ষেত্রফল উক্ত বৃত্তের ক্ষেত্রফলের সমান। বর্গক্ষেত্রটির বাহুর দৈর্ঘ্য নির্ণয় করুন।

সমস্যা (৬২) একটি বৃত্তক্ষেত্রের ক্ষেত্রফল একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফলের সমান হলে, এদের পরিসীমার অনুপাত নির্ণয় করুন।

সমস্যা (৬৩) একটি আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা যথাক্রমে, 25 সে.মি, 20 সে.মি এবং 15 সে.মি। এর সমগ্র তলের ক্ষেত্রফল, আয়তন এবং কর্ণের দৈর্ঘ্য নির্ণয় করুন।

সমস্যা (৬৪) একটি ঘনকের সম্পূর্ণ পৃষ্ঠের ক্ষেত্রফল ৯৬ বর্গমিটার। এর কর্ণের দৈর্ঘ্য নির্ণয় করুন।

সমস্যা (৬৫) কোন ঘনকের পৃষ্ঠতলের কর্ণের দৈর্ঘ্য $8\sqrt{2}$ সে.মি. হলে, এর কর্ণের দৈর্ঘ্য ও আয়তন নির্ণয় করুন।

সমস্যা (৬৬) একটি সমবৃত্তভূমিক বেলনের উচ্চতা 10 সে.মি. এবং ভূমির ব্যাসার্ধ 7 সে. মি হলে, এর আয়তন এবং সম্পূর্ণ পৃষ্ঠের ক্ষেত্রফল নির্ণয় করুন।

সমস্যা (৬৭) একটি সমবৃত্ত বেলনের ব্যাসার্ধ 4.5 সে.মি ও উচ্চতা 6 সে.মি। বেলনটির বক্রপৃষ্ঠের ক্ষেত্রফল নির্ণয় করুন। ($\pi = 3.14$)

সমস্যা সমাধান

সমস্যা (১) **পাড়সহ একটি পুকুরের দৈর্ঘ্য ৮০ মিটার ও প্রস্থ ৫০ মিটার। যদি পুকুরের প্রত্যেক পাড়ের বিস্তার ৪ মিটার হয়, তবে পুকুরপাড়ের ক্ষেত্রফল কত?**

সমাধান দেওয়া আছে, দৈর্ঘ্য ৮০ মিটার ও প্রস্থ ৫০ মিটার

পাড় বাদে পুকুরের দৈর্ঘ্য = {৮০ − (৪ × ২)} মিটার
= ৭২ মিটার

পাড় বাদে পুকুরের প্রস্থ = {৫০ − (৪ × ২)} মিটার
= ৪২ মিটার

এখন পাড়সহ পুকুরের ক্ষেত্রফল = (৮০ × ৫০) বর্গমিটার
= ৪০০০ বর্গমিটার

এবং পাড়বাদে পুকুরের ক্ষেত্রফল = (৭২ × ৪২) বর্গমিটার
= ৩০২৪ বর্গমিটার

∴ পুকুরপাড়ের ক্ষেত্রফল = (৪০০০ − ৩০২৪) বর্গমিটার
= ৯৭৬ বর্গমিটার

উত্তর: ৯৭৬ বর্গমিটার

☑ অনুরূপ: পাড়সহ পুকুরের দৈর্ঘ্য ৭০ মিটার এবং প্রস্থ ৬০ মিটার যদি পুকুরের প্রত্যেক পাড়ের বিস্তার ৪ মিটার হয়, তবে পুকুরের পাড়ের ক্ষেত্রফল কত? উত্তর: ৯৭৬ মিটার

সমস্যা (২) **একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য ও প্রস্থ যথাক্রমে ৬০ মিটার, ৪০ মিটার। এর ভিতরে চতুর্দিকে ২ মিটার চওড়া রাস্তা আছে। রাস্তাটির ক্ষেত্রফল নির্ণয় করুন।**

সমাধান দেওয়া আছে, দৈর্ঘ্য ৬০ মিটার ও প্রস্থ ৪০ মিটার

রাস্তাবাদে বাগানের দৈর্ঘ্য = {৬০ − (২ × ২)} মিটার
= ৫৬ মিটার

রাস্তাবাদে বাগানের প্রস্থ = {৪০ − (২ × ২)} মিটার
= ৩৬ মিটার

রাস্তাসহ বাগানের ক্ষেত্রফল = (৬০ × ৪০) বর্গমিটার
= ২৪০০ বর্গমিটার

রাস্তা বাদে বাগানের ক্ষেত্রফল = (৫৬ ×৩৬) বর্গমিটার
= ২০১৬ বর্গমিটার

∴ রাস্তাটির ক্ষেত্রফল = (২৪০০ − ২০১৬) বর্গমিটার
= ৩৮৪ বর্গমিটার

∴ রাস্তার ক্ষেত্রফল ৩৮৪ বর্গমিটার।

উত্তর: ৩৮৪ বর্গমিটার।

☑ অনুরূপ: একটি আয়তাকর বাগানের দৈর্ঘ্য ৩২ মিটার এবং প্রস্থ ২৪ মিটার । এর ভিতরে চারদিকে ২ মিটার চওড়া একটি রাস্তা আছে। রাস্তাটির ক্ষেত্রফল নির্ণয় করুন। উত্তর: ২০৮ বর্গমিটার

☑ অনুরূপ: একটি আয়তাকর বাগানের দৈর্ঘ্য ১৬ মিটার এবং প্রস্থ ১২ মিটার । এর ভিতরে চারদিকে ২ মিটার প্রশস্থ একটি রাস্তা আছে। রাস্তার ক্ষেত্রফল কত। উত্তর: ৯৬ বর্গমিটার

☑ অনুরূপ: একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য ৮০ মিটার ও প্রস্থ ৩০ মিটার। বাগানের ভিতরে সীমানার পাশ দিয়ে ২০০ সেন্টিমিটার চওড়া রাস্তা আছে। রাস্তাটির ক্ষেত্রফল কত? উত্তর: ৪২৪ বর্গমিটার

☑ অনুরূপ: একটি জমির দৈর্ঘ্য ৮০ মিটার এবং প্রস্থ ৬০ মিটার। ঐ জমির মাঝে একটি পুকুর খনন করা হলো। যদি পুকুরের প্রত্যেক পাড়ের বিস্তার ৪ মিটার হয়, তবে পুকুরের পাড়ের ক্ষেত্রফল নির্ণয় করুন। উত্তর: ১০৫৬ বর্গমিটার

সমস্যা (৩) **একটি পুকুরের দৈর্ঘ্য ৬০ মিটার এবং প্রস্থ ৪০ মিটার। পুকুরের পাড়ের বিস্তার ৩ মিটার হলে, পুকুরের পাড়ের ক্ষেত্রফল নির্ণয় করুন।**

সমাধান দেওয়া আছে, দৈর্ঘ্য ৬০ মিটার ও প্রস্থ ৪০ মিটার

পাড় সহ পুকুরের দৈর্ঘ্য = {৬০ + (৩ × ২)} মিটার
= ৬৬ মিটার

পাড় সহ পুকুরের প্রস্থ = {৪০ + (৩ × ২)} মিটার
= ৪৬ মিটার

এখন পাড়সহ পুকুরের ক্ষেত্রফল = (৬৬ × ৪৬) বর্গমিটার
= ৩০৩৬ বর্গমিটার

পুকুরটির ক্ষেত্রফল = (৬০ × ৪০) বর্গমিটার
= ২৪০০ বর্গমিটার

∴ পুকুরপাড়ের ক্ষেত্রফল = (৩০৩৬ − ২৪০০) বর্গমিটার
= ৬৩৬ বর্গমিটার

উত্তর: ৬৩৬ বর্গমিটার

☑ অনুরূপ: ৮০ ফুট দীর্ঘ ও ৭০ ফুট প্রস্থ একটি বাগানের বাহিরের চতুর্দিকে ৫ ফুট প্রস্থ একটি রাস্তা আছে? রাস্তাটির ক্ষেত্রফল কত হবে? উত্তর: ১৬০০ বর্গফুট

সমস্যা (৪) **১৮০ ফুট দৈর্ঘ্য এবং ১২০ ফুট প্রস্থবিশিষ্ট একটি আয়তাকার বাগানের চতুর্দিকে ১০ ফুট প্রস্থ বিশিষ্ট একটি রাস্তা রয়েছে। রাস্তাটির ক্ষেত্রফল কত?**

সমাধান দেওয়া আছে, দৈর্ঘ্য ১৮০ ফুট ও প্রস্থ ১২০ ফুট

বাগানের ক্ষেত্রফল = (১৮০ × ১২০) বর্গ ফুট
= ২১৬০০ বর্গ ফুট

রাস্তাসহ দৈর্ঘ্য = {১৮০ + (১০ × ২)} ফুট
= ২০০ ফুট

রাস্তাসহ প্রস্থ = {১২০ + (১০ × ২)} ফুট
= ১৪০ ফুট

এখন রাস্তাসহ ক্ষেত্রফল = (২০০ × ১৪০) বর্গফুট
= ২৮০০০ বর্গফুট

∴ রাস্তাটির ক্ষেত্রফল = (২৮০০০ − ২১৬০০) বর্গ ফুট
= ৬৪০০ বর্গ ফুট

উত্তর: ৬৪০০ বর্গ ফুট

☑ অনুরূপ: একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য ৪০ মিটার ও প্রস্থ ৩০ মিটার। এর চতুর্দিকে ১ মিটার চওড়া একটি রাস্তা । রাস্তাটির ক্ষেত্রফল কত? উত্তর: ১৪৪ বর্গমিটার

☑ অনুরূপ: একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য ৫০ মিটার এবং প্রস্থ ৩০ মিটার। বাগানের চারদিকে ২ মিটার চওড়া রাস্তা আছে। রাস্তাটির ক্ষেত্রফল কত? উত্তর: ৩৩৬ বর্গমিটার

☑ অনুরূপ: একটি বাগানের দৈর্ঘ্য ৫০ গজ এবং প্রস্থ ৪০ গজ। বাগানের চারদিকে ১০ ফুট চওড়া একটি রাস্তা আছে। রাস্তার ক্ষেত্রফল নির্ণয় করুন। উত্তর: ৫৮০০ বর্গফুট

☑ অনুরূপ: একটি বাগানের দৈর্ঘ্য ২৪ মিটার এবং প্রস্থ ২০ মিটার। বাগানটির চারদিকে ২ মিটার চওড়া একটি রাস্তা আছে। প্রতি বর্গ মিটার রাস্তায় ঘাস লাগাতে ৬ টাকা খরচ হলে সম্পূর্ণ রাস্তায় ঘাস লাগাতে কত টাকা খরচ হবে? উত্তর: ১১৫২ বর্গমিটার।

☑ অনুরূপ: ১২০ ফুট দৈর্ঘ্য এবং ১০০ ফুট প্রস্থ বিশিষ্ট বাগানের চারপাশে ৫ ফুট প্রস্থের একটি রাস্তা নিমার্ণ করা হবে। ১ ফুট বাই ১ ফুট সাইজের টাইলস ব্যবহ ার করা হলে রাস্তা নির্মাণে মোট কতটি টাইলস প্রয়োজন হবে? উত্তর: ২৩০০টি

সমস্যা (৫) একটি আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য ৪৮ মিটার এবং প্রস্থ ৩২ মিটার ৮০ সে. মি । ক্ষেত্রটির বাইরে চারদিকে ৩ মিটার বিস্তৃত একটি রাস্তা আছে। রাস্তাটির ক্ষেত্রফল কত?

সমাধান দেয়া আছে, আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য ৪৮ মিটার এবং প্রস্থ ৩২ মিটার ৮০ সে.মি. = ৩২ মি. + ০.৮০ মি. = ৩২.৮০ মিটার

∴ আয়তাকার ক্ষেত্রের ক্ষেত্রফল = ৪৮ মিটার × ৩২.৮ মিটার
= (৪৮ × ৩২.৮) বর্গমিটার
= ১৫৭৪.৪ মিটার

রাস্তাসহ ক্ষেত্রটির দৈর্ঘ্য = (৪৮ + ৩ × ২) মিটার বা, ৫৪ মিটার

এবং " " প্রস্থ = (৩২.৮ + ৩ × ২) মিটার বা, ৩৮.৮ মিটার

∴ রাস্তাসহ ক্ষেত্রটির ক্ষেত্রফল = (৫৪ মিটার × ৩৮.৮) বর্গ মিটার
= (৫৪ × ৩৮.৮) বর্গ মিটার
= ২০৯৫.২ বর্গ মিটার।

∴ রাস্তার ক্ষেত্রফল = (২০৯৫.২ − ১৫৭৪.৪) বর্গ মিটার
= ৫২০.৮ বর্গ মিটার

উত্তর: ক্ষেত্রফল ৫২০.৮ বর্গ মিটার।

সমস্যা (৬) ৪০ মিটার দৈর্ঘ্য এবং ৩০ মিটার প্রস্থবিশিষ্ট একটি মাঠের ঠিক মাঝে আড়াআড়িভাবে ১.৫ মিটার প্রশস্ত দুইটি রাস্তা আছে। রাস্তা দুইটির মোট ক্ষেত্রফল কত?

সমাধান দৈর্ঘ্য বরাবর রাস্তাটির ক্ষেত্রফল= ৪০ × ১.৫ বর্গমিটার
= ৬০ বর্গমিটার

প্রস্থ বরাবর রাস্তাটির ক্ষেত্রফল = (৩০ − ১.৫) × ১.৫ বর্গমিটার
= ২৮.৫ × ১.৫ বর্গমিটার
= ৪২.৭৫ বর্গমিটার

অতএব, রাস্তাদ্বয়ের ক্ষেত্রফল = (৬০ + ৪২.৭৫) বর্গমিটার
= ১০২.৭৫ বর্গমিটার

উত্তর: রাস্তাদ্বয়ের মোট ক্ষেত্রফল ১০২.৭৫ বর্গমিটার।

বিকল্প সমাধান:

রাস্তাবাদে মাঠের দৈর্ঘ্য = (৪০ − ১.৫) মি. = ৩৮.৫ মি.

রাস্তাবাদে মাঠের প্রস্থ = (৩০ − ১.৫) মি. = ২৮.৫ মি.

রাস্তাবাদে মাঠের ক্ষেত্রফল = (৩৮.৫ × ২৮.৫) বর্গমিটার
= ১০৯৭.২৫ বর্গমিটার

রাস্তাসহ মাঠের ক্ষেত্রফল = (৪০ × ৩০) বর্গ মি.
= ১২০০ বর্গ মি.

∴ রাস্তাদ্বয়ের মোট ক্ষেত্রফল= (১২০০ − ১০৯৭.২৫) বর্গমিটার
= ১০২.৭৫ বর্গমিটার

উত্তর: ১০২.৭৫ বর্গমিটার।

☑ অনুরূপ: ৮০ ফুট দীর্ঘ এবং ৬০ ফুট বিস্তৃত একটি বাগানের ঠিক মাঝখানে ৫ ফুট বিস্তৃত দৈর্ঘ্য ও প্রস্থ বরাবর ২টি রাস্তা আছে। রাস্তার ক্ষেতফল কত এবং প্রতি বর্গফুট ২৫ টাকা হারে ঐ রাস্তা ঢালাই করতে কত খরচ হবে? উত্তর: রাস্তা ৬৭৫ বর্গফুট, খরচ হবে ১৬৮৭৫ টাকা।

সমস্যা (৭) একটি বর্গাকার ক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য ৩০০ মিটার এবং বাইরে চারদিকে ৪ মিটার চওড়া একটি রাস্তা আছে। রাস্তাটির ক্ষেত্রফল কত?

সমাধান দেওয়া আছে, বর্গাকার ক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য ৩০০ মিটার

∴ বর্গাকার ক্ষেত্রের ক্ষেত্রফল = (এক বাহুর দৈর্ঘ্য)^২ বর্গ একক
= (৩০০)^২ বর্গ মিটার
= ৯০০০০ বর্গমিটার

রাস্তাসহ বর্গকাার ক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য= (৩০০ + ৪ × ২) মিটার
= ৩০৮ মিটার

∴ রাস্তাসহ বর্গাকার ক্ষেত্রের ক্ষেত্রফল = (৩০৮)^২ বর্গমিটার
= ৯৪৮৬৪ বর্গমিটার

∴ রাস্তার ক্ষেত্রফল = (৯৪৮৬৪ - ৯০০০০) বর্গমিটার
= ৪৮৬৪ বর্গমিটার

উত্তর: ৪৮৬৪ বর্গমিটার।

☑ অনুরূপ: একটি বর্গাকৃতি বাগানের বাইরে চতুর্দিকে ২ মিটার করে রাস্তা আছে। বাগানের একটি বাহুর দৈর্ঘ্য ১০ মিটার হলে রাস্তার ক্ষেত্রফল কত? উত্তর: ৯৬ বর্গমিটার।

সমস্যা (৮) ৮০ মিটার দৈর্ঘ্য ও ৬০ মিটার প্রস্থবিশিষ্ট একটি আয়তাকার বাগানের ভিতর চারদিকে ৪ মিটার প্রশস্ত একটি পথ আছে। প্রতি বর্গমিটার ৭.২৫ টাকা দরে ঐ পথ বাঁধানোর খরচ কত?

সমাধান দেওয়া আছে, আয়তাকার বাগানের দৈর্ঘ্য = ৮০ মিটার
এবং প্রস্থ = ৬০ মিটার

∴ বাগানটির ক্ষেত্রফল = (৮০ × ৬০) বর্গমিটার
= ৪৮০০ বর্গমিটার

বাগানের ভিতর চারদিকে ৪ মিটার প্রশস্ত একটি পথ আছে

∴ পথ বাদে বাগানের দৈর্ঘ্য = ৮০ – (৪ × ২) মিটার
= ৭২ মিটার

∴ পথ বাদে বাগানের প্রস্থ = ৬০ – (৪ × ২) মিটার
= ৫২ মিটার

∴ পথ বাদে বাগানের ক্ষেত্রফল = (৭২ × ৫২) বর্গমিটার
= ৩৭৪৪ বর্গমিটার

∴ পথের ক্ষেত্রফল= (৪৮০০ – ৩৭৪৪) বর্গমিটার
= ১০৫৬ বর্গমিটার

১ বর্গমিটার পথ বাঁধানোর জন্য খরচ হয় ৭·২৫ টাকা

∴ ১০৫৬ ,, ,, ,, ,, (৭·২৫× ১০৫৬) টাকা
= ৭৬৫৬ টাকা

উত্তর: ৭৬৫৬ টাকা।

সমস্যা (৯) ২১ মিটার দীর্ঘ এবং ১৫ মিটার প্রস্থ একটি বাগানের বাইরে চারদিকে ২ মিটার প্রশস্ত একটি পথ আছে। প্রতি বর্গমিটারে ২.৭৫ টাকা দরে পথটিতে ঘাস লাগাতে মোট কত টাকা খরচ হবে?

সমাধান রাস্তাসহ বাগানের দৈর্ঘ্য = ২১ মি. + (২ + ২) মি. = ২৫ মি.
,, ,, প্রস্থ = ১৫ মি. + (২ + ২) মি. = ১৯ মি.

রাস্তাসহ বাগানের ক্ষেত্রফল = (২৫ × ১৯) বর্গমিটার
= ৪৭৫ বর্গমিটার

রাস্তাবাদে বাগানের ক্ষেত্রফল = (২১ × ১৫) বর্গমিটার
= ৩১৫ বর্গমিটার

∴ রাস্তার ক্ষেত্রফল = (৪৭৫ – ৩১৫) বর্গমিটার
= ১৬০ বর্গমিটার

ঘাস লাগানোর মোট খরচ = (১৬০ × ২.৭৫) টাকা
= ৪৪০.০০ টাকা

উত্তর : ৪৪০ টাকা।

☑ অনুরূপ: ২১ মিটার দীর্ঘ এবং ১৫ মিটার প্রস্থ একটি বাগানের বাইরে চারদিকে ৪ মিটার প্রশস্ত একটি পথ আছে। প্রতি বর্গ মিটারে ৫.৫০ টাকা দরে পথটিতে ঘাস লাগাতে মোট কত টাকা খরচ হবে? উত্তর: ১৯৩৬ টাকা

সমস্যা (১০) আয়তাকার পানিপূর্ণ একটি ট্যাংকের দৈর্ঘ্য ৬ মিটার, প্রস্থ ৫ মিটার ও গভীরতা ২ মিটার। প্রতি বর্গমিটার ৭৭ টাকা হারে ট্যাংকের ভেতরের চার দেয়াল রং করতে কত টাকা প্রয়োজন?

সমাধান চার দেয়ালের ক্ষেত্রফল = ২(দৈর্ঘ্য + প্রস্থ) × উচ্চতা
= ২(৬+৫)×২= ৪৪ বর্গমিটার

সুতরাং মোট খরচ হবে= ৪৪ × ৭৭ = ৩৩৮৮ টাকা

উত্তর: ৩৩৮৮ টাকা

সমস্যা (১১) 50 মিটার দৈর্ঘ্য এবং 40 মিটার প্রস্থবিশিষ্ট একটি আয়তাকার বাগানের ভিতরের চারদিকে সমান চওড়া একটি রাস্তা আছে । রাস্তাবাদে বাগানের ক্ষেত্রফল 1200 বর্গমিটার হলে, রাস্তাটি কত মিটার চওড়া?

সমাধান মনে করি, রাস্তাটি x মিটার চওড়া।

রাস্তা বাদে বাগানটির দৈর্ঘ্য $(50-2x)$ মিটার এবং প্রস্থ $(40-2x)$ মিটার

∴ রাস্তা বাদে বাগানটির ক্ষেত্রফল $=(50-2x)\times(40-2x)$ বর্গমিটার

প্রশ্নমতে, $(50-2x)\times(40-2x)=1200$

বা, $2000-80x-100x+4x^2=1200$

বা, $4x^2-180x+800=0$

বা, $x^2-45x+200=0$ [4 দিয়ে ভাগ করে]

বা, $x^2-5x-40x+200=0$

বা, $x(x-5)-40(x-5)=0$

বা, $(x-5)(x-40)=0$

∴ $x-5=0$ অথবা $x-40=0$

$x-5=0$ হলে, $x=5$

$x-40=0$ হলে, $x=40$

কিন্তু রাস্তাটি বাগানটির প্রস্থ 40 মিটার থেকে কম চওড়া হবে।

$x\neq 40$; ∴ $x=5$

উত্তর: রাস্তাটি 5 মিটার চওড়া।

সমস্যা (১২) বর্গাকার একটি মাঠের ভিতরে চারদিকে ৪ মিটার চওড়া একটি রাস্তা আছে। যদি রাস্তার ক্ষেত্রফল ১ হেক্টর হয়, তবে রাস্তা বাদে মাঠের ভিতরের ক্ষেত্রফল নির্ণয় করুন।

সমাধান মনে করি, বর্গাকার মাঠের দৈর্ঘ্য x মিটার।

∴ এর ক্ষেত্রফল x^2 বর্গমিটার

রাস্তাবাদে মাঠের দৈর্ঘ্য = $x-2\times4=(x-8)$ মিটার

রাস্তাবাদে মাঠের ক্ষেত্রফল= $(x-8)^2$ বর্গমিটার

সুতরাং রাস্তার ক্ষেত্রফল $= x^2 - (x-8)^2$ বর্গমিটার

আমরা জানি, 1 হেক্টর = 10000 বর্গমিটার

প্রশ্নানুসারে, $x^2 - (x-8)^2 = 10000$

বা, $x^2 - x^2 + 16x - 64 = 10000$

বা, $16x = 10064$ $\therefore x = 629$

রাস্তা বাদে বর্গাকার মাঠের ক্ষেত্রফল $= (629 - 8)^2$ বর্গমিটার

$= 385641$ বর্গমিটার $= 38.56$ হেক্টর (প্রায়)

উত্তর: 38.56 হেক্টর (প্রায়)

সমস্যা (১৩) **একটি আয়তকার ঘরের পরিসীমা একটি বর্গাকার ঘরের পরিসীমার সমান। আয়তকার ঘরের দৈর্ঘ্য প্রস্থের ৩ গুণ। প্রতি বর্গমিটারে ৭৫ টাকা দরে ঘরের মেঝে কার্পেট দিয়ে মুড়তে মোট ১১০২৫ টাকা ব্যয় হয়। ঘরটির দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় করুন।**

সমাধান মনে করি, আয়তাকার ঘরের প্রস্থ ক মিটার

সুতরাং দৈর্ঘ্য ৩ক মিটার

$\therefore$ ক্ষেত্রফল $= (৩ক \times ক)$ বর্গমিটার $= ৩ক^২$ বর্গমিটার

ঘরটিতে ৭৫ টাকা খরচ হয় ১ বর্গ মি. মেঝে মোড়াতে

" ১ " " " $\frac{১}{৭৫}$ " " "

" ১১০২৫" " " $\frac{১ \times ১১০২৫}{৭৫}$ " " "

$= ১৪৭$ বর্গ মি. মেঝে মোড়াতে

সুতরাং মেঝের ক্ষেত্রফল ১৪৭ বর্গ মিটার

প্রশ্নমতে, $৩ক^২ = ১৪৭$

বা, $ক^২ = \frac{১৪৭}{৩}$

বা, $ক^২ = ৪৯$

বা, $ক = \sqrt{৪৯}$ $= ৭$ মি.

সুতরাং ঘরটির প্রস্থ = ৭ মি.

সুতরাং ঘরটির দৈর্ঘ্য = ৩ ক. মি. $= (৩ \times ৭) = ২১$ মি.

উত্তর: দৈর্ঘ্য ২১ মি. এবং প্রস্থ ৭ মি

☑ অনুরূপ: একটি ঘরের দৈর্ঘ্য প্রস্থের ৩ গুণ । প্রতি বর্গমিটার ২.৫০ টাকা দরে ঘরটি কার্পেট দিয়ে ঢাকতে মোট ১১০২.৫০ টাকা ব্যয় হয়। ঘরের দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় করুন? উত্তর: দৈর্ঘ্য $২১\sqrt{৩}$ মি. এবং প্রস্থ $৭\sqrt{৩}$ মি.

সমস্যা (১৪) **একটি আয়তকার ঘরের পরিসীমা একটি বর্গাকার ঘরের পরিসীমার সমান। আয়তকার ঘরের দৈর্ঘ্য প্রস্থের ৩ গুণ। প্রতি বর্গমিটারে ৭৫ টাকা দরে ঘরের মেঝে কার্পেট দিয়ে মুড়তে মোট ১১০২৫ টাকা ব্যয় হয়। ৪০ সে.মি. বর্গাকার টাইলস দ্বারা বর্গাকার ঘরের মেঝে ঢাকতে কয়টি টাইলস লাগবে?**

সমাধান মনে করি, আয়তাকার ঘরের প্রস্থ ক মিটার

সুতরাং দৈর্ঘ্য ৩ক মিটার

অতএব, ক্ষেত্রফল $= (৩ক \times ক)$ বর্গমিটার

$= ৩ক^২$ বর্গমিটার

ঘরটিতে ৭৫ টাকা খরচ হয় ১ বর্গ মি. মেঝে মোড়াতে

" ১ " " " $\frac{১}{৭৫}$ " " "

" ১১০২৫" " " $\frac{১ \times ১১০২৫}{৭৫}$ " " "

$= ১৪৭$ বর্গ মি. মেঝে মোড়াতে

সুতরাং মেঝের ক্ষেত্রফল ১৪৭ বর্গ মিটার

প্রশ্নমতে, $৩ক^২ = ১৪৭$

বা, $ক^২ = \frac{১৪৭}{৩}$

বা, $ক^২ = ৪৯$

বা, $ক = \sqrt{৪৯} = ৭$ মি.

সুতরাং ঘরটির প্রস্থ = ৭ মি.

সুতরাং ঘরটির দৈর্ঘ্য = ৩ ক মি. $= (৩ \times ৭) = ২১$ মি.

আয়তাকার ঘরের পরিসীমা $= ২(২১ + ৭)$ মিটার $= ৫৬$ মিটার

বর্গাকার ঘরের পরিসীমা = ৫৬ মিটার

বর্গাকার ঘরের বাহুর দৈর্ঘ্য $\frac{৫৬}{৪}$ মিটার $= ১৪$ মিটার

বর্গক্ষেত্রের মেঝের ক্ষেত্রফল $= ১৪ \times ১৪ = ১৯৬$ বর্গমিটার

একটি বর্গাকার পাথরের ক্ষেত্রফল ৪০ সে.মি. $\times$ ৪০ সে.মি.

$= ০.৪$ মিটার $\times ০.৪$ মিটার $= ০.১৬$ বর্গমিটার

অতএব বর্গাকার ঘরের মেঝে ঢাকতে টাইলস লাগবে $= \frac{১৯৬}{০.১৬} = ১২২৫$টি।

উত্তর : ১২২৫টি।

সমস্যা (১৫) **একটি বর্গক্ষেত্রের পরিসীমা একটি আয়তাকার ক্ষেত্রের পরিসীমার সমান। আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য প্রস্থের তিনগুণ এবং ক্ষেত্রফল 768 বর্গমিটার। প্রতিটি 40 সে.মি বর্গাকার পাথর দিয়ে বর্গক্ষেত্রটি বাঁধতে মোট কতটি পাথর লাগবে।**

সমাধান মনে করি, আয়তক্ষেত্রের প্রস্থ = x মিটার

$\therefore$ প্রশ্নানুসারে, আয়তক্ষেত্রের দৈর্ঘ্য = 3x মিটার

$\therefore$ আয়তক্ষেত্রের ক্ষেত্রফল $= (3x \times x)$ বর্গমিটার $= 3x^2$ বর্গমিটার

প্রশ্নমতে, $3x^2 = 768$

বা, $x^2 = \frac{768}{3}$

বা, $x^2 = 256$

বা, $x = \sqrt{256} = 16$

অর্থাৎ আয়তক্ষেত্রের প্রস্থ = 16 মিটার

দৈর্ঘ্য = (3×16) মিটার = 48মিটার

∴ আয়তক্ষেত্রের পরিসীমা = 2(দৈর্ঘ্য + প্রস্থ) একক

= 2(48 + 16) মিটার

= (2 × 64) মিটার

এবং বর্গক্ষেত্রের পরিসীমা = 128 মিটার

∴ বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য = (128 ÷ 4) মিটার

= 32 মিটার

অতএব বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = $(32)^2$ বর্গমিটার

= 1024 বর্গমিটার

আবার, বর্গাকার পাথরের এক বাহু = 40 সে.মি. = 0.4 মিটার

∴ বর্গাকার পাথরের ক্ষেত্রফল = $(0.4)^2$ বর্গমিটার

= 0.16 বর্গমিটার

$$\therefore \text{পাথরের সংখ্যা} = \frac{\text{বর্গের ক্ষেত্রফল}}{\text{পাথরের ক্ষেত্রফল}}$$

$$= \frac{1024}{0.16} = 6,400\text{টি}$$

∴ বর্গক্ষেত্রটি বাঁধতে 6,400টি পাথর লাগবে।

উত্তর: 6,400টি পাথর

☑ অনুরূপ: একটি বর্গক্ষেত্রের পরিসীমা একটি আয়তাকার ক্ষেত্রের পরিসীমার সমান। আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য প্রস্থের ৩ গুণ এবং ক্ষেত্রফল ৭৬৮ বর্গমিটার। প্রতিটি ৮০ সে.মি বর্গাকার পাথর দিয়ে বর্গক্ষেত্রটি বাঁধতে মোট কতটি পাথর লাগবে। উত্তর: ১৬০০টি

সমস্যা (১৬) একটি বর্গক্ষেত্রের পরিসীমা একটি আয়তক্ষেত্রের পরিসীমার সমান। আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য প্রস্থের ৩ গুণ এবং ক্ষেত্রফল ৭৬৮ বর্গমিটার। বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য কত?

সমাধান ধরি, আয়তক্ষেত্রের প্রস্থ = x মিটার ও দৈর্ঘ্য=৩x মিটার

প্রশ্নমতে, $৩x^২ = ৭৬৮$

বা, $x^২ = ২৫৬$

∴ x = ১৬

∴ প্রস্থ ১৬ মিটার, দৈর্ঘ্য = ৩ × ১৬ = ৪৮ মিটার।

∴ আয়তক্ষেত্রের পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ)

= ২(৪৮ + ১৬) মিটার

= ১২৮ মিটার

$$\therefore \text{বর্গের বাহুর দৈর্ঘ্য} = \frac{১২৮}{৪} \text{ মিটার} = ৩২ \text{ মিটার}$$

উত্তর: ৩২ মিটার

সমস্যা (১৭) ৪৮ মিটার দীর্ঘ একটি আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের ৩ গুণ। ঐ আয়তক্ষেত্রের পরিসীমার সমান পরিসীমা বিশিষ্ট একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফল কত হবে নির্ণয় কর।

সমাধান যেহেতু ৪৮ মিটার দীর্ঘ একটি আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের ৩ গুণ ∴ প্রস্থ = (৪৮ ÷ ৩) মিটার = ১৬ মিটার

আমরা জানি,

আয়তক্ষেত্রের পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ)

= ২(৪৮ + ১৬) = ১২৮

আয়তক্ষেত্রের পরিসীমা সমান বর্গক্ষেত্রের পরিসীমা

∴ বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য = (১২৮ ÷ ৪) মিটার = ৩২ মিটার

সুতরাং বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = (৩২ × ৩২) বর্গমিটার = ১০২৪ বর্গমিটার

উত্তর : ১০২৪ বর্গমিটার।

সমস্যা (১৮) একটি ঘরের দৈর্ঘ্য, প্রস্থের ৩ গুণ। প্রতি বর্গমিটারে ৭.৫০ টাকা দরে ঘরের মেঝে কার্পেট দিয়ে মুড়তে মোট ১১০২.৫০ টাকা ব্যয় হয়। ঘরটির দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় করুন।

সমাধান ৭.৫০ টাকা খরচ হয় ১ বর্গমিটারে

$$\therefore \quad ১ \quad " \quad " \quad " \frac{১}{৭.৫০} "$$

$$\therefore \ ১১০২.৫০ " \quad " \quad " \frac{১ \times ১১০২.৫}{৭.৫০} "$$

= ১৪৭ বর্গমিটার

অর্থাৎ, ঘরের ক্ষেত্রফল ১৪৭ বর্গমিটার

মনে করি, প্রস্থ = ক মিটার

∴ দৈর্ঘ্য = ৩ক মিটার

∴ ক্ষেত্রফল = (দৈর্ঘ্য × প্রস্থ) বর্গ একক

= (৩ক × ক) বর্গমিটার = $৩ক^২$ বর্গমিটার

শর্তানুসারে,

$৩ক^২ = ১৪৭$

বা, $ক^২ = \frac{১৪৭}{৩}$

বা, $ক^২ = ৪৯$

∴ $ক = \sqrt{৪৯} = ৭$

অতএব, প্রস্থ=৭ মিটার, এবং দৈর্ঘ্য=(৩×৭)মিটার বা ২১ মিটার

উত্তর: দৈর্ঘ্য ২১ মিটার এবং প্রস্থ ৭ মিটার

সমস্যা (১৯) আয়তাকার একটি ক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের ১.৫ গুণ। প্রতি বর্গমিটারে ১.৯০ টাকা দরে ঘাস লাগাতে ১০২৬০.০০ টাকা ব্যয় হয়। প্রতি মিটার ২.৫০ টাকা দরে ঐ মাঠের চারদিকে বেড়া দিতে মোট কত ব্যয় হবে?

সমাধান ১·৯০ টাকা ব্যয় হয় ১ বর্গমিটারে

$\therefore$ ১ " " " $\frac{১}{১.৯০}$ "

$\therefore$ ১০২৬০ " " " $\frac{১ \times ১০২৬০ \times ১০০}{১৯০}$ "

= ৫৪০০ বর্গমিটারে

$\therefore$ আয়তাকার ক্ষেত্রটির ক্ষেত্রফল = ৫৪০০ বর্গমিটার

মনে করি, ক্ষেত্রটির প্রস্থ = ক মিটার

তাহলে ক্ষেত্রটির দৈর্ঘ্য = $\left(ক \times ১\frac{১}{২}\right)$ মিটার

= $\frac{৩ ক}{২}$ মিটার

প্রশ্নমতে, $ক \times \frac{৩ক}{২} = ৫৪০০$

বা, $৩ক^২ = ৫৪০০ \times ২$

বা, $ক^২ = \frac{৫৪০০ \times ২}{৩}$

বা, $ক^২ = ৩৬০০$

বা, $ক = \sqrt{৩৬০০}$

$\therefore$ ক = ৬০

$\therefore$ প্রস্থ = ৬০ মিটার এবং দৈর্ঘ্য $\frac{৩ \times ৬০}{২}$ মিটার = ৯০ মিটার

$\therefore$ মাঠের পরিসীমা = ২ (দৈর্ঘ্য + প্রস্থ)

= ২ × (৯০ + ৬০) মিটার

= ২ × ১৫০ মিটার

= ৩০০ মিটার।

১ মিটার বেড়া দিতে ব্যয় হয়= ২·৫০ টাকা

$\therefore$ ৩০০ " " " " " = (২·৫০ × ৩০০) টাকা

= ৭৫০ টাকা

$\therefore$ মোট খরচ হবে ৭৫০ টাকা উত্তর: ৭৫০ টাকা

সমস্যা (২০) ২০ মিটার দীর্ঘ একটি কামরার মেঝে কার্পেট দিয়ে ঢাকতে ৭৫০০.০০ টাকা খরচ হয়। যদি ঐ কামরাটির প্রস্থ ৪ মিটার কম হতো, তবে ৬০০০.০০ টাকা খরচ হতো। কামরাটির প্রস্থ কত?

সমাধান কামরার দৈর্ঘ্য ২০ মিটার। প্রস্থ ৪ মিটার কমলে ক্ষেত্রফল কমে (২০ মিটার × ৪ মিটার) = ৮০ বর্গমিটার

ক্ষেত্রফল ৮০ বর্গমিটার কমার জন্য খরচ কমে (৭৫০০ − ৬০০০) টাকা

= ১৫০০ টাকা

১৫০০ টাকা খরচ হয় ৮০ বর্গমিটারে

$\therefore$ ১ " " " $\frac{৮০}{১৫০০}$ "

$\therefore$ ৭৫০০ " " " $\frac{৮০ \times ৭৫০০}{১৫০০}$ "= ৪০০ বর্গমিটার

অতএব, কামরার ক্ষেত্রফল ৪০০ বর্গমিটার

$\therefore$ কামরাটির প্রস্থ = $\frac{\text{ক্ষেত্রফল}}{\text{দৈর্ঘ্য}} = \frac{৪০০}{২০}$ মিটার = ২০ মিটার

$\therefore$ কামরাটির প্রস্থ ২০ মিটার।

উত্তর: ২০ মিটার

বিকল্প সমাধান:

প্রস্থ ৪ মিটার কম হলে খরচ কম হয়= (৭৫০০-৬০০০) টাকা

= ১৫০০ টাকা

১৫০০ টাকা খরচ হয় ৪ মিটার প্রস্থে

১ " " " $\frac{৪}{১৫০০}$ " "

৭৫০০ " " " $\frac{৪ \times ৭৫০০}{১৫০০}$ " "

= ২০ মিটার প্রস্থে

উত্তর: প্রস্থ ২০ মিটার

☑ অনুরূপ: একটি ঘরের মেঝে কার্পেট দিয়ে মোড়াতে ৮০০ টাকা খরচ হয়। যদি ঘরটির দৈর্ঘ্য ১ মিটার কম হয় তবে খরচ হয় ৭০০ টাকা। ঘরের দৈর্ঘ্য নির্ণয় করুন। উত্তর: ৮ মিটার

সমস্যা (২১) একটি ঘরের মেঝে কার্পেট দিয়ে ঢাকতে মোট ৭২০০ টাকা খরচ হয়। ঘরটির প্রস্থ ৩ মিটার কম হলে ৫৭৬ টাকা কম খরচ হতো । ঘরটির প্রস্থ কত?

সমাধান মনে করি, ঘরটির দৈর্ঘ্য 'ক' মিটার।

প্রস্থ ৩ মিটার কমলে ক্ষেত্রফল কমে = (ক × ৩) বর্গমিটার

= ৩ক বর্গমিটার।

অর্থাৎ ৩ক বর্গমিটারে খরচ কমে ৫৭৬ টাকা।

৫৭৬ টাকা খরচ হয় ৩ক বর্গমিটারে

$\therefore$ ১ " " " $\frac{৩ক}{৫৭৬}$ বর্গমিটারে

$\therefore$ ৭২০০ " " " $\frac{৩ক \times ৭২০০}{৫৭৬}$ "

= $\frac{৭৫ক}{২}$ বর্গমিটারে

অতএব, মেঝের ক্ষেত্রফল $\frac{৭৫ক}{২}$ বর্গমিটারে

$\therefore$ ঘরটির প্রস্থ $= \frac{\text{ক্ষেত্রফল}}{\text{দৈর্ঘ্য}}$

$= \left(\frac{৭৫ক}{২} \div ক\right)$ মিটার

$= \frac{৭৫ক}{২ \times ক}$ মিটার $= ৩৭\cdot৫$ মিটার

উত্তর: প্রস্থ ৩৭.৫ মিটার

বিকল্প সমাধান:

৫৭৬ টাকা খরচ হয় ৩ মিটার প্রস্থে

১ " " " $\frac{৩}{৫৭৬}$ " "

৭২০০ " " " $\frac{৩ \times ৭২০০}{৫৭৬}$ " "

$= ৩৭.৫$ মিটার প্রস্থে

উত্তর: প্রস্থ ৩৭.৫ মিটার

☑ অনুরূপ: একটি ঘরের মেঝে কার্পেট দিয়ে ঢাকতে মোট ৪০০০ টাকা খরচ হয়। ঘরটির প্রস্থ ২.৫ মিটার কম হলে ৫০০ টাকা কম খরচ হত। ঘরটির প্রস্থ কত? উত্তর: প্রস্থ ২০ মিটার

সমস্যা (২২) একটি আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের ৩ গুণ। এর চারিদিকে একবার প্রদক্ষিণ করলে ১ কিলোমিটার হাঁটা হয়। আয়তাকার ক্ষেত্রটির দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় করুন।

সমাধান এখানে, ক্ষেত্রটির পরিসীমা= ১ কি.মি. = ১০০০ মিটার

আমরা জানি,

আয়তাকার ক্ষেত্রের পরিসীমা = ২× (দৈর্ঘ্য + প্রস্থ)

বা, ২ × (দৈর্ঘ্য + প্রস্থ) = ১০০০ মিটার

বা, দৈর্ঘ্য + প্রস্থ $= \frac{১০০০}{২}$ মিটার

বা, দৈর্ঘ্য + প্রস্থ = ৫০০ মিটার

মনে করি, প্রস্থ ক মিটার, তাহলে, দৈর্ঘ্য ৩ক মিটার

প্রশ্নমতে, ক + ৩ক = ৫০০

বা, ৪ক = ৫০০

বা, ক $= \frac{৫০০}{৪}$ $\therefore$ ক = ১২৫

$\therefore$ ক্ষেত্রের প্রস্থ ১২৫ মিটার এবং দৈর্ঘ্য (৩×১২৫) মিটার বা ৩৭৫ মিটার

উত্তর: দৈর্ঘ্য ৩৭৫ মিটার এবং প্রস্থ ১২৫ মিটার।

সমস্যা (২৩) একটি চৌবাচ্চায় ৮০০০ লিটার পানি ধরে। চৌবাচ্চাটির দৈর্ঘ্য ২.৫৬ মিটার এবং প্রস্থ ১.২৫ মিটার হলে, গভীরতা কত?

সমাধান চৌবাচ্চাটির তলার ক্ষেত্রফল = ২.৫৬ মিটার × ১.২৫ মিটার

= ২৫৬ সে.মি. × ১২৫ সে.মি.

= ৩২০০০ বর্গ সে.মি.

চৌবাচ্চায় ৮০০০ লিটার বা ৮০০০ × ১০০০ ঘন সে.মি. পানি ধরে। [১০০০ ঘন সে.মি. = ১ লিটার]

অতএব, চৌবাচ্চাটির আয়তন ৮০০০০০০ ঘন সে.মি.

$\therefore$ চৌবাচ্চাটির গভীরতা $= \frac{৮০০০০০০}{৩২০০০}$ সে.মি.

= ২৫০ সে.মি. = ২.৫ মিটার।

উত্তর: ২.৫ মিটার

সমস্যা (২৪) একটি চৌবাচ্চার দৈর্ঘ্য ৫ মিটার, প্রস্থ ৪ মিটার এবং উচ্চতা ৩ মিটার। এ চৌবাচ্চাটি পানি দ্বারা পূর্ণ হলে, চৌবাচ্চাটিতে কত লিটার পানি আছে এবং পানির ওজন কত?

সমাধান দেওয়া আছে,

চৌবাচ্চাটির দৈর্ঘ্য = ৫ মিটার = ৫০০ সে.মি.

" প্রস্থ = ৪ মিটার = ৪০০ সে.মি.

" উচ্চতা = ৩ মিটার = ৩০০ সে.মি.

চৌবাচ্চাটির আয়তন = (৫০০ × ৪০০ × ৩০০) ঘন সে.মি.

= ৬,০০,০০,০০০ ঘন সে.মি.

আমরা জানি,

১০০০ ঘন সে.মি. = ১ লিটার

১ " $= \frac{১}{১০০০}$ "

৬,০০,০০,০০০ " $= \frac{৬০০০০০০০}{১০০০}$ "

= ৬০,০০০ লিটার

$\therefore$ চৌবাচ্চাটিতে ৬০,০০০ লিটার পানি আছে।

আবার,

১ লিটার পানির ওজন ১ কিলোগ্রাম

$\therefore$ ৬০,০০০ " " (১ × ৬০,০০০) "

= ৬০,০০০ কিলোগ্রাম

সুতরাং চৌবাচ্চাটিতে ৬০,০০০ লিটার পানি আছে এবং পানির ওজন ৬০,০০০ কিলোগ্রাম।

উত্তর : ৬০০০০ লিটার এবং ৬০০০০ কিলোগ্রাম।

সমস্যা (২৫) বায়ু পানির তুলনায় ০.০০১২৯ গুণ ভারী । যে ঘরের দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা যথাক্রমে ১৬ মিটার, ১২ মিটার ও ৪ মিটার, তাতে কত কিলোগ্রাম বায়ু আছে?

সমাধান ঘরের আয়তন = দৈর্ঘ্য × প্রস্থ × উচ্চতা

= ১৬ মি. × ১২ মি. × ৪ মি.

= ৭৬৮ ঘনমিটার

= ৭৬৮ × ১০০০০০০ ঘন সে.মি.

= ৭৬৮০০০০০০ ঘন সে.মি.

বায়ু পানির তুলনায় ০.০০১২৯ গুণ ভারী।

∴ ১ ঘন সে.মি. বায়ুর ওজন = ০.০০১২৯ গ্রাম

অতএব, ঘরটিতে বায়ুর পরিমাণ = ৭৬৮০০০০০০ × ০.০০১২৯ গ্রাম

= ৯৯০৭২০ গ্রাম

= ৯৯০.৭২ কিলোগ্রাম

উত্তর : ঘরটিতে ৯৯০.৭২ কিলোগ্রাম বায়ু আছে।

সমস্যা (২৬) একটি ঘরের মেঝের দৈর্ঘ্য ৪ মিটার এবং প্রস্থ ৩.৫ মিটার । ঘরটির উচ্চতা ৩ মিটার এবং এর দেওয়ালগুলো ১৫ সে.মি পুরু হলে, চার দেওয়ালের আয়তন কত?

সমাধান দেওয়ালের পুরুত্ব ১৫ সে.মি. $= \frac{১৫}{১০০} = ০.১৫$ মিটার

দৈর্ঘ্যের দিকে ২টি দেওয়ালের ঘনফল

$= (৪ + ২ \times ০.১৫) \times ৩ \times ০.১৫ \times ২$ ঘনমিটার

$= ৪.৩ \times ৩ \times ০.১৫ \times ২$ ঘনমিটার

$= ৩.৮৭$ ঘনমিটার

প্রস্থের দিকে ২টি দেওয়ালের ঘনফল $= (৩.৫ \times ৩ \times ০.১৫ \times ২)$ ঘনমিটার

$= ৩.১৫$ ঘনমিটার

∴ দেওয়ালগুলোর মোট ঘনফল $= (৩.৮৭ + ৩.১৫)$ ঘনমিটার

$= ৭.০২$ ঘনমিটার

উত্তর: ঘনফল ৭.০২ ঘনমিটার।

সমস্যা (২৭) একটি ঘরের ৩ টি দরজা এবং ৬টি জানালা আছে। প্রত্যেকটি দরজা ২ মিটার লম্বা এবং ১.২৫ মিটার চওড়া, প্রত্যেক জানালা ১.২৫ মিটার লম্বা এবং ১ মিটার চওড়া। ঐ ঘরের দরজা জানালা তৈরি করতে ৫ মিটার লম্বা ও ০.৬০ মিটার চওড়া কয়টি তক্তার প্রয়োজন?

সমাধান ৩টি দরজার ক্ষেত্রফল $= (২ \times ১.২৫) \times ৩$ বর্গমিটার

$= ৭.৫$ বর্গমিটার

৬টি দরজার ক্ষেত্রফল $= (১.২৫ \times ১) \times ৬$ বর্গমিটার

$= ৭.৫$ বর্গমিটার

দরজা ও জানালার মোট ক্ষেত্রফল $= (৭.৫ + ৭.৫)$ বর্গমিটার

$= ১৫$ বর্গমিটার

একটি তক্তার ক্ষেত্রফল $= (৫ \times ০.৬)$ বর্গমিটার $= ৩$ বর্গমিটার

নির্ণেয় তক্তার সংখ্যা = দরজা ও জানালার মোট ক্ষেত্রফল ÷ তক্তার ক্ষেত্রফল

$= ১৫ \div ৩ = ৫$

উত্তর: তক্তার সংখ্যা ৫টি।

সমস্যা (২৮) একটি দেওয়ালের দৈর্ঘ্য ২৫ মিটার, উচ্চতা ৬ মিটার এবং পুরুত্ব ৩০ সে.মি। একটি ইটের দৈর্ঘ্য ১০ সে.মি, প্রস্থ ৫ সে.মি এবং উচ্চতা ৩ সে.মি। দেওয়ালটি ইট দিয়ে তৈরি করতে প্রয়োজনীয় ইটের সংখ্যা নির্ণয় করুন।

সমাধান দেওয়া আছে, দেওয়ালের দৈর্ঘ্য = ২৫ মিটার

দেওয়ালের প্রস্থ = ৬ মিটার এবং পুরুত্ব= ৩০ সে.মি = ০.৩ মি.

∴ দেওয়ালের আয়তন = (দৈর্ঘ্য × প্রস্থ × পুরুত্ব) ঘন একক

$= (২৫ \times ৬ \times ০.৩)$ ঘন মিটার

$= ৪৫$ ঘনমিটার

আবার, ১টি ইটের দৈর্ঘ্য = ১০ সে.মি = ০.১ মিটার

প্রস্থ = ৫ সে.মি = ০.০৫ মিটার

উচ্চতা = ৩ সে.মি = ০.০৩ মিটার

∴ ১টি ইটের আয়তন = (০.১×০.০৫×০.০৩) ঘনমিটার

$= ০.০০০১৫$ ঘনমিটার

সুতরাং দেওয়ালটি তৈরি করতে ইট লাগবে $= \frac{৪৫}{০.০০০১৫}$ টি

$= ৩০০০০০$ টি

উত্তর: ৩০০০০০ টি

সমস্যা (২৯) একটি বইয়ের দৈর্ঘ্য ২৫ সে.মি ও প্রস্থ ১৮ সে.মি। বইটির পৃষ্ঠাসংখ্যা ২০০ এবং প্রতি পাতা কাগজের পুরুত্ব ০.১ মি.মি হলে, বইটির আয়তন নির্ণয় করুন।

সমাধান দেওয়া আছে, বইয়ের দৈর্ঘ্য ২৫ সে.মি. এবংপ্রস্থ ১৮ সে.মি.

আবার, বইটির পৃষ্ঠা সংখ্যা ২০০

∴ বইটির পাতার সংখ্যা (২০০ ÷ ২) বা ১০০টি

এখন, ১ পাতা কাগজের পুরুত্ব ০.১ মি.মি.

∴ ১০০ পাতা কাগজের পুরুত্ব (০·১ × ১০০) মি.মি.

= ১০ মি.মি. বা ১ সে.মি.

∴ বইটির পুরুত্ব ১ সে.মি.

∴ বইটির আয়তন = (দৈর্ঘ্য × প্রস্থ × পুরুত্ব) ঘন একক

$= (২৫ \times ১৮ \times ১)$ ঘন সে.মি.

$= ৪৫০$ ঘন সে.মি.

উত্তর: বইটির আয়তন ৪৫০ ঘন সে.মি.।

সমস্যা (৩০) একটি বাক্সের দৈর্ঘ্য ২ মিটার, প্রস্থ ১.৫ মিটার এবং উচ্চতা ১ মিটার। বাক্সটির আয়তন কত?

সমাধান দেওয়া আছে, দৈর্ঘ্য = ২ মিটার = ২০০ সে.মি

প্রস্থ = ১.৫ মিটার = ১৫০ সে.মি

উচ্চতা = ১ মিটার = ১০০ সে.মি

∴ বাক্সটির আয়তন = দৈর্ঘ্য × প্রস্থ × উচ্চতা

= ২০০ × ১৫০ × ১০০ ঘন সে.মি
= ৩০০০০০০ ঘন সে.মি
= ৩ ঘনমিটার

উত্তর: ৩ ঘনমিটার

বিকল্প সমাধান:

দেওয়া আছে, দৈর্ঘ্য = ২ মি. প্রস্থ = ১.৫ মি. উচ্চতা = ১ মি

∴ বাক্সটির আয়তন = দৈর্ঘ্য × প্রস্থ × উচ্চতা
= (২ × ১.৫ × ১) ঘন মিটার
= ৩ ঘনমিটার

উত্তর: ৩ ঘনমিটার

☑ অনুরূপ: **একটি ছোট বাক্সের দৈর্ঘ্য ১৫ সে.মি ২.৪ মি.মি, প্রস্থ ৭ সে.মি ৬.২ মি.মি ও উচ্চতা ৫ সে.মি ৮ মি.মি। বাক্সটির আয়তন কত ঘন সেন্টিমিটার?** উত্তর: ৬৭৩.৫৪৭ ঘন সে.মি

সমস্যা (৩১) **একটি আয়তাকার লোহার টুকরার দৈর্ঘ্য ৮.৮ সে.মি, প্রস্থ ৬.৪ সে.মি ও উচ্চতা ২.৫ সে.মি। লোহা পানির তুলনায় ৭.৫ গুণ ভারী। লোহার টুকরার ওজন নির্ণয় করুন।**

সমাধান লোহার টুকরাটির দৈর্ঘ্য ৮.৮ সে.মি., প্রস্থ ৬.৪ সে.মি. এবং উচ্চতা ২.৫ সে.মি.

লোহার টুকরাটির আয়তন = (৮.৮ × ৬.৪ × ২.৫)
= ১৪০.৮ ঘন সে.মি.

আমরা জানি, ১ ঘন সে.মি. পানির ওজন ১ গ্রাম

দেওয়া আছে, পানির তুলনায় ৭.৫ গুণ ভারী

∴ ১ ঘন সে.মি. লোহার ওজন (১ × ৭.৫) গ্রাম

∴ ১৪০.৮ ঘন সে.মি. লোহার ওজন = (৭.৫ × ১৪০.৮) গ্রাম
= ১০৫৬ গ্রাম
= ১.০৫৬ কিলোগ্রাম

[যেহেতু ১০০০ গ্রাম = ১ কিলোগ্রাম]

উত্তর : লোহার টুকরাটির ওজন ১.০৫৬ কিলোগ্রাম।

সমস্যা (৩২) **লোহা পানির তুলনায় ৭.৫ গুণ ভারি। একখন্ড লোহার পাত ৩ মিটার লম্বা, ২ মিটার চওড়া ও ১ সে.মি পুরু। লোহার পাতের ওজন কত?**

সমাধান ১ মিটার = ১০০ সে.মি.

লোহার পাতের দৈর্ঘ্য = ৩ মিটার = (৩ × ১০০) সে.মি.
= ৩০০ সে.মি.

লোহার পাতের প্রস্থ = ২ মিটার = (২ × ১০০) সে.মি.
= ২০০ সে.মি.

লোহার পাতের আয়তন = (দৈর্ঘ্য × প্রস্থ × পুরুত্ব)
= (৩০০ × ২০০ × ১) ঘন সে.মি.
= ৬০০০০ ঘন সে.মি.

আমরা জানি,

১ ঘন সে.মি. পানির ওজন = ১ গ্রাম

∴ ৬০০০০ " " " = ১ × ৬০০০০ গ্রাম
= ৬০০০০ গ্রাম

∴ ৬০০০০ ঘন সে.মি. লোহার পাতের ওজন = (৬০০০০ × ৭.৫) গ্রাম
= ৪৫০০০০ গ্রাম
= ৪৫০ কিলোগ্রাম

উত্তর : ৪৫০ কিলোগ্রাম।

☑ অনুরূপ: সোনা পানি তুলনায় ১৯.৩ গুণ ভারি। আয়তাকার একটি সোনার বারের দৈর্ঘ্য ৮.৮ সেন্টিমিটার, প্রস্থ ৬.৪ সেন্টিমিটার এবং উচ্চতা ২.৫ সেন্টিমিটার। সোনার বারে ওজন কত? উত্তর: ২৭১৭.৪৪ গ্রাম।

সমস্যা (৩৩) **আয়তাকার একটি ক্ষেত্রের ক্ষেত্রফল ১০ একর এবং তার দৈর্ঘ্য প্রস্থের ৪ গুণ। ক্ষেত্রটির দৈর্ঘ্য কত মিটার?**

সমাধান মনে করি, আয়তাকার ক্ষেত্রের প্রস্থ ক মিটার

∴ " " দৈর্ঘ্য ৪ক মিটার

∴ " " ক্ষেত্রফল = ৪ক^2 বর্গমিটার

দেয়া আছে, আয়তাকার ক্ষেত্রের ক্ষেত্রফল ১০ একর

আমরা জানি,

১ একর = ৪০৪৬.৮৬ বর্গমিটার

১০ একর = (৪০৪৬.৮৬ × ১০) বর্গমিটার
= ৪০৪৬৮.৬ বর্গমিটার

শর্তমতে, ৪ক^2 = ৪০৪৬৮.৬

বা, $ক^2 = \frac{৪০৪৬৮.৬}{৪}$

বা, ক^2 = ১০১১৭.১৫

বা, ক = $\sqrt{১০১১৭.১৫}$ ∴ ক = ১০০.৫৮

সুতরাং প্রস্থ ১০০.৫৮ মিটার।

∴ আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য ৪ক = (৪ × ১০০.৫৮) মিটার
= ৪০২.৩২ মিটার

উত্তর : দৈর্ঘ্য ৪০২.৩২ মিটার (প্রায়)।

সমস্যা (৩৪) **একটি আয়তাকার ঘরের মেঝের ক্ষেত্রফল 192 বর্গমিটার। মেঝের দৈর্ঘ্য 4 মিটার কমালে ও প্রস্থ 4 মিটার বাড়ালে ক্ষেত্রফল অপরিবর্তিত থাকে। মেঝের দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় করুন।**

সমাধান মনে করি, মেঝের দৈর্ঘ্য = x মিটার

∴ প্রস্থ = $\frac{192}{x}$ মিটার

প্রশ্নমতে, $(x-4)\left(\frac{192}{x}+4\right)=192$

বা, $192-\frac{768}{x}+4x-16=192$

বা, $4x - \frac{768}{x} = 192 + 16 - 192$ [পক্ষান্তর করে]

বা, $\frac{4x^2 - 768}{x} = 16$

বা, $4x^2 - 768 = 16x$ [আড়গুণন করে]

বা, $4(x^2 - 192) = 16x$

বা, $x^2 - 192 = 4x$ [উভয়পক্ষকে 4 দ্বারা ভাগ করে]

বা, $x^2 - 4x - 192 = 0$ [পক্ষান্তর করে]

বা, $x^2 - 16x + 12x - 192 = 0$

বা, $x(x - 16) + 12(x - 16) = 0$

$\therefore (x - 16)(x + 12) = 0$

হয়, $x - 16 = 0$ অথবা, $x + 12 = 0$

$\therefore x = 16$ $\therefore x = -12$

যেহেতু বাহুর দৈর্ঘ্য কখনই ঋণাত্মক হতে পারে না।

সুতরাং $x = -12$ গ্রহণযোগ্য নয়।

$\therefore$ মেঝের দৈর্ঘ্য 16 মি. এবং মেঝের প্রস্থ $= \frac{192}{16} = 12$ মি.

উত্তর : দৈর্ঘ্য 16 মিটার এবং প্রস্থ 12 মিটার।

সমস্যা (৩৫) একটি আয়তাকার কক্ষের ক্ষেত্রফল 192 বর্গ মিটার। এর দৈর্ঘ্য 4 মিটার কমালে ও প্রস্থ 4 মিটার বাড়ালে ক্ষেত্রফল অপরিবর্তিত থাকে। আয়তকার কক্ষের সমান পরিসীমা বিশিষ্ট বর্গাকার কক্ষের ক্ষেত্রফল কত?

সমাধান মনে করি, আয়তক্ষেত্রের দৈর্ঘ্য x মি. এবং প্রস্থ y মি.

১ম শর্তমতে, $xy = 192$ ব.মি.

$$\therefore y = \frac{192}{x} \quad \ldots\ldots\ldots\ldots \text{(i)}$$

২য় শর্তমতে, $(x - 4)(y + 4) = xy$

বা, $xy + 4x - 4y - 16 = xy$

বা, $4x - 4y = xy - xy + 16$

বা, $4(x - y) = 16$

$\therefore x - y = 4 \quad \ldots\ldots\ldots\ldots\ldots \text{(ii)}$

এখন, y এর মান (ii) নং এ বসায়ে পাই,

$$x - \frac{192}{x} = 4$$

বা, $x^2 - 4x - 192 = 0$

বা, $(x - 16)(x + 12) = 0$

$\therefore x = 16, -12$

কিন্তু $x \neq -12$

$\therefore x = 16$ এবং $y = \frac{192}{16} = 12$

আয়তক্ষেত্রের পরিসীমা = 2 (দৈর্ঘ্য + প্রস্থ) = 2 (16 + 12)

= 56 মিটার

আবার, বর্গক্ষেত্রের পরিসীমা, $4a = 56$ $\therefore a = 14$

$\therefore$ বর্গক্ষেত্রের ক্ষেত্রফল $= (14)^2 = 196$ বর্গমিটার

উত্তর: ১৯৬ বর্গমিটার।

সমস্যা (৩৬) একটি সমকোণী ত্রিভুজের অতিভুজের দৈর্ঘ্য 15 সে.মি ও অপর বাহুদ্বয়ের দৈর্ঘ্যের অন্তর 3 সে.মি। ঐ বাহুদ্বয়ের দৈর্ঘ্য নির্ণয় কর।

সমাধান মনে করি, ত্রিভুজটির সমকোণ সংলগ্ন বাহুর দৈর্ঘ্য x সে.মি.

সমকোণ সংলগ্ন অপর বাহুর দৈর্ঘ্য $= (x + 3)$ সে.মি.

পীথাগোরাসের উপপাদ্য অনুযায়ী।

$x^2 + (x + 3)^2 = 15^2$ [$\because$ অতিভুজ = 15 সে.মি.]

বা, $x^2 + x^2 + 6x + 9 = 225$

বা, $2x^2 + 6x - 216 = 0$

বা, $2(x^2 + 3x - 108) = 0$

বা, $x^2 + 3x - 108 = 0$

বা, $x^2 + 12x - 9x - 108 = 0$

বা, $x(x + 12) - 9(x + 12) = 0$

বা, $(x + 12)(x - 9) = 0$

$\therefore (x + 12)(x - 9) = 0$

হয়, $x + 12 = 0$	অথবা, $x - 9 = 0$
বা, $x = -12$	বা, $x = 9$
$\therefore x = -12$	$x = 9$

যেহেতু দৈর্ঘ্য ঋণাত্মক হতে পারে না, সুতরাং $x \neq -12$

তাহলে ত্রিভুজটির ক্ষুদ্রতম বাহুর দৈর্ঘ্য = 9 সে.মি.

এবং অপর বাহুর দৈর্ঘ্য $= (9 + 3)$ সে.মি. = 12 সে.মি.।

উত্তর: বাহুর দৈর্ঘ্য 9 সে.মি. এবং 12 সে.মি.

সমস্যা (৩৭) একটি সমকোণী ত্রিভুজের ভূমির দৈর্ঘ্য লম্ব অপেক্ষা 1 মিটার কম এবং লম্ব অপেক্ষা অতিভুজ 1 মিটার বেশি হলে ত্রিভুজটির অতিভুজের দৈর্ঘ্য কত মিটার?

সমাধান সমকোণী ত্রিভুজের লম্বের দৈর্ঘ্য = x মিটার

" " ভূমির " $= (x - 1)$ মিটার

সমকোণী ত্রিভুজের ক্ষেত্রে,

অতিভুজ^২ = লম্ব^২ + ভূমি^{২}

$(x + 1)^2 = x^2 + (x - 1)^2$

বা, $x^2 + 2.x.1 + 1^2 = x^2 + x^2 - 2.x.1 + 1^2$

বা, $x^2 + 2x + 1 = 2x^2 - 2x + 1$

বা, $2x^2 - 2x + 1 - x^2 - 2x - 1 = 0$

বা, $x^2 - 4x = 0$

বা, $x(x - 4) = 0$,

$x = 0$, অথবা, $x - 4 = 0$

$\therefore x = 4$

কিন্তু $x = 0$ সম্ভব নয়/ত্রিভুজের লম্ব শূন্য হতে পারে না।

$\therefore$ লম্ব 4 মিটার ও অতিভুজের দৈর্ঘ্য $(x + 1) = (4 + 1) = 5$ মিটার

উত্তর: 5 মিটার।

☑ অনুরূপ: একটি সমকোণী ত্রিভুজের লম্ব ভূমি অপেক্ষা 2 সে.মি. ছোট; কিন্তু অতিভুজ ভূমি অপেক্ষা 2 সে.মি. বড়। অতিভুজের দৈর্ঘ্য কত? উত্তর: 10 সে.মি.।

সমস্যা (৩৮) একটি ত্রিভুজের তিন দিকের দৈর্ঘ্য যথাক্রমে 18 মিটার, 24 মিটার ও 30 মিটার। প্রতি বর্গ মিটারে 1.25 টাকা হিসেবে ঐ ত্রিভুজ আকৃতির জায়গাতে ঘাস লাগাতে কত খরচ হবে?

সমাধান মনে করি, ত্রিভুজটির বাহুর a = 18, b =24, ও c =30

যেহেতু ত্রিভুজটির তিনটি বাহুই ভিন্ন, তাই এটি বিষমবাহু ত্রিভুজ।

ত্রিভুজটির পরিসীমা $2S = 18+24+30 = 72$

ত্রিভুজটির অর্ধপরিসীমা $S = 72 \div 2 = 36$

আমারা জানি,

বিষমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \sqrt{s(s-a)(s-b)(s-c)}$

$= \sqrt{36(36-18)(36-24)(36-30)}$

$= \sqrt{36 \times 18 \times 12 \times 6}$

$= \sqrt{46656} = 216$

সুতরাং ঘাস লাগাতে খরচ হবে $= 216 \times 1.25 = 270$ টাকা

উত্তর: 270 টাকা

☑ অনুরূপ: একটি ত্রিভুজের বাহুগুলি ৪,৬,৮ হলে, ক্ষেত্রফল কত? উত্তর: ১১.৬২ বর্গএকক

সমস্যা (৩৯) একটি আয়তাকার বাগানের প্রস্থের দ্বিগুণ, দৈর্ঘ্য অপেক্ষা 10 মিটার বেশি এবং বাগানটির পরিসীমা 100 মিটার। বাগানটির দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় কর।

সমাধান আয়তাকার বাগানটির দৈর্ঘ্য x মিটার ও প্রস্থ y মিটার

∴ ১ম শর্তানুসারে, $2y = x + 10$ ..... (1)

এবং ২য় শর্তানুসারে, $2(x + y) = 100$ ..... (2)

সমীকরণ (2) হতে পাই,

$2x + 2y = 100$

বা, $2x + x + 10 = 100$ [(1) হতে 2y এর মান বসিয়ে]

বা, $3x = 90$ $\therefore x = 30$

(1) হতে পাই, $2y = 30 + 10$ [x এর মান বসিয়ে]

বা, $2y = 40 \therefore y = 20$

∴ বাগানটির দৈর্ঘ্য 30 মিটার এবং প্রস্থ 20 মিটার।

উত্তর: দৈর্ঘ্য 30 মিটার এবং প্রস্থ 20 মিটার

সমস্যা (৪০) একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 5 মিটার কম ও প্রস্থ 3 মিটার বেশি হলে ক্ষেত্রফল 9 বর্গমিটার কম হবে। আবার দৈর্ঘ্য 3 মিটার বেশি ও প্রস্থ 2 মিটার বেশি হলে ক্ষেত্রফল 67 বর্গমিটার বেশি হবে। ক্ষেত্রফলটির দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় কর।

সমাধান মনে করি, আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য = x মিটার

এবং আয়তক্ষেত্রটির প্রস্থ = y মিটার

∴ ক্ষেত্রফল = xy বর্গমিটার।

দৈর্ঘ্য 5 মিটার কম হলে নতুন দৈর্ঘ্য হবে = $(x - 5)$ মিটার

প্রস্থ 3 " " " " " = $(y + 3)$ "

তখন ক্ষেত্রফল = $(x - 5)(y + 3)$ বর্গমিটার

১ম শর্তমতে, $(x - 5)(y + 3) = xy - 9$

বা, $xy - 5y + 3x - 15 = xy - 9$

বা, $xy - 5y + 3x - 15 - xy + 9 = 0$

বা, $3x - 5y - 6 = 0$ ..... (i)

আবার,

দৈর্ঘ্য 3 মিটার বেশি হলে নতুন দৈর্ঘ্য হবে = $(x + 3)$ মিটার

প্রস্থ 2 " " " " " " = $(y + 2)$ "

তখন ক্ষেত্রফল = $(x + 3)(y + 2)$ বর্গমিটার।

২য় শর্তমতে, $(x + 3)(y + 2) = xy + 67$

বা, $xy + 3y + 2x + 6 - xy - 67 = 0$

বা, $2x + 3y - 61 = 0$ ..... (ii)

(i) নং সমীকরণকে 3 এবং (ii) নং সমীকরণকে 5 দ্বারা গুণ করে যোগ করে পাই,

$19x - 323 = 0$

বা, $19x = 323$

বা, $x = \frac{323}{19}$

$\therefore x = 17$

x এর মান (i) নং বসিয়ে পাই,

$3 \times 17 - 5y - 6 = 0$

বা, $-5y = 6 - 51$

বা, $-5y = -45$

বা, $5y = 45$

বা, $y = \frac{45}{5}$

$\therefore y = 9$

∴ নির্ণেয় দৈর্ঘ্য 17 মিটার এবং প্রস্থ 9 মিটার।

উত্তর: দৈর্ঘ্য 17 মিটার এবং প্রস্থ 9 মিটার

সমস্যা (৪১) একটি সমবাহু ত্রিভুজের প্রত্যেক বাহুর দৈর্ঘ্য 1 মিটার বাড়ালে ক্ষেত্রফল $3\sqrt{3}$ বর্গমিটার বেড়ে যায়। ত্রিভুজটির বাহুর দৈর্ঘ্য নির্ণয় করুন।

সমাধান মনে করি, সমবাহু ত্রিভুজের প্রত্যেক বাহুর দৈর্ঘ্য a মিটার

∴ ত্রিভুজটির ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4}a^2$ বর্গমিটার

ত্রিভুজটির প্রত্যেক বাহুর দৈর্ঘ্য 1 মিটার বাড়ালে ত্রিভুজটির ক্ষেত্রফল $\frac{\sqrt{3}}{4}(a+1)^2$ বর্গমিটার

প্রশ্নানুসারে, $\frac{\sqrt{3}}{4}(a+1)^2 - \frac{\sqrt{3}}{4}a^2 = 3\sqrt{3}$

বা, $(a+1)^2 - a^2 = 12$ $\left[\frac{\sqrt{3}}{4}\text{ দ্বারা ভাগ করে}\right]$

বা, $a^2 + 2a + 1 - a^2 = 12$

বা, $2a = 11$

∴ $a = 5.5$

∴ নির্ণেয় বাহুর দৈর্ঘ্য 5.5 মিটার।

উত্তর: 5.5 মিটার

☑ অনুরূপ: একটি সমবাহু ত্রিভুজের বাহুর প্রত্যেকটির দৈর্ঘ্য 2 মিটার বাড়ালে এর ক্ষেত্রফল $3\sqrt{3}$ বর্গমিটার বেড়ে যায়। সমবাহুর ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য কত? উত্তর: 2 মিটার

সমস্যা (৪২) একটি সমদ্বিবাহু ত্রিভুজের ভূমির দৈর্ঘ্য ৬০ সে.মি। এর ক্ষেত্রফল ১২০০ বর্গ সে.মি হলে সমান সমান বাহুর দৈর্ঘ্য নির্ণয় কর।

সমাধান মনে করি, সমদ্বিবাহু ত্রিভুজের ভূমি b = 60 সে.মি. এবং সমান সমান বাহুর দৈর্ঘ্য a।

ত্রিভুজটির ক্ষেত্রফল $= \frac{b}{4}\sqrt{4a^2 - b^2}$

প্রশ্নানুসারে, $\frac{b}{4}\sqrt{4a^2 - b^2} = 1200$

বা, $\frac{60}{4}\sqrt{4a^2 - (60)^2} = 1200$

বা, $15\sqrt{4a^2 - 3600} = 1200$

বা, $\sqrt{4a^2 - 3600} = 80$

বা, $4a^2 - 3600 = 6400$ [বর্গ করে]

বা, $4a^2 = 10000$

বা, $a^2 = 2500$

∴ $a = 50$

∴ ত্রিভুজটির সমান বাহুর দৈর্ঘ্য 50 সে.মি. উত্তর: 50 সে.মি.

সমস্যা (৪৩) একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য প্রস্থের $\frac{3}{2}$ গুণ। এর ক্ষেত্রফল 384 বর্গমিটার হলে, পরিসীমা ও কর্ণের দৈর্ঘ্য নির্ণয় করুন।

সমাধান মনে করি, আয়তাকার ঘরের প্রস্থ x মিটার

∴ ঘরের দৈর্ঘ্য $\frac{3}{2}x$ এবং ক্ষেত্রফল $\frac{3}{2}x \times x = \frac{3}{2}x^2$

প্রশ্নানুসারে, $\frac{3}{2}x^2 = 384$

বা, $3x^2 = 768$

বা, $x^2 = 256$

∴ $x = 16$ মিটার

আয়তাকার ঘরের দৈর্ঘ্য $= \frac{3}{2} \times 16 = 24$ মিটার এবং প্রস্থ = 16 মিটার

∴ ঘরটির পরিসীমা = 2 (24+16) মিটার = 80 মিটার

কর্ণের দৈর্ঘ্য $= \sqrt{(24)^2+(16)^2}$ মিটার

$= \sqrt{832}$ মিটার = 28.84 মিটার (প্রায়)

উত্তর: পরিসীমা 80 মিটার, কর্ণের দৈর্ঘ্য 28.84 মিটার (প্রায়)

☑ অনুরূপ: আয়তকার একটি ক্ষেত্রের প্রস্থ দৈর্ঘ্যের $\frac{১}{৫}$ এবং ক্ষেত্রফল ৩২০ বর্গমিটার। আয়তকার ক্ষেত্রের দৈর্ঘ্য ও প্রস্থ বের করুন। উত্তর: দৈর্ঘ্য ৪০ মিটার এবং প্রস্থ ৮ মিটার

সমস্যা (৪৪) একটি আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য বিস্তারের দ্বিগুণ। এর ক্ষেত্রফল 512 বর্গমিটার হলে, পরিসীমা নির্ণয় করুন।

সমাধান মনে করি, আয়তাকার ক্ষেত্রের বিস্তার = x মিটার

∴ দৈর্ঘ্য = 2x মিটার

∴ ক্ষেত্রফল = (2x × x) বর্গমিটার = $2x^2$ বর্গমিটার

শর্তমতে, $2x^2 = 512$

বা, $x^2 = \frac{512}{2}$

বা, $x^2 = 256$

বা, $x = \sqrt{256}$

বা, $x = 16$

∴ বিস্তার = 16 মিটার।

তাহলে, দৈর্ঘ্য = (2 × 16) মিটার = 32 মিটার

∴ আয়তাকার ক্ষেত্রের পরিসীমা = 2(দৈর্ঘ্য + বিস্তার) একক

= 2(16 + 32) মিটার

= (2 × 48) মিটার

= 96 মিটার

উত্তর: 96 মিটার

☑ অনুরূপ: একটি আয়তক্ষেতের দৈর্ঘ্য প্রস্থের দ্বিগুণ। ক্ষেত্রফল ৩২ বর্গমিটার হলে বড় বাহুটির দৈর্ঘ্য কত? উত্তর: ৮ মিটার

☑ অনুরূপ: একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের দেড় গুণ। ক্ষেত্রটির ক্ষেত্রফল ৯৬ বর্গ মিটার হলে ক্ষেত্রটির দৈর্ঘ্য কত? উত্তর:১২ মিটার

☑ অনুরূপ: একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য প্রস্থের দেড় গুণ/১.৫ গুণ। তার ক্ষেত্রফল ২১৬ বর্গমিটার হলে, ইহার পরিসীমা কত? উত্তর: ৬০ মি.

☑ অনুরূপ: একটি জমির ক্ষেত্রফল ৪০০ বর্গমিটার। যার দৈর্ঘ্য প্রস্থের ৪ গুণ। জমিটির চার দেয়ালের মোট দৈর্ঘ্য (পরিসীমা) কত? উত্তর: ১০০ মিটার

☑ অনুরূপ: একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য বিস্তারের ৩ গুণ। দৈর্ঘ্য ৪৮ মিটার হলে ক্ষেত্রটির পরিসীমা কত? উত্তর: ১২৮ মিটার

☑ অনুরূপ: একটি আয়তাকার জমির প্রস্থ তার দৈর্ঘ্যের অর্ধেক। জমিটির ক্ষেত্রফল ৩২০০ বর্গমিটার। জমির পরিসীমা কত? উত্তর: ২৪০ মিটার

☑ অনুরূপ: একটি আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের ৫ গুণ। ঐ আয়তাকার ক্ষেত্রের ক্ষেত্রফল ২০০০ বর্গমিটার হলে, ক্ষেত্রটির পরিসীমা কত? উত্তর: ২৪০ মিটার

☑ অনুরূপ: একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য এবং প্রস্থের মধ্যে পার্থক্য ২৪ মিটার এবং পরিসীমা ২০০ মিটার হলে আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল কত? উত্তর: ২৩৫৬ বর্গমিটার

সমস্যা (৪৫) একটি আয়তাকার ঘরের প্রস্থ তার দৈর্ঘ্যের $\frac{২}{৩}$ অংশ। ঘরটির পরিসীমা ৪০ মিটার হলে তার ক্ষেত্রফল কত?

সমাধান ধরি, ঘরটির দৈর্ঘ্য ৩x মিটার;

$$\therefore \text{প্রস্থ} = ৩x \times \frac{২}{৩} = ২x \text{ মিটার}$$

শর্তমতে, $২(৩x + ২x) = ১০x$

বা, $১০x = ৪০$

$\therefore x = ৪$ মিটার

$\therefore$ ঘরটির ক্ষেত্রফল $= ৩x \times ২x = ৩ \times ৪ \times ২ \times ৪$

$= ৯৬$ বর্গমিটার।

উত্তর: ৯৬ বর্গমিটার।

☑ অনুরূপ: একটি আয়তাকার বাগানের প্রস্থ অপেক্ষা দৈর্ঘ্য ৩ মিটার বেশি। বাগানটির পরিসীমা ৩৮ মিটার হলে বাগানের ক্ষেত্রফল কত? উত্তর: ৮৮ বর্গমিটার

সমস্যা (৪৬) একটি আয়তক্ষেত্রের পরিসীমা 36 মিটার এবং ক্ষেত্রফল 80 বর্গমিটার হলে, তার দৈর্ঘ্য ও প্রস্থ কত মিটার?

সমাধান ধরি, আয়তক্ষেত্রের দৈর্ঘ্য x মিটার এবং প্রস্থ y মিটার

১ম শর্তে, $2(x + y) = 36$

$\therefore x + y = 18$ ..... (i)

২য় শর্তে, $xy = 80$ ..... (ii)

আমরা জানি, $(x - y)^2 = (x + y)^2 - 4xy$

$= (18)2 - 4 \times 80$

$= 324 - 320$

$= 4$

$\therefore x - y = 2$ .....(iii)

(i) নং ও (iii) নং সমীকরণ যোগ করে পাই,

$2x = 20 \quad \therefore x = 10$

x এর মান (i) নং সমীকরণে বসাই,

$\therefore y = 18 - 10 = 8$

উত্তর: দৈর্ঘ্য 10 মিটার এবং প্রস্থ 8 মিটার

সমস্যা (৪৭) একটি আয়তাকার ক্ষেত্রফর 2000 বর্গমিটার। যদি এর দৈর্ঘ্য 10 মিটার কম হত তাহলে এটি একটি বর্গক্ষেত্র হত। আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় করুন।

সমাধান মনে করি, আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য x মিটার এবং প্রস্থ y মিটার

$\therefore$ আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল $= xy$ বর্গমিটার

প্রশ্নানুসারে, $xy = 2000$ ..... (1)

এবং $x - 10 = y$ ..... (2)

সমীকরণ (1) এ $y = x - 10$ বসিয়ে পাই,

$x(x - 10) = 2000$

বা, $x^2 - 10x - 2000 = 0$

বা, $x^2 - 50x + 40x - 2000 = 0$

বা, $(x - 50)(x + 40) = 0$

$\therefore x = 50$ অথবা, $x = -40$

কিন্তু দৈর্ঘ্য ঋণাত্মক হতে পারে না। $\therefore x = 50$

এখন, সমীকরণ (2) এ x-এর মান বসিয়ে পাই, $y = 50 - 10 = 40$

আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য 50 মিটার এবং প্রস্থ 40 মিটার।

উত্তর: দৈর্ঘ্য 50 মিটার এবং প্রস্থ 40 মিটার।

সমস্যা (৪৮) যদি কোনো বর্গক্ষেত্রের প্রত্যেক বাহুর পরিমাণ 10% বৃদ্ধি পায়, তবে তার ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি পাবে?

সমাধান মনে করি, বর্গক্ষেত্রের প্রত্যেক বাহুর দৈর্ঘ্য a মিটার।

সুতরাং বর্গক্ষেত্রটির ক্ষেত্রফল a^2 বর্গমিটার।

10% বৃদ্ধি পেলে প্রত্যেক বাহুর দৈর্ঘ্য হয়= (a + a এর 10%)

$= 1.10a$ মিটার।

বর্গক্ষেত্রটির ক্ষেত্রফল $(1.10a)^2$ বর্গমিটার $= 1.21a^2$ বর্গমিটার

ক্ষেত্রফল বৃদ্ধি পায় $(1.21a^2 - a^2) = 0.21a^2$ বর্গমিটার

$\therefore$ ক্ষেত্রফল শতকরা বৃদ্ধি পাবে $\frac{0.21a^2}{a^2} \times 100\% = 21\%$

উত্তর: 21%

☑ অনুরূপ: যদি কোন বর্গক্ষেত্রের বাহুর পরিমাণ 20% বৃদ্ধি পায়, তবে তার ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি পাবে? উত্তর: 44%

সমস্যা (৪৯) **একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 10% বৃদ্ধি এবং প্রস্থ 10% হ্রাস পেলে আয়তক্ষেত্রের ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি বা হ্রাস পাবে?**

সমাধান মনে করি, আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য x একক এবং প্রস্থ y একক

∴ আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল xy বর্গ একক

10% বৃদ্ধি পাওয়ায়,

নতুন আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য = (x + x এর 10%) একক

$$= \left(x + \frac{10x}{100}\right) = \left(x + \frac{x}{10}\right) \text{ একক}$$

$$= \frac{10x + x}{10} = \frac{11x}{10} \text{ একক}$$

10% হ্রাস পাওয়ায়,

নতুন আয়তক্ষেত্রের প্রস্থ $= \left(y - y \text{ এর } \frac{10}{100}\right)$ একক

$$= \left(y - \frac{10y}{100}\right) = \left(y - \frac{y}{10}\right) \text{ একক}$$

$$= \frac{10y - y}{10} = \frac{9y}{10} \text{ একক}$$

∴ নতুন আয়তক্ষেত্রের ক্ষেত্রফল $= \left(\frac{11x}{10} \times \frac{9y}{10}\right)$ বর্গ একক

$$= \frac{99xy}{100} \text{ বর্গ একক}$$

যেহেতু, $xy > \frac{99xy}{100}$ বর্গ একক

সুতরাং, ক্ষেত্রফল হ্রাস পায় $= \left(xy - \frac{99xy}{100}\right)$ বর্গ একক

$$= \frac{100xy - 99xy}{100} = \frac{xy}{100} \text{ বর্গ একক}$$

∴ ক্ষেত্রফল শতকরা হ্রাস পায় $= \left(\frac{\frac{xy}{100}}{xy} \times 100\right)\%$

$$= \left(\frac{xy}{100} \times \frac{1}{xy} \times 100\right)\%$$

$$= 1\%$$

∴ ক্ষেত্রফল 1% হ্রাস পায়। **উত্তর: 1%**

☑ **অনুরূপ: একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য এবং প্রস্থ যথাক্রমে ১৫০ মিটার এবং ১০০ মিটার। বাগানটির দৈর্ঘ্য ২০% এবং প্রস্থ ১০% বৃদ্ধি করলে, বাগানটির ক্ষেত্রফল পূর্বের তুলনায় কত বর্গমিটার বৃদ্ধি পাবে? উত্তর: ৪৮০০ বর্গ মিটার**

☑ **অনুরূপ: একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য ও প্রস্থ যথাক্রমে ১৫০ মিটার ও ১০০ মিটার। বাগানটির দৈর্ঘ্য ২০% এবং প্রস্থ ১০% বৃদ্ধি করলে নতুন বাগানটির ক্ষেত্রফল কত বর্গমিটার হবে? উত্তর: ১৯৮০০ বর্গমিটার**

☑ অনুরূপ: একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ৫% বৃদ্ধি করলে তার ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি পাবে? উত্তর: ৫%

সমস্যা (৫০) **একটি রম্বসের একটি কর্ণ 10 মিটার এবং ক্ষেত্রফল ১২০ বর্গমিটার হলে রম্বসের পরিসীমা কত?**

সমাধান মনে করি, ABCD রম্বসের কর্ণ BD = d_1 = 10 মিটার এবং অপর কর্ণ d_2 মিটার

রম্বসের ক্ষেত্রফল $= \frac{1}{2} d_1 d_2$ বর্গমিটার



প্রশ্নানুসারে, $\frac{1}{2} d_1 d_2 = 120$

বা, $\frac{1}{2} \times 10 \times d_2 = 120$

বা, $5 \times d_2 = 120$

বা, $d_2 = \frac{120}{5}$

∴ d_2 = 24 মিটার

আমরা জানি, রম্বসের কর্ণদ্বয় পরস্পরকে সমকোণে সমদ্বিখন্ডিত করে।

সুতরাং, OB = 5 মিটার, এবং OC = 12 মিটার

ΔAOD সমকোণী ত্রিভুজে,

$AD^2 = OA^2 + OD^2$

$= 12^2 + 5^2$

$= 144 + 25$

$= 169$

∴ AD = 13

সুতরাং রম্বসের প্রতি বাহুর দৈর্ঘ্য 13 মিটার।

রম্বসটির পরিসীমা = 4 × 13 = 52 মিটার।

উত্তর: 52 মিটার।

বৃত্ত, আয়তকার ঘনবস্তু, ঘনক ও বেলন

সমস্যা (৫১) **একটি বৃত্তের ব্যাস 26 সে.মি হলে, এর পরিধি নির্ণয় করুন।**

সমাধান মনে করি, বৃত্তের ব্যাসার্ধ r

∴ বৃত্তের ব্যাস = 2r এবং বৃত্তের পরিধি = $2\pi r$

প্রশ্নানুসারে, 2r = 26

বা, $r = \frac{26}{2}$ ∴ r = 13 সে.মি

∴ বৃত্তের পরিধি = $2\pi r = 2 \times 3.1416 \times 13$ সে.মি

= 81.68 সে.মি (প্রায়)

উত্তর: 81.68 সে.মি (প্রায়)

Forma 8/B

☑ অনুরূপ: 10 সে.মি ব্যাসের বৃত্তের পরিধি কত? উত্তর: 31.4 সে.মি (প্রায়)

☑ অনুরূপ: 14 সে.মি ব্যাসার্ধের বৃত্তের পরিধি কত? উত্তর: 88 সে.মি (প্রায়)

সমস্যা (৫২) **9.8 মি. ব্যাসের বৃত্তাকার একটি বাগানের ক্ষেত্রফল কত?**

সমাধান বৃত্তাকার বাগানটির ব্যাস, $2r = 9.8$ মি.

বৃত্তাকার বাগানটির ব্যাসার্ধ $r = \frac{9.8}{2}$ মি $= 4.9$ মি.

বৃত্তাকার বাগানটির ক্ষেত্রফল $= \pi r^2 = 3.14 \times (4.9)^2$ বর্গমিটার
$= 75.39$ বর্গমিটার (প্রায়)

উত্তর: 75.39 বর্গমিটার (প্রায়)

সমস্যা (৫৩) **একটি বৃত্তের ব্যাস ও পরিধির পার্থক্য 90 সে.মি হলে, বৃত্তের ব্যাসার্ধ নির্ণয় করুন।**

সমাধান মনে করি, বৃত্তের ব্যাসার্ধ r

বৃত্তের ব্যাস $= 2r$, বৃত্তের পরিধি $= 2\pi r$

প্রশ্নানুসারে, $2\pi r - 2r = 90$

বা, $2r(\pi - 1) = 90$

বা, $r = \frac{90}{2(\pi - 1)}$

বা, $r = \frac{45}{3.1416 - 1}$

$\therefore r = 21.01$ সে.মি (প্রায়)

উত্তর: বৃত্তের ব্যাসার্ধ 21.01 সে.মি (প্রায়)

সমস্যা (৫৪) **একটি বৃত্তাকার মাঠকে ঘিরে একটি রাস্তা আছে। রাস্তাটির ভিতরের পরিধি অপেক্ষা বাইরের পরিধি 44 মিটার বেশি। রাস্তাটির চওড়া নির্ণয় কর।**

সমাধান মনে করি, বাইরের পরিধির ব্যাসার্ধ $= R$ মিটার
ভেতরের পরিধির ব্যাসার্ধ $= r$ মিটার

তাহলে রাস্তাটির বিস্তার $= (R - r)$ মিটার

R ব্যাসার্ধ বিশিষ্ট বৃত্তের পরিধি $= 2\pi R$ মিটার

r ব্যাসার্ধ বিশিষ্ট বৃত্তের পরিধি $= 2\pi r$ মিটার

প্রশ্নমতে, $2\pi R - 2\pi r = 44$

বা, $2\pi(R - r) = 44$

$\therefore R - r = \frac{44}{2\pi} = \frac{44}{2 \times 3.1416} = 7.003$ (প্রায়)

উত্তর: 7.003 (প্রায়)

সমস্যা (৫৫) **দুইটি সমকেন্দ্রিক বৃত্তের ব্যাসার্ধ যথাক্রমে 9 সে.মি ও 4 সে.মি। বৃত্তদ্বয়ের পরিধির মধ্যবর্তী এলাকার ক্ষেত্রফল কত?**

সমাধান বৃহত্তম বৃত্তের ব্যাসার্ধ $r = 9$ সে.মি

বৃহত্তম বৃত্তের ক্ষেত্রফল $= \pi r^2$ বর্গ সে.মি $= 3.14 \times 9^2$ বর্গ সে.মি
$= 254.34$ বর্গ সে.মি

ক্ষুদ্রতর বৃত্তের ব্যাসার্ধ $r = 4$ সে.মি

ক্ষুদ্রতর বৃত্তের ক্ষেত্রফল $= \pi r^2$ বর্গ সে.মি $= 3.14 \times 4^2$ বর্গ সে.মি
$= 50.24$ বর্গ সে.মি (প্রায়)

বৃত্তদ্বয়ের মধ্যবর্তী এলাকার ক্ষেত্রফল $= (254.34 - 50.24)$ বর্গ সে.মি (প্রায়)
$= 204.10$ বর্গ সে.মি (প্রায়)

উত্তর: 204.10 বর্গ সে.মি (প্রায়)

সমস্যা (৫৬) **খুটির সাথে বাঁধা একটি গরুর গলার দড়ির দৈর্ঘ্য 7 মিটার হতে 14 মিটারে উন্নীত করা হলো। গরুটির পূর্বের চেয়ে কত বর্গমিটার বেশি এলাকার ঘাস খেতে পারবে?**

সমাধান

দড়ির দৈর্ঘ্য 7 মিটারের ক্ষেত্রে; বৃত্তের ক্ষেত্রফল $= \pi r^2$
$= \frac{22}{7} \times 7^2$
$= 154$ বর্গমিটার

দড়ির দৈর্ঘ্য 14 মিটারের ক্ষেত্রে; বৃত্তের ক্ষেত্রফল $= \pi r^2$
$= \frac{22}{7} \times 14^2$
$= 616$ বর্গমিটার

সুতরাং,

বেশি ঘাস খেতে পারবে $= 616 - 154$ বর্গমিটার এলাকায়
$= 462$ বর্গমিটার

উত্তর: 462 বর্গমিটার

সমস্যা (৫৭) **একটি বৃত্তাকার মাঠের ব্যাস 124 মিটার। মাঠের সীমান ঘেঁষে 6 মিটার চওড়া একটি রাস্তা আছে। রাস্তার ক্ষেত্রফল নির্ণয় করুন।**

সমাধান মনে করি, বৃত্তাকার মাঠের ব্যাসার্ধ r এবং
রাস্তাসহ বৃত্তাকার মাঠের ব্যাসার্ধ R

$\therefore r = \frac{124}{2}$ মিটার $= 62$ মিটার এবং $R = (62+6)$ মিটার $= 68$ মি.

বৃত্তাকার মাঠের ক্ষেত্রফল $= \pi r^2$ এবং

রাস্তাসহ বৃত্তাকার মাঠের ক্ষেত্রফল $= \pi R^2$

$\therefore$ রাস্তার ক্ষেত্রফল = রাস্তাসহ মাঠের ক্ষেত্রফল – মাঠের ক্ষেত্রফল
$= \pi R^2 - \pi r^2$
$= \pi(R^2 - r^2)$

$= 3.1416 \{(68)^2 - (62)^2\}$

$= 3.1416 (4624 - 3844)$

$= 3.1416 \times 780$

$= 2450.44$ বর্গমিটার(প্রায়)

উত্তর: 2450.44 বর্গমিটার (প্রায়)

☑ অনুরূপ: একটি বৃত্তাকার পার্কের ব্যাস 26 মিটার। পার্কটিকে বেষ্টন করে বাইরে 2 মিটার প্রশস্ত একটি পথ আছে। পথটির ক্ষেত্রফল নির্ণয় করুন। উত্তর: 175.93 বর্গমিটার (প্রায়)

সমস্যা (৫৮) একটি বৃত্তের ব্যাসার্ধ 12 সে.মি. এবং বৃত্তচাপের দৈর্ঘ্য 14 সে.মি. । বৃত্তচাপটি কেন্দ্রে যে কোণ উৎপন্ন করে তা নির্ণয় করুন।

সমাধান মনে করি বৃত্তের বাসার্ধ $r = 12$ সে.মি, বৃত্তচাপের দৈর্ঘ্য $s = 14$ সে.মি এবং কেন্দ্রে উৎপন্ন কোণের ডিগ্রি পরিমাণ $\emptyset$

আমরা জানি, $s = \frac{\pi r \emptyset}{180}$

বা, $\pi r \emptyset = 180 \times s$

বা, $\emptyset = \frac{180 \times s}{\pi r} = \frac{180 \times 14}{3.1416 \times 12} = 66.84^0$ (প্রায়)

নির্ণেয় কোণ 66.84^0 (প্রায়)

উত্তর: 66.84^0 (প্রায়)

সমস্যা (৫৯) একটি চাকারব্যাস ৪.৫ মিটার। চাকাটি ৩৬০ মিটার পথ অতিক্রম করতে কত বার ঘরবে?

সমাধান দেওয়া আছে, চাকার ব্যাস ৪.৫ মিটার।

∴ চাকাটির ব্যাসার্ধ $r = \frac{4.5}{2} = 2.25$ মিটার এবং পরিধি $= 2\pi r$

মনে করি, চাকাটি 360 মিটার পথ অতিক্রম করতে n বার ঘুরবে।

প্রশ্নানুসারে, $n \times 2\pi r = 360$

বা, $n = \frac{360}{2\pi r}$

$= \frac{360}{2 \times 3.1416 \times 2.25}$

$= 25.46$ (প্রায়)

∴ চাকাটি প্রায় ২৫ বার ঘুরবে।

উত্তর: ২৫ বার ঘুরবে

সমস্যা (৬০) 211 মিটার 20 সে.মি. যেতে দুইটি চাকা যথাক্রমে 32 এবং 48 বার ঘুরলো। চাকা দুইটির ব্যাসার্ধের অন্তর নির্ণয় করুন।

সমাধান 211 মিটার 20 সে.মি $= 21120$ সে.মি.

মনে করি, চাকা দুইটির ব্যাসার্ধ যথাক্রমে R ও r যেখানে $R > r$

∴ চাকা দুইটির পরিধি যথাক্রমে $2\pi R$ ও $2\pi r$

ব্যাসার্ধের অন্তর $(R - r)$

প্রশ্নানুসারে,

$32 \times 2\pi R = 21120$

বা, $R = \frac{21120}{32 \times 2\pi} = \frac{21120}{32 \times 2 \times 3.1416} = 105.04$ সে.মি. (প্রায়)

এবং $48 \times 2\pi r = 21120$

বা, $r = \frac{21120}{48 \times 2\pi} = \frac{21120}{48 \times 2 \times 3.1416} = 70.03$ সে.মি. (প্রায়)

∴ $R - r = 105.04 - 70.03 = 35.01$ সে.মি. $= 0.35$ মি. (প্রায়)

চাকা দুইটি ব্যাসার্ধের অন্তর 0.35 মি. (প্রায়)

উত্তর: 0.35 মিটার (প্রায়)

সমস্যা (৬১) একটি বৃত্তের ব্যাসার্ধ 14 সে.মি. । একটি বর্গের ক্ষেত্রফল উক্ত বৃত্তের ক্ষেত্রফলের সমান। বর্গক্ষেত্রটির বাহুর দৈর্ঘ্য নির্ণয় করুন।

সমাধান মনে করি, বৃত্তের ব্যাসার্ধ $r = 14$ সে.মি. এবং বর্গক্ষেত্রটির বাহুর দৈর্ঘ্য a

∴ বৃত্তের ক্ষেত্রফল πr^2 এবং বর্গক্ষেত্রটির ক্ষেত্রফল a^2

প্রশ্নানুসারে,

$a^2 = \pi r^2$

বা, $a = \sqrt{\pi} r = \sqrt{3.1416} \times 14 = 24.81$

নির্ণেয় দৈর্ঘ্য 24.81 (প্রায়)

উত্তর: 24.81 (প্রায়)

সমস্যা (৬২) একটি বৃত্তক্ষেত্রের ক্ষেত্রফল একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফলের সমান হলে, এদের পরিসীমার অনুপাত নির্ণয় করুন।

সমাধান মনে করি, বৃত্তের ব্যাসার্ধ r একক এবং বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য a একক।

জানা আছে, বৃত্তের ক্ষেত্রফল $= \pi r^2$, যেখানে r = বৃত্তের ব্যাসার্ধ

বর্গক্ষেত্রের ক্ষেত্রফল $= a^2$, যেখানে a = বর্গক্ষেত্রের একবাহু

∴ প্রশ্নমতে, $\pi r^2 = a^2$

বা, $\frac{r^2}{a^2} = \frac{1}{\pi}$

বা, $\frac{r}{a} = \frac{1}{\sqrt{\pi}}$ ..... (i)

আবার, জানা আছে,

বৃত্তের পরিসীমা $= 2\pi r$

এবং বর্গক্ষেত্রের পরিসীমা $= 4a$

$\frac{\text{বৃত্তের পরিসীমা}}{\text{বর্গক্ষেত্রের পরিসীমা}} = \frac{2\pi r}{4a} = \frac{\pi r}{2a} = \frac{\pi}{2} \times \frac{r}{a} = \frac{\pi}{2} \times \frac{1}{\sqrt{\pi}} = \frac{\sqrt{\pi}}{2}$

∴ নির্ণেয় বৃত্তের পরিসীমা : বর্গক্ষেত্রের পরিসীমা = $\sqrt{\pi} : 2$

সমস্যা (৬৩) **একটি আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা যথাক্রমে, 25 সে.মি, 20 সে.মি এবং 15 সে.মি। এর সমগ্র তলের ক্ষেত্রফল, আয়তন এবং কর্ণের দৈর্ঘ্য নির্ণয় করুন।**

সমাধান মনে করি, আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য a= 25 সে.মি, প্রস্থ b =20 সে.মি এবং উচ্চতা c = 15 সে.মি.

আয়তাকার ঘনবস্তুটির সমগ্রতলের ক্ষেত্রফল = $2(ab+bc+ca)$
$= 2(25\times20+20\times15+15\times25)$
$= 2350$ বর্গ সে.মি.

আয়তকার ঘনবস্তুর আয়তন = $abc = 25\times20\times25$
$=7500$ ঘন সে.মি.

আয়তাকার ঘনবস্তুর কর্ণ = $\sqrt{a^2+b^2+c^2}$
$= \sqrt{\{(25)^2+(20)^2+(15)^2\}}$
$= \sqrt{624+400+225}$
$= \sqrt{1250} = 35.363$ সে.মি. (প্রায়)

নির্ণেয় সমগ্র তলের ক্ষেত্রফল 2350 বর্গ সে.মি., আয়তন 7500 ঘন সে.মি এবং কর্ণের দৈর্ঘ্য 35.363 সে.মি. (প্রায়)

☑ অনুরূপ: একটি আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য 16 মিটার, প্রস্থ 12 মিটার ও উচ্চতা 4.5 মিটার । এর পৃষ্ঠতলের ক্ষেত্রফল, কর্ণের দৈর্ঘ্য ও আয়তন নির্ণয় করুন। উত্তর: পৃষ্ঠতলের ক্ষেত্রফল 636 বর্গমিটার, কর্ণের দৈর্ঘ্য 20.5 মিটার, আয়তন 864 ঘনমিটার ।

☑ অনুরূপ: একটি আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য ৭.৫ সেন্টিমিটার, প্রস্থ ৬ সেন্টিমিটার ও উচ্চতা ৪ সেন্টিমিটার হলে, ঘনবস্তুটির সমগ্রতলের ক্ষেত্রফল নির্ণয় করুন। উত্তর: ১৯৮ বর্গ সে.মি.

সমস্যা (৬৪) **একটি ঘনকের সম্পূর্ণ পৃষ্ঠের ক্ষেত্রফল ৯৬ বর্গমিটার। এর কর্ণের দৈর্ঘ্য নির্ণয় করুন।**

সমাধান মনে করি, ঘনকটির ধার a

∴ ঘনকটির সম্পূর্ণ পৃষ্ঠের ক্ষেত্রফল=$6a^2$ এবং কর্ণের দৈর্ঘ্য = $\sqrt{3}\,a$

প্রশ্নমতে,

$6a^2 = 96$

বা, $a^2 = 16$

∴ $a = 4$

∴ কর্ণের দৈর্ঘ্য = $\sqrt{3}a = \sqrt{3}\times4 = 6.928$ মিটার (প্রায়)

নির্ণেয় কর্ণের দৈর্ঘ্য 6.928 মিটার (প্রায়)

উত্তর: 6.928 মিটার (প্রায়)

সমস্যা (৬৫) কোন ঘনকের পৃষ্ঠতলের কর্ণের দৈর্ঘ্য $8\sqrt{2}$ সে.মি. হলে, এর কর্ণের দৈর্ঘ্য ও আয়তন নির্ণয় করুন।

সমাধান মনে করি, ঘনকটির ধার a

∴ ঘনকটির পৃষ্ঠতলের কর্ণের দৈর্ঘ্য = $\sqrt{2}a$,

কর্ণের দৈর্ঘ্য = $\sqrt{3}a$ এবং আয়তন = a^3

প্রশ্নানুসারে,

$\sqrt{2}a = 8\sqrt{2}$

বা, $a = 8$

∴ ঘনকটির কর্ণের দৈর্ঘ্য = $\sqrt{3}\times8 = 13.856$ সে.মি. (প্রায়)

এবং আয়তন = $8^3 = 512$ ঘন সে.মি.

নির্ণেয় কর্ণের দৈর্ঘ্য 13.856 সে.মি.(প্রায়) এবং আয়তন 512 ঘন সে.মি.

উত্তর: কর্ণের দৈর্ঘ্য 13.856 সে.মি. (প্রায়) এবং আয়তন 512 ঘন সে.মি.

সমস্যা (৬৬) **একটি সমবৃত্তভূমিক বেলনের উচ্চতা 10 সে.মি. এবং ভূমির ব্যাসার্ধ 7 সে. মি হলে, এর আয়তন এবং সম্পূর্ণ পৃষ্ঠের ক্ষেত্রফল নির্ণয় করুন।**

সমাধান সমবৃত্তভূমিক বেলনের উচ্চতা h = 10 সে.মি. এবং ভূমির ব্যাসার্ধ r = 7 সে.মি.

∴ এর আয়তন = $\pi r^2h = 3.1416\times72\times10$
$=1539.38$ ঘন সে.মি (প্রায়)

সমগ্র পৃষ্ঠের ক্ষেত্রফল = $2\pi r(r+h) = 2\times3.1416\times7(7+10)$
$=747.7$ বর্গমিটার (প্রায়)

☑ অনুরূপ: 5.5 সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট একটি সমবৃত্তভূমিক বেলনের উচ্চতা 8 সে.মি.। বেলনটির সমগ্র পৃষ্ঠের ক্ষেত্রফল নির্ণয় করুন। ($\pi = 3.14$) উত্তর: 466.29 বর্গ সে.মি (প্রায়)

☑ অনুরূপ: 12 সে.মি উচ্চতাবিশিষ্ট একটি বেলনের ভূমির ব্যাসার্ধ 5 সে.মি । এর পৃষ্ঠতলের ক্ষেত্রফল ও আয়তন নির্ণয় করুন। উত্তর: ক্ষেত্রফল 534.071 বর্গ সে.মি (প্রায়) ও আয়তন 942.48 ঘন সে.মি (প্রায়)

সমস্যা (৬৭) **একটি সমবৃত্ত বেলনের ব্যাসার্ধ 4.5 সে.মি ও উচ্চতা 6 সে.মি। বেলনটির বক্রপৃষ্ঠের ক্ষেত্রফল নির্ণয় করুন। ($\pi = 3.14$)**

সমাধান সমবৃত্তভূমিক বেলনের ব্যাসার্ধ r = 4.5 সে.মি. এবং উচ্চতা h = 6 সে.মি.

বেলনটির বক্রপৃষ্ঠের ক্ষেত্রফল $= 2\pi rh$
$= 2\times3.14\times4.5\times6$ বর্গ সে.মি
$= 169.56$ বর্গ সে.মি

উত্তর: 169.56 বর্গ সে.মি

১০ সরল ও দ্বিপদী সমীকরণ

সমস্যা (১) একটি খাতা ও একটি কলমের মোট দাম 75 টাকা । খাতার দাম 5 টাকা কম ও কলমের দাম 2 টাকা বেশি হলে, খাতার দাম কলমের দামের দ্বিগুণ হতো। খাতা ও কলমের কোনটির দাম কত?

সমস্যা (২) একজন বালক দোকান থেকে 15 টি খাতা ও 10 টি পেন্সিল 300 টাকা দিয়ে ক্রয় করলো। আবার অন্য একজন বালক একই দোকান থেকে একই ধরনের 10টি খাতা ও 15টি পেন্সিল 250 টাকায় ক্রয় করলো। প্রতিটি খাতা ও পেন্সিলের মূল্য নির্ণয় কর।

সমস্যা (৩) একজন লোকের নিকট 5000 টাকা আছে। তিনি উক্ত টাকা দুই জনের মধ্যে এমনভাবে ভাগ করে দিলেন, যেন, প্রথম জনের টাকা দ্বিতীয় জনের 4 গুণ হয়। আবার প্রথম জন থেকে 1500 টাকা দ্বিতীয় জনকে দিলে উভয়েরর টাকার পরিমাণ সমান হয়। প্রত্যেকের টাকার পরিমাণ নির্ণয় কর।

সমস্যা (৪) একটি শ্রেণির প্রতিবেঞ্চে 4 জন করে ছাত্র বসালে 3টি বেঞ্চ খালি থাকে। আবার, প্রতিবেঞ্চে 3 জন করে ছাত্র বসালে 6 জন ছাত্রকে দাঁড়িয়ে থাকতে হয়। ঐ শ্রেণির ছাত্র সংখ্যা কত?

সমস্যা (৫) একটি বালিকা বিদ্যালয়ের একটি শ্রেণিকক্ষে প্রতিবেঞ্চে 6 জন করে ছাত্রী বসালে 2 টি বেঞ্চ খালি থাকে। কিন্তু প্রতি বেঞ্চে 5 জন করে ছাত্রী বসালে 6 জন ছাত্রীকে দাড়িয়ে থাকতে হয়। ঐ শ্রেণির বেঞ্চের সংখ্যা কয়টি?

সমস্যা (৬) কবির সাহেব তার 56000 টাকার কিছু টাকা বার্ষিক 12% মুনাফায় ও বাকি টাকা বার্ষিক 10% মুনাফায় বিনিয়োগ করলেন। এক বছর পর তিনি মোট 6400 টাকা মুনাফা পেলেন। তিনি 12% মুনাফায় কত টাকা বিনিয়োগ করেছেন?

সমস্যা (৭) একজন ক্ষুদ্র ব্যবসায়ী 5600 টাকা বিনিয়োগ করে এক বছর পর কিছু টাকার উপর 5% এবং অবশিষ্ট টাকার উপর 4% লাভ করলেন। মোট 256 টাকা লাভ করলে, তিনি কত টাকার উপর 5% লাভ করলেন?

সমস্যা (৮) 120 টি এক টাকার মুদ্রা ও দুই টাকার মুদ্রায় মোট 180 টাকা হলে, কোন প্রকারের মুদ্রার সংখ্যা কয়টি?

সমস্যা (৯) 120 টি পঁচিশ পয়সার মুদ্রা ও পঞ্চাশ পয়সার মুদ্রায় মোট 35 টাকা হলে, কোন প্রকারের মুদ্রার সংখ্যা কয়টি?

সমস্যা (১০) একটি লঞ্চে যাত্রী সংখ্যা 47; মাথাপিছু কেবিনের ভাড়া ডেকের ভাড়ার দ্বিগুণ। ডেকের ভাড়া মাথাপিছু 30 টাকা এবং মোট ভাড়া প্রাপ্তি 1680 টাকা হলে. কেবিনের যাত্রী সংখ্যা কত?

সমস্যা (১১) একটি শ্রেণিতে যতজন ছাত্র-ছাত্রী পড়ে প্রত্যেকে তার সহপাঠী সংখ্যার সমান টাকা চাঁদা দেওয়ায় মোট 420 টাকা চাঁদা উঠল। ঐ শ্রেণির ছাত্র-ছাত্রার সংখ্যা কত এবং প্রত্যেকে কত টাকা করে চাঁদা দিল?

সমস্যা (১২) একটি শ্রেণিতে যতজন ছাত্র-ছাত্রী পড়ে, প্রত্যেকে তত পয়সার চেয়ে আরও 30 পয়সা বেশি করে চাঁদা দেওয়াতে মোট 70 টাকা উঠল। ঐ শ্রেণির ছাত্র-ছাত্রীর সংখ্যা কত?

সমস্যা (১৩) কোন সমিতির সদস্যগণ প্রত্যেকেই সদস্য সংখ্যার 100 গুণ চাঁদা দেওয়ার সিদ্ধান্ত নিলেন। কিন্তু 4 জন সদস্য চাঁদা না দেওয়ায় প্রত্যেকের চাঁদার পরিমাণ পূর্বের চেয়ে 500 টাকা বেড়ে গেল। সমিতির সদস্যসংখ্যা ও মোট চাঁদার পরিমাণ নির্ণয় কর।

সমস্যা (১৪) একটি ক্রিকেট দলের যতজন স্ট্যাম্প আউট হলো তার দেড়গুণ কট আউট হলো এবং মোট উইকেটের অর্ধেক বোল্ট আউট হল। ঐ দলের কত জন কট আউট হল।

সমস্যা (১৫) শাহিদ 240 টাকায় কতকগুলো কলম কিনল । সে যদি ঐ টাকায় একটি কলম বেশি পেতো তবে প্রতিটি কলমের দাম গড়ে 1 টাকা কম পড়তো । সে কতগুলো কলম কিনল?

সমস্যা (১৬) একটি বিদ্যালয়ের নবম শ্রেণির একটি পরীক্ষায় ক জন ছাত্রের গণিতের প্রাপ্ত নম্বর 1950; একই পরীক্ষায় অন্য একজন নতুন ছাত্রের গণিতে প্রাপ্ত নম্বর 34 যোগ করায় প্রাপ্ত নম্বরের গড় 1 কমে গেল। মোট ছাত্র সংখ্যা কত এবং উভয় ক্ষেত্রে নম্বরের গড় নির্ণয় করুন।

সমস্যা (১৭) বার্ষিক পরীক্ষায় একটি ছাত্র মোট ক সংখ্যক প্রশ্নের প্রথম ২০টি মধ্যে ১৫টি নির্ভুল উত্তর দিল। বাকী যা প্রশ্ন রইল তার $\frac{১}{৩}$ অংশ সে নির্ভুল উত্তর দিল। সমস্ত প্রশ্নের মান সমান। যদি ছাত্র শতকরা ৭৫ ভাগ নম্বর পায় তবে প্রশ্নের সংখ্যা কত ছিল?

সমস্যা (১৮) বার্ষিক ক্রীড়া অনুষ্ঠান করার জন্য কোনো এক সমিতির সদস্যরা 45,000 টাকার বাজেট করলেন এবং সিদ্ধান্ত নিলেন যে, প্রত্যেক সদস্যই সমান চাঁদা দিবেন। কিন্তু 5 জন সদস্য চাঁদা দিতে অসম্মতি জানালেন। এর ফলে প্রত্যেক

সদস্যের মাথাপিছু 15 টাকা চাঁদা বৃদ্ধি পেল। ঐ সমিতিতে কতজন সদস্য ছিলেন?

সমস্যা (১৯) বনভোজনে যাওয়ার জন্য একটি বাস 2400 টাকায় ভাড়া করা হলো এবং সিদ্ধান্ত গৃহীত হলো যে, প্রত্যেক যাত্রী সমান ভাড়া দিবে। 10 জন যাত্রী অনুপস্থিত থাকায় মাথাপিছু ভাড়া 8 টাকা বৃদ্ধি পেল। বাসে কতজন যাত্রী গিয়েছিল এবং প্রত্যেকে কত টাকা করে ভাড়া দিয়েছিল?

সমস্যা (২০) শিক্ষা সফরে যাওয়ার জন্য 2400 টাকায় বাস ভাড়া করা হলো এবং প্রত্যেক ছাত্র সমান ভাড়া বহন করবে ঠিক হলো। অতিরিক্ত 10 জন ছাত্র/ছাত্রী যাওয়ায় প্রতি জনের ভাড়া 8 টাকা কমে গেল। বাসে কতজন ছাত্র/ছাত্রী গিয়েছিল।

সমস্যা (২১) বনভোজনে যাওয়ার জন্য 5700 টাকায় একটি বাস ভাড়া করা হলো এবং শর্ত হলো যে, প্রত্যেক যাত্রী সমান ভাড়া বহন করবে । 5 জন যাত্রী না যাওয়ায় মাথাপিছু ভাড়া ৩ টাকা বৃদ্ধি পেল । বাসে কতজন যাত্রী গিয়েছিল।

সমস্যা সমাধান

সমস্যা (১) **একটি খাতা ও একটি কলমের মোট দাম 75 টাকা । খাতার দাম 5 টাকা কম ও কলমের দাম 2 টাকা বেশি হলে, খাতার দাম কলমের দামের দ্বিগুণ হতো। খাতা ও কলমের কোনটির দাম কত?**

সমাধান মনে করি, খাতার দাম x টাকা

তাহলে, কলমের দাম $75 - x$ টাকা

খাতার দাম 5 টাকা কম হলে হয় $x - 5$ টাকা

এবং কলমের দাম 2 টাকা বেশি হলে হয় $(75 - x + 2)$ টাকা বা $77-x$ টাকা

প্রশ্নমতে, $x - 5 = 2 \times (77 - x)$

বা, $x - 5 = 154 - 2x$

বা, $x + 2x = 154 + 5$ [পক্ষান্তর করে]

বা, $3x = 159$

বা, $x = \frac{159}{3}$

$\therefore x = 53$

∴ খাতার দাম 53 টাকা এবং কলমের দাম (75–53) টাকা বা 22 টাকা

উত্তর : খাতার দাম 53 টাকা, কলমের দাম 22 টাকা।

☑ **অনুরূপ: একটি কলম ও একটি বইয়ের একত্রে মূল্য ৯৫ টাকা। কলমটির মূল্য ১৫ টাকা বেশি ও বইয়ের মূল্য ১৪ টাকা কম হলে কলমটির মূল্য বইটির মূল্যের দ্বিগুণ হতো। বইটির মূল্য কত? উত্তর: ৪৬ টাকা**

সমস্যা (২) **একজন বালক দোকান থেকে 15 টি খাতা ও 10 টি পেন্সিল 300 টাকা দিয়ে ক্রয় করলো। আবার অন্য একজন বালক একই দোকান থেকে একই ধরনের 10টি খাতা ও 15টি পেন্সিল 250 টাকায় ক্রয় করলো। প্রতিটি খাতা ও পেন্সিলের মূল্য নির্ণয় কর।**

সমাধান মনে করি, খাতার মূল্য = x টাকা

এবং পেন্সিলের মূল্য = y টাকা।

১ম শর্তমতে, $15x + 10y = 300$ .....(i)

২য় শর্তমতে, $10x + 15y = 250$ .....(ii)

(i) নং সমীকরণকে 2 এবং (ii) নং সমীকরণকে 3 দ্বারা গুণ করে বিয়োগ করে পাই,

$30x + 20y = 600$

$30x + 45y = 750$

(–) (–) (–)

$-25y = -150$

বা, $25y = 150$ [– দ্বারা গুণ করে]

বা, $y = \frac{150}{25}$

$\therefore y = 6$

y এর মান (i) নং সমীকরণে বসিয়ে পাই,

$15x + 10 \times 6 = 300$

বা, $15x = 300 - 60$

বা, $15x = 240$

বা, $x = \frac{240}{15}$

$\therefore x = 16$

∴ খাতার মূল্য 16 টাকা এবং পেন্সিলের মূল্য 6 টাকা।

উত্তর: খাতার মূল্য 16 টাকা এবং পেন্সিলের মূল্য 6 টাকা।

সমস্যা (৩) **একজন লোকের নিকট 5000 টাকা আছে। তিনি উক্ত টাকা দুই জনের মধ্যে এমনভাবে ভাগ করে দিলেন, যেন, প্রথম জনের টাকা দ্বিতীয় জনের 4 গুণ হয়। আবার প্রথম জন থেকে 1500 টাকা দ্বিতীয় জনকে দিলে উভয়েরর টাকার পরিমাণ সমান হয়। প্রত্যেকের টাকার পরিমাণ নির্ণয় কর।**

সমাধান মনে করি, প্রথম জনের টাকার পরিমাণ = x টাকা ।

এবং দ্বিতীয় জনের টাকার পরিমাণ = y টাকা।

$\therefore x + y = 5000$ .....(i)

১ম শর্তমতে, $x = 4y$ .....(ii)

২য় শর্তমতে, $x - 1500 = y + 1500$

বা, $4y - 1500 = y + 1500$ [(ii) হতে মান বসিয়ে]

বা, $4y - y = 1500 + 1500$

বা, $3y = 3000$

বা, $y = \frac{3000}{3}$ $\therefore y = 1000$

y এর মান (ii) নং সমীকরণে বসিয়ে পাই,

$x = 4 \times 1000$ $\therefore x = 4000$

∴ প্রথম জনের পরিমাণ 4000 টাকা এবং দ্বিতীয় জনের 1000 টাকা।

উত্তর : 4000 টাকা এবং 1000 টাকা।

সমস্যা (৪) একটি শ্রেণির প্রতিবেঞ্চে 4 জন করে ছাত্র বসালে 3টি বেঞ্চ খালি থাকে। আবার, প্রতিবেঞ্চে 3 জন করে ছাত্র বসালে 6 জন ছাত্রকে দাঁড়িয়ে থাকতে হয়। ঐ শ্রেণির ছাত্র সংখ্যা কত?

সমাধান মনে করি, শ্রেণিটির ছাত্র সংখ্যা x

যেহেতু, প্রতিবেঞ্চে 4 জন করে বসালে 3 টি বেঞ্চ খালি থাকে,

সেহেতু ঐ শ্রেণির বেঞ্চের সংখ্যা $= \frac{x}{4} + 3$

আবার, যেহেতু প্রতিবেঞ্চে 3 জন করে বসালে 6 জনকে দাঁড়িয়ে থাকতে হয়, সেহেতু ঐ শ্রেণির বেঞ্চের সংখ্যা $= \frac{x-6}{3}$

যেহেতু শ্রেণির বেঞ্চের সংখ্যা একই থাকবে,

সুতরাং $\frac{x}{4} + 3 = \frac{x-6}{3}$

বা, $\frac{x+12}{4} = \frac{x-6}{3}$

বা, $4x - 24 = 3x + 36$

বা, $4x - 3x = 36 + 24$

বা, $x = 60$

∴ ঐ শ্রেণির ছাত্র সংখ্যা 60

উত্তর : 60 জন।

☑ অনুরূপ: একটি শ্রেণিতে প্রতি বেঞ্চে ৫ জন করে বসলে ৫ খানা বেঞ্চ খালি থাকে। কিন্তু প্রতি বেঞ্চে ৩ জন করে বসলে ৭ জন ছাত্র দাঁড়িয়ে থাকে। ঐ শ্রেণির ছাত্র সংখ্যা কত? উত্তর: ৫৫ জন

☑ অনুরূপ: একটি শ্রেণিতে প্রতি বেঞ্চে ৪ জন করে ছাত্র বসলে ৩ খানা বেঞ্চ খালি থাকে। কিন্তু প্রতি বেঞ্চে ৩ জন করে বসলে ৬ জন দাঁড়িয়ে থাকতে হয়। ঐ শ্রেণিতে ছাত্র সংখ্যা কত। উত্তর: ৬০ জন

সমস্যা (৫) একটি বালিকা বিদ্যালয়ের একটি শ্রেণিকক্ষে প্রতিবেঞ্চে 6 জন করে ছাত্রী বসালে 2 টি বেঞ্চ খালি থাকে। কিন্তু প্রতি বেঞ্চে 5 জন করে ছাত্রী বসালে 6 জন ছাত্রীকে দাড়িয়ে থাকতে হয়। ঐ শ্রেণির বেঞ্চের সংখ্যা কয়টি?

সমাধান মনে করি, শ্রেণিটির বেঞ্চ সংখ্যা x

যেহেতু প্রতিবেঞ্চে 6 জন করে ছাত্রী বসালে 2টি বেঞ্চ খালি থাকে, সেহেতু ঐ শ্রেণির ছাত্রী সংখ্যা $= 6(x - 2)$

আবার, যেহেতু প্রতিবেঞ্চে 5 জন করে বসালে 6 জন ছাত্রীকে দাঁড়িয়ে থাকতে হয়, সেহেতু ঐ শ্রেণির ছাত্রী সংখ্যা $= 5x + 6$

যেহেতু ছাত্রী সংখ্যা একই থাকবে,

সুতরাং $6(x - 2) = 5x + 6$

বা, $6x - 12 = 5x + 6$

বা, $6x - 5x = 6 + 12$

$\therefore x = 18$ $\therefore$ ঐ শ্রেণির বেঞ্চের সংখ্যা 18টি

উত্তর: 18টি।

সমস্যা (৬) কবির সাহেব তার 56000 টাকার কিছু টাকা বার্ষিক 12% মুনাফায় ও বাকি টাকা বার্ষিক 10% মুনাফায় বিনিয়োগ করলেন। এক বছর পর তিনি মোট 6400 টাকা মুনাফা পেলেন। তিনি 12% মুনাফায় কত টাকা বিনিয়োগ করেছেন?

সমাধান মনে করি, কবির সাহেব 12% মুনাফায় x টাকা বিনিয়োগ করছেন।

∴ তিনি 10% মুনাফায় বিনিয়োগ করেছেন $(56000 - x)$ টাকা।

100 টাকায় 1 বছরের মুনাফা 12 টাকা

1 " 1 " " $\frac{12}{100}$ "

x " 1 " " $\frac{12x}{100}$ "

আবার,

100 টাকায় 1 বছরের মুনাফা 10 টাকা

1 " 1 " " $\frac{10}{100}$ "

$(56000 - x)$ " 1 " " $\frac{10(56000 - x)}{100}$ "

প্রশ্নমতে, $\frac{12x}{100} + \frac{10(56000 - x)}{100} = 6400$

বা, $\frac{12x + 560000 - 10x}{100} = 6400$

বা, $12x + 560000 - 10x = 640000$

বা, $2x = 640000 - 560000$

বা, $x = \frac{80000}{2}$ $\therefore x = 40000$

∴ কবির সাহেব 12% মুনাফায় 40000 টাকা বিনিয়োগ করেছেন।
উত্তর : 40000 টাকা ।

☑ অনুরূপ: দুটি মেয়াদী আমানত হিসাবে মোট ১,২০,০০০ টাকা জমা রাখা হয়। এর একটিতে ৫% হারে ও অপরটিতে ৭% হারে ৭২০০ টাকা সুদ পাওয়া যাবে। ৫% হারে কত টাকা জমা রাখা হয়?
উত্তর: ৬০,০০০ টাকা।

সমস্যা (৭) **একজন ক্ষুদ্র ব্যবসায়ী 5600 টাকা বিনিয়োগ করে এক বছর পর কিছু টাকার উপর 5% এবং অবশিষ্ট টাকার উপর 4% লাভ করলেন। মোট 256 টাকা লাভ করলে, তিনি কত টাকার উপর 5% লাভ করলেন?**

সমাধান মনে করি, 5% হারে বিনিয়োগের পরিমাণ = x টাকা
তাহলে, 4% হারে বিনিয়োগের পরিমাণ হবে = (5600 – x) টাকা

কিন্তু 5% হারে x টাকার 1 বৎসরের লাভ $= x \times \frac{5}{100} \times 1$

$= \frac{x}{20}$ টাকা

4% হারে (5600– x) টাকার 1 বৎসরের লাভ$=(5600 - x)\times\frac{4}{100} \times 1$

$= \frac{5600 - x}{25}$ টাকা

∴ মোট লাভ $= \left(\frac{x}{20} + \frac{5600 - x}{25}\right)$ টাকা

প্রশ্নমতে, $\frac{x}{20} + \frac{5600 - x}{25} = 256$

বা, $\frac{x}{20} + \frac{5600}{25} - \frac{x}{25} = 256$

বা, $\frac{x}{20} - \frac{x}{25} = 256 - 224$

বা, $\frac{x}{100} = 32$

বা, $x = 3200$

∴ $x = 3200$

∴ ঐ ব্যক্তি 3200 টাকার উপর 5% লাভ করলেন।
উত্তর: 3200 টাকা।

☑ অনুরূপ: একজন বিনিয়োগকারী ৮০,০০০ টাকার কিছু প্রতি ৬ মাস অন্তর ৫% হার সুদে এবং অবশিষ্ট বাৎসরিক ১২% হারে একটি সেভিংস ব্যাংকে জমা করল। বছর শেষে তিনি ৯০০০ টাকা সুদ পেলেন। তাহলে তিনি ১২% হার সুদে কত টাকা বিনিয়োগ করেন?
উত্তর: ৫০০০০ টাকা [Hints- ৬ মাসে ৫% হলে ১ বছরে ১০%]

সমস্যা (৮) **120 টি এক টাকার মুদ্রা ও দুই টাকার মুদ্রায় মোট 180 টাকা হলে, কোন প্রকারের মুদ্রার সংখ্যা কয়টি?**

সমাধান মনে করি, এক টাকার মুদ্রার সংখ্যা x টি
∴ দুই টাকার মুদ্রার সংখ্যা (120 – x) টি
এক টাকার মুদ্রার মোট মান = 1 × x = x টাকা
এবং দুই টাকার মুদ্রার মোট মান = 2(120 – x) টাকা
প্রশ্নমতে, x + 2(120 – x) = 180
বা, x + 240 – 2x = 180
বা, –x = 180 – 240 [পক্ষান্তর করে]
বা, –x = –60
∴ x = 60
∴ এক টাকার মুদ্রার সংখ্যা 60টি।
দুই টাকার মুদ্রার সংখ্যা (120 – 60) বা 60টি।
উত্তর : এক টাকার মুদ্রার 60টি এবং দুই টাকার মুদ্রার 60টি।

সমস্যা (৯) **120 টি পঁচিশ পয়সার মুদ্রা ও পঞ্চাশ পয়সার মুদ্রায় মোট 35 টাকা হলে, কোন প্রকারের মুদ্রার সংখ্যা কয়টি?**

সমাধান মনে করি, পঞ্চাশ পয়সার মুদ্রা সংখ্যা = xটি
∴ পঁচিশ পয়সার মুদ্রা সংখ্যা = (120 – x) টি
∴ সর্বমোট মুদ্রা মান = 50x + 25 (120 – x) পয়সা
= 50x + 3000 – 25x
= 3000 + 25x
$= \frac{3000 + 25x}{100}$ [∵ 100 পয়সা = 1 টাকা]

প্রশ্নমতে, $\frac{3000 + 25x}{100} = 35$
বা, 3000 + 25x = 3500
বা, 25x = 3500 – 3000
বা, 25x = 500
বা, x = 20
∴ x = 20
∴ পঞ্চাশ পয়সার মুদ্রার সংখ্যা 20টি
পঁচিশ পয়সার মুদ্রা সংখ্যা = 120 – 20 = 100টি
উত্তর: পঞ্চাশ পয়সার মুদ্রার 20টি এবং পঁচিশ পয়সার মুদ্রা 100টি।

☑ অনুরূপ: ১২০ টি পঁচিশ পয়সার মুদ্রা ও দশ পয়সার মুদ্রা একত্রে ২৭ টাকা হলে, পঁচিশ পয়সার মুদ্রার ও দশ পয়সার মুদ্রার সংখ্যা কত?
উত্তর: পঁচিশ পয়সার মুদ্রার ১০০টি এবং দশ পয়সার মুদ্রার ২০টি।

সমস্যা (১০) **একটি লঞ্চে যাত্রী সংখ্যা 47; মাথাপিছু কেবিনের ভাড়া ডেকের ভাড়ার দ্বিগুণ। ডেকের ভাড়া মাথাপিছু 30 টাকা এবং মোট ভাড়া প্রাপ্তি 1680 টাকা হলে. কেবিনের যাত্রী সংখ্যা কত?**

সমাধান মনে করি, কেবিনের যাত্রী সংখ্যা = x জন।

∴ ডেকের যাত্রী সংখ্যা = (47 – x) জন

ডেকের ভাড়া মাথাপিছু 30 টাকা

∴ কেবিনের মাথাপিছু ভাড়া (30 × 2) টাকা = 60 টাকা

এখন, ডেকের মাথাপিছু ভাড়া 30 টাকা হলে ডেকের মোট ভাড়া = 30 (47 – x) টাকা

আবার, কেবিনের মাথাপিছু ভাড়া 60 টাকা হলে কেবিনের মোট ভাড়া = 60x টাকা।

∴ সর্বমোট ভাড়া = 60x + 30 (47 – x)

প্রশ্নমতে, 60x + 30 (47 – x) = 1680

বা, 60x + 1410 – 30x = 1680

বা, 30x = 1680 – 1410

বা, $x = \frac{270}{30}$

∴ x = 9

∴ কেবিনের যাত্রী সংখ্যা 9 জন। **উত্তর : 9 জন।**

সমস্যা (১১) **একটি শ্রেণিতে যতজন ছাত্র–ছাত্রী পড়ে প্রত্যেকে তার সহপাঠী সংখ্যার সমান টাকা চাঁদা দেওয়ায় মোট 420 টাকা চাঁদা উঠল। ঐ শ্রেণির ছাত্র–ছাত্রীর সংখ্যা কত এবং প্রত্যেকে কত টাকা করে চাঁদা দিল?**

সমাধান ধরি, শ্রেণির ছাত্র–ছাত্রীর সংখ্যা = x জন

তাহলে, প্রত্যেকের সহপাঠীর সংখ্যা = (x – 1) জন

প্রত্যেকে চাঁদা দেয় = (x – 1) টাকা।

∴ মোট চাঁদার পরিমাণ = x (x – 1) টাকা

প্রশ্নমতে, x (x – 1) = 420

বা, $x^2 - x = 420$

বা, $x^2 - x - 420 = 0$

বা, $x^2 - 21x + 20x - 420 = 0$

বা, x (x – 21) + 20 (x – 21) = 0

বা, (x – 21) (x + 20) = 0

∴ (x – 21) (x + 20) = 0

হয়, x – 21 = 0	অথবা, x + 20 = 0
বা, x = 21	বা, x = –20
∴ x = 21	∴ x = –20 (গ্রহণযোগ্য নয়)

∴ শ্রেণির ছাত্র–ছাত্রীর সংখ্যা 21 জন।

এবং প্রত্যেকে চাঁদা দেয় = x – 1 = 21 – 1 = 20 টাকা।

উত্তর: ছাত্র–ছাত্রীর সংখ্যা 21 জন এবং প্রত্যেকে চাঁদা দেয় 20 টাকা।

সমস্যা (১২) **একটি শ্রেণিতে যতজন ছাত্র–ছাত্রী পড়ে, প্রত্যেকে তত পয়সার চেয়ে আরও 30 পয়সা বেশি করে চাঁদা দেওয়াতে মোট 70 টাকা উঠল। ঐ শ্রেণির ছাত্র–ছাত্রীর সংখ্যা কত?**

সমাধান মনে করি, ছাত্র–ছাত্রীর সংখ্যা = x জন

প্রত্যেকে চাঁদা দেয় = (x + 30) পয়সা

∴ মোট চাঁদার পরিমাণ = x (x + 30) পয়সা

প্রশ্নমতে, x (x + 30) = 70 × 100 [∵ 1 টাকা = 100 পয়সা]

বা, $x^2 + 30x - 7000 = 0$

বা, $x^2 + 100x - 70x - 7000 = 0$

বা, x (x + 100) – 70 (x + 100) = 0

বা, (x + 100) (x – 70) = 0

হয়, x + 100 = 0	অথবা, x – 70 = 0
বা, x ≠ –100 কারণ, ছাত্র–ছাত্রীর সংখ্যা ঋণাত্মক হতে পারে না।	বা, x = 70
	∴ x = 70

সুতরাং, ছাত্র–ছাত্রীর সংখ্যা 70 জন। **উত্তর: 70 জন**

☑ অনুরূপ: একটি শ্রেণিতে যতজন ছাত্র–ছাত্রী আছে প্রত্যেকে তত পয়সার চেয়ে আরও ২৫ পয়সা বেশি করে চাঁদা দেয়ায় মোট ৭৫ টাকা উঠল। ঐ শ্রেণির ছাত্র–ছাত্রীর সংখ্যা কত? উত্তর: ৭৫ জন।

☑ অনুরূপ: কোন শ্রেণিতে যত জন ছাত্র ছিল তাদের প্রত্যেকে তত পাঁচ পয়সা করে চাঁদা দেওয়ায় মোট ১২৫ টাকা হলো। ঐ শ্রেণিতে মোট কত জন ছাত্র ছিল। উত্তর: ৫০ জন

☑ অনুরূপ: একটি অডিটরিয়ামে সারিতে সজ্জিত মোট ৬১৬ টি আসন আছে। প্রতি সারিতে আসন সংখ্যা মোট সারির সংখ্যার চেয়ে ৬ বেশি হলে, প্রতি সারিতে আসন সংখ্যা নির্ণয় করুন। উত্তর ২৮

সমস্যা (১৩) **কোন সমিতির সদস্যগণ প্রত্যেকেই সদস্য সংখ্যার 100 গুণ চাঁদা দেওয়ার সিদ্ধান্ত নিলেন। কিন্তু 4 জন সদস্য চাঁদা না দেওয়ায় প্রত্যেকের চাঁদার পরিমাণ পূর্বের চেয়ে 500 টাকা বেড়ে গেল। সমিতির সদস্যসংখ্যা ও মোট চাঁদার পরিমাণ নির্ণয় কর।**

সমাধান মনে করি, সদস্য সংখ্যা x জন

প্রত্যেকের চাঁদার পরিমাণ = 100x টাকা

∴ x জনের চাঁদার পরিমাণ = (100x × x) টাকা = $100x^2$ টাকা

4 জন সদস্য চাঁদা না দেওয়ায় প্রত্যেকের চাঁদার পরিমাণ = (100x + 500) টাকা

∴ 4 জন সদস্য চাঁদা না দেওয়ায় (x – 4) জনের মোট চাঁদার পরিমাণ = (100x + 500) (x – 4) টাকা

শর্তানুসারে,

$(100x + 500)(x - 4) = 100x^2$

বা, $100(x + 5)(x - 4) = 100x^2$

বা, $(x + 5)(x - 4) = x^2$ [100 দ্বারা উভয়পক্ষকে ভাগ করে]

বা, $x^2 - 4x + 5x - 20 = x^2$

বা, $x^2 - 4x + 5x - 20 - x^2 = 20$

$\therefore x = 20$

সমিতির সদস্য সংখ্যা 20 জন এবং মোট চাঁদার পরিমাণ

$= 100 \times (20)^2$ টাকা

$= 100 \times 400$ টাকা $= 40000$ টাকা

উত্তর : 40000 টাকা।

সমস্যা (১৪) **একটি ক্রিকেট দলের যতজন স্ট্যাম্প আউট হলো তার দেড়গুণ কট আউট হলো এবং মোট উইকেটের অর্ধেক বোল্ট আউট হল। ঐ দলের কত জন কট আউট হল।**

সমাধান ধরি, স্ট্যাম্প আউট হয় x জন

$\therefore$ কট আউট হয় $\frac{3x}{2}$ জন।

যেহেতু মোট উইকেট 10 জন এবং অর্ধেক অর্থাৎ 5 জন বোল্ড আউট হয়। বাকি 5 জন স্ট্যাম্প ও কট আউট হয়।

শর্তমতে, $x + \frac{3x}{2} = 5$

বা, $\frac{2x + 3x}{2} = 5$

বা, $\frac{5x}{2} = 5$

বা, $5x = 10$

$\therefore x = 2$

$\therefore$ কট আউট $= \frac{3 \times 2}{2} = 3$ জন।

উত্তর: 3 জন।

সমস্যা (১৫) **শাহিদ 240 টাকায় কতকগুলো কলম কিনল। সে যদি ঐ টাকায় একটি কলম বেশি পেতো তবে প্রতিটি কলমের দাম গড়ে 1 টাকা কম পড়তো। সে কতগুলো কলম কিনল?**

সমাধান মনে করি, শাহিদ 240 টাকায় মোট x টি কলম কিনেছিল। এতে প্রতিটি কলমের দাম পড়ে $\frac{240}{x}$ টাকা।

সে যদি 240 টাকায় $(x + 1)$ টি কলম পেতো তবে প্রতিটি কলমের দাম পড়তো $\frac{240}{x+1}$ টাকা।

প্রশ্নমতে, $\frac{240}{x+1} = \frac{240}{x} - 1$

বা, $\frac{240}{x+1} = \frac{240 - x}{x}$

বা, $240x = (x + 1)(240 - x)$

বা, $240x = 240x + 240 - x^2 - x$

বা, $x^2 + x - 240 = 0$

বা, $x^2 + 16x - 15x - 240 = 0$

বা, $x(x + 16) - 15(x + 16) = 0$

বা, $(x + 16)(x - 15) = 0$

$\therefore x + 16 = 0$, অথবা $x - 15 = 0$

বা, $x = -16$ বা, $x = 15$

কিন্তু কলমের সংখ্যা x ঋণাত্মক হতে পারে না।

$\therefore x \neq -16$; $\therefore x = 15$

$\therefore$ শাহিদ 15 টি কলম কিনেছিল। উত্তর : 15 টি।

☑ অনুরূপ: সুমন ১২০ টাকা দিয়ে কয়েকটি কলম কিনলো। প্রতিটি কলমের দাম যদি ২ টাকা কম হতো তবে সে আরো ২টি কলম বেশি পেত। সে কতগুলো কলম কিনেছিল? উত্তর: ১০টি

সমস্যা (১৬) **একটি বিদ্যালয়ের নবম শ্রেণির একটি পরীক্ষায় ক জন ছাত্রের গণিতের প্রাপ্ত নম্বর 1950; একই পরীক্ষায় অন্য একজন নতুন ছাত্রের গণিতে প্রাপ্ত নম্বর 34 যোগ করায় প্রাপ্ত নম্বরের গড় 1 কমে গেল। মোট ছাত্র সংখ্যা কত এবং উভয় ক্ষেত্রে নম্বরের গড় নির্ণয় করুন।**

সমাধান x জন ছাত্রের প্রাপ্ত নম্বরের গড় $= \frac{1950}{x}$

নতুন ছাত্রের নম্বরসহ $(x + 1)$ জন ছাত্রের প্রাপ্ত নম্বরের গড় $= \frac{1950 + 34}{x+1} = \frac{1984}{x+1}$

প্রশ্নমতে, $\frac{1950}{x} - 1 = \frac{1984}{x+1}$

বা, $\frac{1950}{x} - \frac{1984}{x+1} = 1$

বা, $\frac{1950x + 1950 - 1984x}{x(x+1)} = 1$

বা, $x^2 + x = 1950x - 1984x + 1950$

বা, $x^2 + x = 1950 - 34x$

বা, $x^2 + 35x - 1950 = 0$

বা, $x^2 + 65x - 30x - 1950 = 0$

বা, $x(x + 65) - 30(x + 65) = 0$

বা, $(x + 65)(x - 30) = 0$

$\therefore x + 65 = 0$; অথবা, $x - 30 = 0$

বা, $x = -65$; বা, $x = 30$

যেহেতু ছাত্রের সংখ্যা x ঋণাত্মক হতে পারে না,

সুতরাং, $x \neq -65$

$\therefore x = 30$

সুতরাং মোট ছাত্র সংখ্যা $x = 30$ জন।

১ম ক্ষেত্রে গড় $= \frac{1950}{30} = 65$

২য় ক্ষেত্রে গড় $= \frac{1984}{31} = 64$

উত্তর : মোট ছাত্র 30 জন, ১ম ক্ষেত্রে গড় 65, ২য় ক্ষেত্রে গড় 64।

সমস্যা (১৭) **বার্ষিক পরীক্ষায় একটি ছাত্র মোট ক সংখ্যক প্রশ্নের প্রথম ২০টি মধ্যে ১৫টি নিভুল উত্তর দিল। বাকী যা প্রশ্ন রইল তার $\frac{১}{৩}$ অংশ সে নিভুল উত্তর দিল। সমস্ত প্রশ্নের মান সমান। যদি ছাত্র শতকরা ৭৫ ভাগ নম্বর পায় তবে প্রশ্নের সংখ্যা কত ছিল?**

সমাধান সঠিক উত্তর দেয় (ক এর ৭৫%)

$$= ক \times \frac{৭৫}{১০০} = \frac{৩ক}{৪}$$

ক সংখ্যক প্রশ্নের প্রথম ২০টির মধ্যে ১৫টি নির্ভুল উত্তর করলে বাকি থাকে (ক – ২০)টি প্রশ্ন

প্রশ্নমতে,

$$১৫ + (ক - ২০)\frac{১}{৩} = \frac{৩ক}{৪}$$

বা, $১৫ + \frac{ক - ২০}{৩} = \frac{৩ক}{৪}$

বা, $\frac{৪৫ + ক - ২০}{৩} = \frac{৩ক}{৪}$

বা, $\frac{২৫ + ক}{৩} = \frac{৩ক}{৪}$

বা, $১০০ + ৪ক = ৯ক$

বা, $৫ক = ১০০$

$\therefore ক = ২০$

$\therefore$ প্রশ্নসংখ্যা ২০টি। উত্তর: ২০টি

☑ অনুরূপ: কোনো পরীক্ষায় ১ জন ক সংখ্যাক প্রশ্নের প্রথম ২০টির মধ্যে ১৫টি প্রশ্নের উত্তর দেয়। বাকি প্রশ্নগুলোর $\frac{১}{৩}$ অংশের শুদ্ধ উত্তর দিতে পারে। এভাবে সে ৫০% প্রশ্নের শুদ্ধ উত্তর দিয়ে থাকে, তবে ঐ পরীক্ষায় প্রশ্নের সংখ্যা কত? উত্তর: ৫০টি।

সমস্যা (১৮) **বার্ষিক ক্রীড়া অনুষ্ঠান করার জন্য কোনো এক সমিতির সদস্যরা 45,000 টাকার বাজেট করলেন এবং সিদ্ধান্ত নিলেন যে, প্রত্যেক সদস্যই সমান চাঁদা দিবেন। কিন্তু 5 জন সদস্য চাঁদা দিতে অসম্মতি জানালেন। এর ফলে প্রত্যেক সদস্যের মাথাপিছু 15 টাকা চাঁদা বৃদ্ধি পেল। ঐ সমিতিতে কতজন সদস্য ছিলেন?**

সমাধান মনে করি, সদস্য সংখ্যা ছিল = x জন

প্রশ্নমতে,

$$\frac{45000}{x} + 15 = \frac{45000}{x - 5}$$

বা, $\frac{45000 + 15x}{x} = \frac{45000}{x - 5}$

বা, $\frac{15(3000 + x)}{x} = \frac{15 \times 3000}{x - 5}$

বা, $\frac{3000 + x}{x} = \frac{3000}{x - 5}$; [উভয়পক্ষে 15 দ্বারা ভাগ করে]

বা, $3000x + x^2 - 15000 - 5x = 3000x$

বা, $x^2 - 5x - 15000 = 3000x - 3000x$

বা, $x^2 - 125x + 120x - 15000 = 0$

বা, $x(x - 125) + 120(x - 125) = 0$

বা, $(x - 125)(x + 120) = 0$

বা, $x - 125 = 0$ অথবা, $x + 120 = 0$

$\therefore x = 125$ $\therefore x = -120$

[যেহেতু সদস্য সংখ্যা ঋণাত্মক হতে পারে না, তাই x এর মান – 120 গ্রহণযোগ্য নয়।] সুতরাং সদস্য সংখ্যা ১২৫ জন।

উত্তর : 125 জন।

সমস্যা (১৯) **বনভোজনে যাওয়ার জন্য একটি বাস 2400 টাকায় ভাড়া করা হলো এবং সিদ্ধান্ত গৃহীত হলো যে, প্রত্যেক যাত্রী সমান ভাড়া দিবে। 10 জন যাত্রী অনুপস্থিত থাকায় মাথাপিছু ভাড়া 8 টাকা বৃদ্ধি পেল। বাসে কতজন যাত্রী গিয়েছিল এবং প্রত্যেকে কত টাকা করে ভাড়া দিয়েছিল?**

সমাধান ধরি, মোট যাত্রী সংখ্যা x জন

$$\therefore \text{জনপ্রতি ভাড়া} = \frac{2400}{x} \text{ টাকা}$$

১০ জন যাত্রী অনুপস্থিত থাকলে যাত্রী সংখ্যা $(x - 10)$ জন

$$\therefore \text{জনপ্রতি ভাড়া হতো } \frac{2400}{x - 10} \text{ টাকা}$$

প্রশ্নমতে, $\frac{2400}{x} + 8 = \frac{2400}{x-10}$

বা, $\frac{2400}{x-10} - \frac{2400}{x} = 8$

বা, $\frac{2400x - 2400(x-10)}{x(x-10)} = 8$

বা, $8x(x-10) = 2400x - 2400x + 24000$

বা, $8x(x-10) = 24000$

বা, $x(x^2 - 10x) = 3000$ [উভয়পক্ষকে 8 দ্বারা ভাগ করে]

বা, $x^2 - 10x - 3000 = 0$

বা, $x^2 - 10x - 3000 = 0$

বা, $x^2 - 60x + 50x - 3000 = 0$

বা, $x(x-60) + 50(x-60) = 0$

বা, $x(x-60)(x+50) = 0$

বা, $x - 60 = 0$ অথবা, $x + 50 = 0$

বা, $x = 60$ বা, $x = -50$

যাত্রী সংখ্যা ঋণাত্মক হতে পারে না।

$\therefore x = 60$ অর্থাৎ, মোট যাত্রী সংখ্যা 60 জন ।

সুতরাং যাত্রী গিয়েছিল $(60 - 10) = 50$ জন

জনপ্রতি ভাড়া দেয় $= \frac{2400}{50}$ টাকা $= 48$ টাকা

উত্তর: যাত্রী সংখ্যা 50 জন এবং মাথাপিছু ভাড়া 48 টাকা।

☑ অনুরূপ: বনভোজনে যাওয়ার জন্য ৫৭০০ টাকায় একটি বাস ভাড়া করা হয় এ শর্তে যে প্রত্যেক যাত্রী সমান ভাড়া বহন করবে। ৫ জন যাত্রী না আসায় ভাড়া মাথাপিছু ৩ টাকা বৃদ্ধি পেল। বাসে কতজন যাত্রী গিয়েছিল? উত্তর: ৯৫ জন।

সমস্যা (২০) শিক্ষা সফরে যাওয়ার জন্য 2400 টাকায় বাস ভাড়া করা হলো এবং প্রত্যেক ছাত্র সমান ভাড়া বহন করবে ঠিক হলো। অতিরিক্ত 10 জন ছাত্র/ছাত্রী যাওয়ায় প্রতি জনের ভাড়া 8 টাকা কমে গেল। বাসে কতজন ছাত্র/ছাত্রী গিয়েছিল।

সমাধান ধরি, ছাত্রছাত্রীর সংখ্যা ছিল = x

$\therefore$ মাথাপিছু ভাড়া $= \frac{2400}{x}$

10 জন বেশি যাওয়ায় সংখ্যা হলো = $x + 10$

$\therefore$ মাথাপিছু ভাড়া $= \frac{2400}{x+10}$

প্রশ্নানুসারে, $\frac{2400}{x} - 8 = \frac{2400}{x+10}$

বা, $\frac{2400}{x} - \frac{2400}{x+10} = 8$

বা, $8\left(\frac{300}{x} - \frac{300}{x+10}\right) = 8$

বা, $\frac{300}{x} - \frac{300}{x+10} = 1$ [উভয়পক্ষে 8 দ্বারা ভাগ করে]

বা, $\frac{300x + 3000 - 300x}{x(x+10)} = 1$

বা, $3000 = x^2 + 10x$

বা, $x^2 + 10x - 3000 = 0$

বা, $x^2 + 60x - 50x - 3000 = 0$

বা, $x(x+60) - 50(x+60) = 0$

বা, $(x+60)(x-50) = 0$

বা, $x + 60 = 0$ অথবা, $x - 50 = 0$

অর্থাৎ $x = -60$ বা, $x = 50$

যাত্রী সংখ্যা ঋণাত্মক হতে পারে না।

$\therefore x = 50$ সুতরাং মোট ছাত্র/ছাত্রী সংখ্যা 50 জন।

$\therefore$ ছাত্র/ছাত্রী গিয়েছিল $= (50 + 10) = 60$ জন।

উত্তর: ৬০ জন।

সমস্যা (২১) বনভোজনে যাওয়ার জন্য 5700 টাকায় একটি বাস ভাড়া করা হলো এবং শর্ত হলো যে, প্রত্যেক যাত্রী সমান ভাড়া বহন করবে । 5 জন যাত্রী না যাওয়ায় মাথাপিছু ভাড়া ৩ টাকা বৃদ্ধি পেল । বাসে কতজন যাত্রী গিয়েছিল।

সমাধান মনে করি, মোট যাত্রী সংখ্যা x জন।

5 জন যাত্রী না যাওয়ায় যাত্রী গিয়েছিল $= (x - 5)$ জন

প্রশ্নমতে, $\frac{5700}{x} + 3 = \frac{5700}{x-5}$

বা, $\frac{5700 + 3x}{x} = \frac{5700}{x-5}$

বা, $\frac{3(1900 + x)}{x} = \frac{3 \times 1900}{x-5}$

বা, $\frac{1900 + x}{x} = \frac{1900}{x-5}$ [3 দ্বারা ভাগ করে]

বা, $1900x + x^2 - 9500 - 5x = 1900x$

বা, $x^2 - 5x - 9500 = 1900x - 1900x$

বা, $x^2 - 100x + 95x - 9500 = 0$

বা, $x(x-100) + 95(x-100) = 0$

বা, $(x-100)(x+95) = 0$

বা, $x - 100 = 0$ অথবা, $x + 95 = 0$

$\therefore x = 100$ $\therefore x = -95$

[যাত্রী সংখ্যা ঋণাত্মক হতে পারে না]

$\therefore$ মোট যাত্রী সংখ্যা ছিল 100 জন

$\therefore$ যাত্রী গিয়েছিল $= (100 - 5)$ জন $= 95$ জন।

উত্তর: 95 জন।

১১ দূরত্ব

সমস্যা (১) একটি গাড়ি ঘণ্টায় 60 কি.মি বেগে কিছু পথ এবং ঘণ্টায় 40 কি.মি বেগে অবশিষ্ট পথ অতিক্রম করলো। গাড়িটি মোট ৫ ঘণ্টায় 240 কি.মি পথ অতিক্রম করলে, ঘণ্টায় 60 কি.মি বেগে কতদূর গিয়েছে?

সমস্যা (২) জুয়েল ৪৫ মিনিটে ময়মনসিংহ থেকে নেত্রকোণা পৌঁছে। ময়মনসিংহ থেকে নেত্রকোণার দূরত্ব ৪৮ কি.মি। কিছু রাস্তা সে ৭২ কি.মি./ঘন্টা বেগে যায়। অবশিষ্ট রাস্তা ৪৮ কি.মি/ঘণ্টা বেগে যায়। ৭২ কি.মি/ঘন্টা বেগে সে কত কি.মি. অতিক্রম করেছিল?

সমস্যা (৩) একটি বাস ঘণ্টায় 25 কি.মি গতিবেগে ঢাকার গাবতলী থেকে আরিচা পৌঁছাল । আবার বাসটি ঘণ্টায় ৩০ কি.মি গতিবেগে আরিচা থেকে গাবতলী ফিরে এল। যাতায়াতে বাসটির মোট $5\frac{1}{2}$ ঘণ্টা সময় লাগল। গাবতলী থেকে আরিচার দূরত্ব কত?

সমস্যা (৪) একটি ট্রেন ঘণ্টায় 30 কি.মি বেগে চলে কমলাপুর স্টেশন থেকে নারায়ণগঞ্জ স্টেশনে পৌঁছাল। ট্রেনটির বেগ ঘণ্টায় 25 কি.মি, হলে 10 মিনিট সময় বেশি লাগত। দুই স্টেশনের মধ্যে দূরত্ব কত?

সমস্যা (৫) চাকুরীর সাক্ষাৎকারের জন্য এক ব্যক্তিকে নির্ধারিত সময়ে কলেজ গেটে উপস্থিত হতে হবে। সে গুলিস্তান হতে ঘন্টায় ১০ কি.মি. বেগে সাইকেল চালিয়ে ২০ মিনিট বিলম্বে পৌঁছাল। সে যদি ১৫ কি.মি বেগে যেত তবে নির্ধারিত সময়ের ১০ মিনিট আগেই পৌঁছত। গুলিস্তান থেকে কলেজ গেটের দূরত্ব কত?

সমস্যা (৬) ঢাকার নিউমার্কেট থেকে গাবতলির দূরত্ব 12 কি.মি.। সজল নিউমার্কেট থেকে রিক্সায় ঘণ্টায় 6 কি.মি. বেগে এবং কাজল একই স্থান থেকে পায়ে হেটে ঘণ্টায় 4 কি.মি. বেগে গাবতলির দিকে রওনা হলো সজল গাবতলি পৌছে সেখানে 30 মিনিট বিশ্রাম নিয়ে আবার নিউমার্কেটের দিকে একই বেগে রওনা হলো। তারা নিউমার্কেট থেকে কতদূর মিলিত হবে?

সমস্যা (৭) ঢাকা থেকে টাঙ্গাইলের দূরত্ব ৪৫ মাইল। করিম ঘণ্টায় ৩ মাইল বেগে হাঁটে এবং রহিম ঘণ্টায় ৪ মাইল বেগে হাঁটে। করিম ঢাকা থেকে রওনা হওয়ার পর ১ ঘণ্টা পর রহিম টাঙ্গাইল থেকে ঢাকা রওনা হয়েছে। রহিম কত মাইল হাঁটার পর করিমের সাথে দেখা হবে?

সমস্যা (৮) ঢাকা থেকে চট্টগ্রামের দূরত্ব ১৮৫ মাইল। চট্টগ্রাম থেকে একটি বাস ২ ঘণ্টায় ৮৫ মাইল যাওয়ার পর পরবর্তী ১০০ মাইল কত সময়ে গেলে গড়ে ঘণ্টায় ৫০ মাইল যাওয়া হবে।

সমস্যা (৯) একজন স্কুলছাত্র প্রতিদিন সাইকেল চালিয়ে ২ ঘণ্টায় ১০ কি.মি পথ অতিক্রম করে স্কুলে আসা যাওয়া করে। সে ৬ দিনে কত কিমি পথ অতিক্রম করে এবং তার গতিবেগ কত?

☜ সমস্যা সমাধান ☞

সমস্যা (১) একটি গাড়ি ঘণ্টায় 60 কি.মি বেগে কিছু পথ এবং ঘণ্টায় 40 কি.মি বেগে অবশিষ্ট পথ অতিক্রম করলো। গাড়িটি মোট ৫ ঘণ্টায় 240 কি.মি পথ অতিক্রম করলে, ঘণ্টায় 60 কি.মি বেগে কতদূর গিয়েছে?

সমাধান মনে করি, ঘণ্টায় 60 কি.মি. বেগে যায় x কি.মি.

∴ ঘণ্টায় 40 কি.মি. বেগে যায় = (240 – x) কি.মি.

60 কি.মি. যায় 1 ঘণ্টায়

1 " " $\frac{1}{60}$ "

x " " $\frac{x}{60}$ "

আবার,

40 কি.মি. যায় 1 ঘণ্টায়

1 " " $\frac{1}{40}$ "

(240 – x) " $\frac{240-x}{40}$ "

∴ মোট সময় $= \left(\frac{x}{60} + \frac{240-x}{40}\right)$ ঘণ্টা

প্রশ্নমতে, $\frac{x}{60} + \frac{240-x}{40} = 5$

বা, $\frac{2x + 720 - 3x}{120} = 5$

বা, $\frac{720-x}{120} = 5$

বা, $720 - x = 600$

বা, $-x = -120$

বা, $x = 120$ $\therefore x = 120$

সুতরাং, ঐ ব্যক্তি ঘণ্টায় 60 কি.মি. বেগে 120 কি.মি. পথ অতিক্রম করেছিল। উত্তর: 120 কি.মি.

সমস্যা (২) **জুয়েল ৪৫ মিনিটে ময়মনসিংহ থেকে নেত্রকোণা পৌঁছে। ময়মনসিংহ থেকে নেত্রকোণার দূরত্ব ৪৮ কি.মি। কিছু রাস্তা সে ৭২ কি.মি./ঘন্টা বেগে যায়। অবশিষ্ট রাস্তা ৪৮ কি.মি/ঘন্টা বেগে যায়। ৭২ কি.মি/ঘন্টা বেগে সে কত কি.মি. অতিক্রম করেছিল?**

সমাধান ধরি, ৭২ কি.মি. বেগে x কি.মি. যায়

$\therefore$ ৪৮ কি.মি. বেগে $৪৮ - x$ কি.মি. যায়

৭২ কি.মি. যায় ১ ঘণ্টা

১ " " $\frac{১}{৭২}$ "

x " " $\frac{x}{৭২}$ "

আবার,

৪৮ কি.মি. যায় ১ ঘন্টা

১ " " $\frac{১}{৪৮}$ "

$৪৮ - x$ " " $\frac{৪৮ - x}{৪৮}$ "

মোট সময় $= \left(\frac{x}{72} + \frac{48 - x}{48}\right)$ ঘণ্টা

প্রশ্নমতে,

$$\frac{x}{72} + \frac{48 - x}{48} = \frac{45}{60}; [\because ৬০ \text{ মিনিট} = ১ \text{ ঘণ্টা}]$$

$$\text{বা, } \frac{2x + 144 - 3x}{144} = \frac{3}{4}$$

$$\text{বা, } \frac{১৪৪ - x}{৩৬} = ৩$$

বা, $১৪৪ - x = ১০৮$ $\therefore x = ৩৬$

উত্তর : ৩৬ কি.মি.।

☑ অনুরূপ: $a+b=5$ এবং $a-b=3$ হলে, $ab = ?$ Ans: 4

১০। $a+b=\sqrt{7}$ এবং $a-b=\sqrt{5}$ হলে, প্রমাণ করুন যে, $8ab(a^2+b^2)=24$

সমাধান দেওয়া আছে, $a + b = \sqrt{7}$ এবং $a - b = \sqrt{5}$
প্রমাণ করতে হবে যে, $8ab(a^2 + b^2) = 24$
বামপক্ষ $= 8ab(a^2 + b^2)$
$= 4ab \times 2(a^2 + b^2)$
$= \{(a+b)^2 - (a-b)^2\} \{(a+b)^2 + (a-b)^2\}$
$= \{(\sqrt{7})^2 - (\sqrt{5})^2\} \{(\sqrt{7})^2 + (\sqrt{5})^2\}$
$= (7-5)(7+5)$
$= 2 \times 12$
$= 24 =$ ডানপক্ষ

$\therefore \quad 8ab(a^2 + b^2) = 24$ (প্রমাণিত)

১১। প্রমাণ করুন যে, $(a+b)^4 - (a-b)^4 = 8ab(a^2+b^2)$

সমাধান $(a+b)^4 - (a-b)^4$
$= \{(a+b)^2\}^2 - \{(a-b)^2\}^2$
$= \{(a+b)^2 + (a-b)^2\} \{(a+b)^2 - (a-b)^2\}$
$= 2(a^2 + b^2) \times 4ab$
$= 8ab(a^2 + b^2)$

$\therefore (a+b)^4 - (a-b)^4 = 8ab(a^2+b^2)$ (প্রমাণিত)

১২। যদি $a^4 + a^2b^2 + b^4 = 3$ এবং $a^2 + ab + b^2 = 3$ হয়, তবে $a^2 + b^2$ এর মান কত?

সমাধান $a^4 + a^2b^2 + b^4 = 3$

বা, $(a^2)^2 + 2a^2b^2 + (b^2)^2 - a^2b^2 = 3$

বা, $(a^2 + b^2)^2 - (ab)^2 = 3$

বা, $(a^2 + b^2 + ab)(a^2 + b^2 - ab) = 3$

বা, $(a^2 + ab + b^2)(a^2 - ab + b^2) = 3$

বা, $3(a^2 - ab + b^2) = 3$ [মান বসিয়ে]

বা, $a^2 - ab + b^2 = \frac{3}{3} = 1$

$\therefore a^2 - ab + b^2 = 1$

এখন, $a^2 + ab + b^2 = 3$ এবং $a^2 - ab + b^2 = 1$
যোগ করে পাই, $2(a^2 + b^2) = 4$

বা, $a^2 + b^2 = \frac{4}{2}$

$\therefore a^2 + b^2 = 2$ (Answer)

১৩। $a^4 + a^2b^2 + b^4 = 8$ এবং $a^2 + ab + b^2 = 4$ হলে, $a^2 + b^2$ এর মান কত?

সমাধান দেওয়া আছে, $a^4 + a^2b^2 + b^4 = 8$ এবং $a^2 + ab + b^2 = 4$
এখন, $a^4 + a^2b^2 + b^4 = 8$

বা, $(a^2)^2 + 2a^2b^2 + (b^2)^2 - a^2b^2 = 8$

বা, $(a^2 + b^2)^2 - (ab)^2 = 8$

বা, $(a^2 + b^2 + ab)(a^2 + b^2 - ab) = 8$

বা, $4(a^2 + b^2 - ab) = 8 \quad [\because a^2 + ab + b^2 = 4]$

বা, $a^2 + b^2 - ab = 8 \div 4$

Forma 10/A

$\therefore a^2 + b^2 - ab = 2$..... (i)

আবার, $a^2 + ab + b^2 = 4$ .....(ii)

(i) + (ii) করে পাই,

$a^2 - ab + b^2 + a^2 + ab + b^2 = 2 + 4$

বা, $2a^2 + 2b^2 = 6$

বা, $2(a^2 + b^2) = 6$

বা, $a^2 + b^2 = 3$

$\therefore a^2 + b^2 = 3$ (Answer)

১৪। $a^4 + a^2b^2 + b^4 = 8$ এবং $a^2 + ab + b^2 = 4$ হলে, ab এর মান কত?

সমাধান দেওয়া আছে, $a^4 + a^2b^2 + b^4 = 8$ এবং $a^2 + ab + b^2 = 4$

এখন, $a^4 + a^2b^2 + b^4 = 8$

বা, $(a^2)^2 + 2a^2b^2 + (b^2)^2 - a^2b^2 = 8$

বা, $(a^2 + b^2)^2 - (ab)^2 = 8$

বা, $(a^2 + b^2 + ab)(a^2 + b^2 - ab) = 8$

বা, $4(a^2 + b^2 - ab) = 8$ [$\because a^2 + ab + b^2 = 4$]

বা, $a^2 + b^2 - ab = \frac{8}{4}$

$\therefore a^2 + b^2 - ab = 2$..... (i)

আবার, $a^2 + ab + b^2 = 4$ .....(ii)

(i) – (ii) করে পাই,

$a^2 - ab + b^2 - a^2 - ab - b^2 = 2 - 4$

বা $-2ab = -2$

বা, $2ab = 2$

বা, $ab = \frac{2}{2}$

$\therefore ab = 1$ (Answer)

১৫। $a + b + c = 15$ এবং $a^2 + b^2 + c^2 = 83$ হলে, $ab + bc + ac$ এর মান কত?

সমাধান আমরা জানি,

$2(ab + bc + ac) = (a + b + c)^2 - (a^2 + b^2 + c^2)$

$= (a + b + c)^2 - (a^2 + b^2 + c^2)$

$= (15)^2 - 83$

$= 225 - 83$

$= 142$

$\therefore ab + bc + ac = \frac{142}{2} = 71$

বিকল্প পদ্ধতি :

$(a + b + c)^2 = (a^2 + b^2 + c^2) + 2(ab + bc + ac)$

বা, $(15)^2 = 83 + 2(ab + bc + ca)$

বা, $225 - 83 = 2(ab + bc + ca)$

বা, $ab + bc + ca = \frac{142}{2}$

$\therefore ab + bc + ca = 71$ (Answer)

☑ অনুরূপ: $a + b + c = 9$ এবং $a^2 + b^2 + c^2 = 29$ হলে, $ab + bc + ac$ এর মান কত? Answer: 26

১৬। $a + b + c = 2$ এবং $ab + bc + ac = 1$ হলে, $(a + b)^2 + (b + c)^2 + (c + a)^2$ এর মান কত?

সমাধান $(a + b)^2 + (b + c)^2 + (c + a)^2$

$= a^2 + 2ab + b^2 + b^2 + 2bc + c^2 + c^2 + 2ca + a^2$

$= (a^2 + b^2 + c^2 + 2ab + 2bc + 2ca) + (a^2 + b^2 + c^2)$

$= (a + b + c)^2 + (a + b + c)^2 - 2(ab + bc + ca)$

$= (2)^2 + (2)^2 - 2 \times 1$

$= 4 + 4 - 2 \quad = 6$ (Answer)

১৭। $a + b + c = 6$ এবং $a^2 + b^2 + c^2 = 14$ হলে, $(a - b)^2 + (b - c)^2 + (c - a)^2$ এর মান নির্ণয় করুন।

সমাধান দেওয়া আছে, $a + b + c = 6$, $a^2 + b^2 + c^2 = 14$

আমরা জানি,

$2(ab + bc + ca) = (a + b + c)^2 - (a^2 + b^2 + c^2)$

বা, $2(ab + bc + ca) = (6)^2 - 14$ [মান বসিয়ে]

বা, $2(ab + bc + ca) = 36 - 14$

বা, $2(ab + bc + ca) = 22$

$\therefore ab + bc + ca = 11$

প্রদত্ত রাশি $= (a - b)^2 + (b - c)^2 + (c - a)^2$

$= a^2 - 2ab + b^2 + b^2 - 2bc + c^2 + c^2 - 2ca + a^2$

$= 2(a^2 + b^2 + c^2) - 2(ab + bc + ca)$

$= 2.14 - 2.11$ [মান বসিয়ে]

$= 28 - 22 \quad = 6$ (Answer)

☑ অনুরূপ: $x + y + z = 12$ এবং $x^2 + y^2 + z^2 = 50$ হলে, $(x - y)^2 + (y - z)^2 + (z - x)^2$ এর মান কত? Ans: 6

১৮। $a + b + c = 9$ এবং $ab + bc + ac = 31$ হলে, $a^2 + b^2 + c^2$ এর মান নির্ণয় করুন।

সমাধান দেওয়া আছে, $a + b + c = 9$ এবং $ab + bc + ac = 31$

আমরা জানি,

$a^2 + b^2 + c^2 = (a + b + c)^2 - 2(ab + bc + ca)$

$= 9^2 - 2.31$

$= 81 - 62 \quad = 19$ (Answer)

১৯। $a^2+b^2+c^2=9$ এবং $ab+bc+ca=8$ হলে, $(a+b+c)^2$ এর মান কত?

সমাধান দেয়া আছে,

$a^2+b^2+c^2=9$ এবং $ab+bc+ca=8$

আমরা জানি,

$(a+b+c)^2 = a^2+b^2+c^2+2(ab+bc+ca)$

$= 9+2.8$

$= 9+16$

$= 25$ (Answer)

২০। $x+y=4$ হলে, x^3+y^3+12xy এর মান কত?

সমাধান $x^3+y^3+12xy = x^3+y^3+3\times4\times xy$

$= x^3+y^3+3(x+y)\times xy$ [মান বসিয়ে]

$= x^3+y^3+3xy(x+y)$

$= (x+y)^3$

$= (4)^3 = 64$ **(Answer)**

বিকল্প সমাধান: x^3+y^3+12xy

$= (x+y)^3-3xy(x+y)+12xy$

$= 4^3-3.4.xy+12xy$

$= 64-12xy+12xy = 64$ **(Answer)**

☑ অনুরূপ: $x+y=2$ হলে, x^3+y^3+6xy এর মান কত?
Answer: 8

☑ অনুরূপ: $x-2y=3$ হলে x^3-8y^3-18xy এর মান কত? Answer:27

২১। যদি $x-y=8$ এবং $xy=5$ হয়, তবে $x^3-y^3+8(x+y)^2$ এর মান কত?

সমাধান $x^3-y^3+8(x+y)^2$

$= (x-y)^3+3xy(x-y)+8\{(x-y)^2+4xy\}$

$= (8)^3+3\times5\times8+8(8^2+4\times5)$ [মান বনিয়ে]

$= 8^3+15\times8+8(8^2+4\times5)$

$= 8^3+15\times8+8\times84$

$= 8(8^2+15+84)$

$= 8(64+15+84)$

$= 1304$ (Answer)

২২। $x+y=2$, $x^2+y^2=4$ হলে x^3+y^3 এর মান কত?

সমাধান দেওয়া আছে, $x^2+y^2=4$

বা, $(x+y)^2-2xy=4$

বা, $2^2-2xy=4$

বা, $-2xy=4-4$

বা, $-2xy=0$

$\therefore xy=0$

প্রদত্ত রাশি $= x^3+y^3$

$= (x+y)^3-3xy(x+y)$

$= 2^3-3.0.2$

$= 8$ **(Answer)**

২৩। $a+b=5$ এবং $ab=6$ হলে, $a^3+b^3+4(a-b)^2$ এর মান নির্ণয় করুন।

সমাধান দেওয়া আছে, $a+b=5$ এবং $ab=6$

আমরা জানি, $(a-b)^2=(a+b)^2-4ab$

$= 5^2-4.6$ [মান বসিয়ে]

$= 25-24$

$= 1$

প্রদত্ত রাশি $= a^3+b^3+4(a-b)^2$

$= \{(a+b)^3-3ab(a+b)\}+4.1$

$= 5^3-3.6.5+4$ [মান বসিয়ে]

$= 125-90+4$

$= 39$ (Answer)

২৪। $a+b=3$ এবং $ab=2$ হলে, ক a^2-ab+b^2 খ a^3+b^3 এর মান নির্ণয় করুন।

ক a^2-ab+b^2

সমাধান দেওয়া আছে, $a+b=3$ এবং $ab=2$

প্রদত্ত রাশি $= a^2-ab+b^2$

$= a^2+2ab+b^2-3ab$

$= (a+b)^2-3ab$

$= (3)^2-3\times2$ [মান বসিয়ে]

$= 9-6$

$= 3$ (Answer)

খ a^3+b^3 এর মান নির্ণয় করুন।

সমাধান দেওয়া আছে, $a+b=3$ এবং $ab=2$

প্রদত্ত রাশি: $a^3+b^3=(a)^3+(b)^3$

$= (a+b)^3-3ab(a+b)$

$= (3)^3-3.2.3$ [মান বসিয়ে]

$= 27-18=9$ (Answer)

☑ অনুরূপ: $a-b=5$ এবং $ab=36$ হলে, (ক) a^2+ab+b^2 এবং (খ) a^3-b^3 এর মান নির্ণয় করুন। (ক) Answer: 133 (খ) Answer: 665

☑ অনুরূপ: $x-y=10$ এবং $xy=30$ হলে, x^3-y^3 এর মান কত? Answer: 1900

☑ অনুরূপ: $a+b=8$ এবং $ab=15$ হলে, a^3+b^3 এর মান কত? Answer: 152

২৫। যদি $a + b + c = 0$ হয়, তবে দেখাও যে, $a^3 + b^3 + c^3 = 3abc$

সমাধান দেওয়া আছে, $a + b + c = 0$

বা, $a + b = -c$

দেখাতে হবে যে, $a^3 + b^3 + c^3 = 3abc$

বামপক্ষ $= a^3 + b^3 + c^3$

$= (a + b)^3 - 3ab(a + b) + c^3$

$= (-c)^3 - 3ab.(-c) + c^3$ $[\because a + b = -c]$

$= -c^3 + 3abc + c^3$

$= 3abc$ = ডানপক্ষ

$\therefore a^3 + b^3 + c^3 = 3abc$ (প্রমাণিত)

২৬। $p - q = r$ হলে, দেখাও যে, $p^3 - q^3 - r^3 = 3pqr$

সমাধান দেওয়া আছে, $p - q = r$

দেখাতে হবে যে, $p^3 - q^3 - r^3 = 3pqr$

বামপক্ষ $= p^3 - q^3 - r^3$

$= (p - q)^3 + 3pq(p - q) - r^3$

$= (r)^3 + 3pq.r - r^3$ [মান বসিয়ে]

$= r^3 + 3pqr - r^3$

$= 3pqr$ = ডানপক্ষ

$\therefore p^3 - q^3 - r^3 = 3pqr$ (দেখানো হলো)

২৭। $a^2 + b^2 = c^2$ হলে, দেখাও যে, $a^6 + b^6 + 3a^2b^2c^2 = c^6$

সমাধান দেওয়া আছে, $a^2 + b^2 = c^2$

L.H.S. $= a^6 + b^6 + 3a^2b^2c^2$

$= (a^2)^3 + (b^2)^3 + 3a^2b^2c^2$

$= (a^2 + b^2)^3 - 3a^2b^2(a^2 + b^2) + 3a^2b^2c^2$

$= (c^2)^3 - 3a^2b^2.c^2 + 3a^2b^2c^2$ $[a^2 + b^2 = c^2$ [মান বসিয়ে]

$= c^6$ = R.H. S.

$\therefore a^6 + b^6 + 3a^2b^2c^2 = c^6$ (দেখানো হলো)

২৮। $x - \frac{1}{x} = 5$ হলে, $\left(x + \frac{1}{x}\right)^2$ এর মান নির্ণয় করুন।

সমাধান $\left(x + \frac{1}{x}\right)^2 = \left(x - \frac{1}{x}\right)^2 + 4.x.\frac{1}{x}$

$= (5)^2 + 4$

$= 25 + 4 = 29$ (Answer)

২৯। $x - \frac{1}{x} = 4$ হলে, দেখাও যে, $x^2 + \frac{1}{x^2} = 18$

সমাধান বামপক্ষ $= x^2 + \left(\frac{1}{x}\right)^2$

$= \left(x - \frac{1}{x}\right)^2 + 2.x.\frac{1}{x}$

$= 4^2 + 2$ [মান বসিয়ে]

$= 16 + 2 = 18$ = ডানপক্ষ

$\therefore$ বামপক্ষ = ডানপক্ষ (দেখানো হল)

☑ অনুরূপ: $p - \frac{1}{p} = 8$ হলে, প্রমাণ করুন যে, $p^2 + \frac{1}{p^2} = 66$

☑ অনুরূপ: $a + \frac{1}{a} = \sqrt{3}$ হলে, $a^2 + \frac{1}{a^2}$ এর মান কত? Ans:1

☑ অনুরূপ: $a - \frac{1}{a} = 5$ হলে, $a^2 + \frac{1}{a^2}$ এর মান কত? Ans:27

☑ অনুরূপ: $x + \frac{1}{x} = 2$ হলে, $x^2 + \frac{1}{x^2}$ এর মান কত? Ans:2

৩০। $2x + \frac{2}{x} = 3$ হলে, $x^2 + \frac{1}{x^2}$ এর মান কত?

সমাধান দেওয়া আছে, $2x + \frac{2}{x} = 3$

বা, $2\left(x + \frac{1}{x}\right) = 3$

বা, $x + \frac{1}{x} = \frac{3}{2}$

বা, $\left(x + \frac{1}{x}\right)^2 = \left(\frac{3}{2}\right)^2$ [উভয়পক্ষকে বর্গ করে]

বা, $(x)^2 + 2.x.\frac{1}{x} + \left(\frac{1}{x}\right)^2 = \frac{9}{4}$

বা, $x^2 + 2 + \frac{1}{x^2} = \frac{9}{4}$

বা, $x^2 + \frac{1}{x^2} = \frac{9}{4} - 2$

বা, $x^2 + \frac{1}{x^2} = \frac{9 - 8}{4}$

$\therefore x^2 + \frac{1}{x^2} = \frac{1}{4}$ **(Answer)**

বিকল্প সমাধান: দেওয়া আছে, $2x + \frac{2}{x} = 3$

বা, $2\left(x + \frac{1}{x}\right) = 3$

$\therefore x + \frac{1}{x} = \frac{3}{2}$

প্রদত্ত রাশি $= x^2 + \frac{1}{x^2}$

$= \left(x + \frac{1}{x}\right)^2 - 2.x.\frac{1}{x}$

$= \left(\frac{3}{2}\right)^2 - 2$

$= \frac{9}{4} - 2 = \frac{9 - 8}{4} = \frac{1}{4}$ **(Answer)**

৩১। $2x - \frac{2}{x} = 3$ হলে, $2x^2 + \frac{2}{x^2}$ এর মান কত?

সমাধান দেওয়া আছে, $2x - \frac{2}{x} = 3$

বা, $2\left(x - \frac{1}{x}\right) = 3$

$\therefore x - \frac{1}{x} = \frac{3}{2}$

প্রদত্ত রাশি: $2x^2 + \frac{2}{x^2}$

$= 2(x^2 + \frac{1}{x^2})$

$= 2\left\{\left(x - \frac{1}{x}\right)^2 + 2.\ x.\ \frac{1}{x}\right\}$

$= 2\left\{\left(\frac{3}{2}\right)^2 + 2\right\}$

$= 2\left(\frac{9}{4} + 2\right)$

$= 2 \times \frac{9+8}{4}$

$= 2 \times \frac{17}{4}$

$= \frac{17}{2}$ **(Answer)**

অনুরূপ: $2x + \frac{2}{x} = 3$ হলে, $2x^2 + \frac{2}{x^2}$ এর মান কত? Ans: $\frac{1}{2}$

৩২। $a + \frac{1}{a} = 2$ হলে, দেখাও যে, $a^2 + \frac{1}{a^2} = a^4 + \frac{1}{a^4}$

সমাধান দেওয়া আছে, $a + \frac{1}{a} = 2$

বামপক্ষ $= a^2 + \frac{1}{a^2}$

$= \left(a + \frac{1}{a}\right)^2 - 2.a.\frac{1}{a}$

$= (2)^2 - 2$ [মান বসিয়ে]

$= 4 - 2$

$= 2$

ডানপক্ষ $= a^4 + \frac{1}{a^4}$

$= (a^2)^2 + \left(\frac{1}{a^2}\right)^2$

$= \left(a^2 + \frac{1}{a^2}\right)^2 - 2.a^2.\frac{1}{a^2}$

$= \left\{\left(a + \frac{1}{a}\right)^2 - 2.\ a.\ \frac{1}{a}\right\}^2 - 2$

$= (2^2 - 2)^2 - 2$ [মান বসিয়ে]

$= (4 - 2)^2 - 2$

$= 2^2 - 2$

$= 4 - 2$

$= 2$

$\therefore$ বামপক্ষ = ডানপক্ষ (দেখানো হলো)

☑ অনুরূপ: $x + \frac{1}{x} = 5$ হলে, $x^2 + \frac{1}{x^2}$ এবং $x^4 + \frac{1}{x^4}$ এর মান নির্ণয় করুন।

Ans: $x^2 + \frac{1}{x^2} = 23$ এবং $x^4 + \frac{1}{x^4} = 527$

☑ অনুরূপ: $x - \frac{1}{x} = 3$ হলে $x^4 + \frac{1}{x^4}$ এর মান কত?

Ans: 119

☑ অনুরূপ: $x + \frac{1}{x} = 4$ হলে $x^4 + \frac{1}{x^4}$ এর মান কত?

Ans: 194

☑ অনুরূপ: $x + \frac{1}{x} = 4$ হলে, $x^2 + \frac{1}{x^2}$ এর মান কত?

Ans:14

☑ অনুরূপ: $2x + \frac{2}{x} = 3$ হলে $x^4 + \frac{1}{x^4}$ এর মান নির্ণয় করুন। Answer: $-\frac{31}{16}$

৩৩। $x + \frac{1}{x} = 5$ হলে, প্রমাণ করুন যে, $\left(x^2 - \frac{1}{x^2}\right)^2 = 525$

সমাধান বামপক্ষ $= \left(x^2 - \frac{1}{x^2}\right)^2$

$= \left(x^2 + \frac{1}{x^2}\right)^2 - 4.\ x^2.\ \frac{1}{x^2}$ [$\because (a-b)^2 = (a+b)^2 - 4ab$]

$= \left\{(x)^2 + \left(\frac{1}{x}\right)^2\right\}^2 - 4$

$= \left\{\left(x + \frac{1}{x}\right)^2 - 2 \times x \times \frac{1}{x}\right\}^2 - 4$

$= \{(5)^2 - 2\}^2 - 4$ [মান বসিয়ে]

$= (25 - 2)^2 - 4$

$= (23)^2 - 4$

$= 529 - 4$

$= 525$

= ডানপক্ষ (প্রমাণিত)

৩৪। $a+\frac{1}{a}=7$ হলে, $a^3+\frac{1}{a^3}$ এর মান নির্ণয় করুন।

সমাধান $a^3+\frac{1}{a^3}=a^3+\left(\frac{1}{a}\right)^3$

$=\left(a+\frac{1}{a}\right)^3-3\times a\times\frac{1}{a}\left(a+\frac{1}{a}\right)$

$=(7)^3-3\times 7$

$=343-21$

$=322$ (Answer)

☑ অনুরূপ: $x+\frac{1}{x}=4$ হলে, প্রমাণ করুন যে, $x^3+\frac{1}{x^3}=52$

☑ অনুরূপ: $m+\frac{1}{m}=a$ হলে, $m^3+\frac{1}{m^3}$ এর মান নির্ণয় করুন। Ans: a^3-3a

☑ অনুরূপ: $x+\frac{1}{x}=\sqrt{3}$ হলে, $x^3+\frac{1}{x^3}$ এর মান কত? Ans:0

☑ অনুরূপ: $x+\frac{2}{x}=3$ হলে, $x^3+\frac{8}{x^3}$ এর মান কত? Ans:9

☑ অনুরূপ: $p+\frac{1}{p}=2$ হলে, $\left(p^2+\frac{1}{p^2}\right)\left(p^3+\frac{1}{p^3}\right)$ এর মান কত? Ans: 4

☑ অনুরূপ: $\left(a+\frac{1}{a}\right)^2=3$ হলে, প্রমাণ করুন যে, $a^3+\frac{1}{a^3}=0$

৩৫। $a-\frac{1}{a}=5$ হলে, $a^3-\frac{1}{a^3}$ এর মান কত?

সমাধান দেওয়া আছে, $a-\frac{1}{a}=5$,

প্রদত্ত রাশি $=a^3-\frac{1}{a^3}$

$=\left(a-\frac{1}{a}\right)^3+3.a.\frac{1}{a}\left(a-\frac{1}{a}\right)$

$=(5)^3+3.5$

$=125+15$

$=140$ (Answer)

☑ অনুরূপ: $x-\frac{1}{x}=p$ হলে, $x^3-\frac{1}{x^3}$ এর মান নির্ণয় করুন। Ans: p^3+3p

☑ অনুরূপ: $x-\frac{1}{x}=7$ হলে, $x^3-\frac{1}{x^3}$ এর মান কত? Ans:364

☑ অনুরূপ: যদি $a-\frac{1}{a}=1$ হয়,তবে দেখাও যে, $a^3-\frac{1}{a^3}=4$

☑ অনুরূপ: $x-\frac{1}{x}=\sqrt{5}$ হলে, $x^3-\frac{1}{x^3}=$ কত? Ans:$8\sqrt{5}$

☑ অনুরূপ: $p-\frac{1}{2p}=6$ হলে $p^3-\frac{1}{8p^3}$ এর মান কত? Ans:225

৩৬। $x^2+\frac{1}{x^2}=3$ হলে, $\left(x^2-\frac{1}{x^2}\right)^3$ এর মান নির্ণয় করুন।

সমাধান দেওয়া আছে, $x^2+\frac{1}{x^2}=3$

বা, $\left(x+\frac{1}{x}\right)^2-2.x.\frac{1}{x}=3$

বা, $\left(x+\frac{1}{x}\right)^2-2=3$

বা, $\left(x+\frac{1}{x}\right)^2=5$ [উভয়পক্ষে 2 যোগ করে]

$\therefore x+\frac{1}{x}=\sqrt{5}$ [বর্গমূল করে]

আবার,

$x^2+\frac{1}{x^2}=3$

বা, $\left(x-\frac{1}{x}\right)^2+2.x.\frac{1}{x}=3$

বা, $\left(x-\frac{1}{x}\right)^2=3-2$

বা, $\left(x-\frac{1}{x}\right)^2=1$

বা, $x-\frac{1}{x}=\sqrt{1}$

$\therefore x-\frac{1}{x}=1$

$\therefore$ প্রদত্ত রাশি $=\left(x^2-\frac{1}{x^2}\right)^3$

$=\left\{\left(x+\frac{1}{x}\right)\left(x-\frac{1}{x}\right)\right\}^3$

$=\left\{(\sqrt{5})\times 1\right\}^3$

$=(\sqrt{5})^3$

$=5\sqrt{5}$ (Answer)

৩৭। $x-\frac{1}{x}=4$ হলে, প্রমাণ করুন যে, $x^4+\frac{1}{x^4}=322$.

সমাধান দেওয়া আছে, $x-\frac{1}{x}=4$

বামপক্ষ $=x^4+\frac{1}{x^4}$

$=(x^2)^2+\left(\frac{1}{x^2}\right)^2$

$=\left(x^2+\frac{1}{x^2}\right)^2-2.x^2.\frac{1}{x^2}$

$=\left(x^2+\frac{1}{x^2}\right)^2-2$

$= \left\{\left(x - \frac{1}{x}\right)^2 + 2.x.\frac{1}{x}\right\}^2 - 2$

$= (4^2 + 2)^2 - 2$

$= (16 + 2)^2 - 2$

$= (18)^2 - 2$

$= 324 - 2$

$= 322$

= ডানপক্ষ

$\therefore x^4 + \frac{1}{x^4} = 322$ (প্রমাণিত)

বিকল্প সমাধান:

দেওয়া আছে, $x - \frac{1}{x} = 4$

বা, $\left(x - \frac{1}{x}\right)^2 = (4)^2$ [উভয় পক্ষকে বর্গ করে]

বা, $x^2 - 2.x.\frac{1}{x} + \left(\frac{1}{x}\right)^2 = 16$

বা, $x^2 - 2 + \frac{1}{x^2} = 16$

বা, $x^2 + \frac{1}{x^2} = 16 + 2$

বা, $x^2 + \frac{1}{x^2} = 18$

বা, $\left(x^2 + \frac{1}{x^2}\right)^2 = (18)^2$ [পুনরায় বর্গ করে]

বা, $(x^2)^2 + 2.x^2.\frac{1}{x^2} + \left(\frac{1}{x^2}\right)^2 = 324$

বা, $x^4 + 2 + \frac{1}{x^4} = 324$

বা, $x^4 + \frac{1}{x^4} = 324 - 2$

$\therefore x^4 + \frac{1}{x^4} = 322$ (প্রমাণিত)

☑ অনুরূপ: $x - \frac{1}{x} = 2$ হলে, $x^4 + \frac{1}{x^4}$ এর মান কত? Ans: 34

☑ অনুরূপ: $a - \frac{1}{a} = 2$ হলে, $\frac{a^8 + 1}{a^4}$ এর মান কত? Ans: 34

☑ অনুরূপ: $x + \frac{1}{x} = 2$ হলে, $x^4 + \frac{1}{x^4}$ = কত? Ans: 2

☑ অনুরূপ: $a + \frac{1}{a} = 4$ হলে, $a^4 + \frac{1}{a^4}$ এর মান কত? Ans: 194

☑ অনুরূপ: $x + \frac{1}{x} = 5$ হলে, $x^4 + \frac{1}{x^4}$ এর মান কত? Ans:527

৩৮। $a - \frac{1}{a} = m$ হলে, দেখাও যে, $a^4 + \frac{1}{a^4} = m^4 + 4m^2 + 2$

সমাধান বামপক্ষ $= a^4 + \frac{1}{a^4}$

$= (a^2)^2 + \left(\frac{1}{a^2}\right)^2$

$= \left(a^2 + \frac{1}{a^2}\right)^2 - 2.a^2.\frac{1}{a^2}$

$= \left\{\left(a - \frac{1}{a}\right)^2 + 2.a.\frac{1}{a}\right\}^2 - 2$

$= (m^2 + 2)^2 - 2$

$= (m^2)^2 + 2.m^2.2 + 2^2 - 2$

$= m^4 + 4m^2 + 4 - 2$

$= m^4 + 4m^2 + 2$

= ডানপক্ষ

$\therefore$ বামপক্ষ = ডানপক্ষ (দেখানো হল)

☑ অনুরূপ: $a + \frac{1}{a} = m$ হলে, দেখাও যে, $a^4 + \frac{1}{a^4}$ এর মান কত? Ans: $m^4 - 4m^2 + 2$

৩৯। $a = \sqrt{3} + \sqrt{2}$ হলে $a^2 + \frac{1}{a^2}$ এর মান কত?

সমাধান দেওয়া আছে, $a = \sqrt{3} + \sqrt{2}$

$\therefore \frac{1}{a} = \frac{1}{\sqrt{3} + \sqrt{2}}$

$= \frac{\sqrt{3} - \sqrt{2}}{(\sqrt{3} + \sqrt{2})(\sqrt{3} - \sqrt{2})}$

[লব ও হরকে $(\sqrt{3} - \sqrt{2})$ দ্বারা গুণ করে]

$= \frac{\sqrt{3} - \sqrt{2}}{(\sqrt{3})^2 - (\sqrt{2})^2}$

$= \frac{\sqrt{3} - \sqrt{2}}{3 - 2}$

$= \sqrt{3} - \sqrt{2}$

$\therefore a + \frac{1}{a} = (\sqrt{3} + \sqrt{2}) + (\sqrt{3} - \sqrt{2})$

$= \sqrt{3} + \sqrt{2} + \sqrt{3} - \sqrt{2} = 2\sqrt{3}$

এখন, $a^2 + \frac{1}{a^2} = \left(a + \frac{1}{a}\right)^2 - 2.a.\frac{1}{a}$

$= (2\sqrt{3})^2 - 2 \quad \left[\because a + \frac{1}{a} = 2\sqrt{3}\right]$

$= 4.3 - 2$

$= 12 - 2 = 10$ (Answer)

☑ অনুরূপ: $x = \sqrt{6} + \sqrt{5}$ হলে $x^2 + \frac{1}{x^2}$ এর মান কত? Ans: 22

৪০। যদি $a=\sqrt{3}+\sqrt{2}$ হয়, তবে প্রমাণ করুন যে, $a^3+\frac{1}{a^3}=18\sqrt{3}$

সমাধান দেওয়া আছে, $a=\sqrt{3}+\sqrt{2}$

$$\therefore \frac{1}{a}=\frac{1}{\sqrt{3}+\sqrt{2}}$$

$$=\frac{\sqrt{3}-\sqrt{2}}{(\sqrt{3}+\sqrt{2})(\sqrt{3}-\sqrt{2})}$$

[লব ও হরকে $(\sqrt{3}-\sqrt{2})$ দ্বারা গুণ করে]

$$=\frac{\sqrt{3}-\sqrt{2}}{(\sqrt{3})^2-(\sqrt{2})^2}$$

$$=\frac{\sqrt{3}-\sqrt{2}}{3-2}$$

$$=\sqrt{3}-\sqrt{2}$$

$$\therefore a+\frac{1}{a}=(\sqrt{3}+\sqrt{2})+(\sqrt{3}-\sqrt{2})$$

$$=\sqrt{3}+\sqrt{2}+\sqrt{3}-\sqrt{2}$$

$$=2\sqrt{3}$$

এখন, $a^3+\frac{1}{a^3}=\left(a+\frac{1}{a}\right)^3-3.a.\frac{1}{a}\left(a+\frac{1}{a}\right)$

$$=(2\sqrt{3})^3-3(2\sqrt{3})\left[\because a+\frac{1}{a}=2\sqrt{3}\right]$$

$$=2^3.(\sqrt{3})^3-3\times 2\sqrt{3}$$

$$=8.3\sqrt{3}-6\sqrt{3}$$

$$=24\sqrt{3}-6\sqrt{3}$$

$$=18\sqrt{3}$$ (প্রমাণিত)

(অধ্যায় শেষে এর বিপরীত প্রমাণটি দেখুন)

☑ অনুরূপ: $x=\sqrt{3}+\sqrt{2}$ হলে $x^3-\frac{1}{x^3}$ এর মান কত? Ans: $22\sqrt{2}$

☑ অনুরূপ: $x=\sqrt{4}+\sqrt{3}$ হলে $x^3+\frac{1}{x^3}=$? Ans: $26\sqrt{4}$ or 52

৪১। যদি $m=7-4\sqrt{3}$, তাহলে, $\sqrt{m}+\frac{1}{\sqrt{m}}$ এর মান নির্ণয় করুন।

সমাধান দেওয়া আছে, $m=7-4\sqrt{3}$

$$\therefore \frac{1}{m}=\frac{1}{7-4\sqrt{3}}$$

$$=\frac{7+4\sqrt{3}}{(7-4\sqrt{3})(7+4\sqrt{3})}$$

$$=\frac{7+4\sqrt{3}}{7^2-(4\sqrt{3})^2}$$

$$=\frac{7+4\sqrt{3}}{49-16\times 3}$$

$$=\frac{7+4\sqrt{3}}{49-48}$$

$$=7+4\sqrt{3}$$

$$\therefore m+\frac{1}{m}=7-4\sqrt{3}+7+4\sqrt{3}=14$$

এখন, $\left(\sqrt{m}+\frac{1}{\sqrt{m}}\right)^2=(\sqrt{m})^2+2\sqrt{m}.\frac{1}{\sqrt{m}}+\left(\frac{1}{\sqrt{m}}\right)^2$

$$=m+\frac{1}{m}+2$$

$$=14+2$$

$$=16$$

$$\therefore \sqrt{m}+\frac{1}{\sqrt{m}}=4$$ [বর্গমূল করে]

Answer: 4

☑ অনুরূপ: যদি $x=3+2\sqrt{2}$, তাহলে, $\sqrt{x}+\frac{1}{\sqrt{x}}$ এর মান কত? Ans: $2\sqrt{2}$

☑ অনুরূপ: যদি $X=3+2\sqrt{2}$ হয়, তবে $\frac{x^6+1}{x^3}$ এর মান নির্ণয় করুন। Ans: 198

☑ অনুরূপ: $x^2=5+2\sqrt{6}$ হলে $x+\frac{1}{x}$ এর মান কত? Ans: $2\sqrt{3}$

৪২। $x=\sqrt{5}+\sqrt{3}$ হলে, $x^3+\frac{8}{x^3}$ এর মান নির্ণয় করুন।

সমাধান দেওয়া আছে, $x=\sqrt{5}+\sqrt{3}$

বা, $\frac{2}{x}=\frac{2}{\sqrt{5}+\sqrt{3}}$

$$=\frac{2(\sqrt{5}-\sqrt{3})}{(\sqrt{5}+\sqrt{3})(\sqrt{5}-\sqrt{3})}$$

[লব ও হরকে $(\sqrt{5}-\sqrt{3})$ দ্বারা গুণ করে]

$$=\frac{2(\sqrt{5}-\sqrt{3})}{\sqrt{(5)^2-(\sqrt{3})^2}}$$

$$=\frac{2(\sqrt{5}-\sqrt{3})}{5-3}$$

$$=\frac{2(\sqrt{5}-\sqrt{3})}{2}$$

$$=\sqrt{5}-\sqrt{3}$$

বিকল্প সমাধান:

দেওয়া আছে, $x=\sqrt{5}+\sqrt{3}$

বা, $\frac{1}{x}=\frac{1}{\sqrt{5}+\sqrt{3}}$

$$= \frac{1(\sqrt{5}-\sqrt{3})}{(\sqrt{5}+\sqrt{3})(\sqrt{5}-\sqrt{3})}$$

[লব ও হরকে $(\sqrt{5}-\sqrt{3})$ দ্বারা গুণ করে]

$$= \frac{(\sqrt{5}-\sqrt{3})}{\sqrt{(5)^2}-(\sqrt{3})^2}$$

$$= \frac{(\sqrt{5}-\sqrt{3})}{5-3}$$

$$= \frac{(\sqrt{5}-\sqrt{3})}{2}$$

বা, $\frac{2}{x} = \sqrt{5}-\sqrt{3}$ [উভয় পক্ষে 2 দ্বারা গুণ করে]

$\therefore x + \frac{2}{x} = \sqrt{5}+\sqrt{3}+\sqrt{5}-\sqrt{3}$

$= 2\sqrt{5}$

প্রদত্ত রাশি: $x^3 + \frac{8}{x^3} = x^3 + \left(\frac{2}{x}\right)^3$

$= \left(x+\frac{2}{x}\right)^3 - 3.x.\frac{2}{x}\left(x+\frac{2}{x}\right)$

$= \left(x+\frac{2}{x}\right)^3 - 6\left(x+\frac{2}{x}\right)$

$= (2\sqrt{5})^3 - 6.2\sqrt{5}$

$= 40\sqrt{5} - 12\sqrt{5}$

$= 28\sqrt{5}$ (Answer)

৪৩। $a = \sqrt{5}+\sqrt{3}$ হলে, হলে, $\frac{a^2+2}{2a}$ এর মান নির্ণয় করুন।

সমাধান দেওয়া আছে, $a = \sqrt{5}+\sqrt{3}$

বা, $\frac{1}{a} = \frac{1}{\sqrt{5}+\sqrt{3}}$

$= \frac{1(\sqrt{5}-\sqrt{3})}{(\sqrt{5}+\sqrt{3})(\sqrt{5}-\sqrt{3})}$

[লব ও হরকে $(\sqrt{5}-\sqrt{3})$ দ্বারা গুণ করে]

$= \frac{(\sqrt{5}-\sqrt{3})}{\sqrt{(5)^2}-(\sqrt{3})^2}$

$= \frac{(\sqrt{5}-\sqrt{3})}{5-3}$

$= \frac{\sqrt{5}-\sqrt{3}}{2}$

প্রদত্ত রাশি $= \frac{a^2+2}{2a}$

$= \frac{a^2}{2a} + \frac{2}{2a}$

$= \frac{a}{2} + \frac{1}{a}$

$= \frac{\sqrt{5}+\sqrt{3}}{2} + \frac{\sqrt{5}-\sqrt{3}}{2}$ [মান বসিয়ে]

$= \frac{\sqrt{5}+\sqrt{3}+\sqrt{5}-\sqrt{3}}{2}$

$= \frac{2\sqrt{5}}{2}$

$= \sqrt{5}$ (Answer)

৪৪। $a = \sqrt{6}+\sqrt{5}$ হলে, $\frac{a^6-1}{a^3}$ এর মান নির্ণয় করুন।

সমাধান দেওয়া আছে, $a = \sqrt{6}+\sqrt{5}$

$\therefore \frac{1}{a} = \frac{1}{\sqrt{6}+\sqrt{5}}$

$= \frac{\sqrt{6}-\sqrt{5}}{(\sqrt{6}+\sqrt{5})(\sqrt{6}-\sqrt{5})}$

[হর লবকে $\sqrt{6}-\sqrt{5}$ দ্বারা গুণ করে]

$= \frac{\sqrt{6}-\sqrt{5}}{(\sqrt{6})^2-(\sqrt{5})^2}$ [$\because (a+b)(a-b) = a^2-b^2$]

$= \frac{\sqrt{6}-\sqrt{5}}{6-5} = \frac{\sqrt{6}-\sqrt{5}}{1} = \sqrt{6}-\sqrt{5}$

$\therefore a - \frac{1}{a} = \sqrt{6}+\sqrt{5}-\sqrt{6}+\sqrt{5} = 2\sqrt{5}$

প্রদত্ত রাশি, $\frac{a^6-1}{a^3} = a^3 - \frac{1}{a^3}$

$= \left(a-\frac{1}{a}\right)^3 + 3.a.\frac{1}{a}\left(a-\frac{1}{a}\right)$

$= (2\sqrt{5})^3 + 3.2\sqrt{5}$

$= 8\,.\,5\sqrt{5} + 6\sqrt{5}$

$= 40\sqrt{5} + 6\sqrt{5}$

$= 46\sqrt{5}$ (Answer)

৪৫। $2x - \frac{2}{x} = 3$ হলে, দেখাও যে, $8\left(x^3 - \frac{1}{x^3}\right) = 63$.

সমাধান দেওয়া আছে, $2x - \frac{2}{x} = 3$

বা, $2\left(x - \frac{1}{x}\right) = 3$

$\therefore x - \frac{1}{x} = \frac{3}{2}$

দেখাতে হবে যে, $8\left(x^3 - \frac{1}{x^3}\right) = 63$

বামপক্ষ $= 8\left(x^3 - \frac{1}{x^3}\right)$

$= 8\left\{\left(x-\frac{1}{x}\right)^3 + 3.x.\frac{1}{x}\left(x-\frac{1}{x}\right)\right\}$

$= 8\left\{\left(\frac{3}{2}\right)^3 + 3.\frac{3}{2}\right\} \quad \left[\therefore x-\frac{1}{x}=\frac{3}{2}\right]$

$= 8\left(\frac{27}{8}+\frac{9}{2}\right)$

$= 8\left(\frac{27+36}{8}\right)$

$= 8.\frac{63}{8}$

$= 63 =$ ডানপক্ষ

∴ বামপক্ষ = ডানপক্ষ (দেখানো হলো)

বিকল্প সমাধান: দেওয়া আছে, $2x-\frac{2}{x}=3$

বামপক্ষ $= 8\left(x^3-\frac{1}{x^3}\right)$

$= 8x^3-\frac{8}{x^3}$

$= (2x)^3 - \left(\frac{2}{x}\right)^3$

$= \left\{\left(2x-\frac{2}{x}\right)^3 + 3.2x.\frac{2}{x}\left(2x-\frac{2}{x}\right)\right\}$

$= 3^3 + 12\times3$

$= 27 + 36$

$= 63 =$ ডানপক্ষ

∴ বামপক্ষ = ডানপক্ষ (দেখানো হলো)

৪৬। $2x-\frac{1}{x}=8$ হলে, $x^2+\frac{1}{4x^2}$ এর মান কত?

সমাধান দেওয়া আছে, $2x-\frac{1}{x}=8$

বা, $2\left(x-\frac{1}{2x}\right)=8$

∴ $x-\frac{1}{2x}=4$

প্রদত্ত রাশি $= x^2+\frac{1}{4x^2}$

$= x^2+\left(\frac{1}{2x}\right)^2$

$= \left(x-\frac{1}{2x}\right)^2 + 2.x.\frac{1}{2x}$

$= 4^2$

$= 16$ (Answer)

☑ অনুরূপ: $2x-\frac{1}{2x}=5$ হলে, $x^2+\frac{1}{16x^2}$ এর মান কত? Ans: $\frac{27}{4}$

৪৭। $x-\frac{1}{x}=\sqrt{3}$ যেখানে $x\neq0$. প্রমাণ করুন যে, $x^2-\sqrt{3}x=1$

সমাধান দেওয়া আছে, $x-\frac{1}{x}=\sqrt{3}$

বা, $\frac{x^2-1}{x}=\sqrt{3}$

বা, $x^2-1=\sqrt{3}x$

∴ $x^2-\sqrt{3}x=1$ (প্রমাণিত)

৪৮। $x+\frac{1}{x}=5$ হলে, $\frac{x}{x^2+x+1}$ এর মান নির্ণয় করুন।

সমাধান দেওয়া আছে, $x+\frac{1}{x}=5$

বা, $\frac{x^2+1}{x}=5$

∴ $x^2+1=5x$

প্রদত্ত রাশি $= \frac{x}{x^2+x+1}$

$= \frac{x}{x^2+1+x}$

$= \frac{x}{5x+x}$

$= \frac{x}{6x} = \frac{1}{6}$ (Answer)

☑ অনুরূপ: $2x+\frac{1}{x}=2$ হলে, $\frac{x}{2x^2+x+1}=?$ Ans: $\frac{1}{3}$

☑ অনুরূপ: $x+\frac{1}{x}=2$ হলে, $\frac{x}{x^2-x+1}$ এর মান কত? Ans: 1

☑ অনুরূপ: যদি $x+\frac{1}{x}=4$ হয় তবে $\frac{x}{x^2-3x+1}=?$ Ans: 1

☑ অনুরূপ: $a-\frac{6}{a}=1$ হলে, $\frac{6}{a^2-a-1}$ এর মান কত? Ans: $\frac{6}{5}$

☑ অনুরূপ: যদি $x+\frac{4}{x}=4$ হয় তবে $\frac{x}{x^2+x-2}=?$ Ans: $\frac{1}{2}$

৪৯। $x^2-3x+1=0$ হলে, $x^2-\frac{1}{x^2}$ এর মান কত?

সমাধান দেওয়া আছে,

$x^2-3x+1=0$

বা, $x^2+1=3x$

বা, $\frac{x^2+1}{x}=3$

বা, $\frac{x^2}{x}+\frac{1}{x}=3$

∴ $x+\frac{1}{x}=3$

আমরা জানি,

$$\left(x-\frac{1}{x}\right)^2=\left(x+\frac{1}{x}\right)^2-4.x.\frac{1}{x}$$

বা, $\left(x-\frac{1}{x}\right)^2=3^2-4$ [মান নির্ণয়]

বা, $\left(x-\frac{1}{x}\right)^2=5$

বা, $\left(x-\frac{1}{x}\right)=\sqrt{5}$ [উভয় পক্ষকে বর্গমূল করে]

প্রদত্ত রাশি: $x^2-\frac{1}{x^2}=\left(x+\frac{1}{x}\right)\left(x-\frac{1}{x}\right)$

$=3\sqrt{5}$ (Answer)

☑ অনুরূপ: $x^2-\sqrt{5}x+1=0$ হলে, $x^2-\frac{1}{x^2}$ এর মান নির্ণয় করুন? Ans: $\sqrt{5}$

৫০। $x^2-\sqrt{3}x+1=0$ হলে, $x^2+\frac{1}{x^2}$ এবং $x^3+\frac{1}{x^3}$ এর মান নির্ণয় করুন?

সমাধান দেওয়া আছে,

$$x^2-\sqrt{3}x+1=0$$

বা, $x^2+1=\sqrt{3}x$

বা, $\frac{x^2}{x}+\frac{1}{x}=\sqrt{3}$

$\therefore x+\frac{1}{x}=\sqrt{3}$

প্রদত্ত রাশি: $x^2+\frac{1}{x^2}=\left(x+\frac{1}{x}\right)^2-2.x.\frac{1}{x}$

$=\left(\sqrt{3}\right)^2-2$

$=3-2$

$=1$ (Answer)

আবার,

প্রদত্ত রাশি: $x^3+\frac{1}{x^3}=\left(x+\frac{1}{x}\right)^3-3.x.\frac{1}{x}\left(x+\frac{1}{x}\right)$

$=\left(\sqrt{3}\right)^3-3\sqrt{3}$

$=3\sqrt{3}-3\sqrt{3}$

$=0$ (Answer)

☑ অনুরূপ: $x^2+1=\sqrt{2}x$ হলে, $x^2+\frac{1}{x^2}$ এর মান কত? Ans: 0

☑ অনুরূপ: $x^2-\sqrt{3}x+1=0$ হলে, $x^2+\frac{1}{x^2}$ =? Ans: 1

☑ অনুরূপ: $x-\frac{1}{x}=3$ হলে, $\frac{x^4+1}{x^2}$ এর মান কত? Ans:11

☑ অনুরূপ: $x^4-x^2+1=0$ হয়, তবে $x^3+\frac{1}{x^3}$ =? Ans: 0

☑ অনুরূপ: $2x^2-3x=2$ হয়, তবে $x^3-\frac{1}{x^3}$ =? Ans: $\frac{63}{8}$

☑ অনুরূপ: $x^2-\sqrt{3}x+1=0$ হলে, $\frac{x^6+1}{x^3}$ এর মান নির্ণয় করুন?Ans: 0

☑ অনুরূপ: $x^4-2x^2+1=5x^2$ হলে, $x+\frac{1}{x}$ = কত? Ans: $\sqrt{3}$

☑ অনুরূপ: $x^2-2x+1=0$ হলে, $\frac{x^4+2x^2+1}{x^2}$ =কত? Ans:4

☑ অনুরূপ: $a^2+1=3a$ হলে, $\left(a^2+\frac{1}{a^2}\right)\left(a^3+\frac{1}{a^3}\right)$ এর মান কত? Ans: 126

☑ অনুরূপ: $a^2=3a-1$ হলে $\frac{a^8+1}{a^4}$ এর মান কত?

Ans: 47

☑ অনুরূপ: $a-\frac{1}{a}=2$ হলে, দেখাও যে, $\frac{a^8+1}{a^4}=34$

☑ অনুরূপ: $a^4+a^2+1=0$ প্রমাণ কর যে $a^3+\frac{1}{a^3}=-2$

☑ অনুরূপ: $x^2+\frac{1}{x^2}=4$ হয় তবে $\frac{x^6+1}{x^3}$ এর মান কত?

Answer: $3\sqrt{6}$

৫১। $x^2+\frac{1}{x^2}=3$ হলে, $\frac{x^6+1}{x^3}$ এর মান কত?

সমাধান দেওয়া আছে,

$$x^2+\frac{1}{x^2}=3$$

বা, $\left(x+\frac{1}{x}\right)^2-2.x.\frac{1}{x}=3$

বা, $\left(x+\frac{1}{x}\right)^2-2=3$

বা, $\left(x+\frac{1}{x}\right)^2=5$ [উভয়পক্ষে 2 যোগ করে]

$\therefore x+\frac{1}{x}=\sqrt{5}$ [বর্গমূল করে]

প্রদত্ত রাশি: $\frac{x^6+1}{x^3}$

$=\frac{x^6}{x^3}+\frac{1}{x^3}$

$=x^3+\frac{1}{x^3}$

$=\left(x+\frac{1}{x}\right)^3-3.x.\frac{1}{x}\left(x+\frac{1}{x}\right)$

$= (\sqrt{5})^3 - 3(\sqrt{5})$ [মান বসিয়ে]

$= \sqrt{5}.\sqrt{5}.\sqrt{5} - 3\sqrt{5}$

$= 5\sqrt{5} - 3\sqrt{5}$

$= 2\sqrt{5}$ (Answer)

☑ অনুরূপ: যদি $x^2+\frac{1}{x^2}=7$ হলে, $\frac{x^6+1}{x^3}$ এর মান কত? Ans: 18

৫২। $x = 3+\frac{1}{x}$ হলে, প্রমাণ করুন $x^4 = 119-\frac{1}{x^4}$

সমাধান দেওয়া আছে, $x = 3+\frac{1}{x}$

বা, $x-\frac{1}{x}=3$

বা, $\left(x-\frac{1}{x}\right)^2=(3)^2$

বা, $x^2-2.x.\frac{1}{x}+\left(\frac{1}{x}\right)^2=9$

বা, $x^2-2+\frac{1}{x^2}=9$

বা, $x^2+\frac{1}{x^2}=9+2$

বা, $\left(x^2+\frac{1}{x^2}\right)^2=(11)^2$

বা, $(x^2)^2+2.x^2.\frac{1}{x^2}+\left(\frac{1}{x^2}\right)^2=121$

বা, $x^4+2+\frac{1}{x^4}=121$

বা, $x^4+\frac{1}{x^4}=121-2$

বা, $x^4+\frac{1}{x^4}=119$

$\therefore x^4=119-\frac{1}{x^4}$ (প্রমাণিত)

৫৩। $x^4=119-\frac{1}{x^4}$ হলে, দেখাও যে, $x=3+\frac{1}{x}$

সমাধান দেওয়া আছে, $x^4=119-\frac{1}{x^4}$

বা, $x^4+\frac{1}{x^4}=119$

বা, $x^4+2+\frac{1}{x^4}-2=119$

বা, $(x^2)^2+2.x^2.\frac{1}{x^2}+\left(\frac{1}{x^2}\right)^2=119+2$

বা, $\left(x^2+\frac{1}{x^2}\right)^2=121$

বা, $\left(x^2+\frac{1}{x^2}\right)^2=(11)^2$

বা, $x^2+\frac{1}{x^2}=11$ [বর্গমূল করে]

বা, $\left(x-\frac{1}{x}\right)^2+2.x.\frac{1}{x}=11$

বা, $\left(x-\frac{1}{x}\right)^2=11-2$

বা, $\left(x-\frac{1}{x}\right)^2=9$

বা, $\left(x-\frac{1}{x}\right)^2=3^2$

বা, $x-\frac{1}{x}=3$; [বর্গমূল করে]

$\therefore x=3+\frac{1}{x}$ (দেখানো হলো)

☑ অনুরূপ: $p^4=119-\frac{1}{p^4}$ হলে, প্রমাণ করুন যে, $p^6-1-36p^3=0$

৫৪। $x+\frac{1}{x}=2$ হলে, $x^5-\frac{1}{x^5}$ এর মান নির্ণয় করুন।

সমাধান দেওয়া আছে, $x+\frac{1}{x}=2$

বা, $\frac{x^2+1}{x}=2$

বা, $x^2+1=2x$

বা, $x^2-2x+1=0$

বা, $(x-1)^2=0$

বা, $x-1=0$ [বর্গমূল করে]

$\therefore x=1$

প্রদত্ত রাশি: $x^5-\frac{1}{x^5}$

$= 1^5-\frac{1}{1^5}$ [মান বসিয়ে]

$= 1-1 = 0$ (Answer)

৫৫। $x+y=5$ এবং $xy=6$ হলে x^3+y^3 এর মান নির্ণয় করুন।

সমাধান দেওয়া আছে, $x+y=5$

$(x+y)^2=5^2$

$(x-y)^2+4xy=25$

$(x-y)^2+4.6=25$ [মান বসিয়ে]

$(x-y)^2=25-24$

$\sqrt{(x-y)^2}=\sqrt{1}$ [বর্গমূল করে]

$\therefore x-y=1$

$x+y=5$ এবং $x-y=1$

যোগ করে, $2x=6 \therefore x=3$

বিয়োগ করে, $2y=4 \therefore y=2$

প্রদত্ত রাশি: x^5+y^5

$=3^5+2^5$

$=243+32 \quad =275$ (Answer)

৫৬। $a+\frac{1}{a}=3$ হলে, $a^6+\frac{1}{a^6}$ এর মান নির্ণয় করুন।

সমাধান প্রদত্ত রাশি: $a^6+\frac{1}{a^6}$

$=(a^3)^2+\left(\frac{1}{a^3}\right)^2$

$=\left(a^3+\frac{1}{a^3}\right)^2-2.a^3.\frac{1}{a^3}$

$=\left\{\left(a+\frac{1}{a}\right)^3-3.a.\frac{1}{a}\left(a+\frac{1}{a}\right)\right\}^2-2$

$=(3^3-3.3)^2-2$

$=(27-9)^2-2$

$=(18)^2-2$

$=324-2$

$=322$(Answer)

☑ অনুরূপ: $a-\frac{1}{a}=\sqrt{3}$ হলে, $a^6+\frac{1}{a^6}$ এর মান কত?

Ans:110

☑ অনুরূপ: $x^2-\sqrt{2}x+1=0$ হলে, $\frac{x^{12}+1}{x^6}$ এর মান কত? Ans: 0

৫৭। $y^2-2y-1=0$ এবং y ঋনাত্মক।

দেখাও যে, $y^6-\frac{1}{y^6}=140\sqrt{2}$

সমাধান

দেওয়া আছে, $y^2-2y-1=0$

বা, $y^2-1=2y$

বা, $\frac{y^2-1}{y}=2$

বা, $y-\frac{1}{y}=2$

এখানে, $\left(y+\frac{1}{y}\right)^2=\left(y-\frac{1}{y}\right)^2+4y.\frac{1}{y}$

$=4+4$

$=8$

$\therefore y+\frac{1}{y}=\sqrt{8}$ [বর্গমূল করে]

বামপক্ষ $=y^6-\frac{1}{y^6}$

$=(y^2)^3-\left(\frac{1}{y^2}\right)^3$

$=\left\{\left(y^2-\frac{1}{y^2}\right)^3+3.y^2.\frac{1}{y^2}\left(y^2-\frac{1}{y^2}\right)\right\}$

$=\left\{\left(y+\frac{1}{y}\right)\left(y-\frac{1}{y}\right)\right\}^3+3\left(y+\frac{1}{y}\right)\left(y-\frac{1}{y}\right)$

$=(\sqrt{8}\times 2)^3+3\times\sqrt{8}\times 2$

$=64\sqrt{8}+6\sqrt{8}$

$=70\sqrt{8}$

$=70\sqrt{2^2\times 2}$

$=70\times 2\sqrt{2}$

$=140\sqrt{2}=$ ডানপক্ষ

বামপক্ষ= ডানপক্ষ (দেখানো হলো)

৫৮। $x+\frac{1}{x}=3$ হলে, $x^9+\frac{1}{x^9}$ এর মান নির্ণয় করুন।

সমাধান দেওয়া আছে, $x+\frac{1}{x}=3$

বা, $\left(x+\frac{1}{x}\right)^3=3^3$ [ঘন করে]

বা, $x^3+\frac{1}{x^3}+3x.\frac{1}{x}\left(x+\frac{1}{x}\right)=27$

বা, $x^3+\frac{1}{x^3}+3.3=27$ [মান বসিয়ে]

বা, $x^3+\frac{1}{x^3}+3.3=27-9$

বা, $\left(x^3+\frac{1}{x^3}\right)^3=(18)^3$ [ঘন করে]

বা, $(x^3)^3+\left(\frac{1}{x^3}\right)^3+3x^3.\frac{1}{x^3}\left(x^3+\frac{1}{x^3}\right)=5832$

বা, $x^9+\frac{1}{x^9}+3.18=5832$ [মান বসিয়ে]

বা, $x^9+\frac{1}{x^9}=5832-54$

$\therefore x^9+\frac{1}{x^9}=5778$ (Answer)

৫৯। a+b+c+d এর বর্গ কত?

সমাধান $(a+b+c+d)^2 = \{(a+b)+(c+d)\}^2$

$= (a+b)^2 + 2(a+b)(c+d) + (c+d)^2$

$= a^2+2ab+b^2+ 2(ac+ad+bc+bd)+c^2 +2cd +d^2$

$= a^2+b^2+c^2+d^2 +2ab +2ac+2ad+2bc+2bd+2cd$ (Ans)

৬০। (2x+3y) (4x – 5y) কে দুইটি বর্গের বিয়োগফলরূপে প্রকাশ করুন।

সমাধান ধরি, $2x+3y = a$ এবং $4x - 5y = b$

প্রদত্ত রাশি: $ab = \left(\frac{a+b}{2}\right)^2 - \left(\frac{a-b}{2}\right)^2$

$= \left(\frac{2x+3y+4x-5y}{2}\right)^2 - \left(\frac{2x+3y-4x+5y}{2}\right)^2$

$= \left(\frac{6x-2y}{2}\right)^2 - \left(\frac{8y-2x}{2}\right)^2$

$= \left\{\frac{2(3x-y)}{2}\right\}^2 - \left\{\frac{2(4y-x)}{2}\right\}^2$

$= (3x-y)^2 - (4y-x)^2$ (Answer)

☑ অনুরূপ: (a+2b) (3a + 2c) কে দুইটি বর্গের বিয়োগফলরূপে প্রকাশ করুন।Ans:$(2a+b+c)^2 - (b-a-c)^2$

☑ অনুরূপ: (x+7) (x – 9) কে দুইটি বর্গের বিয়োগফলরূপে প্রকাশ করুন। Ans: $(x-1)^2 - 8^2$

☑ অনুরূপ: (x+6) (x + 4) কে দুইটি বর্গের অন্তররূপে প্রকাশ করুন। Ans: $(x+5)^2 - 1^2$

৬১। $x^2 +10x +24$ কে দুইটি বর্গের বিয়োগফলরূপে প্রকাশ করুন।

সমাধান এখানে, $x^2 +10x +24$

$= x^2 +6x+4x+24$

$= x(x+6) +4(x+6)$

$= (x+6)(x+4)$

ধরি, $(x+6) = a$, $(x+4) = b$

প্রদত্ত রাশি: $ab = \left(\frac{a+b}{2}\right)^2 - \left(\frac{a-b}{2}\right)^2$

$= \left(\frac{x+6+x+4}{2}\right)^2 - \left(\frac{x+6-x-4}{2}\right)^2$

$= \left(\frac{2x+10}{2}\right)^2 - \left(\frac{2}{2}\right)^2$

$= \left\{\frac{2(x+5)}{2}\right\}^2 - 1^2$

$= (x+5)^2 - 1^2$ (Answer)

☑ অনুরূপ: $2p^2 - 15p - 27$ কে দুইটি বর্গের বিয়োগফলরূপে প্রকাশ করুন। Ans: $\left(\frac{3p-6}{2}\right)^2 - \left(\frac{p+12}{2}\right)^2$

যদি $a^3+\frac{1}{a^3}=18\sqrt{3}$ হয়, তবে প্রমাণ করুন যে, $a=\sqrt{3}+\sqrt{2}$

সমাধান দেওয়া আছে $a^3+\frac{1}{a^3}=18\sqrt{3}$

বা, $\frac{a^6+1}{a^3} = 18\sqrt{3}$

বা, $a^6 + 1 = 18\sqrt{3}\,a^3$

বা, $a^6 - 18\sqrt{3}\,a^3 + 1 = 0$

বা, $(a^3)^2 - 2a^3.9\sqrt{3} + (9\sqrt{3})^2 - (9\sqrt{3})^2 + 1 = 0$

বা, $(a^3 - 9\sqrt{3})^2 - 243 + 1 = 0$

বা, $(a^3 - 9\sqrt{3})^2 = 242$

বা, $a^3 - 9\sqrt{3} = \sqrt{242}$

বা, $a^3 - 9\sqrt{3} = \sqrt{121 \times 2}$

বা, $a^3 - 9\sqrt{3} = 11\sqrt{2}$

বা, $a^3 = 9\sqrt{3} + 11\sqrt{2}$

বা, $a^3 = 3\sqrt{3} + 6\sqrt{3} + 9\sqrt{2} + 2\sqrt{2}$

বা, $a^3 = 3\sqrt{3} + 9\sqrt{2} + 6\sqrt{3} + 2\sqrt{2}$

বা, $a^3 = (\sqrt{3})^3 + 3.(\sqrt{3})^2.\sqrt{2} + 3.\sqrt{3}(\sqrt{2})^2 + (\sqrt{2})^3$

বা, $a^3 = (\sqrt{3}+\sqrt{2})^3$

$\therefore a = \sqrt{3}+\sqrt{2}$

(প্রমাণিত)

যৌক্তিক যে কোন নিয়মে অংক হবে- আমাদের সমাধান কোনটা জটিল মনে হলে নিজের মত সমাধান করে নিবেন

১৬ উৎপাদক

সূত্র: $a^2 - b^2 = (a + b)(a - b)$

$a^3 + b^3 = (a + b)(a^2 - ab + b^2)$

$a^3 - b^3 = (a - b)(a^2 + ab + b^2)$

উৎপাদকে বিশ্লেষণ করুন:

০১. $x^2 + 5x + 6$

০২. $x^2 + 7x + 10$

০৩. $4 + 8a^2 + 9a^4$

০৪. $2a^2 + 6a - 80$

০৫. $-6x^2 + 15x + 36$

০৬. $9x^2 - 9x - 4$

০৭. $4x^2 - 23x + 33$

০৮. $2a^2 - 6a - 20$

০৯. $y^2 - 6y - 91$

১০. $p^2 - 15p + 56$

১১. $a^2 + 3a - 40$

১২. $x^2 + 11x + 30$

১৩. $16y^2 - a^2 - 6a - 9$

১৪. $36 - 12x + x^2$

১৫. $x^2 + 14x + 40$

১৬. $x^2 + 7x - 120$

১৭. $x^2 - 51x + 650$

১৮. $a^2 + 7ab + 12b^2$

১৯. $p^2 + 2pq - 80q^2$

২০. $x^2 - 3xy - 40y^2$

২১. $6x^2 - x - 15$

২২. $3x^2 + 11x - 4$

২৩. $3x^2 - 16x - 12$

২৪. $2x^2 - 9x - 35$

২৫. $2x^2 - 5xy + 2y^2$

২৬. $10p^2 + 11pq - 6q^2$

২৭. $15x^2 - 11xy - 12y^2$

২৮. $x^2 + 13x + 36$.

২৯. $x^4 + x^2 - 20$.

৩০. $a^2 - 30a + 216$.

৩১. $a^8 - a^4 - 2$

৩২. $a^8 + a^4 - 2$

৩৩. $x^2 - 37x - 650$

৩৪. $4x^4 - 27x^2 - 81$.

৩৫. $m^2 + m - 30$

৩৬. $25(a + 2b)^2 - 36(2a - 5b)^2$

৩৭. $(x^2 - x)^2 + 3(x^2 - x) - 40$

৩৮. $(a^2 + 7a)^2 - 8(a^2 + 7a) - 180$

৩৯. $x^2 + (3a + 4b)x + (2a^2 + 5ab + 3b^2)$

৪০. $x^2 - x - (a + 1)(a + 2)$

৪১. $(x + 5)(x + 13) - 9$

৪২. $(x + 5)(x - 9) - 15$

৪৩. $2(x + y)^2 - 3(x + y) - 2$

৪৪. $(a - 1)x^2 + a^2xy + (a + 1)y^2$

৪৫. $x^2 + ax - (3a - 2)(4a - 2)$

৪৬. $(a^2 + b^2)^2 - 18(a^2 + b^2) - 88$

৪৭. $3(a^2 + 2a)^2 - 22(a^2 + 2a) + 40$.

৪৮. $2(x+y)^2 - 3(x+y) - 2$

৪৯. $(x + 2)(x + 3)(x + 4)(x + 5) - 48$.

৫০. $(x - 1)(x - 3)(x - 5)(x - 7) - 65$.

৫১. $a^2 - b^2 + 2bc - c^2$

৫২. $a^2 - b^2 + 4bc - 4c^2$

৫৩. $a^2 + 2ab - 2b - 1$

৫৪. $a^2 - 2ab + b^2 - p^2$

৫৫. $x^2 + y^2 - 2xy - 1$

৫৬. $a^2 - 2ab + 2b - 1$

৫৭. $a^2 - 1 + 2b - b^2$

৫৮. $1 - a^2 + 2ab - b^2$

৫৯. $a^2 + a + 1$

৬০. $x^4 - 2x^2 + 1$

৬১. $4a^4 - 4a^2 + 9$

৬২. $ax^2 + (a^2 + 1)x + a$

৬৩. $ax^2 + (ab - 1)x - b$

৬৪. $a^3 - 3a^2b + 3ab^2 - 2b^3$

৬৫. $x^3 + 6x^2y + 11xy^2 + 6y^3$

৬৬. $a^2 + 6a + 8 - y^2 + 2y$

৬৭. $ax^2 + (a^2 + 1)x + a$.

৬৮. $x^3 + 3x^2 + 3x + 2$.

৬৯. $x^3 + 9x^2 + 26x + 24$

৭০. $a^3 - 6a^2 + 12a - 9$.

৭১. $8x^3 + 12x^2 + 6x - 63$.

৭২. $(3a + 1)^3 - (2a - 3)^3$.

৭৩. $4x^2 - 4xy + y^2 - z^2$

৭৪. $2bd - a^2 - c^2 + b^2 + d^2 + 2ac$

৭৫. $a^2 - b^2 - 2bc - c^2 + a - b - c$

৭৬. $9x^2 - (2x + y)^2$

৭৭. $x^2 - 2xy - 4y - 4$

৭৮. $x^2 + xy + zx + yz$

৭৯. $a^2 + bc + ca + ab$

৮০. $ab(px + qy) + a^2qx + b^2py$

৮১. $16x^4 - 81y^4$

৮২. $a^2 - (x + y)^2$

৮৩. $(2x - 3y + 5z)^2 - (x - 2y + 3z)^2$

৮৪. $45a^8 - 5a^4x^4$

৮৫. $(x^2 + 1)^2 - (y^2 + 1)^2$

৮৬. $144x^7 - 25x^3a^4$

৮৭. $4x^2 + 12xy + 9y^2 - 16a^2$

৮৮. $27x^4 + 8xy^3$

৮৯. $24x^3 - 81y^3$

৯০. $a^6 - 64$

৯১. $8x^3 + 343$

৯২. $8a^4 + 27ab^3$

৯৩. $8x^3 + 1$

৯৪. $x^4 - 1$

৯৫. $a^4 + 4$

৯৬. $64a^3 - 125b^3$

৯৭. $729a^3 - 64b^3c^6$

৯৮. $27a^3b^3 + 64b^3c^3$

৯৯. $56x^3 - 189y^3$

১০০. $3x - 75x^3$

১০১. $3ay^2 - 48a$

১০২. $8a + ap^3$

১০৩. $2a^3 + 16b^3$

১০৪. $x^6 - y^6$

১০৫. $64x^3 - 8y^3$

১০৬. $a^4 + 64b^4$

১০৭. $8a^3 + 27b^3$

১০৮. $8a^3 + \frac{b^3}{27}$

১০৯. $8a^3 + \frac{6^3}{27}$

১১০. $\frac{a^6}{27} - b^6$.

১১১. $(x - y)^3 + z^3$

১১২. $x^3 - 8(x - y)^3$

১১৩. $(a + b)^3 - (a - b)^3$

১১৪. $ab(x - y) - bc(x - y)$

১১৫. $a^4 - 27a^2 + 1$.

১১৬. $m^4 - 7m^2 + 1$

১১৭. $x^4 - 6x^2y^2 + y^4$.

১১৮. $(a^2 - b^2)(x^2 - y^2) + 4abxy$

১১৯. $4a^2 - 12ab + 9b^2 - 4c^2$.

১২০. $16x^2 - 25y^2 - 8xz + 10yz$.

১২১. $9x^2y^2 - 5xy^2 - 14y^2$.

১২২. $a^3 - 9b^3 + (a + b)^3$.

১২৩. $a^3 + 9b^3 + (a - b)^3$.

১২৪. $2b^2c^2 + 2c^2a^2 + 2a^2b^2 - a^4 - b^4 - c^4$.

১২৫. $x^2 - x - (a^2 + 13a + 42)$

১২৬. $m^3 - n^3 - m(m^2 - n^2) + n(m - n)^2$

১২৭. $a^3 - [a - \{a - (a - \overline{a - 1})\}]$

⏭ ভাগশেষ উপপাদ্য

০১. $x^3 - x - 6$

২. $a^3 - 7a - 6$

৩. $a^3 - 21a + 20$

০৪. $x^3 - 3xy^2 + 2y^3$

০৫. $x^2 + xy - 2y^2$

০৬. $3a^3 + 2a + 5$.

০৭. $x^3 - 7xy^2 - 6y^3$.

০৮. $x^3 + 2x^2 - 5x - 6$.

০৯. $x^3 + 4x^2 + x - 6$.

১০. $a^3 + 3a + 36$.

১১. $a^3 - a^2 - 10a - 8$.

১২. $x^3 - 3x^2 + 4x - 4$.

১৩. $a^3 - 7a^2b + 7ab^2 - b^3$.

১৪. $x^3 - x - 24$.

১৫. $x^3 + 6x^2 + 11x + 6$.

১৬. $2x^4 - 3x^3 - 3x - 2$.

১৭. $x^3 - 3x^2 + 4x - 4$

১৮. $a^3 - 3a^2b + 2b^3$

সমস্যা সমাধান

০১. $x^2 + 5x + 6$

সমাধান $x^2 + 5x + 6$
$= x^2 + 3x + 2x + 6$
$= x^2 + 3x + 2x + 6$
$= x(x + 3) + 2(x + 3)$
$= (x + 3)(x + 2)$ (Answer)

০২. $x^2 + 7x + 10$

সমাধান $x^2 + 7x + 10$
$= x^2 + 5x + 2x + 10$
$= x(x + 5) + 2(x + 5)$
$= (x + 5)(x + 2)$ (Ans.)

০৩. $4 + 8a^2 + 9a^4$

সমাধান $4 + 8a^2 + 9a^4$
$= (2)^2 + 2.2.3a^2 + (3a^2)^2 - 4a^2$
$= (2 + 3a^2)^2 - (2a)^2$
$= (2 + 3a^2 + 2a)(2 + 3a^2 - 2a)$
$= (3a^2 + 2a + 2)(3a^2 - 2a + 2)$ (Ans.)

০৪. $2a^2 + 6a - 80$

সমাধান $2a^2 + 6a - 80$
$= 2(a^2 + 3a - 40)$
$= 2(a^2 + 8a - 5a - 40)$
$= 2\{a(a + 8) - 5(a + 8)\}$
$= 2(a + 8)(a - 5)$ (Answer)

০৫. $-6x^2 + 15x + 36$

সমাধান $-6x^2 + 15x + 36$
$= -3(2x^2 - 5x - 12)$
$= -3(2x^3 - 8x + 3x - 12)$
$= -3\{2x(x - 4) + 3(x - 4)\}$
$= -3(x - 4)(2x + 3)$ **(Answer)**

০৬. $9x^2 - 9x - 4$

সমাধান $9x^2 - 9x - 4$
$= 9x^2 - 12x + 3x - 4$
$= 3x(3x - 4) + 1(3x - 4)$
$= (3x - 4)(3x + 1)$ **(Answer)**

০৭. $4x^2 - 23x + 33$

সমাধান $4x^2 - 23x + 33$

$= 4x^2 - 12x - 11x + 33$
$= 4x(x - 3) - 11(x - 3)$
$= (x - 3)(4x - 11)$ **(Answer)**

০৮. $2a^2 - 6a - 20$

সমাধান $2a^2 - 6a - 20$
$= 2(a^2 - 3a - 10)$
$= 2(a^2 - 5a + 2a - 10)$
$= 2\{a(a - 5) + 2(a - 5)\}$
$= 2(a - 5)(a + 2)$ **Answer**

০৯. $y^2 - 6y - 91$

সমাধান $y^2 - 6y - 91$
$= y^2 - 13y + 7y - 91$
$= y(y - 13) + 7(y - 13)$
$= (y - 13)(y + 7)$ (Answer)

১০. $p^2 - 15p + 56$

সমাধান $p^2 - 15p + 56$
$= p^2 - 7p - 8p + 56$
$= p(p - 7) - 8(p - 7)$
$= (p - 7)(p - 8)$ (Answer)

১১. $a^2 + 3a - 40$

সমাধান $a^2 + 3a - 40$
$= a^2 + 8a - 5a - 40$
$= a(a + 8) - 5(a + 8)$
$= (a + 8)(a - 5)$ (Answer)

১২. $x^2 + 11x + 30$

সমাধান $x^2 + 11x + 30$
$= x^2 + 5x + 6x + 30$
$= x(x + 5) + 6(x + 5)$
$= (x + 5)(x + 6)$ (Answer)

১৩. $16y^2 - a^2 - 6a - 9$

সমাধান $16y^2 - a^2 - 6a - 9$
$= 16y^2 - (a^2 + 6a + 9)$
$= 16y^2 - \{(a)^2 + 2.a.3 + (3)^2\}$
$= (4y)^2 - (a + 3)^2$
$= (4y + a + 3)(4y - a - 3)$ (Answer)

১৪. $36 - 12x + x^2$

সমাধান $36 - 12x + x^2$
$= x^2 - 12x + 36$
$= x^2 - 2.x.6 + 6^2$
$= (x - 6)^2$ (Answer)

১৫. $x^2 + 14x + 40$

সমাধান $x^2 + 14x + 40$
$= x^2 + 10x + 4x + 40$
$= x(x + 10) + 4(x + 10)$
$= (x + 10)(x + 4)$ (Answer)

১৬. $x^2 + 7x - 120$

সমাধান $x^2 + 7x - 120$
$= x^2 + 15x - 8x - 120$
$= x(x + 15) - 8(x + 15)$
$= (x + 15)(x - 8)$ (Answer)

১৭. $x^2 - 51x + 650$

সমাধান $x^2 - 51x + 650$
$= x^2 - 26x - 25x + 650$
$= x(x - 26) - 25(x - 26)$
$= (x - 26)(x - 25)$ (Answer)

১৮. $a^2 + 7ab + 12b^2$

সমাধান $a^2 + 7ab + 12b^2$
$= a^2 + 3ab + 4ab + 12b^2$
$= a(a + 3b) + 4b(a + 3b)$
$= (a + 3b)(a + 4b)$ (Answer)

১৯. $p^2 + 2pq - 80q^2$

সমাধান $p^2 + 2pq - 80q^2$
$= p^2 + 10pq - 8pq - 80q^2$
$= p(p + 10q) - 8q(p + 10q)$
$= (p + 10q)(p - 8q)$ (Answer)

২০. $x^2 - 3xy - 40y^2$

সমাধান $x^2 - 3xy - 40y^2$
$= x^2 - 8xy + 5xy - 40y^2$
$= x(x - 8y) + 5y(x - 8y)$
$= (x - 8y)(x + 5y)$ (Answer)

২১. $6x^2 - x - 15$

সমাধান $6x^2 - x - 15$
$= 6x^2 - 10x + 9x - 15$
$= 2x(3x - 5) + 3(3x - 5)$
$= (3x - 5)(2x + 3)$ (Answer)

২২. $3x^2 + 11x - 4$

সমাধান $3x^2 + 11x - 4$
$= 3x^2 + 12x - x - 4$
$= 3x(x + 4) - 1(x + 4)$
$= (x + 4)(3x - 1)$ (Answer)

২৩. $3x^2 - 16x - 12$

সমাধান $3x^2 - 16x - 12$
$= 3x^2 - 18x + 2x - 12$
$= 3x(x - 6) + 2(x - 6)$
$= (x - 6)(3x + 2)$ (Answer)

২৪. $2x^2 - 9x - 35$

সমাধান $2x^2 - 9x - 35$
$= 2x^2 - 14x + 5x - 35$
$= 2x(x - 7) + 5(x - 7)$
$= (x - 7)(2x + 5)$ (Answer)

২৫. $2x^2 - 5xy + 2y^2$

সমাধান $2x^2 - 5xy + 2y^2$
$= 2x^2 - 4xy - xy + 2y^2$
$= 2x(x - 2y) - y(x - 2y)$
$= (x - 2y)(2x - y)$ (Answer)

২৬. $10p^2 + 11pq - 6q^2$

সমাধান $10p^2 + 11pq - 6q^2$
$= 10p^2 + 15pq - 4pq - 6q^2$
$= 5p(2p + 3q) - 2q(2p + 3q)$
$= (2p + 3q)(5p - 2q)$ (Answer)

২৭. $15x^2 - 11xy - 12y^2$

সমাধান $15x^2 - 11xy - 12y^2$
$= 15x^2 - 20xy + 9xy - 12y^2$
$= 5x(3x - 4y) + 3y(3x - 4y)$
$= (3x - 4y)(5x + 3y)$ (Answer)

২৮. $x^2 + 13x + 36$.

সমাধান $x^2 + 13x + 36$
$= x^2 + 9x + 4x + 36$
$= x(x + 9) + 4(x + 9)$
$= (x + 9)(x + 4)$ (Answer)

২৯. $x^4 + x^2 - 20$.

সমাধান $x^4 + x^2 - 20$
$= x^4 + 5x^2 - 4x^2 - 20$
$= x^2(x^2 + 5) - 4(x^2 + 5)$
$= (x^2 + 5)(x^2 - 4)$
$= (x^2 + 5)\{(x)^2 - (2)^2\}$
$= (x^2 + 5)(x + 2)(x - 2)$ (Answer)

৩০. $a^2 - 30a + 216$.

সমাধান $a^2 - 30a + 216$
$= a^2 - 18a - 12a + 216$
$= a(a - 18) - 12(a - 18)$
$= (a - 18)(a - 12)$ (Answer)

৩১. $a^8 - a^4 - 2$

সমাধান $a^8 - a^4 - 2$
$= a^8 - 2a^4 + a^4 - 2$
$= a^4(a^4 - 2) + 1(a^4 - 2)$
$= (a^4 - 2)(a^4 + 1)$ (Answer)

৩২. $a^8 + a^4 - 2$

সমাধান $a^8 + a^4 - 2$
$= a^8 + 2a^4 - a^4 - 2$
$= a^4(a^4 + 2) - 1(a^4 + 2)$
$= (a^4 + 2)(a^4 - 1)$
$= (a^4 + 2)\{(a^2)^2 - 1^2)\}$
$= (a^4 + 2)(a^2 + 1)(a^2 - 1)$
$= (a^4 + 2)(a^2 + 1)(a + 1)(a - 1)$ (**Answer**)

৩৩. $x^2 - 37x - 650$

সমাধান $x^2 - 37a - 650$
$= x^2 - 50x + 13x - 650$
$= x(x - 50) + 13(x - 50)$
$= (x - 50)(x + 13)$ (Answer)

৩৪. $4x^4 - 27x^2 - 81$.

সমাধান $4x^4 - 27x^2 - 81$
$= 4x^4 - 36x^2 + 9x^2 - 81$
$= 4x^2(x^2 - 9) + 9(x^2 - 9)$
$= (x^2 - 9)(4x^2 + 9)$
$= \{(x)^2 - (3)^2\}(4x^2 + 9)$
$= (x - 3)(x + 3)(4x^2 + 9)$ (Answer)

৩৫. $m^2 + m - 30$

সমাধান $m^2 + m - 30$
$= m^2 + 6m - 5m - 30$
$= m(m + 6) - 5(m + 6)$
$= (m + 6)(m - 5)$ (Answer)

৩৬. $25(a + 2b)^2 - 36(2a - 5b)^2$

সমাধান ধরি, $a + 2b = x$ এবং $2a - 5b = y$
$\therefore$ প্রদত্ত রাশি $= 25x^2 - 36y^2$
$= (5x)^2 - (6y)^2$
$= (5x + 6y)(5x - 6y)$
$= \{5(a + 2b) + 6(2a - 5b)\}\{5(a + 2b) - 6(2a - 5b)\}$
[x ও y এর মান বসিয়ে]
$= (5a + 10b + 12a - 30b)(5a + 10b - 12a + 30b)$
$= (17a - 20b)(40b - 7a)$ (Answer)

৩৭. $(x^2 - x)^2 + 3(x^2 - x) - 40$

সমাধান $(x^2 - x)^2 + 3(x^2 - x) - 40$
মনে করি, $x^2 - x = a$
$\therefore$ প্রদত্ত রাশি $= a^2 + 3a - 40$
$= a^2 + 8a - 5a - 40$
$= a(a + 8) - 5(a + 8)$
$= (a + 8)(a - 5)$

$= (x^2 - x + 8)(x^2 - x - 5)$ [a এর মান বসিয়ে]

$= (x^2 - x + 8)(x^2 - x - 5)$ (Answer)

৩৮. $(a^2 + 7a)^2 - 8(a^2 + 7a) - 180$

সমাধান $(a^2 + 7a)^2 - 8(a^2 + 7a) - 180$

মনে করি, $a^2 + 7a = x$

∴ প্রদত্ত রাশি $= x^2 - 8x - 180$

$= x^2 - 18x + 10x - 180$

$= x(x - 18) + 10(x - 18)$

$= (x - 18)(x + 10)$

$= (a^2 + 7a - 18)(a^2 + 7a + 10)$ [x এর মান বসিয়ে]

$= (a^2 + 9a - 2a - 18)(a^2 + 5a + 2a + 10)$

$= \{a(a+9) - 2(a+9)\}\{a(a+5) + 2(a+5)\}$

$= (a + 9)(a - 2)(a + 5)(a + 2)$

$= (a + 2)(a - 2)(a + 5)(a + 9)$ (Answer)

৩৯. $x^2 + (3a + 4b)x + (2a^2 + 5ab + 3b^2)$

সমাধান $x^2 + (3a + 4b)x + (2a^2 + 5ab + 3b^2)$

$= x^2 + (3a + 4b)x + (2a^2 + 2ab + 3ab + 3b^2)$

$= x^2 + (3a + 4b)x + \{2a(a + b) + 3b(a + b)\}$

$= x^2 + (3a + 4b)x + (a + b)(2a + 3b)$

মনে করি,

$2a + 3b = p$

$a + b = q$

$3a + 4b = p + q$ [যোগ করে]

∴ প্রদত্ত রাশি $= x^2 + (p + q)x + pq$

$= x^2 + px + qx + pq$

$= x(x + p) + q(x + p)$

$= (x + p)(x + q)$

$= (x + 2a + 3b)(x + a + b)$ [মান বসিয়ে]

$= (x + 2a + 3b)(x + a + b)$ (Answer)

৪০. $x^2 - x - (a + 1)(a + 2)$

সমাধান মনে করি, $a + 1 = y$

এবং $a + 2 = a + 1 + 1 = y + 1$

∴ প্রদত্ত রাশি $= x^2 - x - y(y + 1)$

$= x^2 - x - y^2 - y$

$= x^2 - y^2 - x - y$

$= (x + y)(x - y) - 1(x + y)$

$= (x + y)(x - y - 1)$

$= (x + y)\{x - (y + 1)\}$

$= (x + a + 1)\{x - (a + 1 + 1)\}$ [মান বসিয়ে]

$= (x + a + 1)\{x - (a + 2)\}$

$= (x + a + 1)(x - a - 2)$ (Answer)

বিকল্প সমাধান:

$x^2 - x - (a + 1)(a + 2)$

$= x^2 - x - (a + 1)(a + 1 + 1)$

ধরি, $a + 1 = p$

প্রদত্তরাশি $= x^2 - x - (a + 1)(a + 2)$

$= x^2 - x - p(p + 1)$

$= x^2 - x - p^2 - p$

$= x^2 - p^2 - x - p$

$= (x + p)(x - p) - 1(x + p)$

$= (x + p)(x - p - 1)$

$= (x + a + 1)(x - a - 1 - 1)$

$= (x + a + 1)(x - a - 2)$ (Answer)

৪১. $(x + 5)(x + 13) - 9$

সমাধান $(x + 5)(x + 13) - 9$

$= (x + 5)(x + 5 + 8) - 9$

মনে করি, $x + 5 = a$

প্রদত্ত রাশি $= a(a + 8) - 9$

$= a^2 + 8a - 9$

$= a^2 + 9a - a - 9$

$= a(a + 9) - 1(a + 9)$

$= (a + 9)(a - 1)$

$= (x + 5 + 9)(x + 5 - 1)$

$= (x + 14)(x + 4)$ (Answer)

৪২. $(x + 5)(x - 9) - 15$

সমাধান $(x + 5)(x - 9) - 15$

$= (x + 5)(x + 5 - 14) - 15$

ধরি, $x + 5 = a$

প্রদত্তরাশি $= a(a - 14) - 15$

$= a^2 - 14a - 15$

$= a^2 - 15a + a - 15$

$= a(a - 15) + 1(a - 15)$

$= (a - 15)(a + 1)$

$= (x + 5 - 15)(x + 5 + 1)$

$= (x - 10)(x + 6)$ (Ans.)

৪৩. $2(x + y)^2 - 3(x + y) - 2$

সমাধান $2(x + y)^2 - 3(x + y) - 2$

মনে করি, $x + y = a$

∴ প্রদত্ত রাশি $= 2a^2 - 3a - 2$
$= 2a^2 - 4a + a - 2$
$= 2a(a-2) + 1(a-2)$
$= (a-2)(2a+1)$
$= (x+y-2)\{2(x+y)+1\}$ [মান বসিয়ে]
$= (x+y-2)(2x+2y+1)$ (Answer)

৪৪. $(a-1)x^2 + a^2xy + (a+1)y^2$

সমাধান মনে করি, $a - 1 = p$
$a + 1 = q$
(গুণ করে) $(a-1)(a+1) = pq$
বা, $a^2 - 1 = pq$
বা, $a^2 = pq + 1$
∴ প্রদত্ত রাশি $= px^2 + (pq+1)xy + qy^2$
$= px^2 + pqxy + xy + qy^2$
